

# ଶ୍ରୀମଦ୍ଭଗବତପ୍ରକଳ୍ପ

ଅନୁଷ୍ଠାନିକ



ମିତ୍ର ଓ ସୋବ ପାରିବହିକ  
ଆ ଇ ଡେ ଟ ଲି ଥି ଟେ ଡ  
୧୦ ପ୍ରାମାଚରଣ ଦେ ସ୍ଟୋଟ, କଲିକାତା ୧୨

প্রথম প্রকাশ, আর্ধিন ১৩৫৫

সংস্কারক

গঙ্গেশ্বরকুমার মিঠ  
সন্দৰ্ভনাথ ঘোষ  
সবিতেশ্বরনাথ রায়  
মণীশ চক্রবর্তী<sup>১</sup>

প্রচন্দ-পরিকল্পনা  
শ্রীচূনী বন্দ্যোপাধ্যায়

প্রচন্দমন্ত্রণ  
সিংহক স্কুলীন ও  
চর্চানিকা প্রেস

মিঠ ও ঘোষ পাবলিশার্স' প্রাঃ লিঃ, ১০ শ্যামচরণ দে স্ট্রীট, কলিকাতা ৭৩ হইতে  
এস এন. রায় কর্তৃক প্রকাশিত ও নিউ শশী প্রেস, ১৬ হেমেশ্বর মেন স্ট্রীট  
কলিকাতা-৬ হইতে অশোককুমার ঘোষ কর্তৃক মার্কিন

## সূচীপত্র

ভূমিকা	শ্রীঅরুণ বসু	ক-১
জলে-ডাঙায়		১
ভবঘূরে ও অন্যান্য		১০৫
মামাফির		২৬৭
গৃহ-পরিচয়		৪১১

## ভূমিকা

সৈন্যব ম্রজতো আলী সাহেবকে বেশ করেকবাবু চোখে দেখেছি, তাঁর মজলিশ  
বৈঠক কিংবা মশলাদার বক্তৃতাও শুনেছি। যদিচ সে সব প্রতি মনের অটোগ্রাফ-  
থাতায় দস্তখত রাখায় মত ব্যাপার। কালেভদ্রে থুলে দেখা আর অটোগ্রাফ-  
শিকারিদের কাছে ছাতি-ফোলানো ছাড়া তা দিয়ে আর কিছুই করা যায় না।  
ভূমিকা দেখা তো দরে থাক। তবু হক কথা, আলী সাহেব আমার ব্যধি,  
আমার মতো আরো অসংখ্য পাঠকের অন্তরঙ্গ ব্যধি, আমাদের তিনি কম্পনকালে  
না চিনলেও। বয়সের যে ব্যবধানই থাকুক, তাঁর সেই দেশে বিদেশে থেকে শুরু  
করে পরিবর্তনে অপরিবর্তনীয়, যাই এই রচনাবলী প্রকাশ পর্বত, এত কাছের  
মানুষ তামাম দুনিয়ায় আর কেউ হতে পারে বলে জানি না। আমি বিদেশ  
চুর্ণি নি (‘বেশটাই ভাল করে চৰা হল না’), জড়নের জল খাই নি, জুসেলজফের  
কাদায় পা হড়কে যাইনি, ঝিবুটি ব্যবহৱের শক্তা কাছের বসে নিয়ন্ত্রণালী  
গোলাসের ওপর থেকে চামর দিয়ে ভনভনে মাছি তাড়াইনি, আলালাবাবের ১২০  
ডিগ্রি গরম থেকে থার্মই জ্বারের ৬০ ডিগ্রিত পেঁচাইয়ে আরামের স্থানিয়াস  
ছাড়িনি, কাইরোর ঘৃঙ্খলন হোটেলে বসে পোলাও-পোরা শসা চিবোইনি,  
গড়েসবার্গের নির্জন রাস্তায় গেরন্টবাড়ি চুকে কেক-প্যাস্ট্ৰে সঠাইনি। কিন্তু  
এর সবই আমার নথুপৰ্ণে। হয়ত বা আপনাদের অনেকেরও। কারণ আলী  
সাহেবের সঙ্গে এসব জ্বাগায় আমাদের জ্বর ঘোরা হয়ে গেছে। প্রেনে চেপে  
সাহেববাবুর মত নয় ; সিফ’ পায়ে হেঁটে, লজ্জড় ট্যাঙ্কিত উঠে, কখনো বা  
আহাজের অনতা-ডেকে, কভুবা টেনে, যখন ষেমন সুবিধে। কখন পোরায়ে  
এসেছি ল্যন্ডন, প্যারিস, রোম, সেখান থেকে মির্টিনিক—খেয়ালও নেই। আলী  
সাহেব আমাকে হাত ধরে ট্রাফালগার মেকানারে নিয়ে ধানিনি, বাকিহাম প্যালেস  
দেখানিনি, বাণ্ডল হয়েও হাইকোট’ দেখানিনি। ইফেল টাওয়ারের ধারে-কাছেও  
তিনি নেই। প্লটেরের ডুক যেখানে লাও খান সেখানেও উনি আপনাকে  
ডোকাবেন না। বেশ পৌড়াপৌড়ি করলে বড়জোৱা উনি কেনমিংইন গার্ডে’নে  
কোন খানবানি ইংরেজের সঙ্গে আলাপ করিয়ে দেবেন, কিন্তু নিজে বন্দ শহরের  
শহরতলির প্রাঞ্চে টেরমের-এর বাড়ি গিয়ে তার খাড়াৱানি গিয়াৰ কাছে বসে  
গরম সুপ ধাবেন। অবশ্য এই মধ্যে আপনার আমায় আরো কিছু অভিজ্ঞতা

ହୁଏ ଗେଛେ । ସେହନ ଧରନ, ଏକ ବଦମ ଟିଂଶ ମିଡ଼ିଆମ ଘୋରା ହୁଏ ଗେଛେ, ବାଲି'ନ ବିଶ୍ୱବିଦ୍ୟାଳୟ ଥେକେ ଆଜହାର ବିଶ୍ୱବିଦ୍ୟାଳୟ ଖର୍ଟିଯେ ଦେଖେ ନିଜେଛି— ଏଥିନ ପାତାଡି ବଗଲେ ଢୁକେ ପଡ଼ିତେ ଯା ବାକି, ଶୁଦ୍ଧ ପକଳାରିଶିପ୍ଟା ଜୋଟେନି । କାଇରୋର ରାଷ୍ଟ୍ରୀୟାଟ ମୋଟାମ୍ବୁଟି ଚେଳା ହୁଏ ଗେଛେ, ପୋଟ୍ ସଟିବ ଗିଯେ ଜାହାଜ ଧରିତେ ବିଶେଷ ସେଗ ପ୍ରେତେ ହବେ ନା । ତାଇ କି, ଜୁରିର ଗ୍ୟାରପୋଟ୍ ନେମେ ପ୍ଲାନାଜିଟ ପ୍ରାମେଜାରେର ଖେଁଯାଡ଼ ଥେକେ କୀ କୈଶଲେ ବିନା ‘ଭିଜା’ଯ ବାଇରେ ସେଇନ୍ଦ୍ରିୟ ଯାଯା, ତାଓ ଶେଷା ହୁଏ ଗେଛେ । ତବେ ଆପଣୋଷେର ବଥା କୋନ ଶ୍ରୀମତୀ ଫିର୍ଡ ବାଗ୍ରାନ ବା ଚିଜେଲ ଦେଖାନେ ଆପନାର-ଆମାର ଜନ୍ୟ ହାର୍ପଟେଶ ଅପେକ୍ଷା କରିବେ ନା ।

ସୈନ୍ୟର ଘୁରୁତ୍ବା ଆଲୀର ସାହିତ୍ୟକ ଜୀବନ ଦୀର୍ଘକାଳେର ନଯ, ପ୍ରମଥମଂଥ୍ୟ ଖୁବ ଏକଟା କମ ନା ହୁଲେ ବୈଶ ନଯ, ଆର ସେଗଲୋ ନା ଗଞ୍ଚ ନା ଉପନ୍ୟାସ । ରମ୍ୟରଚନା କଥାଟ ଆମାର ତେହନ ପରିଚ୍ୟ ନଯ । ବେଳେ ଲେଖଇ ବଲି ଆର ପାଇମୋନାଲ ଏସେ-ଇ ବଲି, ଆଲୀ ସାହେବକେ ତେହନ ଧାରା ଅୟାକାର୍ଡିମିକ ଶିରୋନାମେର ମଧ୍ୟେ ବାଧିତେ ମନ ଚାଯା ନା । ଅମଗ୍ନାହିତ୍ୟ ହିମେବେ ତାର କିଛି-କିଛି- ପ୍ରମେତର ପରିଚାରିତ ହ୍ୟତ ବେମାନାନ ନଯ, ସିଦ୍ଧିଓ ତାର ଜାତ ଆଲାଦା, ମଞ୍ଜୀବିଚନ୍ଦ୍ର ସେହନ ପି'ଯାଜ ଆର ପଞ୍ଚାତ୍ତ୍ଵର ଜାତିଭେଦ କରିଛିଲେନି । ଅର୍ଥଚ ଏ ସବଇ ଆଜି ସାହେବେର ଜୀବନକଥା, ତାର ନିଜେଇ ଅନ୍ତି-ଜତ୍ତାର ବୁଲିବାଡ଼ା ନେପଥ୍ୟ । ଆଉଜୀବନେର ବାଇରେ ଗିଯେ ତିନି କୋନ ଗଞ୍ଚ ଫାଁଦେଲିନି । ଧୂ-ଚାରଟେ କେତୋବ ଛାଡ଼ା, ଆଲୀସାହିତ୍ୟ ସବଟାଇ ତାର ନିଜେର ଜୀବନେର ବଣ୍ଗାଳୀ, ବାନିଯେ ବଳାର ଚତୁରାଳି ନଯ । ଅନ୍ତାଳେର ଧାରେ ଏସେଇ ତିନି ପ୍ରବାଚଲେର ପାନେ ତାବିଯେଛେନ, ମାର୍ଗିଯାନେର ଠାକୁରମାର ମତ ବଲେଛେନ, ଏସି ଇଷ୍ଟ- ସୋ ଲାଙ୍ଗ ହେବେ—ସେ ସବ କତ ପ୍ରାରମ୍ଭ କଥା, ସବ କି ଘନେ ଆହେ ? ତା ନେଇ-ନେଇ କରେଓ କମ ନେଇ । ତାଇ ବାଡ଼ା ଚଙ୍ଗିଶ ବଛରେ ଇତିହାସ ଠାରେଠୋରେ ରଙ୍ଗେ-ବସେ ବଲିତେ ହୁଯେଛେ । ତାର ଘୁମାଫିର ପର୍ବତୀ ଏକ ଜୀବନାଳ୍ପଦମ ତିନି କବ୍ଲ କରେଛେ, “ସେ ସବ ଅଭିଭବତ୍ତା ସମ୍ମନନ୍ଦନମେ ଲିଖେ ଉଠିତେ ପାଇନି । ବିଶ୍ଵ ଆୟି ଭରମା ହାର୍ଷି ଷେ, ସଂତୁର ପାଠକ ଆମାର ପ୍ରକାଶିତ ପ୍ରମୃତ ଥେକେ ଥିଲେ ଥିଲେ ବିଭିନ୍ନ ଟୁକ୍କ-ଟୋକ୍କ ଛିଟେଫେଟୋ ଝୁଲୁଡ଼େ ଦିଲେ ଜିଗିଶ୍ୟୋ ପାଜଳ ସମାଧାନ କରିତେ ପାରିବେନ—ଅର୍ଥାତ୍ ଏକଟି ମୋଜାଇକ ନିଷ୍ଠାଗ କରିତେ ପାରିବେନ ; ତଥାତ୍ : ମୋଟାମ୍ବୁଟି ଏକଟି ପ୍ରଶାଙ୍କ ଛିବି ପେଯେ ଯାବେନ । ସିଦ୍ଧିଓ ତାର ଆଟ୍ରଲାଇନଗ୍ଲୋ ମଙ୍କ୍ୟ ଶାପ ହବେ ନା, ସହ ଡୌଟେଲ ବାବ ପଡ଼େ ଯାବେ, ବିଶ୍ଵ ତାତେ କରି କିଛି ଆମେ ଯାଯା ନା ।” ସତ୍ୟ ବିଛି ଆମେ-ଧାର ନା, କିନ୍ତୁ ତାଓ କି ତିନି ସହଜେ ଲିଖେଛେ ? ତାର ମତ ‘ଘୁର୍ଡ’ ଲେଖକ ବାଙ୍ଗଳା

ସାହିତ୍ୟ ମଞ୍ଚବତ ବୈଶି ନେଇ, ଛିଲେନ ନା । ଐ ମୁସାଫିର ବାଇତେଇ ଏକ ଜାଯଗାଯ ତିନି ବାଯନଙ୍କା ଧରେ ସଲେହେନ, ‘ଆମାର ଜୀବନମ୍ବିତ ଲିପିବାନ୍ଧ କରାର ମତ ଦ୍ୱାରାଂତ ଆମାର କଥନୋ ହବେ ନା ମେ ଆମି ଜାନି ।’ ଗ୍ରୁସ ଗଟ୍ ଭଗବାନେର ଆଶୀର୍ବାଦ, ଏତ କାଣ୍ଡେର ପରାଗ ଗୋଟି କୁଣ୍ଡ ବହି !

ଆଲୀ ସାହେବେର ଭୟଦ୍ଵରେ ବହିତେ ବିଛନ୍ତ ବିଷୟାଶ୍ରିତ ରଚନା ଆଛେ, ତାହାଡ଼ା ଜଳେ-ଡାଙ୍ଗାଯ ଭୟଦ୍ଵରେ ମୁସାଫିର ମହି ଅଭିକଥା । କିମ୍ତୁ ଏ କେମନ ଅବଗ ? ବୀକାର କରି ତିନି ଅନେକ ମୁଲ୍କ ଚଷେ ବୈଡିଯେହେନ, ଅନେକ ଶହର-ବନ୍ଦରେର ଧୂଲୋ ଅନେକ ନଦୀର ପାନି ଖେରେହେନ । କିମ୍ତୁ ଅଗଣେର ଜନ୍ୟ କଦାଚ ନୟ—ମୁସାଫିରେର କୈଫିୟତେଇ ମେ କଥା କବୁଲ କରା ହେବେ । ଆର ତାର ଅଭିକାହିନୀଓ ତାର ‘ଆନିଚ୍ଛାର’ ସୃଜିତ ଏଥି ତାଓ ଅମଗେର ଅନେକକାଳ ପରେ, ସଖନ ଅମଗେର ଧୂତିର ଓପର ଧୂଲୋର ପଲେନ୍ତାଯା ପଡ଼େ ଗେଛେ । ଅମଗେର ତୋ ଆନିଭାରମାର ହୟ ନା—ପ୍ରାରମ୍ଭେ ଅମଗେର ଜାବର କାଟା ମସାଇ ପଛମ୍ବ କରେନ ନା । ପ୍ରାରମ୍ଭେ ଘିଯେ ବାତେର ବ୍ୟଥା କମେ କିମ୍ତୁ ଭାତ ଖାଓଯା ଯାଇ ନ୍ୟ । ଆମାଦେର ଏକ ପ୍ରାଚୀନକାଳେର ହାର୍ଫଗିମ ଲେଖକ ମଞ୍ଜିବଚନ୍ଦ୍ର ବୁଢ଼ୋ ବୟସେ ପାଳାମେହୀ ଅମଗେର ବୁନ୍ଦାନ୍ତ ଲିଖତେ ଗିଯେ ଦୁଇ ବୟସେର ଚୋଥ ଆର ମନେର ମଧ୍ୟେ ଗ୍ରବ୍‌ଲେଟ କରେ ଫେଲେହେନ । ଆଲୀ ସାହେବେ ଦେଇ ଉତ୍ତରେ କଳମ ଧରେହେନ, ସଖନ ଚୋଥେ-ଦେଖା କାନେ-ଶୋନା ଜିଜ୍ଞେ-ଚାଥା ଅଭିଜ୍ଞତା ଅନେକଟାଇ ପିଛନେ ହଟେ ଗେଛେ, ଏଥିନ ମଞ୍ଚଲ ଶ୍ରଦ୍ଧ ମୃତିର ଗୁରୁର । ଏକେ ଅଭିକଥା ପାଠକ ବଲତେ ଚାନ ବଲବେନ, ନା ହସ ନାଇ ବଲବେନ । ଏଥାନେ କୋନ ଦିନିଲିପି ନେଇ, ସମୟେର ଗରମିଳ ଘରେଟ୍, କଥନୋ ଦେତା ଥେକେ ଥାପରେ ହାଜିର, ଏଠା ବଲତେ ସେଠା ଏସେ ଚୁକେଛେ, ଆଶକଥା ପାଶକଥାର ଛଡ଼ାହାଢ଼ି । ଲେଖକ ନିଜେଓ ତା ଜାନେନ । ତାଇ ପ୍ରାୟ ଲେଖାତେଇ ଏହି ବେପାତା ବର୍ଣ୍ଣନାର ଜନ୍ୟ ହାତ କଚାତେ ଥାକେନ । ବଜେନ, “କୋଥା ଥେକେ କୋଥା ଏସେ ପଡ଼ୁଥିମ । ଟ୍ର୍ୟାଙ୍କ୍ପକେ ନିଯେ ଏହି ତୋ ବିପରୀ : ମେ ସେ ରକମ ରାନ୍ତାଯ ନାକୁ ବସାବର ଚଲତେ ଜାନେ ନା, ତାର କାହିନୀଓ ଠିକ ତେମନି ପାରିଲେଇ ସବର ରାନ୍ତା ହେବେ ଏଇ ଖିର୍ଦକିର ଦୟାଜୀର ବିକେ ତାକାଯ, ବୋପେର ଆଡ଼ାଲ ଥେକେ ଓର ପିଛନେର ପ୍ରକୁରେର ବିକେ ଏକ ଦୃଷ୍ଟିତେ ତାକିଯେ ଥାକେ ଭୟଦ୍ଵରେ ।” କିମ୍ତୁ ଆଲୀ ସାହେବେର ଅନୁରୋଧ ପାଠକଦୟ ଏହିଟେଇ ସାତେର, କାରଣ ଏହି ଧରନେର ରମକରା ମଶକରା ଶୁଣନ୍ତେଇ ତାମା ଭାଜିବାସେନ ବୈଶି । ଏ କାଳେର ପାଠକ ନିର୍ଭୟ ଆଲୀ ସାହେବେର କାହ ଥେକେ ‘ଇଶ୍ଵରୋପେ ସାଡେ ତିନ ମାସ’, ‘ହାବୁଲେର କାମୁଲ-ଅମଗ’ ଶୁଣନ୍ତେ ଚାଯ ନା । ଲେଖକ ନିଜେଓ ଜାନେନ, “ଏଥିନ ଏତ ଶତ ଲୋକ ନିଭ୍ୟ ବିନ୍ଦୁ ଇନ କଙ୍ଗୋତେ ଉଇକ ଏଣ୍ଟ

କାଟାତେ ଥାଏ, ଜ୍ଵଳ, ଅଳ, ଅଳିଆରାତେ ହାନିମୁନେର ପ୍ରଥମାଧ୍ୟ ଚୂଷେ ଆସେ ସେ ‘ଫ୍ଲାଙ୍ସ ଅମ୍ବ’ କିଂବା ‘ମଞ୍ଜେ କାର୍ଲେ ଦର୍ଶନ’ ଶିରୋନାମା ଏଥନ ମେ ଅବଜ୍ଞାର ଚୋଥେ ଦେଖେ । ଏଇଜନ୍ୟଇ ବଲାହିଲୁଗ୍, ଆଲୀ ସାହେବେର ଭରଣକାହିନୀ ଗତାନ୍ତଗତିକ ପ୍ଲାନେଟ୍ ଲିଟାରେଚାର ନମ । କୋନୋ ଦେଶେର ମନସାଧନ ଚିଂପକ୍ଷେ’ର ପରିଚୟ ତେ ଲାଇରେରିତେ ବସେଇ ପାଓଯା ଥାଏ । କିନ୍ତୁ ମେ ଦେଶେର ଆସିଲ ରୂପ ମେଥାନକାର ସାଧାରଣ ମାନ୍ୟରେ କାହେ । ମଞ୍ଜତବା ଆଲୀ ଲିଖେଛେ, “ମେ ଦେଶେର ଟଙ୍ଗାଓଲା-ବିର୍ଜିଓଲା-ଜ୍ଵାଇଭାର କାରଖାନାର ମଞ୍ଜୁର କୀ ଭାବେ କୀ ଚିନ୍ତା କରେ ମେଟୋ ଜାନତେ ହୁଲେ ମେ ଦେଶେ ନା ଗିଯେ ଉପାସ ନେଇ । କାରଣ ତାରା ବିଷ ଲେଖେ ନା, ଧ୍ୱରେର କାଗଜେ ମଧ୍ୟାବକ୍ଷକକେ ଚିଠି ଲିଖେ ନାଲିଶ ଫରିଯାବ ଜାନାଯ ନା । ତାହେର କାରାକାଟି ଗାଲମନ୍ଦ ଥା କିଛି, କବାର ମର କିନ୍ତୁ ତାରା କରେ ଏବେଶେର ଚାହେର ଦୋକାନେ, ଓଦେଶେ ‘ପାବେ’, ଅର୍ଥାତ୍ ଶରାବଧାନାୟ ।” ଆଲୀ ସାହେବେର ସଙ୍ଗୀ ହେଲେ ତାଇ ଭିନ୍ବେଶେର ପାବେ-ଶରାବଧାନାୟ-କାଫେ-ରେସ୍ତୋରାଯା ଦୁକେ ଆମାଦେର ସେ ଅଭିଜ୍ଞତା ହେଉ ତା ପରେ ଏକଟା ଦେଶ ଆବିଷ୍କାରେଇ ମମତୁଳ । କେନ୍ଦ୍ରିସିଂଟନ ଗିର୍ଜାର ପାଶେ ଛୋଟ ଶରାବଧାନାୟ ସେଇ ବ୍ରିଡ଼ିର ସଙ୍ଗେ ଆଲାପେର କଥା କି ଦୂଲେ ଥାଇଛନ୍ ? ସେଇ ସଙ୍ଗେ କତ ଖାଟିନାଟି, ରାମାଧରେର ମେନ୍, ପାନଭୋଜନେର ଫିରିଣ୍ଟି, ଗାହପାଳା-ଗାଡ଼ିରୋଡ଼ାର ରୁବି, କତ ପ୍ରବାଦପ୍ରବଚନ, ଆବହାଓଯାର ତସ୍ତ, ସାହିତ୍ୟେର ଧ୍ୱର, ରାଜନୀତି-ସମାଜନୀତି, ମାଝଳା ଓ ହାମଳାର ବିବରଣ, ପଥବାଟେର ନକଶା, କତ ବସେଣ ଓ କଟୁବାକ୍ୟ ଫୁଲଗୁରିର ମତ ବରେ ତାଁର କଲମେ । ମଞ୍ଜତବା ଆଲୀର ସାହିତ୍ୟକେ ତାଇ ବଲତେ ଇଚ୍ଛେ କରେ ଏନ୍‌ସାଇଙ୍ଗ୍ରେପିଡ଼ିଆ ଆଲୀଆନା । ତାମାମ ଦ୍ୱାନିଯାର ଥାଳାସୀଦେର ଧ୍ୱର ରାଖେନ ମାନ୍ୟାଟି, ତା ମେ ନୋଯାଥାଲ୍ୟ ସିଲେଟ୍‌ୟାଇ ହୋଇ, ଆର ହାମବ୍-ଗ୍ ଭେନେସେଇ ହୋଇ । ଇହଦ୍ୱାରି ଥେକେ ବେଦେ, ଉଦ୍‌ବସ୍ତୁ ଥେକେ ଧ୍ୟାବର, ଅନେକ ଅନିକେତ ଜୀବନେର କାହିନୀ ଆମରା ପଡ଼ୌଛ । କିନ୍ତୁ ଜଳଅନ୍ତପ୍ରାଣ ମଧ୍ୟ-ସର୍ପିପ୍ତ, ଜାହାଜେର ମାର୍କିମାଙ୍ଗ ଥାଳାସୀ କାନ୍ପେନଦେର ଉଦ୍‌ଭୂମି ଜୀବନେର କାହିନୀ ଏମନ ଲସଗଣ୍ଠ ଭିଜେ ଭାବ୍ୟ ଆର କେ ବଲତେ ପାରେନ ? କିନ୍ତୁ ଏବ ନମ । ଆଲୀର ଥିଲିତେ ହରେକ ପଶରା । ତାତେ ବିର୍ବିସିର ଆବହାଓଯାର ପ୍ରବାଦାତ୍ମକ ( ଝଡ଼ର ପରେ ଘୋଷିତ ), ଏଲିଯଟେର କ୍ୟାର୍ଥିଲିକ ରକ୍ଷଣଶୀଳତା, ଆକାଶବ୍ୟାଗୀର ବ୍ରେଡିରୋ ଏକଟିଭିଟି-ନିରୋଧକ ପ୍ରଟିଡିଗ୍, ହିଟଲାର ବାରିଶାଲେର ଲୋକ, ଆରବ ସାଗରେର ଆବହାଓଯା, ଫରାସି ଥାଦୋର ଉପର୍ଯ୍ୟନ୍ତ ଇତିହାସ, ଆହାର ମଧ୍ୟକେ ଫରାସି ଗ୍ରଣ୍ଟୀ ରଖଫୁକୋନେର ବାଣୀ, ‘କ୍ରମ୍ମମୀ’ର ବୈଦିକ ଶକ୍ତିତ୍ୱ, ଇଂରେଜଭିର ଇତିବୃତ୍ତ, ଏଣ୍ଜିନ୍ଯାଟିକ ସୋମାଇଟିର ଜ୍ଞାନକଥା, ବନ୍-ବିଦ୍ୟବିଦ୍ୟାଲୟରେ ସଂକ୍ରତ ଚଚ୍ଚାର ଇତିହାସ, ଅର୍ଥନ୍ ଏନ୍‌ସାଇ-ଙ୍ଗ୍ରେପିଡ଼ିଆର ‘ଠାକୁର’ ଶବ୍ଦେର ବ୍ୟାଖ୍ୟାନ, ହିଟଲାରେର ବିବାହକାଳୀନ ଆବେଦନପତ୍ର ,

বালি'ন বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা ভিলহেল্ম ফন হুমবল্ট-এর মনীষা, সোকোট্রা দ্বীপের ভূতত্ত্ব, সোমালিল্যাণ্ডের উপর ইরোরোপের রাজনীতির জুড়ো, 'বোম্বেটে' শব্দের হংসমুদ্র—কৌ নেই সেখানে ? অথচ লেখক বলছেন, তিনি নতুন কিছু লিখেননি, নতুন কিছু লিখেননি—প্রয় সা শঁজ প্ল্যাস লা সেম শোজ, দি মোর ইট চেজেস বি ঘোর ইট ইজ বি সেম থিং ।

তবু এর মধ্যে রসনার্থের বিকেই মুজতবা সাহেবের নেকনজুর বেশি, তাতে সম্পূর্ণ নেই। তাঁর দেহাবসানের পর দেশ পাঠকার একটি প্রবন্ধে, 'সৈয়দ মুজতবা আলী' ( হীরেন্সনাথ দত্ত লিখেছিলেন, তিনি ষেমন করে বলতেন ঠিক তেমনি করেই লিখতেন, বলার আট 'আর লেখার আট' তাঁর কাছে অভিম ছিল )। আলী সাহেবের এক অন্তরঙ্গজন আমীনুর রশীদ চৌধুরী আর একটি প্রবন্ধে ('মুজতবাকথা') সজ্ঞাকাণ্ড দাসের শৃঙ্খল উৎধার করে জানিয়েছিলেন যে একবার আলী সাহেব নাকি রাস্তায় দাঁড়িয়ে, এবং পায়ে ঝি'বি' ধরে গেলে পাশের কাফের বসে, দূর্নীয়ার অদ্যপানীয়ের জাতগুণ্ঠির ফিরিণ্ড দিয়েছিলেন। কথা শেষ হলে দেখা গেল, সাঁবাতি জুলে গেছে অথচ শোতাদের দুপুরের ধাওয়া হয়নি। 'ভবঘূরে ও অন্যান্য' নামক গ্রন্থের 'হংসস্নার' লেখাটি পাঠ করলেই পাঠকের মাল্য হবে এ সব কথা কত সত্য ছিল আলী সাহেবের জীবনে। এই এক চিলতে প্রবন্ধেই তিনি হড়মড় করে হর-দুর্নিয়ার অদ্যপানীয়ের নাড়িনক্ষণের বিবরণ দিয়েছেন। ফ্রান্সের বোর্ভি অঙ্গুলের ক্লারেট মদ, বাগের্ণির ওয়াইন, শ্যামেন কেন বাজবুজ করে বাগের্ণি করে না, হাঙ্গেরির টকাই ও বাঙ্গলার পচাই, সাঁওতালি হাড়িয়া আর ইতালির কিয়ান্তি, আপেল ফার্মে'ট করে কেমন করে সাইডার ও মধু-ফার্মে'ট করে মৈড হয়, চোলাই কাকে বলে—এসব খবরে রচনাটি জবজব করছে। তিনি পাষ সালের নৌরেনস্টাইনারের কী গুণ, লণ্ডনের বারের ভুঁড়িওয়ালা ওয়াইন মাল্টারের চেয়ে আলী সাহেব কম জানেন, এ কথা হলফ করে কেউ বলতে সাহস পাবেন না। আর দুর্নিয়ার পানশালের খবর তাঁর পকেটে—একটু একটু করে খুশবু ছাড়েন, চারবিংক ম-ম করে। একবার চট্টেটে তিনি লিখেছিলেন, "ভোজনাদি সংবন্ধে আলোচনা আরও করলেই কোনো কোনো উষ্মাসিক পাঠক নাকি বিয়ন্ত হন" ( মুসাফির দ্রুতব্য )। তওবা তওবা। সে পাঠকের সঙ্গে আমাদের সংবন্ধ নেই। সেই মুকুল্বৰামের আমল থেকেই বাঙ্গালির মন পাকশালে। আর সেই পাকশালের বেবব্যাস মুজতবাজীর মহাভারত খাদ্য-পর্ব 'শোনাই হল গিয়ে পুণ্যবানের কাজ। প্রাণে যাবি অধি', শ্রবণে তাহলে

কোয়াট'র ভোজন। আমরা আলী সাহেবের দৌলতে প্রয়ানিশ রেস্টোরাণ্ড মূলে  
প্ৰতিতি তৈরি বিৱৰণ চেথৈছি, ফুলাসি ঘেন্দুৰ পিয়েস দ্বাৰা রেজিস্টারে চোখ  
বুলিয়েছি, মারিয়ানাৰ ঠাকুৰৰ তৈরি 'ৱে রাগ' অথাৎ কিনা কোফতাকাটা  
হৰিণেৰ মাংস আৱ ছামেৰ রাটিৰ নিচে ফলানো সৰবজ 'ট্রাফেল' টেষ্ট কৰেছি।  
বাধাৰ্কপৰ টক আচাৰ 'ক্লাউট' আৱ পিয়াজ পুৰিনাৰ ওমলেট 'ওজে'ৰ দৃঢ়টোই  
পছন্দ। কিম্তু এখানেই তো সেয়াৰ মুজতবা আলীৰ কেৱামতি নয়। সালাদ  
প্লাস, সালাদ আলা, মায়োনেজ এৱ স্বাদ শেষ হবাৰ আগেই তাৰ পকেট থেকে  
বেৱোয় হাইনেৰ কৰিতা। হাইনেৰ ধাৰে গে'ঝো 'পাবে' কুমাৰী ক্যোটে লেখককে  
হাইনেৰ যে কৰিতা শোনায়, সঙ্গে সঙ্গে ফস কৰে তিনি ষতীন বাগচী কৃত তাৰ  
অন্বাদ আমাদেৱ শুনিয়ে দেন; মারিয়ানাৰ মুখে হাইনেৰ কৰিতা শুনে সত্যেন  
বড়েৰ ঠিক-ঠিক অন্বাদটি তাৰ মনে পড়ে; ওঁৰ বৈয়ামেৰ জুতসই বয়েৎ বেড়ে  
তৎক্ষণাৎ কান্তিচন্দ্ৰ ঘোষেৱ অন্বাদ পেশ কৰেন তিনি, এমন কি ফিটজেৱালডেৱ  
পাশে দূৰ কৰে তাৰ ফুলাসি অন্বাদটিও বিয়ে দেন। আলী সাহেব তাই  
অতুলনীয়—কিম্তু তুলনামূলক তুলালোচনায় তাৰ বড়ই আগ্ৰহ। নিজে তিনি  
তুলনামূলক ভাৰাতৰ আৱ তুলনামূলক ধৰ্মতত্ত্বৰ ছাত্ৰ। কিম্তু তুলনামূলক  
পানভোজনতত্ত্ব, ভূগোলতত্ত্ব, নারীমনস্তত্ত্ব, পুলিসি কৰ্ত'ব্যতত্ত্ব কিছুতেই তাৰ  
কৌতুহলেৰ কৰ্মতি নেই। হাইনেৰ গঙ্গাস্বত্ব আৱ কলকাতাৰ জাপানি আক্ষমণেৰ  
সময়কাৰ ছড়া, পাখাপাশি গাঁট হয়ে বসে তাৰ লেখায়। মিশ্ৰেৰ মৱ্ৰত্তমতে  
আবুল আফসিয়াৰ ভাড়া-কৰা ট্যাক্সিৰ শৰ্ষেৰ সঙ্গে সাদৃশ্যসূত্ৰে তুলসীদাসী  
ৰামায়ণেৰ ভাষা ফিনাকি দিয়ে ওঠে তাৰ কানে, কটকটিহ মুকুট বিকৃত ভট কোটি  
চোটিনহ ধাৰহি—বানৱদেৱ কোলাহলেৰ বৰ্ণনা)। কাইৱোৱা রাস্তায় Fools  
Restaurant (ফুল আৱবি শব্দ, =সিমৰীচ) দেখে তাৰ মনে পড়ে শায়  
কলকাতাৰ রাস্তায় 'ক'পৰি সিঙ্গাড়া' বিজ্ঞাপনেৰ দিকে)।

এই তুলনামূলক বেজাজেই দৰ্নিয়াৰ খোশগাটপ গুৱাঙ্গুৱিয়ে ওঠে আলী  
সাহেবেৰ পেটে, মোকা মাফিক বেৱুৰাৰ জন্য। প্ৰথিবীৰ সব দেশেৰ সমাজেই  
মৌখিক গঢ়পসাহিত্যেৰ একটি বিচ্ছিন্ন বিপুল সংপৰ্ক অলিখিত হাওয়ায় ভেসে  
বেড়ায়। আলী সাহেব সেই গঢ়পেৰ একজন পাকা ভাঙ্ডারী। কিম্তু তিনি  
মাচেন, সাগা, ইভেনতিৱ, হালাজি, নভেলা, হিৱোটেল-এৱ কাৱৰাৰি নন।  
অ্যানেকডোট, খোশ গঢ়প, কুন্দু উপাখ্যান, ভুল, টিটিবিটস্, জেস্ট, কৌতুক নকশা  
ঝিলমিলিয়ে ওঠে তাৰ মুখে, আৱ তথনি, কিছু কিছু তুলনাসূত্ৰে, ঠিক ঠিক

মোকায় এসে পড়ে তার দেশবিবেশের জাতভাইগুলো। তাঁর সাহিত্যের একটা বড় আকর্ষণ এই গংপ। অনেকক্ষণ অম্ভকারে ষ্টেন ছুটলে ছোট ছেলে ভাবে ইঞ্চিশান আসছে না কেন? তেমনি অনেকক্ষণ ভারি ভারি কথা চললে পাঠক ভাবে গংপ আসছে না কেন? তা আলী সাহেবের ট্রেন লোকাল গাড়ি, ইঞ্চিশান ঘন ঘন। গুরু-কথার মাঝখানে হৈ হৈ করে ওঠে আনেকডোট। এই প্রত্যাশায় তাঁর লেখার পাতায় এ'টেল পোকার মত চোখ আটকে থাকে পাঠকের। ছুটকুলা স্টেটের রায়বাহাদুর তিনি, দিল্লিপসাদ কিস্সার দিল্লীয়বরো। আর এখানেও সেই তুলনার আগ্রহ ঘনিয়ে ওঠে তাঁর চিত্তে, একই গংপের দেশান্তরী রূপ বা সাইক্ল অনগ'ল তিনি শুনিয়ে ধান। খোশ গংপ যে একটা আট' এ সত্ত্ব একালে আলী সাহেবই প্রতিষ্ঠিত করেছেন।

এই বইয়ের ভূমিকা একমাত্র আলী সাহেবই লিখে দিতে পারতেন, তাঁরই লেখা উচিত ছিল, তিনি এব্যাপ্ত তাঁর বইয়ের ভূমিকা লেখার হকদার। কিন্তু শেষ পয়স্ত সেই লেখা হয়ে ওঠেনি। কিন্তু হায়, আমরা যখন জলে-ডাঙায়, মুসাফির, ভবঘুরের ওপর হৃষিড় খেয়ে পড়েছি, তখন আলী সাহেব গ্রহসংযুক্ত তারায় তারায় আম্যমান। ‘সে বড় মজায় অমণ, তাতে টিকিট লাগে না, ‘ভিজার’ ও দুরকার হয় না।’ জলে-ডাঙায়-এর উৎসগ’পত্রে ফৌস করে নিঃবাস ছেড়ে তিনি লিখে গেছেন, ‘কিন্তু হায় সেখান থেকে অমণকাহিনী পাঠাবার কোনো ব্যবস্থা এখনো হয় নি। ফেরবারও উপায় নেই।’

তাই ভবঘুরে আলী সাহেবের গ্রহসংযুক্ত তারালোক অমণের কাহিনী আর এই শোকে আমাদের পড়ার সুযোগ হবে না।

অরূপ বসু

## অলে-ভাঙ্গ

সেয়দ মুজতবা আলী রচনাবলী (৭ম) — ১

## উৎসর্গ

বাবা ফিরোজ,

ভৱণ-কাহিনী তুমি যেদিন প্রথম পড়তে শুনুন করবে সেদিন খুব সত্ত্ব  
আমি পছ-সূয়ে' তারায়-তারায় ঘৰে বেড়াচ্ছি। সে বড় মজার ভৱণ—তাতে  
টিকিট লাগে না, 'ভিজা'রও দরকার নেই। কিন্তু, হায়, সেখান থেকে ভৱণ-  
কাহিনী পাঠাবার কোনো ব্যবস্থা এখনো হয়নি। ফেরবারও উপায় নেই।

তাই এই বেলাই এটা লিখে রাখছি।

তোমার  
আকৃতি

বশ্বর থেকে জাহাজ ছাড়ার কর্মটি সব সময়ই এক হ্রদস্তুল ব্যাপার, তুমদুল কাংড় ! তাতে দুটো জিনিস সকলেরই চোখে পড়ে ; সে দুটো—ছুটোছুটি আর চেচামেচি ।

তোমাদের কারো কারো হয়তো ধারণা যে সায়েব-স্বৰোরা ঘাবতীয় কাজকর্ম সাবা করে যতদুর সম্ভব চুপসাড়ে আর আমরা চিংকারে চিংকারে পাড়ার লোকের প্রাণ অতিষ্ঠ না করে কিছুই করে উঠতে পার নে । ধারণাটা যে খুব ভুল সে কথা আমি বলবো না । সিনেমায় নিশ্চয়ই দেখেছ, ইংরেজরা ব্যাঙ্কুইট্‌ (ভোজ) খায় কি রকম কোনো প্রকারের শব্দ না করে । বাটলাররা নিশ্চে আসছে যাচ্ছে, ছুরিকটীর সামান্য একটু টুং-ঠাঁ ; কথাবার্তা হচ্ছে মন্দ গঞ্জরণে, সব-কিছু অতিশয় পরিপাটি, ছিমছাম ।

আর আমাদের দাওয়াতে, পাল-পরবের তোজে, যদ্যগ্র নেমস্তন্ম ?

তার বর্ণনা দেবার ক্ষমতা কি আমার আছে ? বিশেষ করে এ-সব বিষয়ে আমার গুরু সকুমার রায় যখন তাঁর অজর অমর বর্ণনা প্ল্যাটিনামাস্ফেরে দ্রোখে দিয়ে গিয়েছেন । শোনো :

‘এই দিকে এসে তবে লয়ে ভোজভাণ্ড  
সমুখে চাহিয়া দেখ কি ভীষণ কাংড় !  
কেহ কহে ‘বৈ আন্’ কেহ হাঁকে ‘লুচি’  
কেহ কাঁদে শন্ত্য মুখে পাতখানি মুছি ।  
হোথা দোখি দুই প্রতু পাত লয়ে হাতে  
হাতাহাতি গুর্দাগুর্দি দ্বন্দ্বরণে মাতে ।  
কেবা শোনে কার কথা সকলেই কর্তা  
অনাহারে কত ধারে হল প্রাণহত্যা ।’

বলে কি ! ভোজের নেমস্তন্মে অনাহারে প্রাণহত্যা ! আলবাত ! না হলে বাঙালীর নেমস্তন্ম হতে যাবে কেন ? পছন্দ না হলে যাও না ফাশেপাতে । খাও না আলোনা, আধাসেন্ধ শুধুরের মন্ডু কিংবা কিসের ঘেন ন্যাজ !

কিন্তু জাহাজ ছাড়ার সময় সব শেয়ালের এক রা ।

আমি ডেনিমে দৰ্ঢিয়ে ইটালির জাহাজ ছাড়তে দেখেছি—জাহাজে বংশে, ডাঙায় জলে উভয় পক্ষের খালাসীরা মাক্কারানি-খেকো খাঁটি ইটালিয়ান ; আমি মাসে’লেসের বশ্বরেও ঐ কর্ম দেখেছি—উভয় পক্ষের খালাসীরাই ব্যাঙ-খেকো সরেস ফরাসিদ্দ ; আমি ডোভারে দৰ্ঢিয়ে ঐ প্রক্রিয়াই সার্তিশয় মনোযোগ সহকারে নিরীক্ষণ করেছি—দু পক্ষের বীরবগুলোই বীফস্টেক-খেকো খাটোশ-মুখো ইংরেজ । আর গঙ্গায়, গোয়ালদে, চাঁপপুর, নারায়ণগঞ্জে যে কতশত বার এই লড়াই দেখেছি তার তো লেখাজোখা নেই । উভয় পক্ষে আমরাই দেশভাই জাতভাই দাঢ়ি-দোলানো, লুঙ্গি-ঝোলানো সিলট্যা, দেনায়াখাল্যা ।

বশ্বরে বশ্বরে তখন যে চিংকার, অট্টরব ও হ্রকারধর্ম ওঠে সে সব’ঞ্জ

ଏକଇ ପ୍ରକାରେ । ଏକଇ ଗନ୍ଧ, ଏକଇ ପ୍ରବାଦ । ଚୋଥ ବନ୍ଧ କରେ ବଲତେ ପାରବେ ନା, ନାରାୟଣଗଙ୍ଗେ ଦାଁଡ଼ିଯେ ଚାଟଗୌଇହା ଶୁନ୍ଛ, ନା ହାମବୁଗେ' ଜର୍ବନ୍ ଶୁନ୍ଛ ।

ଡେକେ ରେଲିଙ୍ ଧରେ ଦାଁଡ଼ିଯେ ପ୍ରଥମଟାଯ ତୋମାର ଘନେ ଏହି ଧାରଣା ହେଉୟା କିଛିମାତ୍ର ବିଚିତ୍ର ନୟ ଯେ, ଜାହାଜ ଏବଂ ଡାଙ୍ଗାର, ଉଭୟର ପକ୍ଷେର ଖାଲାସୀରା ଏକମତ ହେଁ ଜାହାଜଟାକେ ଡାଙ୍ଗାର ଦଢ଼ାଦିର ବନ୍ଧନ ଥେକେ ନିଷ୍କର୍ତ୍ତା ଦିତେ ଚାଯ । କିନ୍ତୁ ଏହି ତୋ ମାରାୟକ ଭୁଲ କରିଲେ, ଦାଦା ? ଆସଲେ ଦ୍ୱା ପକ୍ଷେର ମତଲବ ଏକଟା ଅନ୍ତର୍ଦ୍ୱାରା ଲାଗାନ୍ତେ । ଜାହାଜ ଛାଡ଼ାନୋ-ବୀଧାନୋ ନିଛକ ଏକଟା ଉପଲକ୍ଷ୍ୟ ମାତ୍ର । ସେ ଖାଲାସୀ ଜାହାଜେର ଏକ ପ୍ରାନ୍ତ ଥେକେ ଆରେକ ପ୍ରାନ୍ତ ଅବଧି ତୁକ୍କୀ ଘୋଡ଼ାର ତେଜେ ଛଟୁଛେ, ସେ ସେ ମାଝେ ମାଝେ ଡାଙ୍ଗାର ଖାଲାସୀର ଦିକେ ମୁଖ ଖିଚିଯେ କି ବଲହେ ତାର ଶବ୍ଦ ସେଇ ଧୂମମାରେର ଭିତର ଶୋନା ଯାଚେ ନା ସଂତ୍ୟ କିନ୍ତୁ ଏକଟୁ କଟପନାଶକ୍ତି ଏବଂ ଈଷଣ ଖାଲାସୀ-ମନ୍ଦିର ତୋମାର ରପ୍ତ ଥାକଲେ ଶପଞ୍ଚ ବୁଝାତେ ପାରବେ, ତାର ଅତିଶ୍ୟ ପ୍ରାଞ୍ଚିଲ ବସ୍ତବ୍ୟ, 'ଓରେ ଓ ଗାଡ଼ିଗ୍ରାମ ଇଞ୍ଚୁପିଡ, ଦଢ଼ିଟା ଯେ ସାଁ ଦିକେ ଗିଟ ଥେଯେ ଗିଯେଛେ, ଦେଟା କି ତୋର ଚୋଥେ ମାସ୍ତୁଲ ଗର୍ଜେ ଦେଖିଯେ ଦିତେ ହବେ । ଓରେ ଓ'—( ପ୍ରମାଣିତ କରିବାକ୍ୟ )—

ଏହି ମଧ୍ୟରସବାଣୀର ଜ୍ଞାତମ୍ଭେ ସମ୍ବନ୍ଧର ସେ ଡାଙ୍ଗାର କନେ-ପକ୍ଷ ଚଢ଼ାକ୍ଷେ ଦିତେ ପାରେ ନା, ସେ କଥା ଆବଧେଇ ଭେବ ନା । ଅବଶ୍ୟ ତାରା ଗଲା ଶୁନ୍ନାତେ ପାବେ ନା, ଶୁଧି ଦେଖାତେ ପାବେ ଅତି ରମଣୀୟ ମୁଖଭାଙ୍ଗ କିଂବା ମୁଖ-ବିହୃତ, ଏବଂ ବୁଝାତେ ହବେ ଅନୁଭାନେ ।

ଜାହାଜେର ଦିକେ ମୁଖ ତୁଲେ ଫ୍ରାଚ କରେ ଖାନିକଟେ ଥୁଥୁ ଫେଲେ ବଲବେ, 'ଓରେ ମକ୍ଟୁସ୍ୟ ମକ୍ଟୁସ୍, ତୋର ଦିକଟା ଭାଲ କରେ ଜାହାଜେ ନେ ନା । ଜାହାଜେର ଟାନେ ଏନ୍-ଦିକଟା ତୋ ଆପନାର ଥେକେ ଥୁଲେ ଯାବେ । ଏକଟା ଦଢ଼ିର ଘନେର କଥା ଜାନିମ ନେ ଆର ଏମେହିସ ଜାହାଜେର କାମେ । ତାର ଚେଯେ ଦେଶେ ଗିଯେ ଠାକୁରମାର ଉକୁନ ବାହୁତେ ପାରିସ ନେ ? ଓରେ ଓ ହାମାନ-ଦିନ୍ତେର ଥ୍ୟାତଳାମୁଖୋ'—( ପ୍ରମାଣିତ କରିବାକ୍ୟ )—

ଏକଟୁଖାନୀ କଟପନାର ସାବାନ ହାତେ ଥାକଲେ ଏହି ଅବସ୍ଥାଯ ବିନ୍ଦୁର ବାନ୍ଦବେର ବୁଦ୍ଧଦ ଓଡ଼ାତେ ପାରବେ ।

ଓଦିକେ ଏସବ କଲରବ —ମାଇକେଲେର ଭାଷାଯ 'ରଥଚକ୍ର-ଘର'ର-କୋଦିନ୍-ଟାକାର' ଛାପିଯେ ଉଠିଛେ ସନ ସନ ଜାହାଜେର ଭେପୁର ଶବ୍ଦ—ଭେ'—, ଭେ'—ଭେ'—, ଭେ'—

ତାର ଅର୍ଥ, ସାଁ ମେ ଛୋଟ ଜାହାଜେର ପ୍ରତି ହୟ, 'ଓରେ ଓ ଛୋକରା, ସରି ନା । ଆମି ଯେ ଏକ୍ଷୁନି ଓଦିକେ ଆସିଛ ଦେଖାତେ ପାଛିସ ନେ ? ଧାକ୍ତା ଲାଗଲେ ଯେ ସାଡ଼େ ବନ୍ଧିଶଭାଜା ହେଁ ସାବି, ତଥନ କି ଟୁକରୋଗୁଲୋ ଜୋଡ଼ା ଲାଗାବି ଗୀରାପାତାର ରମ ଦିଯେ ?' ଆର ସାଁ ତୋମାର ଜାହାଜେର ଚେଯେ ବଡ଼ ଜାହାଜ ହୟ, ତବେ ତାର ଅର୍ଥ, 'ଏହି ଯେ ଦାଦା, ନମ୍ବକାରମ୍ । ଏକଟୁ ସାଁ ଦିକେ ସରତେ ଆଜା ହୟ, ଆମି ତା ହଲେ ଡାନ ଦିକେ ସଭ୍ରଣ କରେ କେଟେ ପଡ଼ିତେ ପାରି ।' ଏବଂ ଏହି ଭେପୁର ବାଜାନୋର ଏକଟା ତୁତୀୟ ଅର୍ଥଓ ଆଛେ । ପ୍ରତ୍ୟେକ ଜାହାଜେର ମାର୍କିମାଲ୍ଲାରା ଆପନ ଭେପୁର ଶବ୍ଦ ଚେନେ । କେଟ ସାଁ ତଥନୋ ବସ୍ତରେର କୋନୋ କୋଣେ ଆନନ୍ଦରସେ ମନ୍ତ ହୟ ଥାକେ, ତବେ ଭେପୁର ଶବ୍ଦ ଶୁନେ ତୃକ୍ଷଣାଂ ତାର ଢାକନ୍ୟୋଦୟ ହୟ ଏବଂ ଜାହାଜ ଧରାର ଜନ୍ୟ-

উধর্ব-বাসে ছুট লাগায় ।

আমি একবার একজন খালাসীকে সৌভাগ্যের এসে জাহাজে উঠতে দেখেছি । তখন তার আর সব খালাসী ভাইয়ারা যা গালিগালাজ দিয়েছিল তা শুনে আমি কানে আঙুল দিয়ে বাপ বাপ করে সরে পড়েছিলুম । ইংরাজিতে বলে, ‘হি ক্যান্সেন্ট্-গ্ৰেইন লাইক্-এ সেলুল’ অর্থাৎ খালাসীরা কুবাক্য বলাতে এ দৰ্দনয়ার সব চাইতে ওষ্ঠাদ । ওৱা যে-ভাষা ব্যবহার করে সেটা বৰ্জন কৰতে পারলে দেশ-বিদেশে তুমি মিষ্টভাষীরপে খ্যাতি অর্জন কৰতে পারবে ।

তোমার যদি ফাস্টি-পড়নে-ওলা ফ্লাস-ফ্রেড থাকে তবে তাকে জিজেস কৰো, ‘ইস্কেন্সেন্ট্-ই-রুমীয়া পুৱুৱুৰ্সীন্স—অর্থাৎ ‘আলেকজান্ডাৰ দি গ্রেটকে জিজেস কৰা হয়েছিল’—দিয়ে যে গুপ্ত আৱণ্ণ, তার গোটাটা কি ? গুপ্তটা হচ্ছে, সিকন্দ্ৰুশাহকে জিজেস কৰা হয়েছিল, ‘ভদ্ৰু আপনি কাৰ কাছ থেকে শিখেছেন ?’ উক্তৰ তিনি বললেন, ‘বে-আদৰদেৱ কাছ থেকে ? ‘সে কি প্ৰকাৰে সন্ধি ?’ ‘তাৰা যা কৰে আমি তাই বৰ্জন কৰোছি ।’

খুব যে একটা দ্বাৰণ চালাক গল্প হল তা বলিছ নে । তবে জাহাজেৰ খালাসীদেৱ—বিশেষ কৰে ইংৰেজ খালাসীদেৱ—ভাষাটা বৰ্জন কৱলেই লাভ-বান হওয়াৰ সন্ধাবনা বেশী ।

জাহাজেৰ পিঁড়ি ওঠাৰ শেষ মৃহৃত্ পৰ্যন্ত দেখবে দৃ-একটা লোক এক লাফে তিন ধাপ ডিঙোতে ডিঙোতে জাহাজে উঠছে । এৱা কি একটু সময় কৰে আগে-ভাগে আসতে পাৰে না ? আসলে তা নয় । কোনো বেচাৰীকে কাস্টম-হাউস ( যারা আমদানী-ৱন্ধনানী মালেৰ উপৰ কড়া নজৰ রেখে মাশুল তোলে ) আটকে রেখেছিল, শেষ মৃহৃত্ খালাস পেয়েছে, কেউ বা আধ ঘণ্টা আগে খৰ পেয়েছে কোন ঘাতী এ জাহাজে যাবে না বলে খালি বাথ'টা সে পেয়ে গিয়েছে কিংবা কেউ শহৰ দেখতে গিয়ে পথ হাৰিয়ে ফেলেছিল, কোনো গতিকে এইমাত্ৰ ব'দৰ আৱ জাহাজ খ'জে পেয়েছে ।

‘বদৱ বদৱ’ বলে জাহাজ ব'দৰেৰ ব'দৰ থেকে মুক্তি পেল ।

অজানা সম্মুদ্ৰেৰ ব'কে ভেসে যাওয়াৰ ঔৎসুক্য এক দিকে আছে, আবাৱ ডাঙো থেকে ছুটি নেবাৰ সময় মানুষেৰ মন সব সময়ই একটা অৰুণ্ণ বেৰন্নায় ভৱে ওঠে । অপাৰ সম্মুদ্ৰেৰ মাঝখানে দাঁড়িয়ে, সীমাৱ শেষেৰ দিব্বলয়েৰ দিকে তাৰিয়ে তাৰিয়ে মুক্ত মনেৰ যত অগাধ আনন্দই পাও না কেন, বাণিবাত্ত্যাৰ সঙ্গে দুৰ্বাৰ সংগ্ৰাম কৰে কৰে ক্ষণে-বাঁচা ক্ষণে-মৰাৰ অতুলনীয় যত অভিজ্ঞতাই সঞ্চয় কৰ না কেন, মাটিৰ কোলে ফিরে আসাৰ মত মধুময় অভিজ্ঞতা অন্য কিছুতেই পাবে না । তাই অঘণকাৰীদেৱ গুৱৰ, গুৱৰদেৱ বহু নৰ-নৰী সাগৱ-সম্মুদ্ৰ উষ্ণীণ হওয়াৰ পৰ বলেছেন,—

‘ফিৱে চল, ফিৱে চল মাটিৰ টানে

যে মাটি অচিল পেতে চেয়ে আছে মুখেৰ পানে ।’

জাহাজ ছাড়তে ছাড়তে সম্ম্যার অশ্বকাৰ ঘনিয়ে এল ।

আমি জাহাজেৰ পিছন দিকে রেলিঙেৰ উপৰ ভৱ কৰে তাৰিয়ে রইলুম

আলোকমালায় সূর্যাঙ্গত মহানগরীর—পথিকীর অন্যতম বহুবশ্বরের দিকে। সেখানে রাস্তায় রাস্তায়, সমুদ্রের জাহাজে জাহাজে আর জেলেদের ডিঙ্গিতে ডিঙ্গিতে কোথাও বা সারে সারে প্রদীপশ্চেণী আর ফোথাও বা এখানে একটা, ওখানে দুটো, দেখানে একঝাঁক—যেন মাটির সাত-ভাই-চূপা।

আমরা দেয়ালি জর্বালি বছরের মাত্র এক শুভাদিনে। ওখানে সম্বৎসর দেয়ালির উৎসব। এদের প্রতিদিনের প্রতি গোধূলিতে শুভ লগ্ন। আর এদের এ উৎসব আমাদের চেয়ে কত স্বর্জনীনি! এতে সাড়া দেয় সব' ধম' সব' সম্প্রদায়ের নর-নারী... হিন্দু-বেঁধু-শিখ-জেন-পারসিক-মুসলিমান-খুরীষ্টানী!

আমি জানি, বৈজ্ঞানিকরা বলেন, কোনো বেনো ছোট পাথির রঙ যে সবুজ তার কারণ দে যেন গাছের পাতার সঙ্গে নিজের রঙ মিলিয়ে দিয়ে লকিয়ে থাকতে পারে, যাতে করে শিকরে পাথি তাকে দেখতে পেয়ে ছোট মেরে না নিয়ে ঘেতে পারে! তাই নাকি আমের রঙও কঁচা বয়সে থাকে সবুজ—যাতে পাথি না দেখতে পায়, এবং পেকে গেলে হয়ে থার লাল, যাতে করে পাথির দৃষ্টি আকর্ষণ করতে পারে—যাতে সে যেন টুকরে টুকরে তাকে গাছ থেকে আলাদা করে দেয়, নিচে পড়ে তার আঁট যেন নতুন গাছ গজাতে পারে।

বৈজ্ঞানিকদের ব্যাখ্যা ভুল, আমি বলি কি করে। বিজ্ঞানের আমি জানি কতটুকু, বুঝি কতখানি? কিন্তু আমার সরল সৌন্দর্য-তিয়াসী মন এসব জেনেশনেও বলে, ‘না, পাথি যে সবুজ, সে শুধু তার নিজের সৌন্দর্য’ আর আমার চোখের আনন্দ বাড়াবার জন্যে। এর ভিতর ছোট হোক, বড় হোক, কোনো স্বার্থ লুকনো নেই। সৌন্দর্য শুধু সৃষ্টির হওয়ার জন্যই।

ঠিক তেমনি আমি জানি, পথিকীর বশ্বরে বশ্বরে প্রতি গোধূলিতে যে আলোর বান জেগে ওঠে, তার মধ্যে স্বার্থ লুকনো আছে। এ আলো দিয়ে মানুষ একে অন্যকে দেখতে পায়, বাপ ঐ আলোতে বাঢ়ি ফেরে, মা তার শিশুকে খুঁজে পায়, স্বাই আপন আপন গৃহস্থালির কাজ করে; কিন্তু তবু, যখনই আমি দূরের থেকে এই আলোগুলোর দিকে তাকিয়ে দেখি, তখনি মনে হয় এগুলো জবালানো হয়েছে সৃষ্টিমাত দেয়ালির উৎসবকে সফল করার জন্য। তার ভিতরে যেন আর কোনো স্বার্থ নেই।

অকুল সমুদ্রে পথহারা নাবিক তারার আলোয় ফের পথ খুঁজে পায়! সেই স্বার্থের সত্তা উপেক্ষা করে রবীশনাথ গেয়েছেন—

‘তুমি কত আলো জর্বালয়েছ এই গগনে  
কি উৎসবের লগনে।’

বশ্বরের আলোর দিকে তাকিয়ে যদি আমিও ভগবানের উদ্দেশ্যে বাল,—  
‘মোরা কত আলো জর্বালয়েছ এ চুণে  
কি আরতির লগনে।’

তবে কি বজ্জ বেশী ভুল বলা হবে?

অনেক দূরে চলে এসেছি! পাড়ের আলো ঝমেই ঘুন হয়ে আসছে। তবু, এখনো দেখতে পাই, হুশ করে এক-একখানা জেলে-ডিঙ আমাদের পাশ

দিয়ে উলটো দিকে চলে যাচ্ছে। আসলে কিন্তু সে হৃশি করে চলে যায় নি। সে ছিল ঘীড়িয়েই, কারণ তার গলাই সমন্বের দিকে ঝুঁক করে আছে, আমরা তাকে পেরিয়ে গেলাম মাত্র।

আশ্চর্য, এত রাত অবধি পাড় থেকে এত দূরে তারা মাছ ধরছে!

এখন যদি ঘুড় ওঠে তবে তারা করবে কি? নোকো যদি ডুবে যায় তবে তারা তো এতখানি জল পাড়ি দিয়ে ডাঙোয়ের পেঁচতে পারবে না। তবে তাবা এ রকম বিপক্ষজনক পেশা নিয়ে পড়ে থাকে কেন? লাভের আশায়? নিশ্চয় নয়। সে তব আমি বিলক্ষণ জানি। আমি একবার কয়েক মাসের জন্য মাদ্রাজের সমন্বেপাড়ে আমার এক বশ্তুর বাড়িতে ছিলাম। তারই পাশে ছিল, একেবারে সমন্বের গা ঘেঁষে এক জেলেপাড়। আমি পাকা ছাঁটি মাস ওবের জীবনযাত্রাপ্রণালী দেখেছি। ওবের দৈন্য বেথে আমি স্তুপিত হয়েছি। আমাদের গরিব চাষাবাও এদের তুলনায় বড়লোক, এমন কি, আমাদের আদিবাসীরা, সাঁওতাস ভৌলোবাও এদের চেয়ে অনেক বেশী সুখস্বাচ্ছন্দে জীবন ধাপন করে। তোমাদের ভিতর যারা প্রৱীর জেলেদের দেখেছে তারাই আমার কথায় সায় দেবে।

তবে কি এরা অন্য কোনো সুযোগ পায় না বলে এই বিপদমঙ্গুল, কঠিন অর্থ দ্বারে জীবন নিয়ে পড়ে থাকে? আমার সেই মাদ্রাজী বশ্তু বললে, তা নয়, এরা নাকি খোলা সমন্ব এত ভালোবাসে যে তাকে ছেড়ে মাঠের কাজে যেতে কিছুতেই রাজী হয় না। ঘড়ের সময় মাছ ধরা প্রায় অসম্ভব বলে তখন উপোস করে দিন কাটাবে, ক্ষুধায় প্রাণ অতিষ্ঠ হলে, ভুঁত্ব কাচ্চাবাচ্চাদের কান্না সহ্য করতে না পারলে সেই ঝাড়েই বেরয় মাছ ধরতে আর ডুবে গরে সমন্বের অথৈ জলে।—তব, জল ছেড়ে ডাঙোর ধান্দায় যেতে রাজী হয় না।

এবং নোকোর মাঝি-মাল্লা, জাহাজের খালাসীদের বেলাও তাই। এদের জীবন এতখানি অভিশপ্ত নয়, জানি, কিন্তু এরাও ডাঙোয় ফিরে যেতে রাজী হয় না। এমন কি, যে চাষা সাতশ পুরুষ ধরে থেতের কাজ করেছে, সেও যদি দ্বিভক্ষের সবর দু পয়সা কাগাবার জন্য সমন্বে যায় তবে কিছু-দিন পরই তাকে আর ডাঙোর কাজে নিয়ে যাওয়া যায় না। আর প্রৱনো খালাসীদের তো কথাই নেই। গোপবাড়ি পেকে গিয়েছে, সমন্বের নোনা জল আর নোনা হাওয়ায় চামড়ার রঙটি ঝোন্জের মতো হয়ে গিয়েছে, আর কাদিন বাঁচবে তার ঠিক নেই, জাহাজে কেউ চাকরি দিতে চায় না, তবু পড়ে থাকবে খিদিরপুরের এক ঘীঞ্জি আভ্যাস আর উদয়াস্ত এ-জাহাজ ও-জাহাজ করে করে বেড়াবে চাকরির স্থানে। ওদিকে বেশ দু পয়সা জরিয়েছে। ইচ্ছে করলেই দেশের গাঁয়ের তেওঁতুলগাছতলায় নাতি-নাতনীর পাখার হাওয়া থেতে থেতে গঞ্জপগ্রাম বলতে বলতে দুটি ঢোক বুঁতে পারে।

সমন্বের প্রতি এদের কেমন যেন একটা ‘নেশা’ আছে, সে সম্বন্ধে তারা একটু লজ্জিত। কেন, তা জানি নে। তুমি যদি বল, ‘তা, চৌধুরীর পো’ চৌধুরী পো বলে সম্বোধন করলে ওরা বড় খুশী হয়—‘দু-পয়সা তো

কামিয়েছ, আর কেন এ-জাহাজে ও-জাহাজে ঝক্মারির কাজ করা। তার দ্বয়ে দেশে গিয়ে আঞ্চা-রস্তের নাম স্মরণ কর, আথেরের কথা ভাববার সময় কি এখনো আসে নি?’

বড় কাছমাছ হয়ে বুড়ো বলবে, ‘না, ঠাকুর, তা নয়।’ দাঢ়ি ছলকোতে ছলকোতে বলবে, ‘আর দ্বিতীয় বছর কাম করলেই সব সুরাহা হয়ে যাবে। দ্ব-পংসা না নিয়ে নাতি-নাতনীদের থাড়ে চাপতে লঙ্ঘা করে।’

একদম বাজে কথা। বুড়ো জাহাজের কামে ঢেকে যখন তার বয়স আঠারো। আজ সে সন্তুর। এই বাহার বৎসর ধরে সে দেশে টাকা পাঠিয়েছে ভালো করে ধর-বাঢ়ি বানাবার জন্য, জমি-জমা কেনার জন্য। এখন তার পরিবারের এত সচ্ছল অবস্থা যে, ওরা জামিদারকে পর্যন্ত টাকা ধার দেয়। আর বুড়ো বলে কিনা ব্যাটা-ভাইপো নাতি-নাতনী তাকে দ্ব-মুঠো অম খেতে দেবে না!

সমন্দের প্রতি কোনো কোনো জাহাজ-কাপ্তনের এত মায়া যে বুড়ো বয়সে তারা বাঢ়ি বানায় ঠিক সমন্দের পাড়ে, এবং বাড়িটার চপ্পও কিষ্ট-কিমাকার ! দেখতে আদপেই বাঢ়ির মতো নয়, একদম হৃদবহ জাহাজের মতো—অবশ্য মাটির সঙ্গে ঘোগ রেখে যতখানি সন্তুর। আর তারই চিলে-কোঠায় সাজিয়ে রাখে কংপাস, দ্বৰবৈন, ম্যাপ, জাহাজের শিয়ারিঙ হ্যান্ডল এবং জাহাজ চালাবার অন্যান্য ধাবতীয় সরঞ্জাম। বাঢ়ির আর কাউকে বুড়ো সেখানে চুক্তে দেয় না—যুনিফর্ম'পরা না থাকলে জাহাজের ও-জায়গায় তো কাউকে যেতে দেওয়া হয় না—এবং সে সেখানে পাইপটা কামড়ে ধরে সমন্ত দিন বিড়বিড় করে ‘খালাসীদের’ বকায়কা করে। ঝড়বৃষ্টি হলে তো কথাই নেই। তখন সে একাই একশ। ‘জাহাজ’ বাঁচাবার জন্য সে তখন খেপে গিয়ে ‘রিজ’ময় দাবড়ে বেড়ায়, ‘টেলিফোনে’ চিকার করে ‘এজিন-ঘরকে’ হৃকুম হাঁকে, ‘আরো জলদি’; ‘পুরো প্রীতে’, কখনো বা বরসাতিটা গায়ে চাপিয়ে ‘ডেকের’ তদারিক করে ভিজে কাঁহি হয়ে ফিরবে। বড় না থামা পর্যন্ত তার দম ফেলার ফুরসত নেই, ধূম-তে ধাবার তো কথাই ওঠে না। বড় থামলে হাঁফ ছেড়ে বলবে, ‘ওঁ, কি বাঁচনটাই না বেঁচে গিয়েছি। আমি না থাকলে সব ব্যাটা আজ ঢুবে মরত। আজকালকার ছেঁড়ারা জাহাজ চালাবার কিস-স্ন-টি জানে না।’ তারপর টেবিলে বসে আঁকাবাঁকা অঙ্করে ‘জাহাজের’ ক্রুদের ধন্যবাদ জানাবে, তারা যে তার হৃকুম তামিল করে জাহাজ বাঁচাতে পেরেছে তার জন্য। তার পর ঝড়ের ধাক্কায় জাহাজ যে কোথায় ছিটকে পড়েছে তার ‘বেয়ারিঙ’ নেবে বিস্তর ল্যাটিউড-লঙ্গিউড করে এবং শেষটায় হাঁটু গেড়ে ভগবানকে ধন্যবাদ জানিয়ে পরম পরিত্তিপ্রস সহকারে হাই তুলতে তুলতে আপন ‘কেবিনে’ শুন্তে যাবে।

তিন দিন পরে গুম গুম করে ‘জাহাজ’ থেকে নেমে সে পাড়ার আঞ্চায় যাবে গৃহপ করতে—‘জাহাজ’ বন্দরে এমে ভিড়েছে কি না! সেখানে সেই মারাত্মক ঝড়ের একটা ভয়ঝর বণ্ণনা দিয়ে শেষটায় পাইপ কামড়াতে কামড়াতে

বলবে, ‘আর না, এই আমার শেষ সফর। বুড়ো হাড়ে আর জলঝড় সয় না।’  
সবাই হা-হা করে বলবে, ‘সে কি, কাপ্তন, আপনার আর তেমন কি বয়স হল?’  
কাপ্তনও ‘হে-হে’ করে মহাখণ্ডী হয়ে ‘জাহাজে’ ফিরবে।

আমি আরো দুই শ্রেণীর লোককে চিনি যাবা কিছুতেই বাসা বাঁধতে চায় না।

দেশ-বিদেশে আমি বিশ্বর বেদে দেখেছি। এরা আজ এখানে কাল ওখানে, পরশ্বে আরো দূরে, অনা কোথাও। কখন্ কোন্ জায়গায় কোন্ মেলা শুন্ব হবে, কখন্ শেষ হবে, সব তাদের জানা! মেলায় মেলায় গিয়ে কেনা-কাটা করবে, নাচ দেখাবে, গান শোনাবে, হাত গুনবে, কিম্ভু কোথাও স্থির হয়ে বেশী দিন থাকবে না। গ্রীষ্মের খরাহাহ, বর্ষার অবিরল বৃষ্টি সব মাথাও করে চলেছে তো চলেছে, কিম্বের নেশায় কেউ বলতে পারে না। বাচ্চাদের লেখাশড়া শেখা-বার চাড় নেই, তাদের অস্থি-বিস্থি করলে ডাঙ্গার বাঁধারও তোয়াক্কা করে না। যা হবার হোক, বাসা তারা কিছুতেই বাঁধবে না। বাড়ির মায়া কি তারা কখনো জানে নি, কোন দিন জানবেও না।

ইংলণ্ড দুশ বছর ধরে চেঁটা করে আসছে এদের কোনো জায়গায় পাকা-পাকি ভাবে বসিয়ে দিতে। টাকা-পয়সা দিয়েছে, কিম্ভু না, না, না, এরা কিছুতেই কেনে জায়গার কেনা-গোলাম হয়ে থাকতে চায় না। ইংলণ্ড যে এখনো তার দেশে প্রাথমিক শিক্ষার হার শতকরা প্রায়ে একশ করতে পারে নি তার প্রধান কারণ এই বেদেরা। এরা তো আর কোনো জায়গায় বেশী দিন টিকে থাকে না যে এদের বাচ্চারা ইঙ্কুলে যাবে? শেষটায় ইংরেজ এদের জন্য আমামান পাঠশালা খুলেছে, অর্থাৎ পাঠশালার মাস্টার শেলেট-পেনসিল নিয়ে ভবস্বরে হয়ে তাদের পিছন পিছন তাড়া লাগাচ্ছে, কিম্ভু কা কস্য পরিবেদনা, তারা যেমন ছিল তেমনি আছে।

থোলা-মেলার স্বতান এরা,—গণ্ডীর ভিতর বশ্য হতে চায় না।

কিম্ভু দের সবাইকে হার মানায় কারা জান?

রবীন্দ্রনাথ যাদের সম্বন্ধে বলেছেন,

‘ইহার চেয়ে হতেম যাব আরব বেদুইন  
চৱগতলে বিশাল মরু দিগন্তে বিলীন।’

এই যে আরব-সাগর পাড়ি দিয়ে আদন বশ্বরের দিকে যাচ্ছ এরা সেই দেশের লোক। স্কিটির আদিম প্রভাত থেকে এরা আরবের এই মরুভূমিতে ঘোরাঘৰ্ষির করছে। এরা এদিক-ওদিক যেতে যেতে কখনো ইরানের সজল উপত্যকার কাছে এসে পৌঁছেছে, কখনো লেবাননের ঘন বনমর্গ রধনিও শুন্তে পেয়েছে কিম্ভু এসব জায়গায় নিশ্চিন্ত মনে বসবাস করার কণামাত্র লোভ এদের কখনো হয় নি। বরঞ্চ মরুভূমির এক ঘরুদ্যান থেকে আরেক ঘরুদ্যান যাবার পথে সমস্ত ক্যারাভান (বল) জলের অভাবে যাবা গেল—এ বীভৎস সত্য তাদের কাছে অজানা নয়, তবু তারা ঐ পথ ধরেই চলবে, কোনো জায়গায় স্থায়ী বসবাসের প্রস্তাৱ তাদের মাথায় বজ্রাঘাতের ন্যায়।

জানি, এক কালে আরব দেশ বড় গরিব ছিল, কৃষ্ণ উপায়ে জলের ব্যবস্থা করতে পারত না বলে সেখানে চাষ-আবাদের কোনো প্রশ্নই উঠত না। কিন্তু হালে নজদ-হিঙ্গাজের রাজা ইবনে সউদ<sup>১</sup> পেট্রল বিক্রি করে মার্কিনদের কাছ থেকে এত কোটি কোটি ডলার পেয়েছেন যে সে-কর্ডি কি করে খরচা করবেন তার কোনো উপায়ই খুঁজে পাচ্ছেন না। শেষটায় মেলা যন্ত্রপাতি কিনে ভিন্ন বিস্তর জায়গায় জল সে'চে দেগুলোকে খেত-খামারের জন্য তৈরী করে বেদুইনদের বললেন, তারা যেন মরুভূমির প্রাণঘাতী ধায়াবরণ করে ছেড়ে দিয়ে এসব জায়গায় বাঁঁধুর বাঁধে।

কার গোয়াল, কে দেয় ধূনো !

সে সব জায়গায় তখন তালগাছের মতো উঁচু আগাছা গজাচ্ছে।

বেদুইন তার উট-খচর, গাধা-ঘোড়া নিয়ে আগের মতোই এখানে ওখানে ঘৰে বেড়ায়। উটের লোমের তাঁবুর ভিতর রাত্বিবান করে। তৃষ্ণায় যখন প্রাণ কঢ়াগত হয় তখন তার পিয় উটের কঠ ফেটে তারই ভিতরকার জনানো জল খায়। শেষটায় জলের অভাবে গাধা-খচর, বউ-বাচ্চা সহ গৃষ্টসুস্থ মারা যায়।

তবু ‘পা-জিগয়ে’ কোথাও নীড় বানাবে না।

এই সব তর্বাচন্তায় মশগুল হয়ে ছিলুম এমন সময় হৃশ করে আরেকখানা জেলে-নৌকা পাশ দিয়ে চলে গেল। দেখি, ক্যাম্বসের ছইয়ের নিচে লোহার উন্মুক্ত জেলে বাড়ো রান্না চাঁপয়েছে। কল্পনা কি না বলতে পারব না, মনে হল ফোড়নের গৰ্থ ধেন নাকে এয়ে পেঁচাল। কল্পনা হোক আর ধাই হোক তর্বাচন্তা লোপ পেয়ে তদন্তেই ক্ষুধার উদ্বেক হল।

ওদিক ক বয়ে শেষ ব্যাচের শেষ ডিনার খাওয়া হয়ে গিয়েছে।

প্রাকৃতিক সৌন্দর্য নিরীক্ষণ, তর্বাচন্তায় মনোবৈক্ষণ বিলক্ষণ সুখনীয় প্রচেষ্টা কিন্তু ভক্ষণ-ডিণ্ডম উপেক্ষা করা সবাংশে অব্রাচীনের লক্ষণ।

তবু দেখি, যদি কিছু জোটে, না হলে পেটে কিলমেরে শুয়ে পড়বো আর কি।

দশ পা ষেতে না ষেতেই দেখি আগার দ্বাই তরুণ বক্ষু পল আর পার্স ‘রামি’ খেলছে। আমাকে দেখে একসঙ্গে দাঁড়িয়ে উঠে বললে, ‘গুড ইউনিং, স্যার !’

আমি বললুম, ‘হ্যালো’, অর্থাৎ ‘এই যে !’

তারপর ইব্রেৎ অভিমানের সুরে বললুম, ‘আগাকে একলা ফেলে তাস খেলছ যে বড় ! জান, তাস ব্যসন-বিশেব, তাসে অথবা কালক্ষয় হয়, গুণীরা বলেন—’

ওরা বাধা দিচ্ছে না বলে আগাকেই থামতে হল।

পার্স ‘বললে, ‘যথার্থ’ বলেছেন. স্যার !’

পল বললে, ‘হক্ কথা। কিন্তু স্যার, আমরা তো এতক্ষণ আপনার-

ডিনার যোগাড় করে কেবিনে গুছিয়ে রাখাতে—'

আমি বললুম, 'সে কি হে ?'

পাসি' বললে, 'আজ্ঞে। যখন দেখলুম, আপনি ডিনারের ষষ্ঠা শুনেও উঠলেন না, তখনই আমরা ব্যবহাটা করে ফেললুম।'

সোনার চাঁদ ছেলেরা। ইচ্ছে হাঁচল, দ্বৃজনকে দ্বৃ-বগলে নিয়ে উঞ্জাসে নাগান্ত্য জড়ড়ে দিব। কিন্তু বয়সে কম হলে হবে কি, ওজনের দিক দিয়ে ওরা আমার চেয়ে চের বেশী ভারিকী মূল্যব্যব। বাসনাটা তাই বিকাশ লাভ করল না। বললুম, 'তবে চলো ভাদাস,' কেবিনে।'

## ॥ ২ ॥

'গজ্জিলিকা-প্রবাহে' অর্থাৎ ভিড়ের সঙ্গে মানুষ গা ভাসিয়ে দেয় কেন? তাতে সুবিধে এই;—আর পাঁচজনের ঘা গাতি, তোমারও তাই হবে। এবং যেহেতু সংসারের আর পাঁচজন হেসে-থেলে বেঁচে আছে, অতএব তুমিও দিব্য তাদেরই মতো সুখে-দুঃখে বেঁচে থাকবে।

আর যদি গজ্জিলিকায় না মিশে একলা পথে চল তবে যেমন হঠাৎ গুপ্তধনের সম্মধন পেয়ে যেতে পার ঠিক তেমনি মোড় ফিরতেই আচমকা হয়তো দেখতে পাব, ব্যাঘাতার্থ-বৃহলাঙ্গুল থাবা পেতে সামনে বসে ন্যাজ আছড়াচ্ছেন!

গুপ্তধনটা একা পেয়েছিলে বলে সেটা যেমন তোমার একারই, ঠিক তেমনি বাধের মোকাবেলা করতে হবে তোমাকে একাই।

তাই বেশির ভাগ লোক সর্বনাশ ক্ষতির ভয়ে অত্যধিক লাভের লোভ না করে গজ্জিলিকার সঙ্গে মিশে ঘায়।

জাহাজেও তাই। তুমির্যাদি আর পাঁচজনের সঙ্গে ঘুম থেকে জাগ তবে সেই ভিড়ে তুমি ঝটপট তোমার 'বেড-টু'র কাপটি পাবে না। আর যদি খুব সকাল সকাল কিংবা আর সকলের চেয়ে দেরিতে ওঠো তবে চা-টি পেয়ে থাবে তক্ষণতেই, কিন্তু আবার কোনো দিন দেখবে, তখনো আগুন জরালা হয় নি বলে চায়ের অনেক দোরি, কিংবা এত দেরিতে উঠেছ যে 'বেড-টু'র পাট উঠে গিয়ে তখন 'ক্রেকফাস্ট' আরঞ্চ হয়ে গিয়েছে বলে তোমার 'বেড-টু' মাঠে অর্থাৎ দাঁয়িয়ায় মারা গিয়েছে।

ইঁরিজিতে একেই বলে, 'নো রিস্ক, নো গেন' অর্থাৎ একটুখানি ঝুঁকি নিতে রাজী না হও তবে লাভও হবে না। লটারি জিততে হলে অন্তত একটা টির্কিট কেনার রিস্ক নিতে হয়।

সৌধিন ঝুঁকিটা নিয়ে সুবিধে হল না। চা-টা মিস্ করে বিরসবদনে ডেকে এসে বসলুম।

এক মিনিটের ভিত্তির পল আর পাসি'র উদয়।

পল ফিস-ফিস করে কানে কানে বলল, 'নৃতন সব 'বার্ড'দের (-অর্থাৎ

‘চিড়িয়াবের’ ) দেখেছেন, স্যার ?’

এরা সব নবাগত শাত্ৰী। কলম্বোয় জাহাজ ধৰেছে। বেচারীৱা এণ্ডিক-ওণ্ডিক ঘৰে বেড়াচ্ছে, ডেক-চেয়াৰ পাতবাৰ ভালো জায়গাৰ সম্মানে। কিন্তু পাৰে কোথায় ? আমৱা যে আগে-ভাগেই সব জায়গা দখল কৱে আসন-জম'ইন জমিয়ে বসে আছি—মাদ্রাজ থেকে !

এ তো দৰ্নিয়াৰ সৰ'ত হামেশাই হচ্ছে। মৰ্টিটঙে, ফুটবলেৰ মাঠে সৰ'বাই আগে গিয়ে ভালো জায়গা দখল কৱাৰ চেষ্টা সৰাই কৱে থাকে। এমন কি রান্নাঘৰেৰ দাওয়ায় বসি ঠিক দৱজাটিৰ কাছে। মা রান্নাঘৰ থেকে খাবাৰ নিয়ে বেিৱাই সকলোৰ পঞ্জলা দেবে আমাকে !

ভাল জায়গায় বসতে পাৱাতে দৃঢ়ো শৰ্কুখ। একটা ভালো জায়গা পেয়েছ বলে এবং দিতীয়টা তাৰ চেয়েও বড়। বেশ আৱাম কৱে বসে চিনে-বাদাম খেতে খেতে অলস নিৱাসন্ত ভাবে তাৰিকয়ে দেখতে, অন্যেৱা ফ্যাঁ-ফ্যাঁ কৱে কি ভাবে ভালো জায়গাৰ সম্মানে ঘৰে মৱেছে। পৰিচিত এবং আঁপৰ লোক হলে তো কথাই নেই। ‘এই যে ভড় মশাই, জায়গা পাচ্ছেন না বুৰুৰি ?’ বলে ফিক কৱে একটুখানি সদ্ব-প্ৰেষণ বিতৰণ কৱবে, ‘কেন, ঐ দিকে তো মেলা জায়গা রয়েছে’, বলে হাতখানা মাথাৰ উপৰ তুলে চতুর্দিকে ঘৰিয়ে দেবে। তাৰ থেকে কেউই বুৰুতে পাৱবে না, কোন্ দিকে জায়গা খালি। লোকটা দৃঢ়ি দিয়ে বিষব-শিঁট নিক্ষেপ কৱে গজৱাতে তোমাৰ স্কিউটিৰ আড়াল হবে !

আঃ ! এ সংসাৱে ভগবান তাৰি অসীম কৱ-গায় আমাদৈৱে জন্য কত আনন্দই না রেখেছেন ! কে বলে সংসাৱ মায়াময় অনিত্য ? সে বোধ হয় ফুটবলেৰ মাঠে কখনো ভাল সীট পায় নি !

আমি পল-পার্সি’কে জিজ্ঞেস কৱলুম, ‘অদ্যকাৱ প্ৰোগ্ৰাম কি ?’

পল বললে, ‘প্ৰথমত, জিম্নাস্টিক্-হলে গমন।’

‘সেখানকাৰ কম-তালিকা কি ?’

‘একটুখানি রোইঁ কৱব ?’

‘রোইঁ ? সেখানে কি নৌকো, বৈঠে, জল আছে ?’

‘সব আছে, শুধু জল নেই।’

‘?’

বৈঠেগ্ৰলোৱ সঙ্গে এমন ভাবে সিপ্ৰং লাগানো আছে যে জল থাকলে বৈঠাকে যতখানি বাধা দিত সিপ্ৰং ঠিক ততখানি দেয়। কাজেই শুকনোয় বসে বৈঠে চালানোৰ প্ৰ্যাকৃতিস আৱ পৰিশ্ৰম দৈই-ই হয়।’

আমি বললুম, ‘উঁহু। আমাৰ মন সাড়া বিছে না। আমাদৈৱে দেশে আমৱা বৈঠে মাৰি দু হাত দিয়ে তুলে ধৰে। তোমাৰ কায়দাটা রপ্ত কৱে আমাৰ কোনো লাভ হবে না।’

পল বললে, ‘তাহলে প্যারালেল বাব, ডাম্বেল কিছু একটা ?’

‘উঁহু।’

পার্সি’ বললে, ‘তাহলে পলে আমাতে বক্সিং লড়ব। আপনি রেফাৰী

হবেন।'

'আমি তো ওর ত্বৰ কিছুই জানি নে।'

'আমরা শিখিয়ে দেব।'

'উইছ।'

পল তখন ধীরে ধীরে বলল, 'আসলে আপনি কোনো রকম নড়াচড়া করতে চান না। একসেরসাইজের কথা না হয় রইল কিন্তু আর সবাই তো সকাল-বিকেল জাহাজটাকে কয়েকবার প্রদৰ্শন দেয় শরীরটাকে ঠিক রাখবার জন্য। আপনি তো তাও করেন না। কেন বলুন তো?'

আমি বললুম, 'আরেক দিন হবে। উপর্যুক্ত অদ্যকার অন্য কম'সুটী কি?'

পাসি' বললে, 'আজ এগারোটায় লাউঞ্জে চেম্বার ম্যার্জিক। তাই না হয় শোনা ষাবে।'

পল আপন্তি জানাল। বললে, 'যে লোকটা বেহালা বাজায় তার বাজনা শুনে মনে হয়, দুটো হুলো বেরালে মারামারি লাগিয়েছে।'

পাসি' বললে, 'ঐ তো পলের দোষ। বজ্জ পিট্টিপটে। আরে বাপ্প, যাচ্ছিম তো সন্তো ফরাসী 'মেসার্জির মার্টিম্' জাহাজে আর আশা করছিস, ক্রাইজলার এসে তোর কেবিনের জানলার কাছে চাঁদের আলোতে বেহালা দিয়ে সেরেনেড বাজাবেন!'

আমি বললুম, 'আমাদের দেশে এক বড়ী কিনে আনল এক পয়সার তেল। পরে দেখে তাতে একটা মরা মাছি। দোকানীকে ফেরত দিতে গিয়ে বললে, 'তেলে মরা মাছি।' দোকানী বললে, 'এক পয়সার তেলে কি তুমি একটা মরা হাঁতি আশা করেছিলে ?'

পাসি' বললে, 'এইবার আপনাকে বাগে পেয়েছি, স্যার ! আপনি যে গশ্পটি বললেন তার যে বিলিতি মূল্যগতি আমি জানি সে এর চেয়ে সরেস !'

আমি ঢোখ বৃথ করে বললুম, 'কীত'ন কর !'

পাসি' বললে, 'এই আমাদের পলেরই মতো এক পিট্টিপটে মেমসায়েব গিয়েছেন মোজা কিনতে। কোন মোজাই তাঁর পছন্দ হয় না। শেষটায় সবচেয়ে সন্তায় এক শিলিঙ্গে তিনি এক জোড়া মোজা কিনলেন। দোকানী যখন মোজা প্যাক করছে তখন তাঁর ঢোখে পড়ল মোজাতে অর্তি ছোট্ট একটি ল্যাডার—'

আমি শুধোলুম, 'ল্যাডার মানে কি ? ল্যাডার মানে তো মই !'

'আজ্জে, মোজার একগাছা টানার সূতো যদি ছিঁড়ে যায় তবে ঐ জায়গায় শুধু পড়েনগুলো একটার উপর একটা এমন ভাবে থাকে যেন মনে হয় সি'ডি কিংবা মই। তাই ওটাকে তখন ল্যাডার বলা হয়।'

আমি বললুম, 'থ্যার্গিকট ; শেখা হল। তারপর কি হল ?'

'মেম বললেন, "ও মোজা আমি নেব না, ওতে একটা ল্যাডার রয়েছে।"

দোকানী বললে, "এক শিলিঙ্গের মোজাতে কি আপনি একটা মাৰ্বেল স্টেয়ারকেস আশা করেছিলেন, ম্যাডাম ?"

ଆମି ବଲଲୁମ୍, 'ସାବାସ, ତୋମାର ବଲା ଗଞ୍ଚପଟି ଆମାର ଗାହୁଷ୍ୟ ସଂକରଣେର ରାଜସଂକରଣ ବଲା ସେତେ ପାରେ । ତଥିପରି ତୋମରା ତୋ ରାଜାର ଜ୍ଞାତ ।'

ପାର୍ସି' ବଲଲେ, 'ଓ କଥାଟୋ ନାଇ ବା ତୁଲଲେନ, ମ୍ୟାର !'

ଆମି ଆମାର ଚୋଖ ସ୍ଵର୍ଗ କରେ ବଲଲୁମ୍, 'ଜାହାଜେର ଦ୍ଵିର୍ବର୍ଷହ ଗତାନ୍ତଗତିକ ଜୀବନକେ ବୈଚାପଣ୍ଣ' କରିବାର ଜନ୍ୟ କୋଷପାନି ଅଦ୍ୟ ଅନ୍ୟ କି ବ୍ୟବସ୍ଥା କରେଛେ ?'

ପାର୍ସି' ବଲଲେ, 'ସମ୍ପାଦିତ ସଥିନ ପଲେର ଆପଣିତ ସଥିନ ଆମି ଭାବାଛ ଐ ସମୟଟାଯି ଆମି ସେଲୁନେ ଚାଲ କାଟାତେ ସାବୋ ।'

ଆମି ହସ୍ତଦୃଷ୍ଟ ହେଁ ବଲଲୁମ୍, 'ଅମନ କର'ଟି ଗଲା କେଟେ ଫେଲଲେଓ କରାତେ ସେଯୋନା, ପାର୍ସି' ! ତୋମାର ଚାଲ କେଟେ ଦେବେ ନିଶ୍ଚଯଇ କିନ୍ତୁ ସଙ୍ଗେ ସଙ୍ଗେ ତୋମାର 'ହଜାରତ'ଓ କରେ ଦେବେ ।'

କଥାଟୋ ବୁଝାତେ ପାରଲୁମ୍ ନା, ମ୍ୟାର !'

ଆମି ବଲଲୁମ୍, ଓଟା ଏକଟା ଉଦ୍‌ଦୃଷ୍ଟ କଥାର ଆଡ଼ । ଏଇ ଅର୍ଥ, ତୋମାର ଚାଲ ନିଶ୍ଚଯଇ କେଟେ ଦେବେ ଭାଲୋ କରେ, କିନ୍ତୁ ସଙ୍ଗେ ସଙ୍ଗେ ମାଥାଟିଓ ମୁଢ଼ିରେ ଦେବେ ।'

ପାର୍ସି' ଆରୋ ସାତ ହାତ ଜଲେ । ଶୁଧୋଲେ, ଚାଲ ସାଦି ଭାଲୋ କରେ କାଟେ ତବେ ମାଥା ମୁଢ଼ୋବେ କି କରେ ?'

ଆମି ବଲଲୁମ୍ 'ତୋମାର ଚାଲ କାଟିବେ ଶବ୍ଦାର୍ଥେ', କିନ୍ତୁ ମାଥା ମୁଢ଼ୋବେ ବକ୍ରାର୍ଥେ, ଅର୍ଥାତ୍ ଗୋଟାଫରିକାଲି । ମୋଢ଼ା କଥା ତୋମାର ସବ୍ସବ ଲୁଣ୍ଠନ କରବେ । ଜାହାଜେ ଚାଲ କାଟିବୋର ଦଶ'ନୀ ପଣ ମୁଦ୍ରା ।'

ପଲ ବଲଲେନ, 'ଦେ କି ମ୍ୟାର ? ଚୀନ ଦେଶେ ତୋ ପାଂଚ ଟାକାଯ କୁଡ଼ି ବାର ଚାଲ କାଟାନୋ ସାଇଁ !'

ଆମି ବଲଲୁମ୍, 'ଭାରତବର୍ଷେ'ଓ ତାଇ । ଏମନ କି ବିଶ୍ୱଫ୍ୟାଶାନେର ରାଜଧାନୀ ପ୍ଯାରିସେଓ ଚାଲ କାଟାତେ ପାଂଚ ଟାକା ଲାଗେ ନା । ସ୍ୟାପାରଟା ହେଁଛେ କି, ଜାହାଜେର ଫାଟ୍ କ୍ଲାସେ ସାଚେନ ପଯ୍ସାଓଳା ବଡ଼ଲୋକେରା । ତାରା ପାଂଚ ଟାକାର କମେ ଚାଲ କାଟାନ ନା । କାଜେଇ ରେଟ ବେ'ଧେ ଦେଓଯା ହେଁଛେ ପାଂଚ ଟାକା । ଆମାଦେର କଥା ବାବ ଦାଓ, ଏଥିନ ସଦି କୋନ ଡେକପ୍ୟାସେଜାରଓ ଚାଲ କାଟାତେ ସାଇଁ ତବେ ତାକେଓ ଦିତେ ହେଁ ପାଂଚ ଟାକା ।'

'ତା ହଲେ ଉପାୟ ? ଏକମାଥା ଚାଲ ନିଯେ ଲାଭନେ ନାମଲେ ପିସିମା କି ଭାବବେନ ? ତାର ଉପର ପିସିମାକେ ଦେଖିବ ଜୀବନେ ଏହି ପ୍ରଥମ, ପିସିମାର କଥା ଉଠିଲେ ବାବା ମା ଯେ ଭାବେ ସମୀକ୍ଷା କରେ କଥା ସାଥେ ତାର ଥେକେ ମନେ ହୁଏ ତିନି ଖୁବ୍ ମୋଜା ମହିଳା ନନ । ତା ହଲେ ପାଂଚଟା ଟାକା ଦରିଯାର ଜଲେ ଭେଦେ ଗେଲ ଆର କି, ଏକଦମ ଶବ୍ଦାର୍ଥେ ।'

ଆମି ବଲଲୁମ୍, 'ଆମପେଇ ନା । ଜିବୁଟି ବନ୍ଦରେ ଚାଲ କାଟାବେ । ବିବେଚନା କରି, ସେଥାନେ ଚାଲ କାଟାତେ ଏକ ଶିଲିଙ୍ଗେରେ କମ ଲାଗବେ ।'

ପଲ ବଲଲେ, 'ଆମରା ସଥିନ ବନ୍ଦରେ ରୋଦ ଲାଗାବ ତଥିନ ପାର୍ସିଟା ଏକଟା ଘିଣ୍ଠ ମେଲୁନେ ବସେ ଚାଲ କାଟାବେ । ତା ହଲେ ତାର ଉପଯୁକ୍ତ ଶିକ୍ଷା ହୁଏ ।'

ପାର୍ସି' ଆମାର ଦିକେ କରଣ ନଯନେ ତାକାଲ ।

ଆମି ବଲଲୁମ୍, 'ତା କେନ ? ବନ୍ଦର ଦେଖାର ପର ତୋମାତେ ଆମାତେ ସଥିନ

কাফেতে বসে কফি খাবো তখন পাসিং চুল কাটাবে। চাই কি, হয়তো সেল্নের বারান্দায় বসেই কফি খেতে খেতে পাসিংকে আমাদের মহামূল্যবান সঙ্গসূখ দেব, অমৃত্য উপদেশ বিতরণ করব।'

পাসিং চেয়ার ছেড়ে উঠে দাঁড়িয়ে আমাকে বাঁও করে বললে, 'এ যাত্রায় আপনার সঙ্গে পরিচয় না হলে, সার, আমাদের যে কি হত—'

আর্য বাধা দিয়ে বললুম, 'কিছুই হত না। আমার সঙ্গে বজ্র-বজ্র না করে এবিক-ওবিক ঘোরাঘুরি করতে, পাঁচ-রকমের ছেলে-ছোকরাদের সঙ্গে আলাপচারি হত। অনেক দেখতে, কম শুনতে।'

দৃঢ়জনাই সঙ্গে সঙ্গে কেটে পড়ল !

আর্য আরব সাগরের আবহাওয়া সম্বন্ধে একখানা বিরাট কেতাব নিয়ে পড়তে লেগে গেলুম।

### ॥ ৩ ॥

আরবের তুলনায় বাঙালীয়ে অভিশায় নিরীহ সে বিষয়ে কারো ধনে কোনো সন্দেহ থাকার কথা নয় কিন্তু আরব সাগর, সাগর হয়েও বঙ্গোপসাগরের উপসাগরের চেয়ে অনেক বেশী শাস্ত এবং ঠাণ্ডা। মাদ্রাজ থেকে কলম্ব পর্যন্ত অধিকাংশ যাত্রী সৈ-সিকন্দেনে বেশ কাবু হয়ে থাকার পর এখানে তাঁরা বেশ চাঁড় হয়ে উঠেছেন। উত্তর-পূর্ব দিকে মদ্দ-মন্দ মৌসুমী হাওয়া বইছে তখনো—এই হাওয়ায় পাল তুলে দিয়েই ভাস্কে দা গামা আফ্রিকা থেকে ভারতে পেঁচতে পেরেছিলেন। কিন্তু এই সময়ে ঐ হাওয়া ভারতের দিকে বয় সে আরিষ্কার গামার নয়। আরবরা এ হাওয়ার গার্তিবাধি সম্বন্ধে বিলক্ষণ ওকিব-হাল ছিল এবং বিশেষ ঝাতুতে (গোস্ম) এ হাওয়া বয় বলে এর নাম দিয়েছিল মৌসুমী হাওয়া। ইংরেজী শব্দ 'মনসন' এবং বাঙালা 'মরশুম' এই মৌসুম শব্দ থেকে এসেছে। কিন্তু মৌসুমী হাওয়ার খানিকটে সংধান পাওয়ার পরও গামা একা সাহস করে আরব সাগর পাড়ি দিতে পারেন নি। আফ্রিকা থেকে একজন আরবকে জোর করে জাহাজের 'পাইলট' রূপে এনেছিলেন।

রোমানরাও নিচ্ছরই এ হাওয়ার খবর কিছুটা রাখত। না হলে আরবদের বহু-পুরো দৰ্শকণ-ভারতের সঙ্গে তারা এতখানি ব্যবসা-বাণিজ্য করল কি করে ? এখনো দৰ্শকণ-ভারতের বহু-জায়গায় মাটির তলা থেকে রোমান-মদ্রাস বেরোয়।

তারও পুরো গ্রাহিক, ফিনিশ্যানরা এ হাওয়ার খবর কতখানি রাখত আমার বিদ্যে অত দ্রুত পেঁচায় নি। তোমরা যদি কেতাবপত্র ষেঁটে আমাকে খবরটা জানাও তবে বড় খুশী হই।

এই হাওয়াটাকেই ট্যারচা কেটে কেটে আমাদের জাহাজ এগোচ্ছে। এ হাওয়া যতক্ষণ ঘোলায়েম ভাবে চলেন ততক্ষণ কোনো ভাবনা নাই। জাহাজ অশ্প-স্বত্বপ দোলে বটে তবু উলটো দিক থেকে বইছে বলে গরমে বেগন-পোড়া হতে হয় না। কিন্তু ইম-রকম মুর্দার ধূলটো স্বত্বজ্ঞময় পরিপ্রাহি চিক্কার

উঠবে। এবং বছরের এ সময়টায় তিনি যে মাসে অস্ত দু-তিনবার জাহাজ-গুলোকে লণ্ডভণ্ড করে দেবার জন্য উঠে পড়ে লেগে ঘান সে ‘স্বৰ্গবরটা’ আবহাওয়ার বইখানাতে একাধিকবার উল্লেখ করা হয়েছে।

আবহাওয়ার বিজ্ঞান ঝড় উঠবার পূর্বাভাস খানিকটা বিতে পারে বটে কিন্তু, আরব সাগরের মাঝখানে যে ঝড় উঠল সে যে তার পর কোন বিকে ধাওয়া করবে সে সম্বন্ধে আগে-ভাগে কোনোকিছু বলে দেওয়া প্রায় অসম্ভব।

তাই সে ঝড় যদি পূর্ব দিকে ধাওয়া করে তবে ভারতের বিপদ; বোম্বাই, কারওয়ার, তিরু, অনন্তপুরম ( শ্রীঅনন্তপুরম ), প্রিভাগরম ; অগ্নি লণ্ডভণ্ড করে দেবে যদি উন্তর দিকে যায় তবে পাসির্যান গলফ, এবং আরব-উপকূলের বিপদ আর যদি পশ্চিম পানে আক্রমণ করে তবে আদন বশদর এবং আফ্রিকার সোমালি-দেশের প্রাণ ঘায়-ঘায়।

একবার নার্ক এই রকম একটা ঝড়ের পর সোমালিদের ওবোক শহরে মাত্র একখানা বাড়ি থাড়া ছিল। যে ঝড়ে শহরের সব বাড়ি পড়ে যায়, তার সঙ্গে যদি মাঝদুরিয়ায় আমাদের জাহাজের মোলাকাত হয় তবে অবস্থাটা কি রকম হবে খানিকটা অনুমান করা যায়।

তবে আমার ব্যক্তিগত দৃঢ় বিশ্বাস, এ রকম ঝড়ের সঙ্গে মানুষের এক বাবের বেশী দেখা হয় না। প্রথম ধাক্কাতেই পাতাল-প্রাপ্ত !

‘পাতাল-প্রাপ্ত’ কথাটা কি ঠিক হল ? কোথায় যেন পড়েছি, জাহাজ দুবে গেলে পাতাল অবধি নার্ক পেঁচায় না। খানিকটে নাবার পর ভারী জল ছিম করে জাহাজ নার্ক আর তলার দিকে যেতে পারে না। তখন সে ত্রিশঙ্কুর মতো ইথানেই ভাসতে থাকে।

ভাবতে কি রকম অস্তুত লাগে ! সমুদ্রের এক বিশেষ স্তরে তাহলে যত সব জাহাজ ডোবে তারা যত্নিন না জরাজৰ্ণি<sup>১</sup> হয়ে টুকরো টুকরো হয়ে যায় তত-দিন শুধু ঘোরাফেরাই করবে !

জলে যা, হাওয়াতেই বোধকরি তাই। বেলুন-টেলুন জোরবার করে ছাড়তে পারলে বোধ হয় উড়তে উড়তে তারা এক বিশেষ স্তরে পেঁচালে ইথানেই ঝুলতে থাকবে—না পারবে নিচের দিকে নামতে, না পারবে উপরের দিকে যেতে। তারই অবস্থা কঢ়পনা করে বোধ হয় মুন্নি-ঝুঁঝিরা ত্রিশঙ্কুর স্বগ<sup>২</sup>-মত্ত্যের মাঝখানে ঝুলে থাকার কথা কঢ়পনা করেছিলেন।

আমাকে অবশ্য কখনো কোনো জায়গায় ঝুলে থাকতে হবে না। দিপ্পহরে এবং সংধ্যায় যা গুরুভোজন করে থাকি তার ফলে ঢুবলে পাথরবাটির মতো তরতর করে একদম নাক-বরাবর পাতালে পেঁচে যাব। আহারাদির পর আমার যা ওজন হয় সে গুরুভার সমুদ্রের যে-কোনো নোনা জলকে অনায়াসে ছিম করতে পারে। আমার ভাবনা শুধু আমার মুস্তাকে নিয়ে। মগজ সেটাতে এক রাস্তও নেই বলে সেটা এমনি ফাঁপা যে, কখন যে ধড়টি ছেড়ে হুশ করে চম্প-সুর্যের পানে ধাওয়া করবে তার কিছু ঠিক-ঠিকানা নেই। হাজারো লোকের ডিড়ের মধ্যে যদি আমাকে সনাত্ত করতে চাও তবে শুধু লক্ষ্য কোরো

কোন্ লোকটা দৃ হাত দিয়ে মাথা ঢেপে ধরে নড়া-চড়া করছে।

অনেকক্ষণ ধরে লম্ব করছিলুম আমার স্থা এবং সতীথ'—একই তৌরে' অধন যাচ্ছ তখন 'সতীথ' বলাতে কারো কোনো আপত্তি থাকার কথা নয়— শ্রীমান্ পল কোথা থেকে একটা টেলিক্ষেপ যোগাড় করে একদণ্ডে দক্ষিণ পানে তাকিয়ে আছে। ভাবলুম, ঐ দিক দিয়ে বোধ হয় কোনো জাহাজ যাচ্ছে আর সে তার নামটা পড়ার চেষ্টা করছে।

আমাকে দীঢ়াতে দেখে কাছে এসে বললে, 'ঐ দূরে যেন ল্যাঙ্ড দেখা যাচ্ছে।'

আমি বললুম 'ল্যাঙ্ড নয়, আইল্যাঙ্ড। ওটা বোধ হয় মাল-দ্বীপপুঞ্জের কোনো একটা হবে।'

পল বললে, 'কই, ওগুলোর নাম তো কখনো শুনিন নি!'

আমি বললুম, 'শুনবে কি করে? এই জাহাজে যে এত লোক, এ'দের সম্মাইকে জিজেস করো ও'দের কেউ মালদ্বীপ গিয়েছেন কি না? অন্দরেই বা কেন? শুধু জিজেস করো, মালদ্বীপবাসী কারো সঙ্গে কখনো ও'দের দেখা হয়েছে কি না? তাই মালদ্বীপ নিয়ে এ বিষবুবনে কারো কোনো কোতুহল নেই।'

'আপনি জানলেন কি করে?'

'শুনেছি ম্যালদ্বীপের লোকেরা খুব ধর্ম'ভীরু হয়। এক মালদ্বীপবাসীর তাই ইচ্ছা হয়, তার ছেলেকে মস্লিম শাস্ত্র শেখাবার। মালদ্বীপে তার কোনো ব্যবস্থা নেই বলে তিনি ছেলেকে কাইরোর আজহর বিশ্ববিদ্যালয়ে পাঠান;— এটেই ইসলামী শাস্ত্র শেখার জন্য প্রথীরী সবচেয়ে সেরা বিশ্ববিদ্যালয়। ছেলেটির সঙ্গে আমার আলাপ হয় এখানে। বহুবার দেখা হয়েছিল বলে সে আমাকে তার দেশ সম্বন্ধে অনেক কিছুই বলেছিল, তবে সে অনেককাল ইল বলে আজ আর বিশেষ কিছু মনে নেই।

'ওখানে নার্কি সবসম্মত হাজার দুই ছোট ছোট দ্বীপ আছে এবং তার অনেকগুলোতেই খাবার জল নেই বলে কোনো প্রকারের বসতি নেই। মাল-দ্বীপের ছেলেটি আমার বলেছিল, "আপনি যদি এ রকম দশ-বিশটা দ্বীপ নিয়ে বলেন, এগুলো আপনার, আপনি এদের রাজা, তা হলে আমরা তাতে কণামাত্র আপত্তি জানাব না।" অন্যগুলোতেও বিশেষ কিছু ফলে না; সবচেয়ে বড় দ্বীপটার দৈর্ঘ্য নার্কি মাত্র দু মাইল। মালদ্বীপের স্কুলতান সেখানে থাকেন এবং তাঁর নার্কি ছোট্ট একখানা মোটর গাড়ি আছে। তবে সেখানে সব চেয়ে লম্বা রাস্তার দৈর্ঘ্য মাত্র দু মাইল সেখানে ওটা চালিয়ে তিনি কি সুখ পান তা তিনিই বলতে পারবেন।'

'মালদ্বীপে আছে প্রচুর নারকেল গাছ আর দ্বীপের চতুর্দশ'কে জাত-বেজাতের মাছ কিলিবিল করছে। মাছের শুর্টাকি আর নারকোলে নৌকো ভাতি' করে পাল তুলে দিয়ে তারা রওয়ানা হয় সিংহলের দিকে মোসম্মী হাওয়া বইতে আরম্ভ করলেই। হাওয়া তখন মালদ্বীপ থেকে সিংহলের দিকে বয়। সমস্ত বর্ষাকালটা

সিংহলে ঐ সব বিক্রি করে এবং বদলে চাল ডাল কাপড় কেরোসিন তেল কেনে। কেনাকাটা শেষ হয়ে শাওয়ার পরও তাদের নাকি সেখানে বহুবিন কাটাতে হয়, কারণ উলটো হাওয়া বইতে আরম্ভ করবে শীতের সুরক্ষা। তার আগে তো ফেরার উপায় নেই।'

পাসি' বললে, 'কেন স্যার, এখন তো শীতকাল নয়। আমরা তো হাওয়ার উলটো দিকেই থাইছি।'

আমি' বললুম, 'আতঃ, আমাদের জাহাজ চলে কলে, হাওয়ার তোষাকা সে করে থোড়াই। মালদৌপে কোনো কলের জাহাজ থাই না, খরচায় পোষায় না বলে। তাই আজ পর্যন্ত কোনো টুরিস্ট মালদৌপ থাই নি।

'তাই মালদৌপের ছোকরাটি আমায় বলেছিল, "আমাদের ভাষাতে 'অর্তিথ' শব্দটার কোনো প্রতিশব্দ নেই। তার কারণ বহুশত বৎসর ধরে আমাদের দেশে ভিন্নদীর্ঘী লোক আসেনি। আমরা এক দৌপ থেকে অন্য দৌপে যা অভিষ্ঠতপ যাওয়া-আসা করি তা এতই কাছাকাছির ব্যাপার যে কাউকে অন্যের বাড়িতে রাত্রিথাপন করতে হয় না।" তারপর আমায় বলেছিল, "আপনার নেমস্টুম রইল মালদৌপ ভমণের, কিন্তু আমি জানি, আপনি কখনো আসবেন না। যদিস্যাং এসে থান তাই আগের থেকে বলে রাখাইছি, আপনাকে এর বাড়ি ওর বাড়ি করে করে অন্তত বছর তিনেক সেখানে কাটাতে হবে। খাবেন-দ্বাবেন, নারকোল গাছের তলাতে চাঁদের আলোয় গাওনা-বাজনা শুনবেন, ব্যস, আর কি চাই!"

'যখন শুনেছিলুম তখন যে যাবার লোভ হয় নি এ-কথা বলব না। ঝাড়া তিনটি বছর (এবং মালদৌপের ছেলেটি আশা দিয়েছিল যে সেখানে যাহা তিন তাহা তিরানব্বই। কিছুটি করতে হবে না, এবং শুধু তিন বৎসর না, বাকি জীবনটাই কিছু করতে হবে না। এ-কথাটা ভাবলৈ যেন চিন্তবনের উপর দিয়ে মম'র গান তুলে মশ্বরিটে মলয় বাতাস বয়ে থাই। একজার্মিনের ভাবনা, কেষ্টার কাছে দুটাকার দেনা, সব কিছু ঘেড়ে ফেলে দিয়ে এক মৃহুতেই মৃষ্টি। অহো !

'কী আনন্দ, কী আনন্দ, কী আনন্দ

দিবা-রাত্রি নাচে মৃষ্টি, নাচে বশ্ব—

সে তরঙ্গে ছুটি রঞ্জে পাছে পাছে

তা তা তৈ তৈ তা তৈ তৈ তা তৈ তৈ

এ-সব আর্থিত্বার সব কিছুই যে পল-পার্সি'কে প্রকাশ করে বলেছিলুম তা নয়, তবে একটা কথা মনে আছে, ওরা যখন উৎসাহিত হয়ে মালদৌপে বাকিজীবনটা কাটাবে বলে আমাকে সে খবরটা দিলে তখন আর্মি বলেছিলুম,—

'বাকি জীবন কেন, তিনটি মাসও সেখানে কাটাতে পারবে না। তার কারণ যেখানে কোন কাজ করার নেই, সেখানে কাজ না করাটাই হয়ে দাঁড়ায় কাজের কাজ। এবং সে ভয়াবহ কাজ। কারণ, অন্য যে-কোন কাজই নাও না কেন, যেমন মনে করো এগজার্মিন—তারও শেষ আছে বি-এ, এম-এ, পি-এইচ-ডি,—তার পর আর কোনো পরীক্ষা নেই। কিংবা মনে করো উঁচু

পাহাড়ে চড়া। পাঁচ হাজার, দশ হাজার, ত্রিশ হাজার ফুট, যাই হোক না কেন তারও একটা সৈয়া আছে। কিন্তু ‘কাজ নেই’—এ হল একটা জিনিস যা নেই, কাজেই তার আরঙ্গও নেই শেষও নেই। যে জিনিসের শেষ নেই সে জিনিস শেষ পর্যন্ত সইতে পারা যায় না।

‘কিংবা অন্য দিক দিয়ে ব্যাপারটাকে দেখতে পারো।

‘আগামের কবি রবীন্দ্রনাথ বলেছেন, মনে করো একটা ঘর। ঘরে আসল জিনিস—বি ইমপটেন্ট্ এলমণ্ট—হল তার ফাঁকাটা, আমরা তাতে আসবাবপত্র রাখি, খাই-দাই, সেখানে রোন্দব্রিট থেকে শরীরটা বঁচাই। ঘরের দেয়ালগুলো কিন্তু এসব কাজে লাগছে না। অর্থাৎ ইমপটেন্ট্ হল ফাঁকাটা, নিরেট দেয়ালটা নয়। তাই বলে দেয়ালটা বাদ দিলে চলবে না। দেয়ালহীন ফাঁকা হল ময়দানের ফাঁকা, সেখানে আশ্রয় জোটে না।

‘তাই গুরুদেব বলেছেন, মানুষের জীবনের অবসরটা হচ্ছে ঘরের ফাঁকাটার মতো, সেই দেয় আগামের প্রবেশের পথ কিন্তু কিছুটা কাজের দেয়াল দিয়ে সেই ফাঁকা অবসরটাকে যাদি ঘিরে না রাখো তবে তার থেকে কোন সুবিধা ওঠাতে পারো না। কিন্তু কাজ করবে যতদূর সম্ভব কম। কারণ প্রপট দেখতে পাচ্চো, ঘরের মধ্যে ফাঁকাটা দেয়ালের তুলনায় পরিমাণে অনেক বেশী।’

তারপর আর্মি বললুম, ‘কিন্তু আত্মসংস্কৃতি, আমার গুরুদেব এই তত্ত্বটি প্রকাশ করেছেন ভারি সুন্দর ভাষায় আর সুন্দরিষ্ট ব্যঞ্জনায়, কিছুটা উষ্টার সম্মের হাস্য-কৌতুক মিশিয়ে দিয়ে। আর্মি তার অনুকরণ করব কি বলে ?

‘কিন্তু মাল সিদ্ধান্ত এই,—মালদীপের একটানা কর্মহীনতার ফাঁকাটা অসহ হয়ে দাঢ়াবে, কারণ তার চতুর্দশকে সামান্যতম কাজের দেয়াল নেই বলে।’

একটানা এতখানি কথা বলার দরুন ক্লান্ত হয়ে ডেক-চেয়ারে গা এলিয়ে দিলুম।

তখন লক্ষ্য করলুম, পল ঘন ঘন ঘাড় চুলকোচ্ছে। তার পর হঠাৎ ডান হাতটা মুঠো করে মাথায় ধাঁই করে গুল্মা মেরে বললে; ‘পেয়েছি, পেয়েছি, এই বারে পেয়েছি।’

কি পেয়েছে সেইটে আর্মি শুধোবার প্রবেই পার্স’ বললে, ‘ঐ হচ্ছে পলের ধরন। কোনো একটা কথা শ্মরণে আনবার চেষ্টা করার সময় সে ঘন ঘন ঘাড় চুলকোয়। মনে এসে যাওয়া মাত্রই ঠাস করে মাথায় মারবে এক ঘূর্ষ। ক্লাসেও ও তাই করে আমরা তাই নিয়ে হাসি-ঠাট্টা করে থাকি। এইবারে শুনুন, ও কি বলে।’

পল বললে, ‘কোনো নতুন কথা নয়, স্যার ! তবে আপনার গুরুর তুলনাতে মনে পড়ে গেল আগামের গুরু ‘কন্ফুৎস’র (আমার মনে বড় আনন্দ হল যে ইংরেজ ছেলেটি ‘কন্ফুৎস’কে ‘আগামের গুরু’ বলে সম্মান জানাল—ভারতবর্ষের ইংরেজ ছেলে-বুড়ো বৃক্ষকে কখনো ‘আগামের গুরু’ বলে নি) এ বিষয়ে অন্য এক তুলনা। যাই অনুমতি দেন—’

আর্মি বললুম, ‘কী জবালা ! তোমার এই চীনা লোকিকতা—ভদ্রতা

আমাকে অঙ্গিষ্ঠি করে তুললে । ‘কন-ফু-ৎস’র তত্ত্বচিন্তা শুনতে চায় না কোনুন মার্কট ? জানো, খৰ্বি কন-ফু-ৎস আমাদের মহাপ্রৱ্য গোত্তম বৃক্ষের সমসাময়িক ? ঐ সময়েই পূর্ণবীৰীতে অবতীণ হয়েছিলেন ইরানে জরথুস্ত্র, যীসু সোক্রাতেস-প্লাতো-আর্যন্ততেলেমে, প্যালেস্টাইনে ইহুদিদের ভিতরে—তা থাক গে, তোমার কথা বলো !’

পল বললে, ‘সারি, সারি । কন-ফু-ৎস বলেছেন, ‘একটি পেয়ালার আসল (ইগপটে‘ট্) জিনিস কি ? তার ফাঁকা জায়গাটা, না তার পসের্লেনের ভাগটা ? ফাঁকা জায়গাটাতেই আমরা রাখি জল, শরবত, চা । কিন্তু পসের্লেনে না থাকলে ফাঁকাটা আবশ্যিকই কোনো উপকার করতে পারে না । অতএব কাজের পসের্লেন দিয়ে অকাজের ফাঁকাটা ধিরে রাখতে হয় । এবং শুধু তাই নয়, পসের্লেন যত পাতলা হয়, পেয়ালার কদর ততই বেশী । অর্থাৎ কাজ করবে যতদূর সম্ভব সামান্যতম !’

তার পর হঠাৎ দাঁড়িয়ে উঠে আমাকে কাও-টাও করে অর্থাৎ চীনা পদ্ধতিতে আমাকে হাঁটি আর মাথা নীচ করে অভিবাদন জানিয়ে বললে,—

আমি বাধা দিয়ে বললুম, ‘ফের তোমার চীনে সৌজন্য ?’

বললে, ‘সারি, সারি । কিন্তু স্যার ঐ মালদ্বীপের কথা ওঠাতে আর আপনি আপনার গুরুদেবের দুখা বলতে আমার কাছে ‘কন-ফু-ৎস’র তত্ত্বচিন্তা আজ সরল হয়ে গেল । ও’র এ বাণী বহুবার শুনোছি, অনেকবার পড়েছি কিন্তু আজ এই প্রথম—’

আমি বাধা দিয়ে বললুম, ‘চোপঁ !’

## ॥ ৪ ॥

কোনো কোনো জাহাজে কি যেন এক রাসায়নিক প্রক্রিয়ায় হাওয়াকে ঠাণ্ডা করে সেইটে জাহাজের সব’ত্ত চালিয়ে দেওয়া হয় । মনে হয়, এই রোদ্রুদ্ধ, জরুরতপূর্ব বিরাট জাহাজরপী লোহদানবকে তার মা যেন ঠাণ্ডা হাত বুলিয়ে বুলিয়ে তার গায়ের জৰালা জড়িয়ে দিতে চান । কিন্তু পারেন কতখানি ? বরষ রেলগাড়ি প্ল্যাটফর্মে ‘প্ল্যাটফর্মে’ ছায়াতে দু-দশ মিনিট ঠাণ্ডা হবার সুযোগ পায়, কিংবা উপত্যকার ভিতর দিয়ে যাওয়ার সময় তার গায়ে এসে পাহাড়ের ছায়া পড়ে, ঘন শালবনের ভিতর দিয়েও গাড়ি কখনো কখনো বনানীর সিন্ধুচ্ছায়া লাভ করে, এবং সূর্জ হলে তো কথাই নেই—সেখানকার ঠাণ্ডা তো রীতিমত বরফের বাঞ্ছের ভিতরকারের মতো—কিন্তু জাহাজের কপালে এসব কিছুই নেই । একে তো দিগ্ধিগতব্যপী জৰুরি বিরাট চিতা, তার উপর সুয় তার প্রতাপ বাড়িয়ে দিচ্ছেন সমুদ্রের জলের উপর প্রতিফলিত হয়ে । কালো চশমা পরেও তখন সেবিকে তাকানো যায় না । রাতে অল্প অল্প ঠাণ্ডা হাওয়া বয় বটে, কিন্তু সে ঠাণ্ডাতে গা জড়োবার পুরোই দেখা দেন পূর্বাকাশে সূর্য-মাস্টার ফের তাঁর রোদের চাবুক হাতে নিয়ে । ভগবান তাঁকে দিয়েছেন লক্ষ লক্ষ কর,

এবং সেই লক্ষ লক্ষ হাতে তিনি নিয়েছেন লক্ষ লক্ষ পাকা কঁচির সোনালি রঙের চাবুক। দেখা মাঝই গায়ের সব কটা লোম কঁটা দিয়ে খাড়া হয়ে দাঁড়ায়।

আমাদের জাহাজে ঠাণ্ডা বাতাস চালানোর ব্যবস্থা ছিল না—অর্থাৎ সেটা অ্যার-কণ্ট্রন্ড নয়। কাজেই কি দিনের বেলা কি রাতে কখনো ভালো করে ঘুমোবার সুযোগ বঙ্গোপসাগর, আরব সমুদ্র কিংবা লাল দ্বিবায় মানব পায় না।

দৃশ্যের রাত থেকে হয়তো ঠাণ্ডা হাওয়া বইতে আরম্ভ করল। ডেকে বসে তুমি গা জড়েলে। কিন্তু তখন যে কেবিনে ঢুকে বিছানা নেবে তার উপায় নেই। সেখানে ওই ঠাণ্ডা হাওয়া ঘেঁতে পারে না বলে অসহ্য গ্রামোট গরম। গড়ের মাঠে ঠাণ্ডা হয়ে ফিরে এসে গালিবাড়িতে ঘুমোবার চেষ্টা করার সঙ্গে এর খানিকটে তুলনা হয়।

ডেকে যে আরাম করে ঘুমোবে তারও উপায় নেই। ঘুমোলে হয়তো রাত দৃঢ়োর সময়। চারটে বাজতে না বাজতেই খালাসীরা ডেকে বালিতি বালিতি জল ঢেলে সেখানে যে বন্যা জাগিয়ে তোলে তার মাঝখানে মাছও ঘুমোতে পারে না। তখন যাবে কোথায়? কেবিনে ঢুকলে মনে হবে যেন রংটি বানানোর ত্বক্রে—আভ্যন্তে—তোমাকে রোস্ট করা হবে।

এই অবস্থা চলবে ভূমধ্যসাগর না পে'ছনো পর্যন্ত।

তবে সাম্ভূনা এইটুকু যে, তোমাদের বয়েসী ছেলেমেয়েরা ঠাণ্ডা-গরম সম্বন্ধে আমাদের মত এতখানি সচেতন নয়। পল পার্স' তাই যখন কেবিনের ভিতর নাক ফুরফুরাত আর্মি তখন ডেকে বসে আকাশের তারার দিকে তাকিয়ে থাকতুম। তখন বই পড়তে কিংবা দেশের আভাস্বজনকে চিঠি লিখতে পর্যন্ত ইচ্ছে করে না।

মাঝে মাঝে ডেক-চেয়ারেই ঘুমিয়ে পড়তুম।

একদিন কেন জানি নে হঠাৎ ঘুম ভাঙ্গতেই সামনে দৈখ এক অপরাধ ঘট্ট! মৃত্যু!

ভদ্রলোক কোট-পাতলুন-টাই পরেছেন ঠিকই কিন্তু সে পাতলুন ঢিলে পাজামার চেয়েও বোধ করি চৌড়া, কোট নেবে এসেছে প্রায় হাঁটু পর্যন্ত আর মান-মূনিয়া দাঁড়ির তলায় টাইটা আবছা আবছা দেখা যাচ্ছে মাত্র। ও'র বেশ-ভূষায়—ভুল করলুম, ‘ভূষা’-জাতীয় কোনো বালাই ও'র বেশে ছিল না—অনেক কিছুই দেখবার মতো ছিল কিন্তু প্রথম দর্শনেই আর্মি সব কটা লক্ষ্য করি নি, পরে কুমে কুমে লক্ষ্য করে অনেক কিছুই শিখেছিলুম। উপস্থিত লক্ষ্য করলুম, তাঁর কোটে ব্রেস্ট পকেট বাদ দিয়েও আরো দু সারি ফালতো পকেট। তাই বোধ হয়, কোটটা দৈর্ঘ্য হাঁটু পর্যন্ত নেমে এসেছে।

এ'কে তো এর্তাদিন জাহাজে দৈখ নি! ইনি ছিলেন কোথায়? তবে কি ইনি কলম্বতে উঠেছেন? তা হলেও এ দুদিন ইনি ছিলেন কোথায়?

ভদ্রলোক সোজাসূজি বললেন, ‘গুড় নাইট।’

বিলিতি কায়দা-কেতা বাদিও আর্মি ভালো করে জানি নে তবু অন্তত এইটুকু

জানি যে ‘গুড় নাইট’ ওছেশে বিদায় নেবার অভিবাদন—আমরা যে রকম যে কোনো সময় বিদায় নিতে হলে বলি, ‘তবে আসি।’ দেখা হওয়া মাত্রই কেউ যদি বলে, ‘তবে এখন আসি’ তবে ব্যৱহাৰ লোকটা বাঙালী নয়। তাই তাঁর ‘গুড় নাইট’ থেকে অনুমান কৱলুম, ইনি যদিও বিলিতি বেশ ধারণ কৱেছেন তবু আসলে ভাৱতীয়।

আমি বললুম, ‘বেঁঠিয়ে।’

আমার বাঁদিকে পার্সি’র শুন্য ডেক-চেয়ার। তিনি তার-ই উপরে বসে পড়ে আমাকে বললেন, ‘আমার নাম আব্দুল আস্ফিয়া, নৱে উদ্দীন, মুহম্মদ আব্দুল করীম সিদ্দীকী।’

আমার অজ্ঞাতেই আমি বলে ফেলেছিলুম ‘বাপ্স্‌ক’। কেন, সে কথা কি আর থলে বলতে হবে? তবু বলি।

আমি মুসলমান। আমার নাম সৈয়দ মুজতবা আলী, আমার পিতার নাম সৈয়দ সিকন্দর আলী। আমার ঠাকুৱাদার নাম সৈয়দ মুশৰুরফ আলী। ভাৱতীয় মুসলমানেৰ নাম সচৰাচৰ তিন শব্দেই শেব হয়। তাই এ’ৱে আড়াই-গজী নামে যে আমি হক্চাকিয়ে শাব তাতে আৱ বিচিৰ কি?

বিবেচনা কৰি, তিনিও বিলক্ষণ জানতেন। কাৱণ চেয়াৰে বসেই, তিনি তাঁৰ অন্যতম পকেট থেকে বেৱ কৱলেন একটি সূচৰ সোনার কেস। তার থেকে একটি ভিজিটিং কাড’ বেৱ কৱে আমার হাতে দিয়ে বললেন, ‘নামটা একটু লম্বা। তাই এইটে নিন।’

আমি তো আৱো অবাক। ভিজিটিং কাডে’র কেস হয় তা আমি জানি। কাৱণ ভিজিটিং কাড’ সূচৰ সূচৰণ। যদিৰে তা থাকে তাঁৰে কেউ কেউ সেটা কেসে রাখেন। যেমন মনে কৱো, ইনশ্ৰুণেন্সেৰ দালাল, খবৱেৰ কাগজেৰ সংবাদবাতা কিংবা ভোটেৰ ক্যানভাসার। কিন্তু ও’দেৱও তো কেস দেখেছি জৰ্নাল মিলভাৱেৰ তৈৱী। ভিজিটিং কাডে’র সোনার কেস পৰ্বে আমি কথনো দেখি নি।

সেই বিশ্বয় সামলাতে না সামলাতেই তিনি আৱেক পকেটে হাত চালিয়ে ডুবুৱিৰ মতো গভীৰ তল থেকে বেৱ কৱলেন এক সোনার সিগারেট কেস। ও রকম কেস আমি শুধু স্বপ্নে আৱ সিনেগায় ফিল্ম-স্টোৱদেৱ হাতে দেখেছি, বাস্তবে এই প্ৰথম সাক্ষাৎ। ডেকেৰ অপেক্ষাকৃত ক্ষীণ আলোতেও সেটা ধা বলমল কৱে উঠল তাৰ সঙ্গে তুলনা দেওয়া ধায় শুধু স্যাকৱা-বাড়ি থেকে সদ্য-আসা গয়নার সঙ্গে। কেসেৰ এক কোণে আবাৱ কি ধেন এক নীল রংৱেৰ পাথৰ দিয়ে আলপনা এ’কে ইঁৰিজ অক্ষৱে ভদ্ৰলোকেৰ সেই লম্বা নামেৰ গুটি দু-তিন আদ্যক্ষৰ। কেসটি আবাৱ সাইজেও বিৱাট। নিদেনপক্ষে ত্ৰিশটি সিগারেট ধৱবে। আমাৰ সামনে কেসটি খুলে ধৰে আৱেক পকেট থেকে বেৱ কৱলেন একটি লাইটাৰ। তাৰ উপৱে জয়পুৱৰী ঘিনাৰ কাজ। হঠাৎ দেখলে মনে হয় জমিদাৱবাড়িৰ বড় গিন্ধার কৰচ কিংবা মাদুলি।

আমাৰ মনেৰ ভিতৰ ধিয়ে হৃড়-হৃড় কৱে এক পল্টন সেপাইয়েৰ মতো

পশ্চাশ সার প্রশ্ন চলে গেল ।

তার মধ্যে সবচেয়ে বড় প্রশ্ন, এ রকম লজবড় কোট-পাতলুনের ভিতর অত সব স্মৃদ্র স্মৃদ্র দামী দামী জিনিস লোকটা রেখেছে কেন ?

দ্বিতীয় প্রশ্ন, এমন সব দামী মাল ধার পকেটে আছে, সে ফাস্ট' ক্লাসে না গিয়ে, আমার মতো গারিবের সঙ্গে ট্রাইনস্ট্র্ট-ক্লাসে যাচ্ছে কেন ?

তৃতীয় প্রশ্ন—তা সে যাক গে । কারণ সব কটা প্রশ্নের প্ররো ফর্দ' এখানে খিতে গেলে আমার বাকি বিনটা কেটে যাবে । আর তোমাদেরও বৃত্তিশুল্দ আছে, ভদ্রলোকের বর্ণনা শুনে তোমাদের মনেও সেই সব প্রশ্ন জাগবে যেগুলো আমার মনে জেগেছিল । তবে আর সেগুলো সবিষ্ঠার বলি কেন ?

কিন্তু প্রশ্নগুলোর উভয় পাই কি প্রকারে ?

তিনি বয়সে আমার চেয়ে চেয়ে বড় । তিনি যদি আলাপচারি আরষ না করেন তবে আমি তাঁকে প্রশ্ন শুধুই কি করে ? মূরুবীরের আদেশ, ছেলেবেলা থেকেই শুনেছি, বড়ৱা প্রশ্ন জিজ্ঞেস করবেন—ছোটৱা উভয় দেবে । সে আদেশ লক্ষ্যন করব কি করে ? বিশেষ করে বিদেশী, যেখানকার কায়দা-কেতা জানিনে । মেখানে দেশের গুরুজনদের আদেশ স্মরণ করা ভিন্ন অন্য পর্দাজ আছে কি ?

আধ ঘণ্টাটাক কেটে গিয়েছে । ইতিমধ্যে আমি তাঁর দু-দুটো সিগারেট পুড়িয়েছি । ফের যখন তৃতীয়টা বাড়িয়ে দিলেন তখন আমাকে বেশ দৃঢ় ভাবে 'না' বলতে হলো । সঙ্গে সঙ্গে সাহস সঞ্চয় করে শুধালুম, 'আপনি যাচ্ছেন কোথায় ?'

যেন প্রশ্ন শুনতে পান নি । আমিও চাপ বিলুম না ।

আমি খানিকক্ষণ পরে বললুম, 'মাফ করবেন, আমি শুতে চললুম, গুড় নাইট'। বললেন, 'গুড় নাইট !'

কৌ জানি, লোকটা কেন কথা বলে না । বোধ হয় জিভে বাত হয়েছে । কিংবা হয়তো ওর দেশে কথা বলাতেও রেশনের আইন চলে । যাক গে, কি হবে ভেবে ।

পরিদিন সকালবেলা পল-পাসি'কে নিয়ে আমি যখন সংসারের যাবতীয় কঠিন কঠিন প্রশ্ন এবং সমস্যা নিয়ে ব্যস্ত, এমন সময় সেই ভদ্রলোক এসে আবার উপস্থিত । আমিও ওদের সঙ্গে তাঁর আলাপ করিয়ে দিতেই তিনি তাঁর আরেকটা পকেটে হাত চালিয়ে বের করলেন একরাশ স্লাইস চকলেট, ইংরিজী টাফি এবং মার্কিন চুইংগাম । পল-পাসি' গুটি কয়েক হাতে তুলে নিয়ে ষতই বলে, 'আর না, আর না', তিনি কিন্তু বাড়ানো হাত গুটোন না । ওদিকে মুখে কোনো কথা নেই । শেষটায় বিষণ্ন বদনে একটা চেয়ারে বসে পড়লেন ।

আমরা খানিকটে ইতি-উত্তি করে পুনরায় নিজেদের গল্পে ফিরে গেলুম । তখন দোখ, ভাষণে অরুচি হলেও তিনি শ্রবণে কিছুমাত্র পশ্চাদ্পদ নন । আমাদের গল্পের মাঝে মাঝে তাগমাফিক 'হ্ৰ', 'হ্ৰ', দ্বিব্য বলে যেতে লাগলেন । তারপর আমাদের তিনজনকে কিছুতেই 'লাইম স্কেকার্শ' খাওয়াতে না পেরে আস্তে আস্তে উঠে চলে গেলেন ।

উঠে যাওয়া মাত্রই আমি পলকে শুধালুম, ‘এ কি রকম চিড়িয়া হে ?’

পল বললে, ‘কল্পতে উঠেছেন। পকেট-ভর্তি’ দ্বন্দ্বার সব টৈকিটাফি, মিটি-মিঠাই। ধার সঙ্গে দেখা তাকেই কিছু-না-কিছু একটা অফাৰ কৱেন। ‘কিন্তু এ পর্যন্ত তাঁকে কথা বলতে শৰ্নন নি।’

আমি বললুম, ‘জিজেস কৱে দেখতে হবে তো।’

পল বললে, ‘উক্তিৰ কি পাবেন ?’

বললুম, ‘ঠিক বলেছে, কাল রাত্রে তো পাই নি।’

এ’র সম্বন্ধে যে এত কথা বললুম, তাৰ কাৰণ এ’র সঙ্গে পৱে আমাদেৱ থ্ৰুব বশ্যত্ব জমে গিয়েছিল ; সে কথা সময় এলে হবে।

## ॥ ৫ ॥

পল বিজ্ঞ কঢ়ে বললে, ‘কল্পবো থেকে আৰুন বশ্যৰ ২০৮২ মাইল রাস্তা ! জাহাজে ছাইন লাগে। মাঝখানে দীপ-টৈপ নেই, অন্তত আমাৰ ম্যাপে নেই। তবে আদৰেৱ ঠিক আগেই সোকোত্রা দীপি। সেটা হয়তো দেখতে পাৰে।’

আমি বললুম, ‘যদিৰ রাত্তিবেলা ঐ জায়গা দিয়ে ঘাই তাৰ দেখবে কি কৱে ? আৱ দিনেৰ বেলা হলেও অত্যৰানি পাশ দিয়ে বোধ হয় জাহাজ ঘাৰে না। তাৰ কাৰণ, বড় বড় দীপেৱ আশপাশে বিস্তু ছোট ছোট দীপও জলেৱ তলায় মাথা ছুয়িয়ে শুয়ে থাকে। এৱে কোনোটাৰ সঙ্গে জাহাজ যদিৰ ধাক্কা খায় তবে আৱ আমৰা সামানেৱ দিকে এগিয়ে ঘাৰ তলার দিকে।’

এদিকে কথা বলে ঘাছি, ওদিকে আমাৰ বাৱ বাৱ মনে হতে লাগল, সোকোত্রা নামটা যেন চেনা-চেনা মনে হচ্ছে। ইষ্টাৎ আমাৰ মাথাৱ ভিতৰ দিয়ে যেন বিদ্যুৎ খেলে গেল। আমাৰ বাবাৱ মাসী, মেসোমশাই তাঁদেৱ দৃঃই ছেলেকে নিয়ে গত শতকেৱ শেষেৱ দিকে মকায় হজ কৱতে গিয়েছিলেন এবং আমাৰ থ্ৰুব ছেলেবেলায় তাৰ কাছ থেকে সে ভৱণেৱ অনেক গত্প আমি শুনেছিলুম। আমৰা এই দাদীটি ছিলেন গত্প বলায় ভাৰি ওশ্বাদ। রাত্তিৰ রান্না না হওয়া পৰ্যন্ত তিনি আমাদেৱ গশ্প বলে বলে দিব্য জাগিয়ে রাখতে পাৱতেন এবং যেই চাচীৱা থবৰ দিতেন, রান্না তৈৱী, অৰ্মানি তিনি বেশ কাঙৰূপ কৱে গশ্পটা শেষ কৱে দিতে পাৱতেন। আমৰা টেইই পেতুয় না, আমাদেৱ সামানে তিনি একটা ন্যাজকাটা হনুমান রেখে চলে গেলেন। আমাদেৱ মনে হত গশ্পটা যেন একটা আস্ত ডানাকাটা পৱৰী।

সেই দাবীৱ মুখে শুনেছিলুম, সোকোত্রাৰ কাছে এসে নাকি ঘাতীৰেৱ মুখ শুকিয়ে যেত। জলেৱ প্রোত্তেৱ তোড়ে আৱ পাগলা হাওয়াৱ থাবড়াৱ জাহাজে নাকি হৃড়মুড়িয়ে গিয়ে পড়ত কোনো একটা ছুবন্ত দীপেৱ ঘাড়ে আৱ হয়ে বেত হাজাৱো টুকুৱো থানখান। কেউ বা জাহাজেৱ তত্ত্ব, কেউ বা ছুবন্ত দীপেৱ শ্যাওলা-মাথানো পাথৰ আৰকড়ে ধৰে প্ৰাগপণ চিকিৱ কৱত ‘বাঁচাও, বাঁচাও’,

কিস্তি কে বাঁচায় কাকে, কোথায় আলো, কোথায় তীর ! ক্রমে ক্রমে তাদের হাতের ঘূষ্ঠি শিথিল হয়ে আসত, একে একে জলের তলে লীন হয়ে যেত।

দাদী যে ভাবে বর্ণনা দিয়ে যেতেন, তাতে আমি সব কিছু ভুলে দৃশ্যমায় আকুল হয়ে উঠতুম, দাদী বাঁচলেন না, দাদীও ডুবে গেলেন ! মনেই হত না, জলজ্যান্ত দাদী আমাকে কোলে বাসিয়ে গম্প বলতেন, ‘আমাদের জাহাজের কিছু হয় নি, এ সব ঘটেছিল অন্য জাহাজে । সে জাহাজে করে গিয়েছিলেন তোর বাঞ্চ ময়না মিয়ার ঠাকুর্দা । জানিস তো, তিনি আর ফেরেন নি । খুব্বাতালা তাঁকে বেহেশতে নিয়ে গিয়েছেন । অকার হজের পথে কেউ যদি মারা যায় তবে তার আর পাপ-পুণ্যের বিচার হয় না, সে সোজা স্বর্গে চলে যায় ।

দাদী এ রকম গম্প বলে যেতেন অনেকক্ষণ ধরে আর একই গম্প বলতে পারতেন বহুবার । প্রতিবারেই মনে হত চেনা গম্প অচেনা রূপে দেখছি । কিংবা বলতে পারো, দাদী-বাড়ির রাঙা বৌদিকে যেন কখনো দেখছি রাস-মণ্ডল শাড়িতে, কখনো বুলবুল চশ্মে । ( হায়, এ সব সুন্দর সুন্দর শাড়ি আজ গেল কোথায় ! )

দাদীর গল্পের কথা আজ যখন ভাবিয তখন মনে হয় দাদী তীর বর্ণনাতে আরব্য উপন্যাসের সাহায্য বেশ কিছু নিতেন । আরব্য উপন্যাসের রকম-বেরকমের গল্পের মধ্যে সমন্বয়ান্ত্র, জাহাজভূবি, অচেনা বেশ, অজানা দীপ সম্বন্ধে গম্প বিস্তর । সিন্ধবাদ নাবিকের গম্প পড়ে মনে হয়, জলের পীর বদর সাহেব যেন আইন বানিয়ে দিয়েছিলেন, যে জাহাজ ডুববে সেটাতেই যেন সিন্ধবাদ থাকে ।

আরব্য উপন্যাসে যে এত সমন্বয়ান্ত্রার গম্প, তার প্রধান কারণ, আরবরা এক কালে সমন্বয়ের রাজা ছিল আজ যে রকম মার্কিন-ইংরেজের জাহাজ প্রাথমিক বন্দরে বন্দরে দেখা যায় । তার কারণ ব্যাপতে কিছুমাত্র বেগ পেতে হয় না । আরব দেশের সাড়ে তিনি দিকে সমন্বয়, তাই আরবরা সমন্বয়কে ডরায় না, আমরা যে রকম পশ্চা-মেঘনাকে ডরাই নে, যদিও পশ্চিমারা গোয়ালদের পশ্চা দেখে হনুমানজীর নাম স্মরণ করতে থাকে—বোধ হয় লক্ষ দিয়ে পেরবার জন্য । আরবদের পুরু ছিল রোমানরা বাদশা—আরবরা তাদের যুক্তি হারিয়ে ক্রমে ক্রমে তাদেরই মতো অবাধে অনায়াসে সমন্বয়ান্ত্রাত আরঙ্গ করল । ম্যাপে দেখতে পাবে, মক্কা সমন্বয় থেকে বেশী দূরে নয় । আরবরা তখন লাল দরিয়া পেরিয়ে মোস্কুমী হাওয়ায় ভর করে ভারতবর্ষের সঙ্গে ব্যবসা জড়ল ।

এ সব কথা ভাবছি, এমন সময় হঠাৎ আবার সোকোগ্রার কথা মনে পড়ে গেল । দাদীমার সোকোগ্রা স্মরণ করিয়ে দিল গুৰীকদের দেওয়া সোকোগ্রার নাম ‘দিয়োস্কুরিদেস’, সঙ্গে সঙ্গে হৃশ-হৃশ করে মনে পড়ে গেল যে পশ্চিমতেরা বলেন, এই ‘দিয়োস্কুরিদেস’ নাম এসেছে সংস্কৃত ‘দীপ-সুখাধাৰ’ থেকে । আরবরা যখন এই দীপে প্রথম নামল তখন ভারতীয় বোক্ষেটেদের সঙ্গে এবের

লাগল ঝগড়া। সে ঝগড়া কত দিন ধরে চলছিল বলা শক্ত, কারণ আমাদের সমাজপত্তিরা তখন সম্মুখ্যাতার বিরুদ্ধে কড়া কড়া আইন জারি করতে আরম্ভ করেছেন। আমার মনে হয়, এবেশ থেকে কোনো সাহায্য না পাওয়াতে এরা ক্রমে ক্রমে লোপ পেয়ে যায়, কিংবা ঐ দেশের লোকের সঙ্গে মিলে মিশে গিয়ে এক হয়ে যায়—যে রকম শ্যায়, ইলোচীন, ইন্দোনেশিয়ার সঙ্গে বছ, শতাব্দীর আবান-প্রদানের পর এক দিন আমাদের ঘোগস্ত্র ছিছ হয়ে যায়। খুব সম্ভব ঐ সম্মুখ্যাতা নিষেধ করারই ফলে। ভারতীয়েরা কিন্তু সোকোত্রায় তাদের একটি চিহ্ন রেখে গিয়েছে; সোকোত্রার গাই-গোরু জাতে সিঞ্চন দেশের। আশ্চর্য, সভ্যতার ঘাত-প্রতিঘাতে মানুষ নিষিদ্ধ হয়ে যায় কিন্তু তার পোষা গোরু-হোড়া শতাব্দীর পর শতাব্দী বেঁচে থেকে তার প্রভুর কথা চক্ৰগান-ব্যঙ্গিকে স্মরণ করিয়ে দেয়। যোগল-পাঠানের রাজস্ব ভারতবৰ্ষ থেকে কবে লোপ পেয়ে গিয়েছে কিন্তু তাদের আনা গোলাপ ফুল আমাদের বাগানে আরো কত শত বৎসর রাজস্ব করবে কে জানে!

আমি চোখ বংশ করে আঞ্চাচ্চায় মগ্ন হলেই ‘পল-পাসি’ আস্তে আস্তে চেয়ার ছেড়ে অন্য কিছু একটায় লেগে যেত। আমি তাদের সংধানে বেরিয়ে দোখ, তারা লাউঞ্জে বসে চিঠি লিখছে। আমাকে দেখে পাসি‘ শুধালে, ‘জাহাজে যে ফরাসী ডাক-টিকিট পাওয়া যায় তাই দিয়ে এ চিঠি চীন দেশে যাবে তো?’

আমি বললুম, ‘নিশ্চয়। এমন কি জিবুটি বন্দরের ডাকঘরেও যদি ছাড় তবু যাবে। কারণ জিবুটি বন্দর ফরাসীদের। কিন্তু যদি পোর্টসেন্টের বন্দরে ছাড় তবে টিকিট মিশর দেশে বাতিল বলে চিঠিখানা যাবে বেয়ারিং পোস্টে।’

‘কিন্তু যদি পোর্টসেন্টে পেছে জাহাজের লেটার-বকসে ছাড়ি?’

‘তা হলে ঠিক।’

তারপর বললুম, ‘হ্যাঁ। তবে বন্দরে নেমে মিশর। ডাক-টিকিট লাগানোই ভালো।’

‘কেন, স্যার?’

আমি বললুম, ‘বৎস, আমার বিলক্ষণ স্মরণ আছে, চীন দেশে তোমার একটি ছোট বোন রয়েছে। সে নিশ্চয়ই ডাক-টিকিট জমায়। তুমি যদি বন্দরে বন্দরে ফরাসী টিকিট সাঁটো তাতে তার কি লাভ? মিশরী টিকিট পেলে কি সে খুশী হবে না? তাও আবার দাদার চিঠিতে!’

পাসি‘ আবার ভ্যাচের-ভ্যাচের আরম্ভ করলে—চুলকাটা সংস্কার সমাধান যখন আমি করে দিয়েছিলুম ঠিক সেই রকম—আমার সঙ্গে দেখা না হলে—

আমি বললুম, ‘ব্যস, ব্যস। আর শোনো স্ট্যাম্প লাগাবার সময়, এক পয়সা, দুঃ পয়সা, এক আনা, ছ পয়সা করে চোম্প পয়সার টিকিট লাগাবে—দুঃ করে সুস্থ একটা চোম্প পয়সার টিকিট লাগিয়ো না। বোন তাহলে এক ধাক্কাতেই অনেকগুলো টিকিট পেয়ে যাবে।’

ততক্ষণে পল এসে আমার সঙ্গ নিয়েছে। আস্তে আস্তে শুধাল, ‘সোকোত্রা হৌপের কথা গুঠাতে আপনি কি ভাবছিলেন?’

আমি বললুম, ‘অনেক কিছু।’ এবং তার খানিকটে তাকে শুনিয়ে দিলুম।

পল দেখেছি পাসির মতো সমস্তক্ষণ এটা-ওটা নিয়ে ঘেরে থাকে না। মাঝে মাঝে জাহাজের এক কোণে বসে বই-টই পড়ে। তাই খানিকক্ষণ ছপ করে আমার কথাগুলো হজম করে নিয়ে বলল, ‘বিষয়টা সত্যি ভারি ইন্টেস্টিং। সগুন্দে সব প্রথম কে আধিপত্য করলে, তার পর কে, তারাই বা সেটা হারাল কেন, আজ যে মার্কিন আর ইংরেজ আধিপত্য করছে সেটাই বা আর কত দিন থাকবে? এবং তার পর আধিপত্য পাবে কে?’

আমি একটু ভেবে বললুম, ‘বোধ হয় আঞ্চলিকার নিষেরা। ফিনিশিয়ান, প্রীক, রোমান, ভারতীয়, চীনা, আরব, পোতৃ-গীজি, ওলশ্বাজ ইত্যাদি ধারতীয় জাতই তো পালা করে রাজস্ব করলে—একমাত্র ওরাই বাদ গেছে। এখন বোধ হয় ওদের পালা! আর ম্যাপে দেখছ তো, কী বিরাট মহাদেশ, ওতে কোটি কোটি লক্ষ্য-চওড়া স্বাস্থ্যবান স্বী-প্রৱ্ৰূ গম্ভীর করছে।’

পল বললে, ‘কিন্তু ওদের বৈধিক্ষণ্য কি?’

আমি বললুম, ‘সে তো দুই প্রৱ্ৰূৰে কথা। লেগে গেলে একশ বছরের ভিত্তি একটা জাত অন্য সব কটা জাতকে হারিয়ে দিতে পারে। বৱণ্ণ পুরুনো সভা; জাত ধারা আধ-মৱা হয়ে গিয়েছে, তাদের ন্যূন করে বলিষ্ঠ প্রাণবন্ত করে রাজার আসনে বসানো কঠিন। একবার ছাঁচে ঢালাই করে যে মাল তৈরী করা হয়েছে তাকে ফের পিটে-ঠুকে ন্যূন আকার দেওয়া কঠিন—সেই তো হচ্ছে আজকের দিনের চীনা, ভারতীয় এবং আরো মেলা প্রাচীন জাতের ন্যূন সমস্যা।’

পল জিজেস করলে, ‘ভারতীয়েরাও এককালে সমুদ্রে রাজস্ব করেছে নাকি?’

আমি বললুম, মে-কথা আজ প্রায় সবাই ভুলে গিয়েছে। কিন্তু সেজন্য তাদের দোষ দেওয়া অনুচিত। কারণ, ভারতীয়েরা নিজেই সে ইতিহাসের সম্মধন রাখে না। অথচ আমার যতদ্রু জানা, তাতে তারা লাল দরিয়া থেকে চীনা সমুদ্র পর্যন্ত বাবসা-বাণিজ্য করেছে শ্যাম, ইন্দোচীন, ইন্দোনেশিয়াতে রাজস্ব করেছে। তার পর একদিন আমাদের সমাজপ্রতিরা সমুদ্রযাত্রা বারণ করে দিলেন। খৰ সন্তু আমাদের সাম্রাজ্য বিস্তার তাঁরা পছন্দ করেন নি। তাই হয়তো তাঁরা বলতে চেয়েছিলেন, যে-দেশ জয় করেছ তারাই তাঁর পাঁচ জনের সঙ্গে গিলে-মিশে এক হয়ে যাও, আপন দেশে ফিরে আসার কোনো প্রয়োজন নেই।’

পল বললে, ‘আমার জীবনের এই ঘোল বৎসর কাটল চীনে কিন্তু ভারতের সঙ্গে চীনের কখনো কোনো ঘোগ হয়েছিল বলে শুনি নি। শুধু শুনেছি বৌধিগ্ম ভারত থেকে এসেছিল। কিন্তু সে তো কুটমটে ব্যাপার!’

আমি বললুম, ‘অতিশয়। ও পাড়া মাড়িয়ে না। কিন্তু চীন-ভারতের মধ্যে একবার একটি ভারি চমৎকার মজাদ্বার দোষ্ট হয়েছিল। শুনবে?’

পল বললে, ‘তা আর বলতে! কিন্তু পাসির্টা গেল কোথায়? কুকুর-ছানার মতো ও যেন সমস্তক্ষণ নিজের ল্যাজ খুঁজে বেড়ায়। ওরে ও পাসি!’

## জিরাফ-কাহিনী

দিল্লীতে যখন পাঠান-মোগল রাজত্ব করত তখন সামান্যতম সুযোগ পেলেই বাঙলা দেশ স্বাধীন হয়ে যাবার চেষ্টা করত। বাঙলার প্রধান সুবিধে এই যে, সেখানে নদী-নালা বিল-হাওর বিস্তর এবং পাঠান-মোগলের আপন পিতৃভূমি কিংবা দিল্লীতে ওসম জিরিনস নেই বলেই তারা যখনই বিদ্রোহ দমন করতে এসে বাঙলার জল দেখত তখনই তাদের মুখে জল যেত শুরু করে। দেশটা পিছলে, অভ্যাস না থাকলে দাঁড়ানো কঠিন।

এই রকম একটা সুযোগ পেয়ে বাঙলার এক শাসন-কর্তা 'স্বাধীন হয়ে রাজা হয়ে ধান।' রাজাটি একটু খামথেয়ালি ছিলেন। তা না হলে কোথায় ইরান আর কোথায় বাঙলা দেশ! তিনি সেখানে দৃত পাঠালেন বিস্তর দামী দামী সওগাত সঙ্গে দিয়ে ইরানের সব চেয়ে সেরা কৰি হার্ফিজকে বাঙলা দেশে নিম্নণ করার জন্ম। চিঠিতে লিখলেন, 'হে কবি, তোমার সুমধুর তথা উদাত্ত কঠে তামাম ইরান দেশ ভরে গিয়েছে। ইরান ক্ষণ্ড দেশ, তোমার কঠফুর্তির জন্য সেখানে আর স্থান নেই। পক্ষান্তরে ভারতবর্ষ' বিরাট দেশ, এখানে এস, তোমার কঠস্বর এখানে প্রচুর জায়গা পাবে।' তার সরল অর্থ, ইরানে আর কটা লোক তোমার সত্যকার কদর করতে পারবে? এ-দেশের লোকসংখ্যা প্রচুর। এইখনে চলে এস।

হার্ফিজের তখন ব্যস হয়েছে। তাঁর বৃক্ষে হাড়-কখানা তখন আর দৈর্ঘ্য অর্থ আর দৈর্ঘ্য'তর প্রবাসের জন্য দেশ ছাড়তে নারাজ। তাই কবি একটি সুন্দর কবিতা লিখে না আসতে পারার জন্য বিস্তর দৃঢ় প্রকাশ করলেন।

বাঙলা দেশের সরকারী দলিল-দস্তাবেজে এ ঘটনার কোনো উল্লেখ নাই। এর ইতিহাস পাওয়া গিয়েছে ইরানের খাতাপত্র থেকে।

তার পরের রাজার দাঁটি গেল সেই সুন্দর চৈন দেশের দিকে। কিন্তু চৈন সঞ্চাটকে তো আর বাঙলা দেশে নিম্নণ করা যায় না? কাজেই রাজদুতকে বহু উক্তম উপচোকন দিয়ে চৈনের সঞ্চাটকে বাঙলার রাজার আনন্দ-অভিবাদন জানালেন।

চৈন-সঞ্চাট সুন্দর বাঙলা দেশের রাজার সৌজন্য-ভদ্রতার পরিচয় পেয়ে পরম আপ্যায়িত হলেন। চৈন বিস্তশালী দেশ। প্রতিদ্বন্দ্বনে পাঠালেন আরো বেশী ম্ল্যবান উপচোকন। সে রাজা কিন্তু ততদিনে রাজার রাজার দেশে চলে গিয়েছেন।

নৃতন রাজা তখন ভাবলেন, চৈনের সঞ্চাটকে আমি কি দিতে পারি যা তাঁর নেই! রাজদুতকে মনের কথা খুলে তাঁর উপদেশ চাইলেন। রাজদুতটি

১। এককালে বাঙলা দেশে প্রচুর হার্ফিজ পড়া হত। এখনও কেউ কেউ 'নেত্র নাই বাহ্য হেরি বিধূর বদন, কণ' নাই, চাই শুনি অমর গুঞ্জন' 'সম্ভাব শতক'-এর বাঙলা অনুবাদ পড়েন। হার্ফিজের সব চেয়ে উক্তম বাঙলা অনুবাদ করেছেন কৃষ্ণচন্দ্র মজুমদার।

ছিলেন অতিশয় বিচক্ষণ লোক। তিনি যখন চীনে ছিলেন তখন চীন দেশের আচার-ব্যবহার বিশ্বাস-অবিশ্বাস পদ্ধতি-পদ্ধতিগুলো অনুসন্ধান করেছিলেন। বললেন, ‘চীনের বহু লোকের বিশ্বাস, গাছের চেয়ে উচু মাথাগুলা যে এক পয়মস্ত প্রাণী আছে সে যদি কখনো চীন দেশে আসে তবে সে দেশের শস্য তার-ই মাথার মতো উচু হবে।

রাজা শুধালে, ‘কি সে প্রাণী?’

রাজদ্বত বললেন, ‘জিরাফ। আঁফিকাতে পাওয়া যায়।’

রাজা বললেন, ‘আমাও আঁফিকা থেকে।’

যেন চাট্টিখানি কথা! কোথায় বাঙলা দেশ, আর কোথায় আঁফিকা! আজ যে এই বিরাট বিরাট কলের জাহাজ দূর্নিয়ার সর্বশ্রেষ্ঠ আনাগোনা করে, তার-ই একটাতে জিরাফ পোরা কি সহজ! তখনকার দিনের পালের জাহাজে আঁফিকা থেকে বাঙলা দেশ, সেখান থেকে আবার চীন—ক'মাস, কিংবা ক'বছর লাগবে কে জানে? তর্তুবিন তার জন্য ঐ অকুল দুরিয়ায় ঘাস-পাতা পাবে কোথায়—দেখিত পাচ্ছি এই কলের জাহাজেই আমাদের শাক-সবজী স্যালাড খেতে দেয় অপে—তার অন্যান্য তদারকি কি সহজ?

তখনকার দিনে আবাব কারবারীরা আঁফিকা, সোকোত্রা, সিংহল হয়ে বাঙলা দেশে ব্যবসা করতে যেত। রাজা হৃকুম দিলেন, ‘জিরাফ নিয়ে এস।’

জিরাফ এল। কি খেয়ে এল, কত দিনে এল, কিছুই বলতে পারব না।  
রাজা জিরাফ দেখে ভারি খুশী। হৃকুম দিলেন, ‘চীন সন্ধাটকে ভেট দিয়ে এস।’  
দেই চীন! জাহাজে করে! কত দিন লাগল কে জানে!

চীন-সন্ধাট সংবাদ পেয়ে যে কতখানি খুশী হয়েছিলেন তার খানিকটে কল্পনা করা যায়। তিনি হৃকুম দিলেন, প্রাণীটার জন্য খুব উচু করে আস্তাবল বানাও।

বলা তো যায় না, তার মৃগুটা মেঘে টেকবে, না চীনে ঠোক্কর লাগবে!

দীর্ঘ ঋগের পর জিরাফ যখন জিরয়ে-জিরয়ে তৈরী তখন শুভ্রাদিন শুভক্ষণ দেখে চীন-সন্ধাট পাত্র-অমাত্য-সভাসদসহ শোভাযাত্রা করে জিরাফদর্শনে বেরলেন। সঙ্গে নিলেন, বিশেষ করে, রাজচিহ্নকর এবং সভাকাৰী।

সন্ধাট জিরাফ দেখে গভীর আনন্দ লাভ করলেন। সভাসদ ধন্য ধন্য করলেন। আপামর জনসাধারণ গভীরতর সন্তোষ লাভ করল,—তাদের গুরুজন বলেছিলেন যে এ রকম অস্তুত প্রাণী পৃথিবীতে আছে, এবং সে একবিন চীন দেশে আসবে, সেটা কিছু অন্যায় বলেন নি। যারা সন্দেহ করত তাদের মৃগু-গুলো এখন টেনে টেনে ঐ জিরাফের মৃগুটার মতো উচু করে দেওয়া উচিত।

সন্ধাট চিহ্নকরকে আদেশ দিলেন, ‘এই শুভ্রাদিবস চিরস্মরণীয় করে রাখার জন্য তুমি এই জিরাফের একটি উন্নত চিত্র অঙ্কন করো।’

ছবি আৰু হল।

সন্ধাট কবিকে আদেশ করলেন, ‘তুমি এই শুভ অনুষ্ঠানের বণ্ণনা ছন্দে বেঁধে ছবিতে লিখে রাখো।’

তাই করা হল।

গতপ শেষ করে বললুম, ‘সে ছবির প্রিম্ট আমি কাগজে দেখেছি।’

পল শুধালে, ‘স্যর, আপনি কি চীনা ভাষা পড়তে পারেন?’

আমি বললুম, ‘আপনেই না। আমার এক বৰ্ধ-চীনা শিখেছে সে-ভাষাতে বৌদ্ধ শাস্ত্রগ্রহ পড়ার জন্য। জানো তো, আমাদের বহু-শাস্ত্র এ দেশে বৌদ্ধধর্ম’ লোপ পাওয়ার সঙ্গে সঙ্গে লুপ হয়ে যায়, কিন্তু চীনা অনুবাদে এখনো বেঁচে আছে। আমার বৰ্ধ-বৌদ্ধ শাস্ত্র খণ্ডতে খণ্ডতে এই অস্তুত কাহিনীর সাক্ষাৎ পায়। তারই বাঙলা অনুবাদ করে, ছবিসংক্ষ সেটা বাঙলা কাগজে ছাপায়। তা না হলে বাঙলা দেশের লোক কথনো এ কাহিনী জানতে পারত না, কারণ বাঙলা দেশে এ-সম্বন্ধে কোনো ঐতিহাস বা দর্শন-পত্র নেই।

পার্সি বললে, ‘কিন্তু স্যর, এটা তো ইতিহাসের মতো শোনাল না! এ যে গতপকে ছাড়িয়ে যায়।’

আমি বললুম, ‘কেন বৎস, তোমার মাতৃভাষাতেই তো রয়েছে, ‘প্রথ ইজ স্ট্রেঞ্জার দ্যান্ফ ফিক্শন’—সত্য ঘটনা গঞ্জের চেয়েও চমকপ্রদ।’

এবং আমার ব্যক্তিগত বিশ্বাস যে ঘটনার বর্ণনা মানুষকে গঞ্জের চেয়েও বেশী সজাগ করে না তুলতে পারে, সে ঘটনার কোনো ঐতিহাসিক ঘৰ্ম্য নেই। কিংবা বলব, যে লোক ঘটনাটার বর্ণনা দিয়েছে সে সত্যকার ঐতিহাসিক নয়। আমার দেশে এ রকম কাঠখোটা ঐতিহাসিক বেশী।

## ॥ ৬ ॥

কলরব, চিকার, তারম্বরে আত্মাদ! কি হল, কি হয়েছে? তবে কি জাহাজে বোম্বেটো পড়েছে? বায়কেকাপে যে রকম দৈখি, বোম্বেটোরা দু হাতে দুই পিস্তল, দুপাটি দাঁতে ছোরা কামড়ে ধরে লাফিয়ে লাফিয়ে এক জাহাজ থেকে আরেক জাহাজ আক্রমণ করে? তার পর হঠাৎ কানের পদ্মা ফাটিয়ে এক ডংকর প্লয়ংকর বিস্ফোরণ—বারুব-গোদামে আগন্তুলে লেগে সেটা ফেটে গিয়েছে। তারই আগন্তুলে জাহাজের দড়াবড়ি পাল-মাস্তুলে লেগে গিয়ে সমস্ত জাহাজ দাউ-দাউ করে জলে উঠেছে।

নাঃ! স্বপ্ন। বাঁচলুম। সর্বাঙ্গ ধামে ভিজে গিয়েছে। ঢোখ মেলতে দৈখি, কেবিনের সব কটা আলো জলছে আর সামনে দাঁড়িয়ে পল আর পার্সি। পল দাঁড়িয়ে আছে সত্যি কিন্তু পার্সি জুলু না হটেনটটি কি যেন এক বিকট আঞ্চলিক ন্ত্য জুড়েছে—আঞ্চলিক ন্ত্য হবে, কারণ ঐ মহাদেশেরই গা ঘেঁষে তো এখন আমরা যাচ্ছি।

তা আঞ্চলিক হটেনটটীয় মাত্ত-ড-তাই হোক আর ইয়োরোপীয় মাংসবুর্কা কিংবা ল্যামবেথ-উয়োক-ই হোক—আমি অবশ্য এ দুটোর মধ্যে কোনো পার্থক্যই দেখতে পাই নে, সঙ্গীতে তো আমো না—পার্সি এ সময়ে

আমার কেবিনে এসে বিন-নোটিশে নাচ জুড়বে কেন ?

নাঃ, নাচ নয়। বেচারী উত্তেজনায় তিংড়ি-বিংড়ি করছে আর যে কাতর রোদন জানাচ্ছে সেটার ‘সামারি’ করলে দাঁড়ায় ;—

‘হায়, হায়, সব কিছু সাড়ে-সবর্নাশ হয়ে গেল, স্যর ! আপনি এখনো অকাতরে নাক ডাকাচ্ছেন। আমার জীবন বিফল হল, পলের জীবনও ব্যথায় গেল। জাহাজ রাতারাতি ডুবসাতার কেটে জিবুটি বশদের পেঁচাই গিয়েছে। সবাই জামা-কাপড় পরে রেকফাস্ট খেয়ে পারে নামবার জন্য তৈরী, আর আপনি,—হায়, হায় !’

(এ বইখনার যদি ফিল্ম হয় তবে এ ছালে ‘অশ্রু-বৰ্ষণ’ ও ঘন ঘন দীর্ঘ-নিশ্বাস’ )

আমি চোখ বশ্ব করলুম দেখে পার্সি এবারে ডুকরে কে’দে উঠল।

আমি শাস্তি কষ্টে শুধালুম, ‘জাহাজ যদি জিবুটি পেঁচাই গিয়ে থাকে তবে এখনো এঞ্জিনের শব্দ শুনতে পারছি কেন ?

পার্সি অসহিষ্ণুতা চাপবার চেষ্টা করে বললে, ‘এঞ্জিন বশ্ব করা না-করা তো এক মিনিটের ব্যাপার !’

আমি বললুম, ‘গৌ-ভ্রগণে আমার প্ৰাৰ্ব্ব’ অভিজ্ঞতা বলে, এঞ্জিন বশ্ব হওয়ার পরও জাহাজ থেকে নাগতে নাগতে ঘণ্টা দূয়োক কেটে যায় !’

পল এই প্রথম মুখ খুললে ; বললে, ‘বশ্ব যে স্পষ্ট দেখতে পাচ্ছি !’

আমি বললুম, ‘দার্জিলিং থেকে কাশনজঙ্ঘার চুড়োটা স্পষ্ট দেখা যাব, তাই বলে কি সেখানে দশ মিনিটে পেঁচানো যায় ?’

তার পর বললুম, ‘কিন্তু এ সব কুতক’। আমি হাতে-নাতে আমার বক্তব্য প্রমাণ করে দিচ্ছি !’

তার পর অতি ধীরে-সুল্লে দাঢ়ি কামাতে আরম্ভ করলুম। পল আমার কথা শুনে অনেকখানি আবশ্য হয়েছে কিন্তু পার্সি তখনো ব্যস্ত-সমস্ত। আমাকে তাড়া লাগাতে গিয়ে দাঢ়ি কামানোর বুরুশটা এগিয়ে দিতে গিয়ে তুলে ধৰে দাঁতের বুরুশ—ঐটে দিয়ে গাল ঘষলে মুখপোড়া হন্দুমান হতে কতক্ষণ—টাই ভেবে সামনে ধৰে ড্রেসিং গাউনের কোমরবশ্থটা। তারপর চা-রুটি, মাথা-আঢ়াতে অপ্ৰাৰ্ব্ব’ এক ষ্যাট বানিয়ে আমার সামনে ধৰে চতুর্দশকে বোৱপাক খেতে লাগল—বার্ডিতে জিনিসপত্ৰ বাঁধাই-ছাঁধাই কৰার সময় পার্পিটা যে রকম এৰ পা ওৱ পার ভিতৰ দিয়ে ঘোৱপাক থায় এবং বার্ডিসুৰ্ধ লোককে চাঁটিয়ে তোলে !

শেষটায় বেগীতিক দেখে আমিও একটু তাড়াহুড়ো করে সদলবলে ডেকে এলুম

উপরে তখন আর সবাই অপেক্ষা করে করে ক্লান্ত হয়ে তাস পাশা, গালগড়ে ফিরে গিয়েছে।

পল চোখে দুরবৰীন লাগিয়ে বললে, ‘কই, স্যর, বশ্ব কোথায় ? আমি তো দেখতে পাচ্ছি, ধূ-ধূ কৰছে মৰুভূমি আৱ টিনেৰ বাষ্পেৰ মতো কয়েক সাব এক-

যেয়ে বাঢ়ি ।

আমি বললুম, ‘এর-ই নাম জিবুটি বশ্বর !’

‘ঐ মরভূমিতে দেখবার মতো আছে কি ?’

‘কিন্তু না । তবে কি জানো, ভিন্নদেশ পরদেশের ভিতর দিয়ে ধাবার সময় অত-শত বাছিবাচার করতে নেই—বিশেষত এই অল্প বয়সে । চিড়িয়াখানায় ষথন চুকেছ, তখন বাঘ-সিংহ দেখার সঙ্গে সঙ্গে খটাশটাও দেখে নেওয়াই ভালো । আর কে জানে, কোন্ মোড় ঘৰতে কোন্ এক অপ্রত্যাশিত জিনিস বা অভিজ্ঞতা সঞ্চয় হবে না ? মোকামে পেঁচনোর পর না হয় জমা-খরচ করা যাবে, কোন্টা ভালো লাগল আর কোন্টা লাগল না !’

জাহাজ থেকে তড়ি-তড়ি করে সিঁড়ি ভেঙে ডাঙায় নামা ধায় প্রথিবীর ভালো ভালো বশ্বরেই । এখানে তাই পারে যেতে হল মোটর লগ্ন করে । জিবুটির চেয়েও নিম্ফট বশ্বর প্রথিবীতে হয়তো আছে কিন্তু আমার দেখার মধ্যে এইটোই সব চেয়ে অগ্রগতিশৰ্ণ ও বৈচিত্র্যহীন বশ্বর । মরভূমির প্রত্যন্ত-ভূমিতে বশ্বরটি গড়ে তোলা হয়েছে একমাত্র রাজ্যবিস্তারের লোভে । এবং এ মরভূমিকে কোনো প্রকারের শ্যামলিঘা দেওয়া সংশ্লেষণ অসম্ভব জেনেই কেউ কোনোদিন কশামাত্র চেষ্টা করে নি একে একুশানিন আরামদায়ক করার ।

ডাঙা থেকে সোজা চলে গিয়েছে একটা ধূঃপোয় ভার্তা রাস্তা বশ্বরের চোক বা ঠিক মাঝখানে । তার পর সেখান থেকে এদিকে ওদিকে দু-চারটে রাস্তা গিয়েছে বটে কিন্তু বড় রাস্তাটা দেখার পর ও-সব গালিতে ঢোকার প্রবৃত্তি সুস্থলোকের হওয়ার কথা নয় । বড় রাস্তার দুদিকে সাধা চুনকাম-করা বাড়িগুলো এগানি গুখ গুমসো করে দাঁড়িয়ে আছে যে, বাঁড়ির বাসিন্দারাও বোধ করি এসব বাঁড়িতে ঢোকার সময় দেরের গোড়ায় দাঁড়িয়ে থানিকক্ষণ শুকনো ঢোক গেলে কিংবা বাঁ হাত দিয়ে ধাড়ের ডান দিকটা চুলকে নেয় । ছোট গলির মুখে দাঁড়িয়ে উঁকি মেরে দেখি, মাটির তৈরী দেয়াল-ছাদের ছোট ছোট ঘর, না, ঘর নয়, গহুর কিংবা গুহাও বলতে পারো । বৃষ্টি এবেশে এতই ছিটকেফোটা হয় যে, ছাত গলে গিয়ে পড়ে ধাবার সন্তানবনা নেই । আর থাকলেই বা কি, এবেশে তো আর ধাস-পাতা গজায় না যে তাই দিয়ে চাল বানাবে ?

এর-ই ভিতরে মানুষ থাকে, মা ছেলেকে ভালোবাসে, তাই ভাইকে স্নেহ করে, জন্ম-মৃত্যু-বিবাহ সবই হয় ।

কিন্তু আমি এত আশ্চর্য হচ্ছি কেন ? আমি কি কখনো গালির ঘিঞ্জি বন্তির ভিতর চুকি নি—কলকাতায় ? সেখানে দেখি নি কী দৈন্য, কী দুর্দশা ! তবে আজ এখানে আশ্চর্য হচ্ছি কেন ? বোধ হয় বিবেশে এ জিনিস প্রত্যাশা করি নি বলে, কিংবা দেশের দৈন্য দেখে দেখে অভ্যন্ত হয়ে গিয়েছি বলে বিবেশে তার অন্য রূপ দেখে চৰকে উঠলুম ।

এইখানেই মহামানব এবং হীনপ্রাণে পার্থক্য ! মহাপুরুষরা দৈন্য দেখে

কখনো অভ্যন্ত হন না। কখনো বলেন না, এ তো সবর্তনী হচ্ছে, অহরহ হচ্ছে, ছেলেবেলা থেকেই দেখে আসছি। দৈন্য তাঁদের সব সময়ই গভীর পৌঢ়া দেয়— যদিও আমরা অনেক সময় তাঁদের চেহারা দেখে সেটা বুঝতে পারি নে। তার পর একদিন তাঁরা স্মৃত্যোগ পান, যে স্মৃত্যোগের অতীক্ষ্ণ তাঁরা বছরের পর বছর প্রছর গুরুচ্ছিলেন, কিংবা যে স্মৃত্যোগ তাঁরা ক্ষণে ক্ষণে দিনে দিনে আপন হাতে গড়ে তুলচ্ছিলেন, এবং এরই বর্ণনা দিতে গিয়ে রবীন্দ্রনাথ বলেছেন,

“অখ্যাত অজ্ঞাত রাহি দীঘি’কাল হে রাজবৈরাগী, গিরিদরী-তলে  
বর্ষা’র নির্বার যথা শেল বিদারিয়া উঠে জাগ পারিপূর্ণ‘ বলে  
সেই মত বাহিরিলে; বিশ্বলোক ভাবিলে বিশ্বমে যাহার পতাকা  
অশ্বর আচ্ছন্ন করে এত কাল এত ক্ষণ হয়ে কোথা ছিল ঢাকা ॥”

তাই যখন হঠাতে একদিন এক অর্বাচ ঘোষ, এক চিন্তুরঞ্জন দাশ এসে আমাদের মাঝখানে দেখা দেন তখন আমাদের আর বিশ্বমের অবধি থাকে না। আজশ্ব, আশৈশ্ব, অনন্তমুক্ত বিলাসে জীবন ধাপন করে হঠাতে একদিন তাঁরা সব কিছু বিসর্জন করে গিয়ে দাঁড়ান গরীব দুঃখী, আত্ম অভাজনের মাঝখানে। যে দৈন্য দেখে ভিতরে ভিতরে গভীর বেদনা পেতেন, যে দৈন্য ঘুচাতে গিয়ে তাঁরা তখন পান গভীরতর বেদনা। কিন্তু সত্যের জয় শেষ পর্যন্ত হবেই হবে।

“—তাই উঠে বাজি

জয়শ্বর্ত তাঁর? তোমার দক্ষিণ করে  
তাই কি দিলেন আজি কঠোর আদরে  
দুঃখের দারুণ দীপ আলোক যাহার  
জরিলয়াছে বিন্দু করি দেশের অধার  
ধ্বন্তারকার মতো। জয় তব জয় ।”

কিন্তু এত সব কথা তোমাদের শোনাচ্ছ কেন? তার কারণ গত রাত্রে জাহাজে বসে বসে আফ্রিকা মহাদেশ এবং বিশ্বে করে যে সোমালি দেশের ভিতর জিবুটি বন্দর অবস্থিত তাঁরই কথা ডার্বিছুলুম বলে। এবং সেই সোমালিদের দুঃখ-দৈন্য ঘুচাবার জন্য যে একটি লোক বিদেশী শত্রুদের সঙ্গে প্রাণ দিয়ে লড়েছিল তাঁর কথা বার বার মনে পড়ছিল বলে।

ইয়োরোপীয় বর্বরতার চূড়ান্ত বিকাশ দেখতে হলে পড়তে হয় আফ্রিকার ইতিহাস—ইংরেজ শাসিত ভারতের ইতিহাস তাঁর তুলনায় নগণ্য।

পতৃগাজি, ইংরেজ, জর্মন, ফরাসী বেলজিয়াম—কত বলব। ইয়োরোপীয় বহু-জাত, কম জাত, বৰ্জাত, এই আফ্রিকায় একদিন এসে ঝাঁপয়ে পড়েছিল সাধারণ বিস্তারের বর্বর পাশ্চাত্যিক ক্ষুধা নিয়ে, শুরুনের পাল যে-রকম মরা গোরুর উপর ঝাঁপয়ে পড়ে। ভুল বললুম; শুরুনের উপর অবিচার করা হল, কারণ তাঁরা তো জ্যান্ত পশ্চার উপর কোনো ঝাঁপ দেয় না। এই ইয়োরোপীয়রা এসে ছে'কে ধরল সোমালি, নিঘো, বাংটু, ইটেনিটেন্দের। তাদের হাতে-পায়ে বে'ধে মৃগালাখাই বাঁকার মতো জাহাজ তর্তি' করে নিয়ে গেল আমেরিকায়।

কত লক্ষ নিঘো দাস যে তখন অসহ্য যত্নগায় মারা গেল তার নিরাশণ করণ  
বর্ণনা পাবে ‘আঙ্কলঁ টম্সঁ ক্যাবিন’ পুস্তকে—বইখানা পড়ে দেখো।  
ইংরেজী ভালো বুঝতে না পারলে বাঙ্গলা অনুবাদ ‘টম কাকার কুটির’ পড়লেই  
হবে—আমি ছেলেবেলায় বাঙ্গলাতেই পড়েছিলুম।

আর অফিকার ভিতরে থা করলে তার ইতিহাস আজও লেখা হয় নি।  
বিখ্যাত ফরাসী লেখক আঁদ্রে জিব কঙ্গো সম্বন্ধে একথানা বই লিখে এমনই  
বিপদ্ধস্ত হয়েছিলেন যে তাঁর মতো দৃঃসাহসী না হলে ঐ সম্বন্ধে কেউ আর  
উচ্চবাচ্য করতে সাহস পাব না। আর লিখলেই বা কি, প্রকাশক পাবে না।  
প্রকাশক পেলেই বা কি? কাগজে কাগজে বেরুবে তার বিরুদ্ধে রাজ্য গভৰণ,  
অশ্বীল সমালোচনা। তখন আর কোনো প্রস্তর-বিক্রেতা তোমার বই তার  
দোকানে রাখবে না। তবু জেনে রাখা ভাল, এমন মহাজনও আছেন যারা এ  
সব বাধা-বিপক্ষি সঙ্গেও বই লেখেন, ছাপান, প্রকাশ করেন এবং লোকে সে সব  
পড়ে বলে দেশে অন্যায় অবিচারের বিরুদ্ধে আশ্বেলন সংষ্ঠিত হয়।

সোমালি দেশের উপর রাজস্ব করতে এসেছিল বিশ্রুত জাতঃ তাদের মধ্যে  
শেষ পর্যন্ত টিকে রাইল ফরাসী, ইংরেজ ও ইতালীয়।

ব্রিটিশ-সোমালি দেশে প্রথম বিদ্রোহ ঘোষণা করেন মুহুম্মদ বিন আব্দুল্লা  
১৮৯৯ খ্রীষ্টাব্দে। নিরস্ত্র কিংবা ভাঙ্গাচোরা বশ্দুক আর তৌর-ধনুকে সংজ্ঞায়িত  
সোমালীয়া তৌর চতুর্দশকে এসে জড়ো হল অসীম সাহস নিয়ে—ইয়োরোপীয়  
কামান মেশিনগানের বিপক্ষে। এদিকে ইতালীয় এবং ব্রিটিশে সোমালি দেশের  
ভাগ-বাঁটোয়ারা নিয়ে মারামারি, ওদিকে কিন্তু দুই দলই এক হয়ে গেলেন মোঝা  
মুহুম্মদের স্বাধীনতা প্রচেষ্টাকে গম্ভীর উৎপাটিত করার জন্য।

দুই পক্ষেরই বিশ্রুত হার-জিত হল, কিন্তু শেষ পর্যন্ত মোঝাই ইয়োরো-  
পীয়দের খেদিয়ে খেদিয়ে লাল-দরিয়ার পার পর্যন্ত পেঁচিয়ে দিলেন। ইংরেজ  
তখন সোমালিদের উপর রাজস্ব করার আশা ছেড়ে দিয়ে সমুদ্র পারে দুগ‘ বানিয়ে  
তার-ই ভিতর বসে রাইল লাল-দরিয়ার বশ্দরগ্নোকে বাঁচিয়ে রাখবার জন্য।

সারা সোমালি দেশে জয়ধর্ম জেগে উঠল—সোমালি স্বাধীন। তখন  
ইংরেজ তাঁকে নাম দিল, ‘ম্যাড্‌ মোঝা’ অর্থাৎ ‘পাগলা মোঝা’, আমাদের  
গাধীকে যে-রকম একধৰন নাম দিয়েছিল, ‘নেকেড্‌ ফকীর’ অর্থাৎ ‘উলঙ্গ ফকীর’।  
হেরে যাওয়ার পর মুখ্য ভ্যাচানো ছাড়া করবার কী থাকে, বলো?

কিন্তু হায়, খুব বেশী বৎসর গেল না। ১৯১৪-১৮র প্রথম বিশ্বযুদ্ধে  
ইয়োরোপীয়রা অ্যারোপ্লেন থেকে বোমা মেরে মানুষকে কাবু করার কোশল  
শিখে গিয়েছে। তাই দিয়ে যখন আবার তারা হানা দিলে তখন মোঝাকে সে  
সময়কার মতো পরাজয় স্বীকার করে আশ্রয় গ্রহণ করতে হল ভিন দেশে।

মোঝা সেই অনাদ্যত অবহেলায় আবার সাধনা করতে লাগলেন স্বাধীনতা  
জয়ের ন্যূনত স্থানে। কিন্তু হায়, দীর্ঘ বাইশ বৎসরের কঠিন ধূঢ়, নিরাশণ  
কৃচ্ছসাধনে তাঁর স্বাস্থ্য তখন ভেঙ্গে গিয়েছে। শেষ পরাজয়ের এক বৎসর পর,  
যে-ভগবানের নাম শ্মরণ করে বাইশ বৎসর প্রবেশ তিনি স্বাধীনতা-সংগ্রামে

নেমেছিলেন তাঁরই নাম স্মরণ করে সেই লোক চলে গেলেন যেখানে খুব সম্ভব  
সাদা-কালোর বৃক্ষ নেই।

এই যে জিবুটি বশ্বরে বসে বসে চোখের সামনে তাগড়া লম্বা জোয়ান  
সোমালিদের দেখছি, তারাও নার্কি তখন চিংকার করে কে'দে উঠেছিল।

বীরের কাহিনী থেকে আমরা উৎসাহ সঞ্চয় করব, তা না হলে আমি এ  
বৃক্ষের কাহিনী তুললুম কেন? তার কারণ বৃক্ষিয়ে বলার প্ৰবে' একটি কথা  
আমি বেশ জোর দিয়ে বলতে চাই।

‘ফ্ৰাসীৱা বড় ধারাপ’, ইংৰেজ চোৱের জাত’ এ রুকম কথার কোনো অর্থ  
হয় না। ভাৱতবৰ্বে’ বিস্তু পকেটমার আছে, তাই বলে কেউ যদি গাল দেয়  
‘ভাৱতবাসীৱা পকেটমার’ তা হলে অধৰ্মে’র কথা হয়। ‘ইংৰেজ জাত অত্যাচারী’  
এ-কথা বলার কোনো অর্থ হয় না।

তাই ঘনন অধৰ্ম’ অৱাজকতা দৰ্শি, তখন সংযম বজ্র’ন করে তন্দনেই অস্ত্-  
ধাৰণ কৱা অনুচ্ছিত। বহু-জাত বহু-বার করে দেখেছে, কোনো ফল হয় নি;  
হিংসা আৱ রক্তপাত শুধু বেড়েই গিয়েছে।

তাই মহাআজী অহিংসার বাণী প্ৰচাৰ কৱেছেন। অহিংসা দিয়ে হিংসা  
জয় কৱতে হবে। এৱে চেয়ে মহৎ শিষ্য আৱ কিছু নেই। ভাৱতবৰ্ব যদি  
তাই দিয়ে আনুজৰ্ণাতিক যুদ্ধ-সংগ্ৰাম, লুণ্ঠন-শোষণ রূপৰ কৱতে পাৱে তবে  
প্ৰথৰীৱ ইতিহাসে সে সৰ্বসভ্য জাতি বলে গণ্য হবে।

এবং শেষ কথা—সব চেয়ে বড় কথা—

আমাৰেৱ যেন রাজ্যলোভ না হয়। এদেৱ অন্যায় আচৱণ দেখে আমৱা  
যেন সতক’ হই। আমৱা দৃশ্য বৎসৱ ধৰে পৱাধীন ছিলুম। পৱাধীনতাৱ  
বেদনা আমৱা জানি। আমৱা যেন কাউকে পৱাধীন না কৰিৱ!

॥ ৭ ॥

পল জিজ্ঞেস কৱলে, ‘একদৃষ্টে কি দেখছেন স্বৱ? আমি তো তেমন কিছু  
নয়নাভৰাম দেখতে পাৱাছ নে।’

বললুম, ‘আমি কিৰ্ণিৎ শাল’ক হোমসংগ্ৰহ কৱাছি। ঐ যে লোকটা ধাচ্ছে  
• দেখতে পাৱাছ? সে ঐ পাশেৱ দোকান থেকে বেৱিয়ে এল তো? দোকানেৱ  
‘মাইন-বোডে’ লেখা ‘ফ্ৰিজোৱ’, তাই লোকটাৱ ধাড়েৱ দিকটা দেখে অনুমান  
• কৱছিলুম, জিবুটি বশ্বরেৱ নাপিতদেৱ কেন্দ্ৰ পৰ্যায়ে ফেলি?’

পাস’ বললে, ‘হ’য়, হ’য়, আপনাৱ ঠিক মনে আছে। আমি তো চুল  
কাটাৰার কথা বেবাক ভুলে গিয়েছিলুম। চলুন চুকে পাঢ়ি।’

আমি বললুম, ‘তা পাৱো। তবে কি না, গনে হচ্ছে, এ-দেশে কোদাল  
দিয়ে চুল কাটে।’

পাস' বললে, 'কোদাল দিয়েই কাটুক, আর কাস্তে দিয়েই কামাক, আমার তো গত্যত্ব নেই।'

নাপিত ভাষা ফরাসী ভিন্ন অন্য কোনো ভাষা জানেন না। আরি তাকে মোটামুটি বুঝিয়ে দিলুম, পাস'র প্রয়োজনটা কি।

কিন্তু মোকানটা এভই ছোট যে, পল আর আরি সেখানে বসবার জায়গা পেলুম না। বারাশ্বাও নেই। পাস'কে বললুম, তার চুল কাটা শেষ হলৈ সে যেন বশ্দরের ঢোমাথার কাফেতে এসে আমাদের সঙ্গে যোগ দেয়।

ঢোমাথায় একটি মান্ত কাফে। সব কটা দরজা খোলা বলে স্পষ্ট দেখতে পেলুম, খন্দের গিস-গিস করছে। কিন্তু এইটুকু হাতের-তেলো-পরিমাণ বশ্দর, এখানে মেলার পোর্ট হাট বসল কি করে?

ভিতরে গিয়ে দেখি, এ কি, এ যে আমাদের জাহাজেরই ডাইনিং রুম! খন্দেরের সব কজনাই আমাদের অতিশয় সুপরিচিত সহ্যাত্মীর দল। এ বশ্দর 'দেখা' দশ মিনিটেই শেষ হয়ে যায় বলে, সবাই এসে জড়ে হয়েছেন ঐ একটি মান্ত কাফেতেই। তাই কাফে গুলজার। এবং সবাই বসেছেন আপন আপন টেবিল নিয়ে। অর্থাৎ জাহাজের ডাইনিং রুমে যে চারজন কিংবা ছজন বসেন এক টেবিল নিয়ে, ঠিক সেই রকম এখানেও বসেছেন আপন আপন গুণ্টি নিয়ে।

এক কোণে বসেছে গুটিকয়েক লোক, উদাস নয়নে, শুন্মোর দিকে তাঁকিয়ে। জাহাজে এদের কথনো দেখি নি। আশ্বাজ করলুম, এরাই তবে জিবুটির বাসিন্দা। জরাজীর্ণ বেশভূষা।

কিন্তু এ সব পরের কথা। কাফেতে চুকেই প্রথম চোখে পড়ে এ দেশের মাছি। 'চোখে পড়ে' বাক্যটি শব্দাথেই বললুম, কারণ কাফেতে ঢোকার পূর্বেই এক ঝাঁক মাছি আমার চোখে থাবড়া মেরে গেল।

কাফের টেবিলের উপর মাছি বসেছে আলপনা কেটে, 'বারের' কাউটারে বসেছে ঝাঁকে, ঝাঁকে, খন্দেরের পিঠে, হ্যাটে,—হেন স্থান নেই যেখানে মাছি বসতে ভয় পেয়েছে।

দু-গেলাস 'নিন্দ্-পার্স' টেবিলে আসা মাছই তার উপরে, চুম্বক দেবার জায়গায়, বসল গোটা আঞ্চেক মাছি। পল হাত দিয়ে তাড়া দিতেই গোটা কয়েক পড়ে গেল শরবতের ভিতর। পল বললে, 'ঐ ম' যা।'

আরি বললুম, 'আরেকটা অর্ডা'র দ্বি?'

সর্বনয়ে বললে, 'না, সার; আমার এমনিতেই ঘিন-ঘিন করছে। আর পয়সা খরচা করে দরকার নেই।'

তখন তাঁকিয়ে দেখি, অধিকাংশ খন্দেরের গেলাসই পুরো ভর্তি।

ততক্ষণে ওয়েটার দৃষ্টি চামর দিয়ে গেছে। আমরাও চামর দৃষ্টি হাতে নিয়ে অন্য সব খন্দেরদের সঙ্গে কোরাসে মাছি তাড়াতে শুরু করলুম।

সে এক অপরূপ দৃশ্য! জন পঞ্চাশেক খন্দের যেন এক অদৃশ্য রাজা-ধিরাজের চতুর্দশকে জীবন-মরণ পণ করে চামর দোলাচ্ছে। ডাইনে চামর,

বাঁয়ে চামর, মাথার উপরে চামর, টেবিলের তলায় চামর। আর তারই তাড়ায় মাছিগুলো ঘূঢ়েভূঢ়ি কিংবা ছমছাড়া হয়ে কখনো দোকে পলের নাকে, কখনো দোকে আমার গুথে। কথাবার্তা পর্যন্ত প্রায় বশ্ব। শুধু চামরের সাই-সাই আর মাছির ভন্ন-ভন্ন! রংশ-জর্ম'নে লড়াই!

মাত্র সেই চারটি খাস জিবুটি বাসিন্দে নিশ্চল নীরব। অনুমান করলুম, মাছি তাদের গা-সওয়া হয়ে গিয়েছে, এবং মাছিদের সঙ্গে লড়নেওলা জাহাঙ্গীর ঘৃণার দলও তাদের গা-সওয়া। এরকম লড়াইও তারা নির্ত্য নির্ত্য দেখে।

তখন লক্ষ্য করলুম তাদের শরুবৎ পানের প্রক্রিয়াটা। তারা চামর তো দোলায়ই না, হাত দিয়েও গেলাসের মুখ থেকে মাছি খেবায় না। গেলাস মুখে দেবার প্ৰবেশ সেটাতে একটু মোলায়েম ঠোনা দেয়, সঙ্গে সঙ্গে মাছিগুলো ইঞ্চি তিনেক উপরে ওঠা মাত্রই গেলাসটি টুক করে ঢেলে এনে চুম্বক লাগায়। ঘির্ণপ্তি এদের নেই।

পলও লক্ষ্য করে আমাকে কানে কানে শুধুলে, ‘এ লক্ষ্মীছাড়া জায়গায় এসব লোক থাকে কেন?’

আমি বললুম, ‘সে বড় দীৰ্ঘ’ কাহিনী। অর্থাৎ এদের প্রত্যেককে যদি জিজ্ঞেস কর তবে শুনবে, প্রত্যেকের জীবনের দীৰ্ঘ এবং বৈচিত্র্যময় কাহিনী।’

এ সংসারে সব'গুলি এক রকম লোক আছে যারা রাতারাতি লক্ষপ্তি হতে চায়। দেত-থামার, ব্যবসা-বাণিজ্য, চাকরি-নোকরি কোনো কাজেই ওদের মন যায় না। অত থাটে কে, অত লড়ে কে?—এই তাদের ভাবধান।

সিনেমায় নিশ্চয় দেখেছ, হঠাত খবর রটল আঞ্চলিকার কোথায় যেন সোনা পাওয়া গিয়েছে; সেখানে মাটির উপর-নিচে সব'গুলি তাল তাল সোনা পড়ে আছে আর অমনি চলল দলে দলে দুনিয়ার লোক—সেই সোনা যোগাড় করে রাতারাতি বড়লোক হওয়ার জন্য। সিনেমা কত রঙ-চঙেই না সে দৃশ্য দেখায়। অনাহারে তৃষ্ণায় পড়ে আছে, এখানে মড়া সেখানে মড়া। কোনো কোনো জায়গায় বাপ-মা, বেটা-বেটী চলছে এক ভাঙ্গা গাড়িতে করে—ছেলেটার মুখ দিয়ে রস্ত উঠছে, মেঘেটা ভিৰমি গেছে। বাপ টিনের ক্যানাস্তারা হাতে করে ধূঁকতে ধূঁকতে জল খুঁজতে গিয়ে এ পাথরে টক্কি খেয়ে পড়ে থাক্কে ও পাথরে ঠোক্কি খেয়ে জখম হচ্ছে। মায়ের চোখে জলের কণা পর্যন্ত নেই—বেন অসাড় অবশ হয়ে গিয়েছে।

এগিয়ে চলেছে, এগিয়ে চলেছে, এরা এগিয়ে চলেছে। এ ছাড়া উপায় নেই। থামলে অবশ্যাবী মৃত্যু, এগুলো বাঁচলে বাঁচতেও পারো।

কজন পেঁচায়, কজন সোনা পায়, তার ভিতৱ কজন জনসমাজে ফিরে এসে সে ধন ভোগ করতে পারে, তার কোনো সৱকারী কিংবা বে-সৱকারী সেনসাস্ কখনো হয় নি। তার হলেই বা কি? যাদের এ ধৰনের নেশা জন্মগত তাদের ঠেকাবে কোন্ আদমশুমারী?

‘কিংবা হয়তো এদেরই একজন লেগে গেল কোঁপানী বানিয়ে, শেয়ার বিজ্ঞ করে টাকা তুলতে। কেন? কোন্ এক বোঝেটে কাঁতান কোন্ এক অজ্ঞান

দৌপে কোটি কোটি টাকার ধন নিয়ে উধাও হয়ে যায়। সেই দৌপ খণ্ডে বের করতে হবে, সেই ধন উৎধার করে রাতারাতি বড়লোক হতে হবে। যে সম্পদে ঐ দৌপটার থাকার কথা সেখানে যাত্রী-জাহাজ বা মাল-জাহাজ কিছুই যায় না। সে দৌপে নাইক থাবার জল পর্যন্ত নেই। ঐ বোম্বেতে কাগতান নাইক জলতৃষ্ণায় মারা গিয়েছিল। আরো কত রকম উড়ো খবর।

যে কোম্পানি খূললে, সে বলে বেড়াচ্ছে তার কাছে ম্যাপ রয়েছে ঐ দৌপে যাবার জন্য। সাধারণ লোক বলে, ‘কই, ম্যাপটা দৈখি’। লোকটা বলে, ‘আস্বার! তারপর তুমি টাকাটা মেরে দাও আর কি?’ কিন্তু রাতারাতি বড়লোক হওয়ার দল অত-শত শুধুয় না। তারা কোম্পানির শেয়ারও কেনে না—পয়সা থাকলেও কেনে না। তারা গিয়ে কানাকাটি লাগায় লোকটার কাছে—‘খালাসী করে, বাবুচি’ করে শামাদের নিয়ে চল তোমার সঙ্গে। তখা-মাইনে কিছু চাই নে।’ কাম্তনও ঐ রকম লোকই খণ্ডে,—শন্ত তাগড়া জোয়ান, মরতে যারা ডরায় না।

তারপর একদিন সেই জাহাজ রওয়ানা হল। কিন্তু আর ফিরে এল না।

কিংবা ফিরে এল মাত্র কয়েকজন লোক। কিছুই পাওয়া যায় নি বলে এরা তাকে খুন করেছে। তখন লাগে পুলিস তাদের পিছনে। মোকদ্দমা হয়, আরো কত কি?

পল কাফের সেই চারটি জিবুটিবাসীর দিকে তাকিয়ে ফিস-ফিস করে আমাকে শুধুলে, ‘এরা সব ঐ ধরনের লোক?’

আমি বললুম, ‘না, তবে ওদের বংশধর। বংশধর অথে’ ওদের ছেলে-নান্তি নয়, কারণ ও ধরনের লোক বিয়ে-থা বড় একটা করে না। ‘বংশধর’ বলছি, এরা ঐ দলেরই লোক, যারা রাতারাতি বড়লোক হতে চায়। কিন্তু আজকের দিনে তো আর সোনা পাওয়ার গুজোব ভালো করে রাটতে পারে না,—তার আগেই খবরের কাগজওয়ালা প্লেন ভাড়া করে সব কিছু তদারক করে জানিয়ে দেয়, সমস্তটা ধাঁপা। কিংবা জাহাজ ভাড়া করার কথাও ওঠে না। প্লেনে করে ঘটপট সব কিছু সারা যায়। হেলিকণ্টার হওয়াতে আরো সুবিধে হয়েছে। একেবারে মাটির গা ছয়ে ভালো করে সব কিছুই তদারক করা যায়।’

তাই এরা সব করে আফিং চালান, কিংবা মনে করো কোনো দেশে বিদ্রোহ হয়েছে—বিদ্রোহীদের কাছে বে-আইনী ভাবে বশ্ব-ক-মেশিনগান ইত্যাদি বিরক্ত।

যখন কিছুতেই কিছু হয় না, কিংবা সামান্য যে টোকা করেছিল তা ফুঁকে দিয়েছে, ওদিকে বয়সও হয়ে গিয়েছে, গায়ে আর জোর নেই, তখন তারা জিবুটির মতো লক্ষ্যীছাড়া বশ্বরে এসে দু পয়সা কামাবার চেষ্টা করে, আর নৃতন নৃতন অসম্ভব অসম্ভব অ্যাভেঙ্গারের স্বপ্ন দেখে। জিবুটির মতো অসহ গরম আর মারাত্মক রোগ-ব্যাধির ভিত্তির কোন্ সুস্থ-মন্তিষ্ঠক লোক কাজের সম্মানে আসবে? কিন্তু এদের আছে কষ্ট সহ্য করার অসাধারণ ক্ষমতা। তাই এদের জন্য এখানে কিছু একটা জুটে যায়। এই যেমন মনে করো, এখান থেকে যে রেল-লাইন শুরু হয়ে আর্বিসিনিয়ার রাজধানী আশিস-আবাবা অবধি গিয়েছে—প্রায় পাঁচ

শ মাইলের ধাক্কা । সে লাইনে তো নানা রকমের কাজ আছেই, তার উপর ওরই মারফতে ব্যবসা-বাণিজ্য যা হবার তা-ও হয় । এই সব করে, আর একে অন্যকে আপন আপন যৌবনের দুর্দেহির গভপ বলে ।

পাছে পল ভুল বোঝে তাই তাড়াতাড়ি বললুম, ‘কিশ্তু এই যে চারটি লোক বসে আছে, ঠিক এরাই যে এ ধরনের অ্যাডভেণচারার সে কথা বলা আমার উচ্ছেশ্য নয় । তবে হওয়ার সম্ভাবনা আছে—ঐটুকু যা কথা ।’

ইতিমধ্যে মূখে একটা মাছি দুকে যাওয়াতে বিষম খেঁয়ে কাশতে আরম্ভ করলুম । শান্ত হলে পর পল শব্দালে, ‘এদের কথা শুনে এদের প্রতি করুণা হওয়া উচিত, না অন্য কোনো প্রতিক্রিয়া হওয়া উচিত, ঠিক বুঝে উঠতে পারছি নে ।’

আমি অনেকক্ষণ ভেবে নিয়ে বললুম, ‘আমার কি মনে হয় জানো ? কেউ যখন করুণার সম্মান করে তখনই প্রশ্ন জাগে, এ লোকটা করুণার পাত্র কি না ? কিশ্তু এরা তো কারো তোয়াক্ষা করে না । জীবনের শেষ দিন পর্যন্ত এরা আশা রাখে, স্বপ্ন দেখে, রাস্তার মোড় ঘুরতেই, নদীর বাঁক নিতেই সামনে পাবে পরী-স্থান, যেখানে গাছের পাতা রূপোর, ফল সোনার, যেখানে শিশিরের ফোঁটাতে হাত দিলেই তারা হীরের দানা হয়ে যায়, যেখানে—’

আরেকটুখানি কবিতা করার বাসনা হয়েছিল কিশ্তু ইতিমধ্যে পাসি‘ মাছি তাড়াতে তাড়াতে এসে উপস্থিত । চেয়ারে বসে টেবিলের উপর রাখলো ও-দ্য-কলনের এক ঢাউস বোতল । মূখে হাসি, চোখে খৃশি—বোতলের নয় পাসি’র ।

আমি বোতলটা হাতে নিয়ে দোখি, দুর্নিয়ার সব চাইতে ডাকসাইটে ও-দ্য-কলন—থাস কলন শহরের তৈরী কলনের জল—Eau de Cologne ! 4711 মাকা’ !

পাসি‘ বললে, ‘দুঁও মেরেছি স্যার ! বলুন তো এর দাম বোঝবাই কিংবা লঙ্ঘনে কত ?’

আমি বললুম, ‘শিলিং বারো-চোখ হবে ।’

লংকা জয় এবং সৈতাকে উৎধার করেও বোধ হয় রামচন্দ্রজী এতখানি পরি-ত্রাপ্তির হাসি হাসেন নি । তবু হনুমান কি করেছিলেন তার খানিকটে আডাস পেলুম, পাসি’র বুক চাপড়ানো দেখে ।

‘তিন শিলিং, স্যার, তিন শিলিং ! সবে মাত্র, কুল্লে, জস্ট ; তিন শিলিং ! নট ; এ পেনি মোর, নট টাইন এ রেড ফার্দিৎ মোর ।’

এমন সময় দোখি, কাফের আরেক কোণ থেকে সেই আবুল আসাফিয়া—কি কি যেন—সিদ্ধীকী সায়েব তার সেই লম্বা কোট আর ঝোলা পাতলুন পরে আমাদের দিকে আসছেন । ইনি আমাদের সেই বৃক্ষ যিনি সবাইকে লাইমজুস, চুকলেট খাওয়ান—কিশ্তু যাঁর কঙ্গুসি কথা কওয়াতে ।

আমরা উঠে তাকে অভ্যর্থনা জানালুম ।

তিনি বসেই বোতলটা হাতে তুলে নিয়ে ডাক্তাররা যে রকম এক্সেরে’র প্লেট দেখে সেই রকম ঘুরিয়ে ফিরিয়ে দেখতে লাগলেন ।

পাসি‘ প্লুরায় মাদু হাস্য করে বললে, ‘একদম খাঁটি জিনিস ।’

আবুল আসফিয়া মৃখ বশ্য রেখেই নাক দিয়ে বললেন, ‘হ্ৰ !’

তাৰপৱ অনেকক্ষণ পৱে অতি অনিছায় মৃখ থুলে শুধালেন, ‘ওটা কাৱ  
জন্য কিনলে ?’

পাস্স ‘বললে ‘পিসিমাৰ জন্য ।’

আবুল আসফিয়া বললেন, ‘বোতলটাৰ ছিপি না থুললে বিলেতে নামবাৰ  
সময় তোমাকে প্ৰছৱ কাস্টমসেৱ ট্যাঙ্ক দিতে হবে। এমন কি এ জাহাজে  
ওঠাৰ সময়ও—তবে মে আমি ঠিক জানি নে ।’

পাস্স ‘আমাৰ দিকে তাকালৈ ।

আমি বললুম, ‘ছিপি খোলা থাকলে ওটা তোমাৰ আপন ব্যবহাৰেৱ  
জিনিস হয়ে গেল ; তাই ট্যাঙ্ক দিতে হয় না ।’

অনেকক্ষণ পৱ আবুল আসফিয়া বললেন, ‘যখন খুলতেই হবে তখন এই  
বেলা থুলে ফেলাই ভালো ।’

আমাৰ স্বাই—পাস্সও—বললুম, ‘সেই ভালো ।’

ওয়েটাৰ একটা কক্ষ স্কুল নিয়ে এল। আবুল আসফিয়া পৱিপাটী হাতে  
বোতল থুলে প্ৰথম কক্ষটাৰ ভিতৱ্বেৱ দিক শুঁকলেন, তাৰপৱ বোতলেৱ জিনিস ।

একটু ভেবে নিয়ে আমাদেৱ শোকালেন ।

কোনো গুৰি নেই ।

যেন জল—প্ৰেন, ‘নিৰ্জলা’ জল !

পাস্স তো একেবাৰে হতভয় । অনেকক্ষণ পৱ সামলে নিয়ে ধীৱে ধীৱে  
বললে, ‘কিন্তু ছীপ, সীল সবই তো ঠিক ?’

আবুল আসফিয়া বললেন, ‘এ সব ছোট বশ্যৱে প্ৰলিশেৱ কড়াকড়ি নেই  
বলে নানা বকমেৱ লোক অনেক অজানা প্ৰক্ৰিয়ায় আসল জিনিস সৱায়ে নিয়ে  
মেৰি কিংবা প্ৰেন জল চালায় ।’

আমি পলকে কানে কানে বললুম, ‘হয়তো আমাদেৱই একজন “অ্যাড-  
ভেগারাৰ” !’

পাশেৱ টেবিলেৱ দিকে তাৰিয়ে দৈৰ্ঘ্য, খাস জিবুটি-বাসিন্দাৱাৰা দৱাৰ-ভৱা  
আৰ্থিতে আমাদেৱ দিকে তাৰিয়ে আছে । অনুমান কৱতে বেগ পেতে হল না,  
এৱা বাপারটা ব্ৰাতে পেৱেছে ।

পাস্সও খানিকটে বুৰতে পেৱেছে । বলল, ‘যাত্ৰীৱা বোকা কি না, তাই  
এ শয়তানিটা তাৰেৱ উপৱেই কৱা যায় । আৱ প্ৰতি জাহাজেই আসে এক  
জাহাজ—’

পল বাধা দিয়ে বললে, ‘পাস্স !’

পাস্স চঢ়ে উঠে বললে, ‘ওঁ, আৱ উনিই যেন এক মহা কন্ধু-ৎস !’

জাহাজে ফেৱাৰ সময়, আবুল আসফিয়াকে একবাৱ একা পেয়ে শুধালুম,  
‘ছোড়াটাকে বড় নিৱাশ কৱলেন ।’

বললেন, ‘উপায় কি ? না হলে প্ৰতি বশ্যৱে মাৱ খেত যে !’

গৃণীরা বলেন, অগ্র-পশ্চাত্ বিবেচনা করে কথা বলবে।

জিবুটি ত্যাগ করার সময় পার্সি' বশ্দরের দিকে তাকিয়ে বললে, 'লক্ষ্মীছাড়া জায়গাটা। ও-দ্য-কলনের খেদটা তখনো তার মন থেকে যায় নি। তাই অগ্রপশ্চাত্ বিবেচনা না করেই কথাটা বলল।

হণ্টা খানেকের ভিতর উঠল ঝড়। তেমন কিছু মারাত্মক নয় কিন্তু 'সী সিকেন্স' দিয়ে মানবের প্রাণ অতিষ্ঠ করে তোলার পক্ষে যথেষ্ট। পার্সি'ই প্রথম বিছানা নিল। বাগ করতে করতে তার গুরু তখন সরষে ফুলের রঙ ধরেছে। ভাঙা গাল দুটো দেখে মনে হয় সন্তুর বছরের বৃংড়ো।

আর্মি নিজে যে খুব সুস্থ অনুভব করছিলুম তা নয়; তবু পার্সি'কে বললুম, 'তবে যে, বৎস, জিবুটি বশ্দরকে কটু-কাটব্য করছিলে? এখন এই লক্ষ্মীছাড়া বশ্দরেই পা দিতে পারলে যে দু মিনিটেই চাঙা হয়ে উঠতে। মাটিকে তাচ্ছিলা করতে নেই—অস্ত্র যতক্ষণ মাটির থেকে দুরে আছে—তা সে জলের তলাতে সাবমেরিনেই হোক, উপরে জাহাজেই হোক, কিংবা তারো উপরে বাতাসে ভর করে অ্যারোপ্লেনেই হোক। তা সে যাক গে। এখন ব্যবহৃতে পারল্যে গৃণীরা কেন বলেছেন, অগ্র-পশ্চাত্ ইত্যাদি?

পার্সি' কিন্তু তৈরী ছেলে। সেই ছটফটানির ভিতর থেকে কাতরাতে কাতরাতে বলল, 'কিন্তু এখন যদি কোনো ডুবস্ত দ্বীপের মাটিতে ধাক্কা লেগে জাহাজখানা ঢোকার হয়ে যায় তখনো মাটির গৃণগান করবেন নাকি?

আর্মি বললুম, 'এ য় যা! এতখানি ভেবে তো আর কথাটা বলি নি।'

পল তার খাটে বসে আমাদের কথাবার্তা শুনছিল। আস্তে আস্তে বললে, 'জাহাজ যদি মাটিতে লেগে ঢোকার হয়ে যায় তবে তো সেটা মাটির দোষ নয়। জাহাজ জোরের সঙ্গে ধাক্কা দেয় বলেই তো খানখান হয়ে যায়। আস্তে আস্তে চললে মাটির বাধা পেয়ে জাহাজ ঝড় জোর দাঁড়িয়ে যাবে—ভাঙবে কেন? মাকে পর্যন্ত জোরে ধাক্কা দিলে চড় খেতে হয়, আর মাটি দেবে না?'

আর্মি উল্লিখিত হয়ে বললুম, 'সাধু, সাধু! তুলনাটি চমৎকার! তবে কি না আমার দৃঃখ্য, বাঙলা ভাষায় এ নিয়ে যে শব্দ দুটো আছে তাৰিখ তোমরা ব্যবহৰে না। মা হচ্ছেন 'মাদার' আৰ 'মাটি' হচ্ছেন 'দি মাদার' কিংবা 'আথ'?'

পল বললে, 'বিলক্ষণ বুঝেছি, Good Earth!'

পার্সি' বিরক্ত হয়ে বললে, 'পলের তুলনাটা নিচয়ই চোরাই মাল।'

আর্মি বললুম, 'সাধু-র টাকাতে দু দের দুধ, চোরের টাকাতেও দু দের দুধ। টাকার দাম একই। তুলনাটা ভালো। তা সে পলের আপন মালই হোক আৰ চোরাই মালই হোক। তা সে কথা ধাক। তুমি কিন্তু 'সী সিকেন্স' কাতৰ হয়ে ভয় পেয়ো না। এ ব্যামোতে কেউ কখনো ঘারা যায় নি।'

পাসি' চি'-চি' করে বললে, 'শেষ ভরসাটাও কেড়ে নিলেন, স্যর? আমি তো ভরসা করেছিলুম, আর বেশীক্ষণ ভুগতে হবে না, মরে গিয়ে নিষ্কৃতি পাবো।'

পল বললে, 'আগাছা সহজে ঘরে না।'

আমি বললুম, 'থাক, থাক। চলো, পল, উপরে যাই। আমরা তিনজনা মিলে 'সৌ সিক্লনেসকে' বজ্জ বেশী লাই দিব্বিছ।'

পল বেরুতে বেরুতে বললে, 'হক কথা। পাসি'র সঙ্গে একা পড়লে যে-কোনো ব্যায়ো বাপ-বাপ করে পালাবার পথ পাবে না।'

উপরে এসে দেখি, আবুল আসফিয়া কোথা থেকে এক জোরাদার দূরবৈন যোগাড় করে কি যেন দেখবার চেষ্টা করছেন। এ সব জাহাজ কখনো পাড়ের গা দ্বেষে চলে না। তাই জোরালো দূরবৈন দিয়েও বিশেষ কিছু দেখা যায় না। পল আমাকে শুধুলে, 'কি দেখছেন উনি?'

আমি বললুম, 'আবুল আসফিয়া মুসলমান এবং মনে হচ্ছে ধর্মে' তাঁর অনুরাগও আছে। লাল দরিয়ার এক পারে সোমালি-ভূমি, হাবসী মুল্লুক এবং মিশর, অন্য পারে আরব দেশ। মহাপুরুষ মুহুম্মদ আরব দেশে জন্মেছিলেন, ঐ দেশে ইসলাম প্রচার করেন। মস্কা-মদীনা সবই তো ঐখানে।'

পল বললে, 'ইরানজীতে যখনই কোনো জিনিসের ক্ষেত্রভূমির উল্লেখ করতে হয় তখন বলা হয়, যেমন ধরুন সঙ্গীতের বেলায়, 'ভিয়েনা ইজ দি মেক্স অব মিউজিক'—এ তো আপনি নিশ্চয়ই জানেন। কিন্তু বিশেষ করে মস্কা বলা হয় কেন? মস্কা তো আর তেমন কিছু বড় শহর নয়।'

আমি বললুম, 'প্রথিবীতে গোটা তিনেক বিশ্বধর্ম' আছে অর্থাৎ এ ধর্ম-গলো যে দেশে জন্মগ্রহণ করেছে সেখানেই সীমাবদ্ধ হয়ে থাকে নি—দুর-দূরান্তে রাষ্ট্রডেয়ে পড়েছে। যেমন মনে করো বৌদ্ধধর্ম, খ্রীষ্টধর্ম এবং ইসলাম। কিন্তু প্রথিবীর বহু বৌদ্ধ কিংবা খ্রীষ্টান কোনো বিশেষ প্রণাদিবসে এক বিশেষজ্ঞায়গায় একত্র হয় না—মুসলমানরা যে রকম হজের দিনে মস্কায় একত্র হয়। কোথায় মরক্কো, কোথায় সাইবোরয়া আর কোথায় তোমার চীন—প্রথিবীর যে সব দেশে মুসলমান আছে সে সব দেশের লোককে সেবিন তুমি মস্কায় পাবে। শুনেছি, সেদিন নাকি মস্কার রাস্তায় দৃশ্যার প্রায় সব ভাষাই শুনতে পাওয়া যায়।'

'তাতে করে লাভ?'

আমি বললুম, 'লাভ মস্কাবাসীদের নিশ্চয়ই হয়। তীর্থ্যাত্মীয়া যে পরমা খরচ করে তার সবই তো ওরা পায়। কিন্তু আসলে সে উদ্দেশ্য নিয়ে এ-প্রথা সংষ্টি হয় নি। মুহুম্মদ সাহেবের ইচ্ছা ছিল যে প্রথিবীর সব দেশের মুসলিমানকে যদি একত্র করা যায় তবে তাদের ভিতর ঐক্য এবং ভাতৃতাব বাঢ়বে। আমরা যখন বাড়িতে উপাসনা না করে গিজারায় কিংবা মসজিদে যাই তখন তারও তো অন্যতম উদ্দেশ্য আপন ধর্মের লোকের সঙ্গে এক হওয়া। মুহুম্মদ সাহেবের বোধ হয় এই জিনিসটাই বড় করে, সমস্ত প্রথিবী নিয়ে করতে চেয়েছিলেন।'

পল অনেকক্ষণ ভেবে নিয়ে বললে, ‘আমরা তো বড়দিনের পরবে প্রভু ঘীশুর  
জমাহল বেথলেহেমে জড়ো হই নে। হলে কি ভালো হত না? তা হলে তো  
খ্রিস্টানদের ভিতরও ঐক্য সম্ভ্য বাঢ়ত ।’

আমি আরো বেশীভেবে বললুম, ‘তা হলে বোধ হয় রোমে পোপের প্রাধান্য  
ক্ষম হত ।’

কিন্তু থাক এসব কথা ! আমার কোনো ক্যাথলিক পাঠক কিংবা পাঠিকা  
যেন মনে না করেন যে আমি পোপকে শ্রদ্ধা করি নে। প্রথিবীর শত শত লক্ষ  
লক্ষ লোক যাঁকে সম্মানের চোখে দেখে তাঁকে অশ্রদ্ধা করলে সঙ্গে সঙ্গে সেই শত  
শত লক্ষ লক্ষ লোককে অশ্রদ্ধা করা হয়। অতটা বেয়াদ আমি নই। বিশেষত  
আমি ভারতীয়। ছেলেবেলা থেকে শুনে আসছি, সব ধর্মকে শ্রদ্ধা জানাতে  
হয় ।

## ॥ ৯ ॥

কড় থেমেছে। সমন্বয় শান্ত। ঝড়ের পর বাতাস বয় না বলে অসহ্য গরম আর  
গুমোট। এ যন্ত্রণা থেকে নিষ্কৃতি পাই কি প্রকারে?

নিষ্কৃতির জন্য মানুষ ডাঙুর যা করে, জলে অর্থাৎ জাহাজেও তা-ই।  
এক দল লোক বৃক্ষধান। কাজে কিংবা অকাজে এমনি ঝুব মারে যে, গরমের  
অভ্যাচার সম্বন্ধে অনেকখানি অচেতন হয়ে যায়। বোকার দল শুধু ছট্টফট  
করে। ক্ষণে এটা করে, ক্ষণে ওটা নাড়ে, ক্ষণে ঘুমাবার চেষ্টা করে, ক্ষণে জেগে  
থাকতে গিয়ে আরো বেশী কষ্ট পায় ।

জাহাজেও তাই। একদল লোক দিবা-রাতির তাস খেলে। সকাল  
বেলাকার আংড়া-রুটি থেয়ে সেই যে তারা তাসের সায়েরে ড্ব দেয়, তারপর  
রাত বারোটা-একটা-দুটো অবধি তাদের টির্কি টেনেও দে সায়র থেকে তোলা  
যায় না। লাগ সাপার থেতে যা দ্ব-একবার তাস ছাড়তে হয়, ব্যাস—ঐ।  
তখন হয় বলে ‘কী গরম’, নয় ঐ তাসের জেরই খানার টেবিলে টানে। চার  
ইঞ্জিনের না ডেকে তিন বে-তরুণ বললে ভালো হত, পুনর্বাপ উবল না বলে  
সে কি আহাম্মকই না করেছে!

জাহাজের বে-সরকারী ইতিহাস বলে, একটানা ছত্রিশ ঘণ্টা তাস খেলেছে  
এমন ঘটনাও নাকি বিরল নয়। এরা গরমে কাতর হয় না, শীতেও বেকাবু হয়  
না। ভগবান এদের প্রতি সময় ।

দ্বাবাখেলার চৰ্চা প্রথিবীতে ক্রমেই কমে আসছে। আসলে কিন্তু দ্বাবাড়েরাই  
এ ব্যাপারে দুনিয়ার আর সবাইকেই মাত করতে পারে। দ্বাবাখেলায় যে মানুষ  
কি রকম বাহ্যজ্ঞানশূন্য হতে পারে, সেটা না দেখলে বিশ্বাস করা যায় না।  
'পরশুরাম' লিখেছেন, এক দ্বাবাড়েকে যখন চাকর এসে বললে, 'চা দেব কি  
করে ?—দ্বু ছিঁড়ে গেছে' তখন দ্বাবাড়ে খেলার নেশাম্ব 'বললে, 'কি জৰালা,

সেলাই করে নে না !'

আরেক দল শুধু বই পড়ে। তবে বেশীর ভাগই দেখছি, ডিটেকটিভ উপন্যাস। ভালো বই দিবা-রাত পড়ছে এরকম ঘটনা খুব কমই দেখেছি।

আরেক দল মাঝে আজ্ঞা। সঙ্গে সঙ্গে গুনগুন করে—আজ্ঞার যেটা প্রধান ‘যেন্দ’—পরিনিষ্ঠা, পরচর্চা। সেগুলো বলতে আমার আপন্তি নেই, কিন্তু পাছে কোনো পাঠক ফস করে শুধায়, ‘এগুলো আপনি জানলেন কি করে, যদি নিজে পরিনিষ্ঠা না করে থাকেন ?’ তাই আর বললুম না।

আরো নানা গুরুত্বী নানা সংপ্রদায় আছে, কিন্তু আবুল আসফিয়া কোনো গোত্রেই পড়েন না। তিনি আজ্ঞাবাজদের সঙ্গে বসেন না বটে, কিন্তু আজ্ঞা মারেন না—খেয়া-নৌকার মাঝি যে রকম নদী পেরয়, কিন্তু ওপারে নাবে না। একথা প্রবেই বলেছি, কিন্তু আজ হঠাৎ তাঁকে দৈখ অন্যরূপে। খুলে কই।

পাসি‘ সেরে উঠে আবার জাহাজময় লক্ষ্য-বাম্প লাগিয়েছে। যেখানেই যাই সেখানেই পাসি‘। মাঝে মাঝে সন্দেহ জাগে, তবে কি পাসি‘র জন আচ্ছেক যমজ ভাই আছে নাকি ? একই লোক সাত জায়গায় একসঙ্গে থাকবে কি করে ?

সে-ই খবরটা আনলো।

কি খবর ?

জাহাজ সুয়েজ বশ্বরে পেঁচনোর পর চুকবে সুয়েজ থালে। খালিটি একশ মাইল লম্বা। দুঃ পাড়ে মরুভূমির বালু বলে জাহাজকে এগতে হয় ঘণ্টায় পাঁচ মাইল বেগে। তাহলে লাগল প্রায় কুড়ি-বাইশ ঘণ্টা। খালের এ-মুখে সুয়েজ বশ্বর, ও-মুখে সঙ্গী বশ্বর। আমরা যদি সুয়েজ বশ্বরে নেমে ট্রেন ধরে কাইরো চলে যাই এবং পিরামিড দেখে সেখান থেকে ট্রেন ধরে সঙ্গী বশ্বর পেঁচাই, তবে আপনাদের আপন জাহাজই আবার ধরতে পারব। যদিও আমরা মোটামুটি একটা তিভুজের দুই বাহু পারভ্যগ করব—আর সুয়েজ খাল মাত্র এক বাহু—তবু রেলগাড়ি তাড়াতাড়ি যাবে বলে আমরা কাইরোতে এটা ওটা দেখবার জন্য ঘণ্টা দশকে সময় পাব।

কিন্তু যদি সুয়েজ বশ্বরে নেমে সময়মত ট্রেন না পাই, কিংবা যদি কাইরো থেকে সময়মত সঙ্গী বশ্বরের ট্রেন না পাই আর সেখানে জাহাজ না ধরতে পারি, তখন কি হবে উপায় ?

পাসি‘ অসহিত হয়ে বললে, ‘সে তো কুক কোম্পানির জিম্মাদারি। তারাই তো এ টুর—না এক্সকার্শন, কি বলব ?—বশ্বোবন্ত করেছে। প্রতি জাহাজের জনাই করে। বিস্তর লোক যায়। চলুন না, নোটিশ বোডে‘ দৈখয়ে দিচ্ছি—কুকের বিজ্ঞাপন।’

শ্রিমতি‘ সেখানে গিয়ে সার্টিশয় মনোযোগ সহকারে প্রস্তাবটি অধ্যয়ন করলুম।

কিন্তু প্রস্তাবটির শেষ ছত্র পড়ে আমাদের আকেল গুড়ুম নয়, দড়াম করে ফেটে গেল। এই এক্সকার্শন—বন-ভোজ কিংবা শহর-ভোজ, যাই বলো, যাচ্ছ তো কাইরো ‘শহরে’—যাঁরা করতে চান তাঁদের প্রত্যেককে দিতে হবে সাত

পেশ অথ'ৎ প্রায় একশ টাকা। পল বললে, 'হরি, হরি,' (অবশ্য ইংরিজীতে 'গুড হেভেনস', 'হাই গুডনেস' এই জাতীয় কিছু একটা) এত টাকা যদি আমার থাকবেই তবে কি আমি এই জাহাজে ফাস্ট' ক্লাসে যেতুম না ?'

আমি বেদনাতুর হওয়ার ভাব করে বললুম, 'কেন ভাই, আমরা কি এতই খারাপ লোক যে আমাদের ডাবার জন্য তৃণ ফাস্ট' ক্লাসে যেতে চাও ?'

পল তো লজ্জায় লাল হয়ে তোলাতে আরম্ভ করলে।

আর পাস ? সে তো হন্দুনের মতো চুক্কারে নত্য করে বলতে লাগল, 'বেশ হয়েছে, খুব হয়েছে। করো মস্করা সারের সঙ্গে ! বোঝো ঠালা !'

আমি বললুম, 'ব্যস, ব্যস। হয়েছে। হয়েছে। কিন্তু পাস', একশ টাকা তো চাট্টিখানি কথা নয়। আমাকেই তো টাল-মাটাল হয়ে টাকাটা টানতে হবে।'

'পাস'কে দমানো শক্ত। বললে, 'অপরাধ নেবেন না, স্যুর, কিন্তু আমি-ই বা কোন হেনরি ফোড' কিংবা মিডাস্ রোট্শিল্ডট ? কিন্তু আমি মনিষ্ঠর করেছি, আমার জেবের শেষ পোনি দিয়ে আমি পিরামিড দেখবই দেখব। চৈনা দেওয়াল দেখার পর পিরামিড দেখব না আমি ? মুখ দেখাব তা হলে কি করে ? তার চেয়েও খারাপ, আয়নাতে নিজেরই মুখ দেখব কি করে ?'

অনেক আলোচনা, বিস্তর গবেষণা করা হল। শেষটায় স্থির হল, পিরামিড-দশ'ন আমাদের কপালে নেই। গালে হাত দিয়ে যখন ত্রিমুতি' আপন মনে সেই শোক ভোলাবার চেষ্টা করছি এমন সময় আবুল আসফিয়া মুখ থুললেন।

তাঁর সনাতন অভ্যাস অনুষ্ঠানী তিনি আমাদের আলোচনাশুনে ঘাঁষ্টলেন। ভালো মন্দ কিছুই বলেন নি। আমরা যখন স্থির করলুম, আমরা ট্রিপটা নেব না তখন তিনি বললেন, 'এর চেয়ে সন্তাতেও হবে।'

আমরা একসঙ্গে চেঁচিয়ে শুধালুম, 'কি করে ? কি করে ?'

বললেন, 'সে কথা পরে হবে।'

তাঁর পর আপন চোর ছেড়ে খানা-কামরার দিকে চলে গেলেন।

## ॥ ১০ ॥

পল আর পাস'কে এখন আর বড় একটা দেখতে পাই নে। ওরা আবুল আসফিয়ার কোটের উপর ডাকটিকটের মত সে'টে বসেছে—ছিনে জে'কের মতো লেগে আছে বললে কমিয়ে বলা হয়, কারণ রক্ত শোষা শেষ হলে তবু ছিনে জে'ক কামড় ছাড়ে—এরা খানের উপর ডাকটিকটের মতো, যেখানেই আবুল আসফিয়া দেখানেই তারা। মুখে এক বুলি, এক প্রশ্ন—কি করে সন্তায় কাইরো গিয়ে সেখান থেকে সন্তাতেই ফের সঙ্গে বশ্বরে জাহাজ ধরা যায় ? আবুল আসফিয়া বলেন, 'হবে, হবে, সময় এলে সবই হবে।'

শেষটায় জাহাজ যেদিন সংয়েজ বশ্বরে পে'ছিবে তার আগের দিন তিনি

রহস্যটি সমাধান করলেন। অতি সরল ঘীরামসো। আমাদের মাথার  
থেলে নি।

আবুল আসফিয়া বললেন, ‘কুক কোম্পানির লোক টুরিস্ট সায়েব-  
সুবোদের নিয়ে যাবে গাড়িতে ফাস্ট খাসে করে—সুয়েজ থেকে কাইরো, এবং  
কাইরো থেকে সঙ্গে বশ্বর। কাইরোতে যে রাত্রি-বাস করতে হবে তার  
ব্যবস্থাও হবে অতিশয় খানখানী, অতএব মাগগাঁ হোটেলে। আমরা যাব  
থার্ড, এবং উঠের একটা সন্তা হোটেলে। তা হলৈই হল।’

প্রথমটায় আমরা অবাক হয়ে গিয়েছিলুম। সবিতে ফেরা মাত্র আমার মনে  
আরেকটি কঠিন সমস্যার উদয় হল। যাদি কোনো জায়গায় আমরা ট্রেন মিস  
করি কিংবা অন্য কোনো দ্রুঁটনার মুখে পড়ে যাই আর শেষটায় সঙ্গে বশ্বরে  
ঠিক সময়ে পেঁচে জাহাজ না ধরতে পারি তবে যে আমাদের চক্র চড়ক গাছ।  
বরঞ্চ চা খেতে প্ল্যাটফর্মে নেমেছি, আর গাড়ি মাল-পত্র নিয়ে চলে গেল সে  
সমস্যারও সমাধান আছে কিন্তু জাহাজ চলে গেলে কত দিন সঙ্গে বশ্বরে পড়ে  
থাকতে হবে, তার কি খরচা, নৃতন জাহাজে নৃতন টিকিটের জন্য কি গচ্ছা  
এসব তো কিছুই জানি নে। কুকের লোক এ সব বিপৰ-আপদের জন্য  
জিম্মেদার, কিন্তু আবুল আসফিয়াকে জিম্মেদার করে তো আর আমাদের  
চারাখানা হাত গজাবে না? তাকে তো আর বলতে পারব না, ‘মশাই,  
আপনার পাল্লায় পড়ে এত টাকার গচ্ছা হল—আপনি সেটা ঢালুন।’

শেষের কথাটা বাব দিয়ে আমার সমস্যাটা নিবেদন করাতে তিনি উঠে  
দাঁড়িয়ে চলে গেলেন। যাবার সময় মাত্র একটি বাক্য বললেন, ‘নো রিস্ক,  
নো গেন’—সোজা বাঙলায়, ‘খেলেন দই রমাকান্ত আর বিকারের বেলা  
গোবশ্বন’ সে হয় না। তুমি যাদি দই খেতে চাও তবে বিকারটা হবে তোমারই।  
মাগুর মাছ ধরতে হলে গতে’ হাত দিতে হবে তোমাকেই। কিছুটা ঝুঁকি  
নিন্তে রাজী না হলে কোনো প্রকারের লাভও হয় না।

আবুল আসফিয়ার ‘নো রিস্ক, নো গেন’ এই চারটি কথা—চাঁটিখানি  
কথ নয়—শুনে পল দৃশ্চিন্তা-ভরা গলায় বললে, ‘তাই তো !’

পার্সি মাথা নাড়িয়ে নাড়িয়ে বললে, ‘সেই তো !’

আমি বললুম, ‘ঐ তো !’

পল বললে, ‘কংবা মনে করুন কাইরোতে পথ হারিয়ে ফেললুম। আবুল  
আসফিয়া কি কাইরোর ভাষা জানেন? সেখানকার মোকে কি বুলি বলে  
তার নামই তো জানি নে !’

পার্সি বললে, ‘দেখো পল, তুমি কি জানি জানো না তার ফিরাস্তি বানাবার  
এই কি প্রশংস্তম সময়? তাতে আবার সময়ও তো লাগবে বিস্তর।’

আমি পার্সি’কে ফাঁকা ধূমক দিয়ে বললুম, ‘আবার! পলকে বললুম,  
‘আবৰৰী। কিন্তু কিছু কিছু লোক নিচ্যেই ইঁরিজী ফরাসী জানে। রাস্তা  
ফের খুঁজে পাওয়া যাবে নিচ্যেই।’

পল বললে, ‘যাবে নিচ্যেই। কিন্তু ততক্ষণে হয়তো জাহাজ বশ্বর ছেড়ে

চলে গিয়েছে।'

আরো অনেক অসুবিধার কথা উঠল। তবে সোজা কথা এই দাঁড়াল, একটা দেশের ভাষার এক বর্ণ না জেনে, এতখানি কম সময় হাতে নিয়ে সে দেশে ঘোরাঘুরি করা কি সমীচীন? এতই যদি সোজা এবং সন্তা হবে তবে এতগুলো লোক কুকের ন্যাজ ধরে যাচ্ছে কেন? একা-একা কিংবা আপন-আপন দল পার্কিয়ে গেলেই তো পারত। তাই দেখা যাচ্ছে আবুল আসফিয়ার 'নো রিস্ক, নো গেন' প্রবাবে - অন্ত এক্ষেত্রে—'রিস্ক' ন সিকে, গেন মেরে-কেটে চোন্দ পয়সা। রবি ঠাকুর বলেছেন,

'আমার মতে জগৎটাতে ভালোটাই প্রাধান্য,—

মন্দ যদি তিন-চলিশ, ভালোর সংখ্যা সাতামা।'

যদি আমাদের রিস্ক সাতামা আর গেন, তিন-চলিশ হত তা হলেও আমরা কানাইলালের মতো সোল্লামে 'ইহান্না' বলে ঝুল পড়তুম—যাচ্ছ তো মুসলমান দেশে।

তখন স্থির হল, আবুল আসফিয়াকে পাকড়াও করে আরেক দফা সীবস্ত্র সওয়াল জবাব না করে কোনো কিছু পাকাপার্ক মনন্ত্ব করা যাবে না।

ধূয়া-ভূয়া করে করে, বিস্তর খৈজাখৰ্জিজির পর আমরা আবুল আসফিয়াকে পেলুম উপরের ডেকের এক কোণে, আপন মনে গুনগুনিয়ে গান গাইছেন। আমাদের দেখে, আমাদের কিছু বলার প্ৰবেই বেশ একটু চড়া গলায় বললেন, 'আমি কোনো কথা শুনতে চাই নে। আমি কোনো উষ্টৰ দিতে পারব না। আমি কাইরো ধাব। তোমরা আসতে চাও ভালো, না আসতে চাও আরো ভালো।'

সঙ্গে সঙ্গে যেন আরো একটা শব্দ শুনতে পেলুম—শব্দটা ফাসী', 'বৃজ-দিল'—অর্থাৎ বকরির কলিজা, অর্থাৎ 'ভীতুরা সব'।

এই শাস্ত্রপূর্ণতির সদাশিব লোকটির কাছ থেকে আমরা এ-আচরণ প্রত্যাশা করি নি। এ যেন সেনাপতির আদেশ, 'আমি তা হলে একাকী শত্ৰু-সেন্য আক্রমণ কৱিব, তোমরা আসো আৰ নাই আসো।' শ্রিমূর্তি লগড়াহত সার-মেয়বৎ নিম্নপৃষ্ঠ হয়ে স্ব-স্ব আসনে ফিরে এলুম। কারো মুখে কথা নেই। নিঃশব্দে আহারাদি করে যে যাব কেবিনে শুয়ে পড়লুম।

'সিংহের ন্যাজে মোচড় দিতে নেই' কথাটি অতি খাঁটি, কিন্তু আবুল আসফিয়া সিংহ না মকট সেটা তো এখনো কিছু বোঝা গেলুনা। তাৰ আচরণ তেজীয়ান না লেজীয়ানের লক্ষণ তাৰ তো কোনো হীনস পাওয়া গেল না।

॥ ১১ ॥

পৰিবিন নিম্নভঙ্গে কৰিবন ছেড়ে উপরে আসতেই দেখি হৈ-হৈ বৈ-বৈ কাঢ়! এক দল লোক আবুল আসফিয়াকে ঘিরে নানা রকমের প্ৰশ্ন শুধোচ্ছে। কুক

কোম্পানি কাইরো দেখবার জন্য চায় একশ টাকা আর আপনি বলেন, পশ্চাৎ টাকাতেই হয়, সেটা কি প্রকারে স্বত্ব ? আরেক দল বলে, তারাও আসতে রাজী কিন্তু যদিস্যাং কোনো প্রকারের গড়বড়-সড়বড় হয়ে যায় আর তারা জাহাজ না ধরতে পারে তখন যে ভয়ঙ্কর বিপদ উপস্থিত হবে তার কি সমাধান ?

অর্থাৎ ইতিমধ্যে আমাদেরই মত আমাদের গরিব সহযাত্রীরা জেনে গিয়েছে সন্তাতেও কাইরো এবং পিরামিড দেখা যায়। কাজেই এখন আর পল, পাসি', আমি এই গ্রিন্টি', এবং আবুল আসফিয়াকে নিলে চতুর্মুখ—এখন আর তা নয়, এখন সমস্যাটা সহস্রনয়না হয়ে গিয়েছে, জনগণমন সাড়া দিয়েছে।

আবুল আসফিয়া কেবল মাঝে মাঝে বলেন, 'হো জায়গা, সব কুছ হো জায়গা !'

হিন্দুস্তানী বলছেন কেন ? তিনি তো ইংরিজী জানেন। তখন লক্ষ্য করলুম, যে সব দল তাঁকে ঘিরে দাঁড়িয়েছে তাদের ভিতর রয়েছে ফরাসী, জর্মন, ফ্রেন্সি, রুশ আরো কত কি। এরা সবাই বোঝে, এমন কোনো ভাষা ইহ-সংসারে নেই। তাই তিনি নিশ্চিন্ত মনে মাত্তভাষায় কথা বলে যাচ্ছেন। ইংরিজ বললে যা, হিন্দুস্তানী বললেও তা। ফল একই।

এমন সময় আমাদের দলের সব চেয়ে সুন্দরী মহিলা মধ্যে এবং দরবরে গলায় বললেন, 'মাসুমো আবুল, যদি কোনো কারণে আমরা জাহাজ মিস্‌কৰি তখন যে আমরা মহা বিপদে পড়ব। আপনি তো আমাদের কাউকে তার অনিছায় জোর করে নিয়ে যাচ্ছেন না যে আপনাকে তখন জিম্মাদার হতে বলব ?'

ক্লোবেৎ শেনিয়ের যা বললেন, তার মোটাঘুটি অর্থ, 'আপনি যে আমাদের নিয়ে যাচ্ছেন তার জিম্মাদারি আপনার নয়, কিন্তু যদি কোনো রকমের বিপর্যয় উপস্থিত হয় তবে তার গুরুত্বে আপনি ভালো করে বিবেচনা করে দেখলে হয় না কি ?'

উপস্থিত সকলের মনোভাব মহিলাটি যেন অতি ললিত ভাষায় বুঝিয়ে দিলেন। সবাই চিংকার করে সায় দিলে আপন আপন ভাষায়।

ফরাসী দল—উই উই,

জর্মন দল—ইয়া ইয়া,

ইতালীয় দল—সি সি,

একটি রাশান—দা দা,

গুটি কয়েক ভারতীয়—ঠিক হৈ ঠিক হৈ,

পল পাসি'—ইয়েস ইয়েস,

আমি নিজে কিছু বল নি,—কিন্তু সে কথা যাক।

আবুল আসফিয়া উত্তরে ঘাড় নিচু করে বললেন, 'মে জিম্মেদার হুঁ !'

তাঁকে যদিও কেউ জিম্মেদার হবার শত' চায় নি তবু তিনি জিম্মেদার, এটা সম্পূর্ণ 'তাঁরই দায়িত্ব' !

চাকরির সম্মানে গিয়ে এক বাঙালী বড় সাহেব ইংরেজকে খুশী করার জন্য বলে-ছিল, ‘হংজুর আপনার বাঙলোতে আসবার জন্য ভয়ের চোটে পা আর ওঠে না। যদি এক পা এগোই তো তিন কক্ষ পিছিয়ে যাই ।’ বড় সায়েব মাঝই যে গাধা হয় তা নয়,—এ সায়েবের ব্রহ্মথ ছিল। বাবুর কথাশেষ হতে না হতেই শুধাল, ‘তা হলে এখানে পেঁচলে কি করে ?’ সায়েব যে বাবুর বিনয় বচন এতখানি শৃঙ্খলাথে নেবেন বেচারী সেটা অনুমান করতে পারে নি। প্রথমটা হকচকিয়ে গিয়েছিল বটে কিন্তু চাকরির ফিকিরে বাঙালীর কাছে কোনো কসরত কোনো কোশলই অজ্ঞান নেই। একটিমাত্র শুকনো ঢৌক না গিলেই বললে, ‘হংজুর, তাই আমি আপন বাড়ির দিকে ঘুঁথ করে চলতে আরঞ্জ করলুম আর এই দেখলুন দিব্য হংজুরের বাঙলোতে পেঁচে গিয়েছি ।’

গচ্ছের বাকিটা আমার মনে নেই, তবে আবুল আসফিয়ার কাইরো ভ্রমণ প্রস্তাবে উমেদাবরা যদি এক পা এগোন তবে তিন পা পিছিয়ে যান। পল, পার্মস’ আর আমি ছাড়া কেউই পাকাপার্ক কথা দেন না, আমাদের পার্টিতে আসছেন কি না। অথবা যদি বাড়িতে তরো-বেতরো প্রশ্ন। গাড়ি যদি রিস্ক করি, কাইরোতে হোটেলে যদি জায়গা না মেলে, যদি রাত্তিবেলা হয় আর আকাশে চাঁপ না থাকে তবে প্রিপরামিড দেখব কি ক’রে, আরো কত কি বিদ্যুটে সব প্রশ্ন ! শুধুকে আবুল আসফিয়া আপন কেবিনে খিল দিয়ে শুঁয়ে আছেন। প্রশ্নের ঢেলা নামলাতে হচ্ছে আমাদেরই —আমরা যেন ইংলণ্ডের রাজা পঞ্চম ভারতীয় ভাইস্‌রয় ! শেষটায় আমরাও গো-চাকা দিতে আরঞ্জ করলুম।

সম্মের বৌকে জাহাজ সুয়েজ বশ্বরে পেঁচল। সুয়েজ খালের ঘুঁথে এসে জাহাজ নোঙর ফেলতেই ডাঙা থেকে একটা স্টৈম-লগ এসে জাহাজের গা ঘেঁষে দাঁড়াল। তখন জানা গেল আবুল আসফিয়ার দলে সবসম্মত আমরা নজন মাচ্ছ। তাঁকে নিয়ে দশ জন।

কুকের গাইড স্টৈম-লগে করে ডাঙা থেকে জাহাজে এসেছিল। দেখলুম, তার দলে বারো জন ধাত্রী। তা হলে আমাদের দশ জন এমন মশ্ব কি !

গাইড চড়চড় করে সিঁড়ি বেয়ে লগে নামল—পিছনে পিছনে তাঁর দলের বারো জন নামল পাংড়া-গরুর ন্যাজ ধরে পাপী যে রকম ধারা বৈত্তরণী পেরোয়। আমাদের আবুল আসফিয়াও চচড় করে নামলেন যেন কত ঘুণের ঝান্দ গাইড !

কুকের গাইড এ রকম ব্যাপার আগে কখনো দেখে নি। তার তদ্বির জিঞ্চেদারী উপেক্ষা করে এক পাল লোক চলেছে আপন গোঠবেঁধে—এতখানি রিস্ক- নিয়ে—এ ব্যাপার তার কাছে সম্পূর্ণ অবিশ্বাস্য। আবুল আসফিয়ার দিকে যে ধরনে তাকালে তাতে সে দ্বৰ্বাসা হলে তিনি নিশ্চয়ই প্রত্যে থাক হয়ে যেতেন—উনিই তো তার মক্কেল ঘোরেছেন।

তখন ভালো করে দেখলুম আবুল আসফিয়ার নবীন বেশভূষা। সেই সৈয়দুর মুজতবা আলী রচনাবলী (৭ম)—৪

খুলে-পড়া আঠারো-পকেটি কোট, মাটি-ছোয়া চোঙা-পানা পাতলুন তিনি বর্জন করে পরেছেন, একদম ফাস্ট ক্লাস নেভি ব্র্ৰ. স্ট্ৰ-কোট, পাতলুন ওয়েল্ট কোট সমেত—সোনালি বেনারাসি সিঙ্গেৰ টাই, তদৃপূরি ডাইমণ্ড টাই-পিন, পায়ে পেটেচ লেদারের মোলায়েম জুতো, তদৃপূরি ফন্ রঙের প্যাট, মাথায় উচ্চাপের ফেলট্ হ্যাট, গৱণ বলে বাঁ হাতে ধৰে রেখেছেন নেবু রঙের কিড় প্লাভস্ ডান হাতে চামড়ার একটি পোট'ফোলিয়ো।

বিবেচনা কৱলুম, এই সৰ্টে আঠারোটা পকেট নেই বলে তিনি পোট'-ফোলিয়োতে টাঁফ চকলেট, সিগৱেট, ভাৰ্তি কৱেছেন।

স্বৰ্যাস্তের সঙ্গে সঙ্গে ঘন নীলাকাশ কেমন যেন স্বর্যের লাল আপন নীলে মিলে বেগৰ্নি রঙ ধৰতে আৱশ্য কৱলৈ। তাৱই আভাতে লাল দৰিয়াৰ আনীল জলে ফিকে বেগৰ্নি রঙ ধৰে নিছে। ভূমধ্যসাগৰ থেকে, একশ মাইল পৰিৱে আসছে মশুমধুৰ ঠাণ্ডা হাওয়া। সে হাওয়া লাল দৰিয়াৰ এই শেষ প্রাণ্টে তুলেছে ছোট ছোট তৱঙ্গ। তাৱ-ই উপৰ দিয়ে দূলে দূলে আসছে আমাদৰে পটীমলগ্ন। তাৱ রঙ আসলে সাদা কিষ্টু এই নীল লাল বেগৰ্নিৰ পাল্লায় পড়ে তাৱো রঙ যেন বেগৰ্নি হতে আৱশ্য কৱলৈ।

পটীমলগ্নটি শুভ্রপৃষ্ঠ রাজহংসবৎ। রাজহংস সাঁতার কেটে যাবাৰ সময় যে রকম শুভ্র বৰ্ষীচিতৰঙ্গ জাঁগয়ে তোলে, এ তৱৰণীটিও তেমনি প্ৰপেলাৱেৰ তাড়নায় জাঁগয়ে তুলেছে শুভ্র ফেননিভ ক্ষুদ্ৰ ক্ষদ্ৰে অসংখ্য চক্ৰবৰ্ত। বড় জাহাজেৰ বিৱাট প্ৰপেলাৱ যথন এ রকম আৰব' জাগায় তখন সেদিকে তাকাতে ভয় কৱে, মনে হয় ঐ দয়ে পড়লে আৱ রক্ষে নেই কিষ্টু ক্ষুদ্ৰে লঞ্জেৰ ছোট ছোট দয়েৰ একটি সৱল মাধুৰ্য' আছে। ঘণ্টাৰ পৰ ঘণ্টা তাকিয়ে থাকা যায়।

স্বৰ্য' অন্ত গেল মিশৱ মৱ্বুমিৰ পিছনে। পশ্চাৎ স্বৰ্যাস্ত, সমুদ্ৰেৰ স্বৰ্যাস্ত যেমন আপন আপন বৈশিষ্ট ধৰে ঠিক তেমনি মৱ্বুমিৰ স্বৰ্যাস্তও এক দৰ্শনীয় সৌন্দৰ্য'। সোনালী বালিতে স্বৰ্য'ৱিশ্ব প্ৰতিফলিত হয়ে সেটা আকাশেৰ বুকে হানা দেয় এবং ক্ষণে ক্ষণে সেখানকাৰ রঙ বদলাতে থাকে। তাৱ একটা রঙ ঠিক চেনা কোন জিনিসেৰ রঙ সেটা বুঝতে না বুঝতে সে রঙ বদলে গিয়ে অন্য জিনিসেৰ রঙ ধৰে ফেলে। আমাদৰে কথা বাদ দাও, পাকা আৰ্টিশ্টোৱা পৰ্যন্ত এই রঙেৰ খেলা দেখে আপন রঙেৰ পেলেটেৰ দিকে তাকাতে চান না।

সুয়েজ বঢ়ৰে ইংৱেজ সৈন্যদেৱ একটা ঘ'টি আছে। তাই রবি ঠাকুৱেৰ ভাষায় ‘বড় সায়েবেৰ বিবিগুলো নাইতে নেমেছে।’ কেউ আবাৰ ছোট ছোট নোকো কৱে এখানে ওখানে ঘোৱাঘুৱি কৱেছে। নোকোগুলি হালফ্যাশনেৰ ক্যাম্বসে তৈৱৈ। নোকোৱ পাঁজিৰ ভেনেন্টা কাঠেৰ দড় শলা দিয়ে বানিয়ে তাৱ উপৰ ক্যাম্বস মুড়ে দেওয়া হয়েছে। এ জাতীয় নোকো কলাপ্ সিবল-পোটেবল্ অৰ্থাৎ নৌ-ভ্ৰমণেৰ পৰ ভেনেন্টাৰ পাঁজিৰ আৱ ক্যাম্বসেৰ চামড়া আলাদা আলাদা কৱে নিয়ে, ব্যাগেৰ ভিতৰ প্যাক্ কৱে বাড়ি নিয়ে হাওয়া যায়। ওজন দশ সেৱেৰ চেয়েও কম। পৰিপাটি ব্যবস্থা। অবশ্য নোকো-গুলো খুবই ছোট। দৃঢ়ন মুখোমুখি হয়ে কায়কেশে বসতে পাৱে।

মাঝখানে সামান্য একটু ফাঁকা জায়গা সেখানে জল বাঁচিয়ে টুইকটাকি জিনিস  
রাখার ব্যবস্থা আছে। একজোড়া গুণী দোখ সেখানে একটা পোর্টেবলের  
উপর রেকড' লাগিয়েছে ব্লু ডানয়্যবের।

ঐ তো মানুষের স্বভাব, কিংবা বলব বঙ্গাজি। যেখানে আছে সেখানে  
থাকতে চায় না। যে জোড়া ব্লু ডানয়্যব বাজাছে তাদের ঘৰি এক্সনি  
ডানয়্যব নদীর উপরে ভাসিয়ে দাও তবে তারা গাইতে শব্দ করবে, 'মাই হার্ট  
ইজ ইন্ দি হাইল্যাণ্ড ; মাই হার্ট ইজ নট-হিয়ার' !

তাকে ঘৰি তখন তুমি স্কটল্যাণ্ডের হাইল্যাণ্ডে নিয়ে যাও তবে সে গাইতে  
আরঞ্জ করবে, 'ইং রোজেন-গার্ডন ফন্ সাঁসুসী' অর্থাৎ 'সাঁসুসীর গোলাপ-  
বাগানে'—সাঁসুসী পৎস্দামে, বালিনের কাছে। তখন ঘৰি তুমি তাকে  
বালিন নিয়ে যাও তবে সে গাইতে আরঞ্জ করবে ভারতবর্ষের গান। জর্মানির  
বড় কৰি কি গেয়েছেন শোনো,

গঙ্গার পার—শব্দের গুরু ত্রিভুবন আলো ভরা—  
কত না বিরাট বনস্পতিরে ধরে  
প্ৰস্থ রমণী সুস্মৰ আৱ শাস্তি প্ৰকৃতি-ধৰা  
নতজানু হয়ে শতদলে পঞ্জা কৰে।

আম্ গাঙ্গেস্ ভুফ্টেট্ স্ লয়েস্টেট্ স্  
উন্ট্ রীসেন্ বয়মে ব্লুয়েন,  
উন্ট্ শ্যোনে স্টিলে মেনশেন  
ফুর্ লটসুন্মেন ক্লিয়েন।

এবং সেখানেও যখন মন ওঠে না তখন গেয়ে ওঠেন স্বপ্নপূরীর গান, যে  
পুরী কেউ কথনো দেখে নি, যার সঙ্গে আমাদের মত সাধারণ জনের কোনই  
পরিচয় নেই, কাৰিবী শুধু যাকে মত্ত্যোকে নামিয়ে আনাৰ চেষ্টা কৰেন—

কোথা হায় সেই আনন্দনিকেতন ?  
স্বপ্নেই শুধু দোখ সে ভুবন আমি,  
ৱাৰিকৰ এল, কেটে গেছে হায়, যামী  
ফেনার মতন মিলে গেল এ স্বপন।

আখ, ইয়েনেস লান্ট ডেৱ ভনে,  
ডাস্ জে ইষ্ অফ্ট্ ইং প্রাউম ;  
ডখ্ কম্ট্ ডী মগেন্জনে,  
ফেৱন্স্ট্ ভী আইটেল্ শাউম।

আমি কিন্তু যেখানে আছি সেখানে থাকতেই ভালোবাসি। নিতান্ত বিপথে  
না পড়লে আমি আপন গাঁ ছেড়ে বেরতে রাজী হই নে। দেশভ্রমণ আমার দৃ  
চোখের দৃশ্যমন। তাই যখন বিবিঠাকুৱ আপন ভূমিৰ গান গেয়ে ওঠেন তখন  
আমি উদ্বাহু হয়ে ন্ত্য আৱঞ্জ কৰি। শোনো—

তোমরা বল, স্বর্গ ভালো  
 সেথায় আলো  
 রঙে রঙে আকাশ রাঙায়  
 সারা বেলা  
 ফুলের খেলা  
 পার্লডাঙায় !  
 হক না ভালো যত ইচ্ছে—  
 কেড়ে নিচ্ছে  
 কেই বা তাকে বলো, কাকী ?  
 যেমন আছি  
 তোমার কাছেই  
 তের্মানি থাকি !  
 এ আমাদের গোলাবাড়ি  
 গোরূর গাড়ি  
 পড়ে আছে চাকা ভাঙা,  
 গাবের ডালে  
 পাতার লালে  
 আকাশ রাঙা।  
 সম্ম্যবেলায় গৃহপ বলে  
 রাখো কোলে  
 মিটমিটিয়ে জলে বাতি।  
 চালতা-শাখে  
 পেঁচা ডাকে  
 বাড়ে রাতি।  
 স্বর্গে যাওয়া দেব ফাঁক  
 বলছি, কাকী,  
 দেখব আমায় কে কী করে।  
 চিরকালই  
 রইব থালি।  
 তোমার ঘরে।

এ ছেলে তার কাকীমার কোলে বসে গলা জড়িয়ে ষা বলেছে সে-ই আমার  
 প্রাণের গান, তাতে আমার সর্ব দেহ-মন সাড়া দেয়। বিঞ্চির দেশভ্রমণের পর  
 আমি তাই এই ধরণের একটি কবিতা লিখেছিলুম। কত না ঝুলোঝুলি, তারো  
 বেশী ধৰ্মে দেবার পর যখন কোনো সংপাদক সেটা ছাপতে রাজ্ঞী হন নি—  
 ‘বসুমতী’র সংপাদকও তাদেরই একজন—তখন তোমাদের ঘাড়ে আজ আর সেটা  
 ঢাপাই কোন অধম‘ বুঝতে ?

ধূম করে ধাক্কা লাগতে সংবিতে ফিরে এলুম। লগ পাড়ে লেগেছে। কিন্তু

এরকম ধাক্কা লাগায় কেন? আমাদের গোয়ালশব্দ চাঁদপুরে তো এরকম বেয়াববী  
ধাক্কা দিয়ে জাহাজ পাড়ে ভিড়ে না!

আবার!

‘সেই পূর্ণমা-সম্মায়,  
দেশ পানে ঘন ধায়।’

॥ ১৩ ॥

সুয়েজ বশ্বর কিছু ফেলনা বশ্বর নয়। বশ্বরটার ‘সামরিক’ গুরুত্ব—স্ট্রাটেজিক  
ইম্পটেন্স—আছে বলে ইংরাজকে তার নৌবহরের একটা অংশ এখানে রাখতে  
হয়। যে সব গোরাদের কার্যবিসের নৌকোয় করে জলকেলি করতে দেখেছিলুম  
তারাই এই সব নৌবহরের তদারকি করে। ফলে তাদের জন্য এখানে দিব্য  
একটা কলোনি গড়ে উঠেছে।

কিন্তু, কিছুই নয়, কিছুই নয়, পূর্বের তুলনায় আজ সুয়েজ বশ্বরের কি  
আর জমক জৌলুস! কেপ তাব গড়ে হোপের পথ না বেরনো পর্যন্ত, এমন কি  
তার পরও ভারতবর্ষ, বর্মা, মালয়, যবদ্বীপ, চীন থেকে যে-সব জিনিস রপ্তানি  
হত তার অধিকাংশই সমন্বয়ে এসে নামত সুয়েজ বশ্বরে—এবং ভুললে চলবে  
না, তখনকার দিনে প্রাচ্যই রপ্তানি করত বেশী। এখান থেকেই ফিনিশয়ানরা,  
তার পরে প্রীক, তার পর রোমান, তারপর আরবরা ভারতের দিকে রওয়ানা  
হত। ভারত থেকে মাল এনে সুয়েজে নামানো হত। সুয়েজ থেকে একটা  
খালে করে এসব মাল যেত কাইরোতে এবং সেখান থেকে নীল নদ বয়ে সে মাল  
প'ছিত আলেক-জেনেভার—আরবীতে যাকে বলে ইস্কন্দরিয়া। সেখান  
থেকে ভেনিসের মাধ্যমে তাবৎ ইয়োরোপ।

এই সব মাল কেনা-কাটা আমদানি রপ্তানিতে ভারতবর্ষের প্রচুর সদাগর-  
শ্রেষ্ঠী, মাঝি-মাল্লার বিরাট অংশ ছিল। যে যুগে ভাস্কো-দা-গামা এ পথকে  
নাকচ করে দেবার জন্য আঞ্চলিক ঘৰে ভারতে আসার পথ বের করলেন সে  
যুগে পূর্বপ্রাচ্যের তাবৎ ব্যবসা-বাণিজ্য ছিল ভারতীয় এবং সুয়েজ অঞ্চলের  
মিশরীয়দের হাতে।

এক দিকে ভারতীয় এবং মিশরীয়; অন্য দিকে ভাস্কো-দা-গামার বংশধর  
পর্তুগীজ দল।

জাত তুলে কথা কইতে নেই, তাই ইশারা-ইঙ্গিতে কই। এই যে পর্তুগীজ  
গুর্ভারা গোয়া নিয়ে আজ দ্বাবড়াবড়ি করছে এ-কিছু ন্তৃত্ব নয়। ওদের  
স্বভাব ঐ। এক কালে তারা জলের বোম্বেতে ছিল, এখন তারা ডাঙোয় গুর্ভা।  
'বোম্বেটে' শব্দের মূল আর অর্থ 'অনুসম্মান করলেই কথাটা সপ্রমাণ হবে।  
'বোম্বেটে' কিছু বাঙালীদের উব'র মান্ত্রিক থেকে বানানো আজগুবি কথা নয়।  
'বোম্বেটে' শব্দ এসেছে ঐ পর্তুগীজদের ভাষা থেকেই—bombardeiro, অর্থাৎ  
যারা না-বলেনা-করে যন্ত্ৰ-তন্ত্ৰ bomba—বোমা ফেলে। হয়তো বলবে, আমাদের

কলকাতাতেই কেউ কেউ এরকম বোমা ফেলে থাকে,—কিন্তু তাদের সংখ্যা এতই নগণ্য এবং ধৃণ্য যে আজ তাবৎ কলকাতাবাসীকে কেউ বোক্ষেটে নাম দেয় নি। কিন্তু তাবৎ পতু'গীজরাই এই 'অপকম' করত বলে তাদের নাম হয়ে গেল 'বোক্ষেটে'।

ওদের দ্বিতীয় নাম—আমাদের বাঙ্গলা ভাষাতেই—'হারমদ'। সেটাও পতু'গীজ কথা 'armada' থেকে এসেছে। বিখ্যাত কোষকার স্বর্গীয় জ্ঞানেন্দ্র মোহন দাস তাঁর সুবিখ্যাত অভিধানে এ শব্দের অর্থ করতে গিয়ে বলেছেন, 'পতু'গীজ জলদসূজ্যর যখন বাঙ্গলা দেশের সুস্থরবন অঞ্চলে প্রথম হানা দেয় তখন তাদের অসহ্য অত্যাচারে অতিষ্ঠ হয়ে বাঙালীরা সুস্থরবন অগ্নি ত্যাগ করতে বাধ্য হয়। আমাদের ঘরোয়া কৰিকুলগ মুকুদরামের চণ্ডীকাব্যে আছে,—

‘ফিরিঙ্গির দেশখান বাহে কণ্ঠারে ।

রাণিতে বহিয়া যায় হারমদের ডরে ॥’

অর্থাৎ এই সব 'হারমদ'—'armada,' 'বোক্ষেটে' 'bombardero'-দের ডরে তখন দক্ষিণ-বাঙ্গলার লোক নির্বিকুণ্ঠ মনে ঘূর্মাতে পারত না।

এছলে যদিও অবাস্তু, তবু প্রশ্ন, বাঙালীরা এত ভয় পেয়ে পালাল কেন?

উত্তরে বলি, যে-কোনো বশ্বরে, জাহাজ থেকে নেমে, এক পাল লোক সেটাকে লুট-ত্রাজ করতে পারে। এটা আদপেই কোনো কঠিন কম' নয়, যদি,—

এইখানেই এক বিরাট 'যদি'—

যদি দে রাজা তার সমন্ত্বকুল রক্ষার জন্য নৌবহর মোতায়েন না করেন। জনপদ রক্ষা করার জন্য যে রকম প্রালিস-সেপাই রাজাকেই রাখতে হয়, ঠিক তেমনি সমন্ত্বকুলবাসীদের হেপার্জতির জন্য রাজাকেই নৌবহর রাখতে হয়।

কিন্তু হায়, তখন বাঙ্গলা দেশ হৃমায়ন, আকবর মোগল বাদশাহের হৃকুমে ছলে। মোগলরা এদেশে এসেছে মধ্য এশিয়ার মরাত্তুমি থেকে। তারা শক্ত মাটির উপরে খাড়া পদার্থিক, অশ্ববাহিনী, হস্ত্য-থৃত, উষ্ট্রবাহিনী চতুরঙ্গ সৈন্য-সামন্তের কি প্রয়োজন সে-তত্ত্ব বিলক্ষণ বোঝে, কিন্তু নৌবহর রাখার গুরুত্ব সম্বন্ধে সম্পূর্ণ' অচেতন। বাঙ্গলা, উড়িষ্যা, গুজরাত থেকে তাদের কাছে অনেক করুণ আবেদন নিবেদন গেল—'হৃজ-রেরা দয়া করে একটা নৌবহরের ব্যবস্থা করুন; না হলে আমরা ধনে-প্রাণে মানে-ইঞ্জতে গেলুম।'

কথাগুলো একদম শব্দার্থে খাঁটি। 'ধন' গেল, কারণ, পতু'গীজ বোক্ষেটে-দের অত্যাচারে ব্যবসা-বাণিজ্য আমদানী-রপ্তানি বশ্ব। 'প্রাণ' যায়, কারণ তারা বশ্বরে লুট-ত্রাজের সময় যে-সব খন-খারাবি করে তারই ফলে বশ্বরগুলো উজাড় হতে চলল। মান-ইঞ্জত? ছোট ছোট ছেলে-মেয়েদের ধরে নিয়ে গিয়ে পতু'গালের হাটবাজারে গোলাম-বীরী, দাসবাসীরূপে বিক্রয় করছে।

কিন্তু কা কস্য পরিবেদনা! মোগল বাদশাহা বসে আছেন পশ্চিম পানে, ধাইবার-পাসের দিকে তাকিয়ে। ঐ থেকেই তাঁরা এসেছেন স্বয়ং, 'তাঁদের প্ৰবে' এসেছে পাঠান শক-হৃন্ত-সিথিয়ান-এরিয়ান। তাই তাঁরা ডেরী করেছেন

চতুরঙ্গ। ওদের ঠেকাবার জন্য। নৌবহর চুলোয় থাক গে। ভারতবর্ষ তো কখনো সম্মুখপথে পরাজিত এবং অধিকৃত হয় নি। তার জন্য ব্যথা দৃশ্চিন্তা এবং অবস্থা অর্থক্ষয় অতিশয় অপ্রয়োজনীয়।

ফলে কি হল? পতুর্গীজদের তাঁড়িয়ে দিয়ে ইংরেজ সম্মুখপথেই মোগলদের ঘূর্ণু কেটে এদেশে রাজ্যবিস্তার করল।

মেকথা পরের কথা। উপস্থিত আমরা আলোচনা করছি, ভারতীয় উপকূল বাসীরা পতুর্গীজদের সঙ্গে যে লড়াই দিয়েছিল তাই নিয়ে। এরা তো মোগলদের কাছ থেকে কোনো সাহায্যই পেল না, উলটে ধারা লড়াছিল, তাদের সঙ্গে আরঞ্জ করলেন শক্তুতা।

গুজরাতের রাজা বাহাদুর শাহ বাদশাহ তখন লড়াছিলেন পতুর্গীজ বোম্বেটের সঙ্গে। তার প্রধান কারণ, গুজরাতের সুরট, রউচ (ভগু), খ্বাত (Cambay, স্বত্পুরী) ভিতর দিয়ে উন্নত-ভারতের যাবতীয় পণ্যবস্তু ইউরোপ ষেত। সে ব্যবসা তখন পতুর্গীজ বোম্বেটের অত্যাচারে মর-মর। বাহাদুর শাহ বাদশাহ তখন দুই শত। একদিকে সম্মুখপথে পতুর্গীজ, অন্যদিকে স্থলপথে রাজপুত। প্রথম রাজপুতদের হারিয়ে দিয়ে পতুর্গীজদের খতম করার প্র্যান করে তিনি পতুর্গীজদের সঙ্গে করলেন—আগ্রাস্টস—সমরকালীন সংস্থ। তারপর হানা দিলেন রাজপুতানায়।

দিল্লীতে তখন রাজস্ব করেন বাদশা হুমায়ুন। ইতিহাসে নিশ্চয়ই পড়েছে, তখন এক রাজপুতানী শাহ-ইন-শাহ দিল্লীশ্বর জগদীশ্বরকে পাঠালেন রাখী। সেই রাখীর সম্মানাত্মে হুমায়ুন ছুটলেন রাজপুতানার দিকে। ব্যবলেন না, বাহাদুর শাহ হেরে গেলে পতুর্গীজদের আর ঠেকাতে পারবেন না। পুরোহী বলেছি, নৌবহর নৌসাম্বাদ্য বলতে কি ব্যায়, মোগলরা সে কথা আদপেই ব্যবহৃত না।

হুমায়ুন রাজপুতানায় পেঁচলেন দেরিতে। বাহাদুর শাহ বাদশাহ তখন রাজপুতানা জয় করে ফেলেছেন। রাজপুতানীয়া জোহরবৰ্তে প্রাণ বিসর্জন দিয়েছেন। হুমায়ুন তখন আক্রমণ করলেন বাহাদুর শাহকে। বাহাদুর তখন পালিয়ে গিয়ে আশ্রয় নিলেন চৰ্পানির দুর্গে। সেখানে কি করে হুমায়ুন দুর্গ জয় করলেন, সে কাহিনী অবশ্য ইতিহাসে পড়েছে। ইতিমধ্যে বাহাদুর দুর্গ ত্যাগ করে পালিয়েছেন গুজরাতে আপন রাজধানী আহমদাবাদের দিকে। হুমায়ুন সেদিকে তাড়া লাগাতে তিনি পালালেন সৌরাষ্ট্র অর্থাৎ কঠিওড়ার দিকে। সেখানকার কোনো কোনো উপকূলে তখন পতুর্গীজরা বেশ পা জমিয়ে বসেছে।

ইতিমধ্যে হুমায়ুন খবর পেলেন, বিহারের রাজা শের শাহ দিল্লী জয় করার উদ্দেশ্যে সেবিকে এগিয়ে থাচ্ছেন। তন্মধ্যেই তিনি বাহাদুরকে ছেড়ে দিয়ে ছুটে চললেন দিল্লীর দিকে। সেখানে শের শাহের কাছে মার খেয়ে তিনি পালালেন কাবুলে। তারপর শের শাহ ব্যস্ত হয়ে রাইলেন, উন্নত ভারতে আপন প্রতিষ্ঠা কায়েম করতে বাহাদুরকে তাড়া দেবার ফুরসত তাঁর নেই।

বাহাদুর হীফ ছেড়ে বেঁচে বললেন, ‘এইবাবে তবে পতুর্গীজ বদমায়েশদের ঠাণ্ডা করি। পতুর্গীজরা ততদিনে ব্যবহার পেরেছে, বাহাদুরের পিছনে তখন আর শত্রু নেই। তাই তারা আরম্ভ করলে তাদের প্লরনো বদমায়েশ। বাহাদুর শাহকে আমন্ত্রণ জানালে, তাদের জাহাজে এসে, ব্যবসা-বাণিজ্য সম্পর্ক সম্বন্ধে যাবতীয় আলোচনা-প্রারম্ভ’ করার জন্য।

বাহাদুর আহাম্মানের মত কেন গেলেন, সেই নিয়ে বিস্তর ঐতিহাসিক বহু আলোচনা-গবেষণা করেছেন। সে নিয়ে আজ আর আলোচনা বরে দোনো লাভ নেই।

তা সে যাই হোক, একথা কিন্তু সত্য, বাহাদুর জাহাজে ওঠা মাথাই ব্যবহার পারলেন, তিনি ফাঁদে পা দিয়েছেন। পতুর্গীজদের বদ-মতলব তাঁকে খুন করার, তাঁর সঙ্গে সম্পর্ক-সূলেহ্ করার জন্য নয়। তৎক্ষণাৎ তিনি ঝাঁপয়ে পড়লেন জলে—সাঁতরে পারে ওঠার জন্য। সঙ্গে সঙ্গে দশ-বিশটা পতুর্গীজও হাতে বৈঠা নিয়ে তাঁর পিছনে জলে ঝাঁপয়ে পড়ল। সেই সব বৈঠে দিয়ে গুজরাতের শাহ ইন্দ্রাহ বাদ-শাহ বাহাদুর শাহের মাথা ফাটিয়ে দিলে।

পতুর্গীজদের বিরুদ্ধে ভারতবর্ষের এই শেষ লড়াই।

\* \* \*

কিন্তু আজ সুয়েজে বন্ধুরে ঢোকার সময় আমি দেশপানে ফিরে গিয়ে এসব কথা পাঢ়ছি কেন?

কারণ, এই সুয়েজের রাজাকেই বাহাদুর তখন ডেকেছিলেন তাঁর নৌবাহিনী নিয়ে এসে পতুর্গীজদের বিরুদ্ধে তাঁকে নৌ-সমরে সাহায্য করতে। পরবেই বলোছি, সুয়েজও বেশ জানত, পতুর্গীজদের বোমেটেগিরি তাদের ব্যবসা-বাণিজ্যের জন্য কতখানি মারাত্মক। শুধু বাহাদুর নয়, তাঁর পূর্ব-পূর্যগণও বার বার এইদের ডেকেছেন, দূরে ছিলে পতুর্গীজদের এবাণিজিকবাব বিঙে-পেন্স চলন-বাঁটা করেছেন!

তারা তখন যেসব কামান এনেছিল সেগুলো ফেরত নিয়ে যায় নি। গুজরাতের বাবুশা যখন বললেন, ‘গুলো রেখে যাচ্ছেন কেন?’ তখন তারা বলেছিল, ‘এই সব পতুর্গীজ বদমায়েশের আবার কখন হানা দেবে তার ঠিক-ঠিকানা কি? আবার তখন কামান নিয়ে আসার হান্দামা-হৃক্ষেত্র ঠেলবার কি প্রয়োজন?’

এ ঘটনার দশ বৎসর পর আকবর গুজরাত জয় করেন। তিনি কামান-গুলো দেখে তাদের পূর্ববর্তী ইতিহাস জেনেও নৌ-বাহিনী নৌ-সমরের মাল্য ব্যবহার পারেন নি। তাই পতুর্গীজরা জিতল। তাদের হারিয়ে দিয়ে ইংরেজ জিতল। ক্রমে ক্রমে মাদ্রাজ কলকাতা হয়ে তাবৎ ভারতবর্ষে আপন রাজ্য বিস্তার করল।

\* \* \*

আজ সুয়েজে চুকে সেই কথাই অরণে এল, এই সুয়েজের লোকই একদিন আমাদের সঙ্গে একজোট হয়ে পতুর্গীজ বর্ষরতার বিরুদ্ধে কী লড়াই না দিয়েছিল!

সম্বতে ফিরে এলুম। দেখি, বখেড়া লেগে গিয়েছে। বশ্বরে নেমে যে বশ্বরের ভিতর দিয়ে যেতে হয় সেখানে আমাদের—অর্থাৎ আবুল আসফিয়ার দলকে আটকে দিয়েছেন বশ্বরের কর্ত্তাৰা। কেন, কি ব্যাপার? আমাদের হেল্থ সার্ট'ফিকেট কই? সে আবার কি জবালা? দিয়ে তো বাবা লণ্ঠ থেকে নেমে পায়ে হে'টে এখানে এলুম, স্টেচারে চেপে কিংবা মড়াৰ খাটিয়ায় শুয়ে আসে নি; তবে আমাদের হেল্থ সম্বন্ধে এত সশ্র কেন? 'উ'হ্', কর্ত্তাৰা বলছেন, আমৱা যে ভিতৰে ভিতৰে বসন্ত, প্লেগ, কলেরা, ঝমেৎসে জৰুৰ 'সে আবার কি ঘৰাই? ) পপটেড ফীভাৰ ( ততোধিক সমস্যা ; আলপনা-কাটা জৰুৰ ? : ইত্যাদি যাবতীয় মারাওক রোগে ভুগাই না তাৰ সার্ট'ফিকেট কই। আমৱা যে এসব পাপিষ্ঠ রোগ তাঁদেৱ সোনাৰ দেশ মিশৱে ছড়াব না, তাৰ কি জিম্মাদারি?

শুনে পাস' বলছে, 'স্যার, এসব মারাওক রোগেই ধৰি ভুগব, তবে বাপ-মার সেবাশুণ্ডৰ ছেড়ে, পাদ্রীসাহেবেৰ শেষ ধৰ'বচন না শুনে এখানে আসব কেন?'

দ্যাশেৱ লোক প্রতুল সেন বলছে, 'মিশৱেৰ সঙ্গে এৱকম ধাৱা দৃশ্যমানি আমৱা কৱতে যাব কেন?'

তাৰ বটু রমা বলছে, 'পিৱামিড তোমাদেৱ গৌৱবেৰ বস্তু ; আমাদেৱ যে-ৱৱকম তাজমহল। তাৰ কোনটা ভালো, কোনটা মন্দ সে বিচাৰেৱ সুযোগ না দিয়ে আপনায়া আপন দেশেৱ প্রতি কি অবিচাৰ কৱছেন, বুৰতে পারছেন কি?'

আমি কানে কানেৱ মাকে শুধালুম, 'তবে কুকেৱ সঙ্গে যে সব লোক এসেছিল তাৰা পেৱুল কি কৱে?'

ঝুমা বললে, 'চুপ কৱন ; ওৱা যে ঐ সব হলদে হলদে কাগজ দেখালে। আমাদেৱও আছে। জাহাজে ফেলে এসেছি। আমৱা তো জানতুম না এখানে ওসব রাবিশেৱ দৱকাব হবে। কুকেৱ লোক জানত, ওৱা তাই সার্ট'ফিকেট এনেছিল।'

ওঃ ! তখন মনে পড়ল, পাসপোর্ট নেবাৰ সময় ভাক্সিনেশন ইনকুলেশন কৰিয়েছিলুম বটে এবং ফলে একখানা হলদে রঙেৱ সার্ট'ফিকেটও পৈয়েছিলুম বটে। সেইটে নেই বলেই এখানে এ গদীৰ্শ।

কিন্তু এ শিৱঃপৌত্ৰা তো আমাদেৱ নয়। আবুল আসফিয়া যথন আমাদেৱ দলেৱ নেতা তখন তাৰই তো বোৰা উচ্চত ছিল যে ঐ ম্যাটমেটে হলদে রঙেৱ কাগজটা আমাদেৱ সঙ্গে নিয়ে আসা অতিশয় প্ৰয়োজনীয়। এই সামান্য কাষ্ড-জ্ঞান যাৱ নেই—

চিন্তাধাৰায় বাধা পড়ল। দেখি, পল আমাৰ হাত টানছে, আৱ কানে বলছে, 'চলন, জাহাজে ফিরে যাই।'

কিন্তু আবুল আসফিয়া কোথায় ?

তিনি দেখি নিশ্চিন্ত মনে, একে সিগরেট দিচ্ছেন, ওকে টাঁফি খাওয়াচ্ছেন, তাকে চকলেট দেলাচ্ছেন। কোনে আবার একটা বাচ্চা ! খোদায় মালুম কার ?

লোকটা তাহলে ব্যথ পাগল ! পাগলের চংসপশ্চ ত্যাগ করাই ধর্মাদেশ !

পলের হাত ধরে পোট'-আপিস ছেড়ে সম্মুদ্রের কিনারায় পেঁচলুম। তখন দেখি আমাদের জাহাজ ভৌ-ভৌ করে ভৌ-ভৌ।

## ॥ ১৫ ॥

দেশভ্রমণ আমি বিস্তর করেছি। সামান্য কিছু ঘটতে না ঘটতেই আমি বিচালিত হয়ে পড়ি নে। রিফ্রেশমেন্ট রংমে চা খেতে গিয়েছি, ওদিকে গাড়ি আমার বাস্তু-তোরঙ্গ বিছানা-বালিশ নিয়ে চলে গিয়েছে, বিদেশে-বিভু'ইয়ে মনি-ব্যাগ চুরি যাওয়াতে আমি কপুর'কহীন, ইতালির এক রেস্তোরাঁয় দুই দলে ছোরা-ছুরি হচ্ছে — আমি নিরীহ বাঙালী এক কোণে দেয়ালের চুনকামের মতো হয়ে গিয়ে আঘৃ-গোপন করার চেষ্টা করছি—এ সব ঘটনা আমার জীবনে একাধিকবার ঘটেছে কিন্তু এবার সুয়েজ বন্দরে, আবুল আসফিয়ার পাঞ্জাব পড়ে যে বিপরে পড়লুম তার সঙ্গে অন্য কোনো গর্বিশের তুলনা হয় না।

আমাদের জাহাজ তার আপন পথে চলে গিয়েছে। আমরা এখানে আটকা পড়েছি হেল্থ সার্ট'ফিকেট নেই বলে। তা হলে এখানকার কোনো হোটেলে উঠতে হয় এবং প্রতি জাহাজে ধন্য দিতে হয়, আমাদের জায়গা দেবে কি না ! খুব সন্তুষ্ট দেবে না। কারণ সেই পোড়ারমুখো হেল্থ সার্ট'ফিকেট না থাকলে জাহাজেও উঠতে দেয় না। এছলে ‘জলে কুমির, ডাঙায় বাপ’ নয়, এখানে ‘জলে সাপ, ডাঙায়ও সাপ’।

জাপানী আক্রমণের সময় একটা গাইয়া গান শুনেছিলুম,  
সা রে গা মা পা ধা নি  
বোমা পড়ে জাপানী  
বোমা-ভরা কালো সাপ  
ত্রিটিশে কয় ‘বাপ রে, বাপ !’

তাই মনে হল, জাপানীরা ঘেন জলে ডাঙায়, উভয়ত হেল্থ সার্ট'ফিকেটের সাপ ফেলে গেছে।

আর ডাঙার হোটেলে থাকতে দেবেই বা কদিন ? আমাদের ট'য়াকে যা কাড়ি তার খবর হোটেলওয়ালা ঠিক ঠিক ঠাহর করতে পেরে নিশ্চয়ই আমাদের ‘বন্দর’ করে তাড়িয়ে দেবে। তখন বাব কোথায়, খাব কি ? তখন অবস্থা হবে সুয়েজ বন্দরের ধনী-গর্বির সকলের কাছে ভিথ-মাঙ্গবার। কিন্তু কেউ কিছু দেবে কি ? রেল-ই-স্টিশানে যখন কেউ এসে বলে, ‘মশাই, মনিব্যাগ চুরি গিয়েছে ; চার গণ্ডা পয়সা দিন, বাড়ির ইস্টিশানে যেতে পারব, ‘তখন কি কেউ শোনা মাছই পয়সা ঢালে ?

ইয়া আল্লা, এ কোথায় ফেললে, বাবা ? এ যেন অকুল সম্মের মাঝখানে  
দীপবাস !

মানুষ যখন ভেবে ভেবে কোনো কিছির কুল-কিনারা করতে পারে না তখন  
অন্যের উপর নির্ভর করার চেষ্টা করে। পল-পার্সি'কে নিয়ে ফিরে গেলুম  
আবুল অফিয়ার কাছে ।

তিনি দোখ ঠিক সেই মহুতেই পোট ‘অফিসারকে শুধাচ্ছেন, তা হলে  
হেল্থ সার্টিফিকেট কোথায় পাওয়া যায় ?’

এ যেন পাগলের প্রশ্ন ! হেল্থ সার্টিফিকেট তো পাওয়া ষাণ্ড আপন দেশে ;  
এখানে পাব কি করে ?

তাই আপন কানকে বিশ্বাস করতে পারলুম না যখন অফিসার বললেন,  
'কেন, তো পাশের দফতরে !'

তাহলে একঙ্গ ধরে এ-সব টানা-হ্যাঁচ্ডার কি ছিল প্রয়োজন ? ভালো করে  
শোনার প্রবেই আমরা সব কটা প্রাণী ছুট দিলুম সেই দফতরের দিকে ।  
জনের সাপ, ডাঙোর সাপ, সারে গামার জাপানী সাপ সব কটা তখন এক  
জোটে যেন আমাদের তাড়া লাগিয়েছে ।

দফতরের দরওয়াজা খোলাই ছিল । দোখ, এক বিরাট-বপু ভদ্রলোক ছোট  
একখানা চেয়ার তাঁর বিশাল কলেবর গঁজে-প্রবে টেবিলের উপর পা দখানি  
তুলে ঘূর্ছেন । আমরা অট্টোরো করে না দুকলে নিশ্চয়ই তাঁর নাকের ফরফরানি  
শুনতে পেতুম । আমাদের, 'হেল্থ সার্টিফিকেট,' 'হেল্থ সার্টিফিকেট,' 'প্রীজ'  
'প্রীজ' এই উৎকট সম্বেত সঙ্গীতে—অবশ্য ইয়োরোপীয় সঙ্গীত, যার এক সপ্তকে  
বাজে তোড়ী অন্য সপ্তকে প্রবর্ষী—ভদ্রলোক চেয়ার-সূর্য লাফ মেরে উঠলেন ।

শতকরা নিরানন্দেই জন হাতী হেল্থ সার্টিফিকেট নিয়ে বশদের নামে ।  
সত্তরাং এ ভদ্রলোকের শতকরা নিরানন্দেই ষষ্ঠাই কাটে আধো ঘণ্টা, আধো  
জাগরণে । তাই আমরা কি বেদনায় কাতর হয়ে তাঁর কাছে এসেছি, সেটা  
বুঝতে তাঁর বেশ একটু সময় লাগল ।

তাঁর ভাষা আমরা বুঝি নে, তিনি আমাদের ভাষা বোঝেন না । তৎসংক্ষেপে  
যে মারাত্মক দৃঃসংবাদ তিনি দিলেন তাঁর সরল প্রাঞ্জল অর্থ, 'যে-ডাঙ্কার আমাদের  
পরীক্ষা করে সার্টিফিকেট দেবেন তিনি বাড়ি চলে গেছেন । '

গোটা সাতক ভাষায় তখন যে আত্মব উঠলো তাকে বাঁচায় অন্বাদ  
করলে দাঁড়ায়,—

ঐ ষ-থা !

ফরাসীরা বলেছিল, 'ম' দিয়ো, ম' দিয়ো !'

জর্ম'নরা বলেছিল, 'হের গট, হের গট !'

ইরাণীরা বলেছিল, 'ইয়াজ্বা, ইয়া খুবা !'

আর কে কি বলেছিল, মনে নেই ।

কিন্তু স্টিকর্টার অসীম করণা, আল্জাতালার বেহু, মেহেরবানি, রাখে  
কেষ্ট মারে কে, ধন্যবাদ ধন্যবাদ, শুনি অপসার বলছেন, 'কিন্তু আপনারা যখন

বহাল তরিয়তে, দিব্য ঘোরাফেরা করছেন, তখন আপনারা নিশ্চয়ই স্বাস্থ্যবান। সাটিফিকেট অমিহই দেব। এই নিন ফর্ম। ফিল-অপ্ করুন।' বলেই এক-তাড়া বিশ্রী নোংরা বাদামী ফরম আমাদের দিকে এগিয়ে দিলেন। কিন্তু আমার মনে হল, আহা কী সুস্মর! যেন ইস্কুলের প্রোগ্রেস-রিপোর্ট, আর সব ক-টাতে লেখা আছে অমি ক্লাসে ফাস্ট হয়েছি।

শুনুনির পাল যে রকম মড়ার উপর পড়ে, আমরা সবাই ঝাঁপয়ে পড়লুম সেই 'গাজী মিরার বওয়ানির' উপর। উহুঁ, ভুল উপরা হল, বীভৎস রসের উপরা দিতে আলঙ্কারিকরা বারেণ বরেছেন। তাহলে বলি, ফাঁসির হৃকুম নাবচ করে দেবার অধিকার পেলে মা যে রকম নাবচের ফর্মের উপর ঝাঁপয়ে পড়ে।

ওৎসাহে, উদ্দেশ্যনায় আমাদের সম্বাইকার মাণি তখন ঘর্ণিয়ে গিয়েছে। ফর্মের প্রশ্ন, 'কোন সালে তোমার জন্ম?' কিছুতেই মনে পড়ছে না, ১৪০৪—না ১৭০৪? প্রশ্ন, 'কোন বাংদের জাহাজ ধরেছে?' বেবাক ভুলে গিয়েছি, হংকং না! তবুত! প্রশ্ন, 'মাবে কোথায়?' হায়, হায়, বাকের বাকি আড়াই গাছ চুল ছিঁড়ে ফেললুম, তবু কিছুতেই মনে পড়ছে না, শনিগ্রহে না ধ্বনিগ্রহে!

তা সে যাক, গে, আমরা কি লিখেছিলুম তাই নিয়ে উৎকঠিত হওয়ার কোন প্রয়োজন ছিল না। পরে জানলুম, সেই সহস্র অপিসারাটি ইঁরার্জি পড়তে পারেন না।

ঝপাঝপ বেগান স্ট্যাম্প যেরে তিনি আমাদের গন্ডা আড়াই সাটিফিকেট বেড়ে দিলেন। আমরা দেগুলো বসরাই গোলাপের মতো বুকে গঁজে খোলা-খোঁয়াড়ের গরুর মতো বশ্বরের অপিস থেকে সংড়সংড় করে স্বাধীনতার গুরুত্ব বাতাসে বেরিয়ে এলুম। এখন আমরা ইচ্ছে করলে কেপ্ কম্ রিন যেতে পারি, ইচ্ছে না করলে কোথাও ধাবো না।

পল বললে, 'স্যার, কি লিখতে কি লিখেছি, কিছুটি জানি নে।'

'আমি বললুম, 'কিছু পরোয়া কোরো না, ভাই! আম্মা তদবৎ!'

ফরাসী রমণী হেসে বললেন, 'মিসেয়ে পল, আমাকে ষদি জিজেস করত, তুম বকরী না মানুষ? তা হলে আমি প্রথম খানিকটে ব্যা ব্যা করে নিতুম, তার পর আপন মনে খানিকটে ফরাসী বলে নিয়ে দেখতুম কোন্ট্রা ভালো শোনাচ্ছে এবং সেই হিসেবে লিখে দিতুম বকরী না মানুষ।'

তারপর খানিকটে ভেবে নিয়ে বললেন, 'অবশ্য বকরীর সন্তানাই ছিল বেশী।'

আমার বুকে বজ্জ বাজল। নিজের প্রতি এ যে অতিশয় অহেতুক অশ্রদ্ধা। বললুম, 'মাদ্মোয়াজেল, বরঞ্চ 'কোর্কল' লিখলে আমি আপনি জানাতুম না। আপনার মধ্যে কঠ-'

'বাস, বাস, হয়েছে, হয়েছে; থ্যাঃকয়াঃ!'

ততক্ষণে রেল-স্টেশনের কাছে এসে পৌঁছেচি। দূর থেকে দোখি, ট্রেন দাঁড়িয়ে। আমরা পা চালালুম। কিন্তু গেটের কাছে আসতে না আসতেই ট্রেন-খানা 'ধ্যাঃ, ধ্যাঃ' করে যেন আমাদের ঠাট্টা করে প্ল্যাটফর্ম থেকে বেরিয়ে গেল।

এবং একটা লোক—চেনা-চেনা মন্তব্য হল—আমাদের দিকে হাত নাড়িয়ে বিদায় জানালে, তার পর যেন কত না বিরহবেদনাতুর সেই ভাবে দৃশ্য হাতের উল্টো দিক দিয়ে অদ্শ্য অশ্রু মুছলে।

এ মশকরার অর্থ কি?

শুনলুম, আজ সম্ধ্যায় কাইরো যাবার শেষ ট্রেন এই চলে গেল। কাল সকালের ট্রেন ধরলে কাইরো মাথায় থাকুন সঙ্গে বস্তরে পেঁচতে পারব না, অর্থাৎ নির্ঘাত জাহাজ মিস করব। এই শেষ ট্রেন ছিল আমাদের শেষ ভরসা।

এ দৃশ্যবাদ শুনে আগু তো মাথায় হাত দিয়ে মাটিতে বসে পড়লুম।

কিন্তু ভগবান মানুষকে নিয়ে এ রকম লীলা-খেলা করেন কেন? সেই যদি সুয়েজ বস্তরে আটক হতে হল, সেই যদি বোট মিস করতে হল, তবে এ হেলথ সার্টিফিকেটের প্রথম খোঁঘাড়ে আটকা পড়লেই তো হত। সে ফাঁড়া কাটিয়ে এসে এখানে আবার কানমলা যাবার কি প্রয়োজন ছিল?

শুনেছি, কোনো কোনো জেলার ফাঁসির আসামীকে নাকি গারদের দরজা সামান্য খুলে রেখে জেল থেকে পালাবার সুযোগ দেয়। আসামী ভাবে, জেলার বেথেয়ালে দরজা খুলে রেখে গিয়েছে। তার পর অনেক গা-চাকা দিয়ে, একে ওকে পাঁড়য়ে, ওকে বাঁচিয়ে যথন সে জেলের সামনে মুক্ত বাতাসে এসে ভাবে সে বেঁচে গেছে, ঠিক তখনই তাকে জাবড়ে ধরে দৃই পাহারাওয়ালা—সঙ্গে জেলার। জেলার তাকে চুমো খেয়ে বলে, ‘ভাই, জীবন কত দৃঃখ্যে ভরা। তার থেকে তুমি নিষ্কৃতি পাবে, কাল ভোরে। আহাম্বুথের মতো সে-নিষ্কৃতি থেকে এই হেয় নিষ্কৃতির চেষ্টা তুমি কেন করাছিলে, সখা?’

পরদিন তার ফাঁসি হয়।

আমার মনে হয়, ফাঁসির চেয়েও ঐ যে জেলের বাইরে ধরা-পড়া সেটা অনেক কঠোর, কঠিন, নির্মল।

কারণ, মৃত্যু, দে তো কিছু কঠিন কঠোর অভিজ্ঞতা নয়। ডাঙারোও বলেন, রোগে মানুষ কষ্ট পায়, কিন্তু ঠিক প্রাগত্যাগ করার সময় মানুষ কোনো বেদনা অনুভব করে না।

তাই গুরুদেব বলছেন,—

“কেন রে এই দুয়ারটুকু পার হতে সংশয়  
জয় অজানার জয় !”

ঠিক সেই রকমই এক মহাপুরুষ—হিটলারের নৃশংসতার বিরুদ্ধে চক্রান্তে লিপ্ত ছিলেন বলে এর ফাঁসি হয়—জেলে বসে কর্বিতা লিখেছিলেন,

ড. কান্স্ট. উন্স. ডুব্ৰে ডেস টডেস ট্যারেন-

ট্ৰয়োমেন্ট, ফুরেন-

উন্ট, মাথস্ট, উন্স. আউফ আইনমাল, ফ্রাই।

তুমি আমাদের মত্ত্যুর দার দিয়ে হাতে ধরে নিয়ে চল ।

—আমরা যেন স্বপ্নে চলেছি—

হঠাতে দেখি, আমরা স্বাধীন !

এই বই ছোটদের জন্য লেখা । তারা হয়তো শুধুই, মত্ত্যুর কথা তাদের শোনাচ্ছি কেন ? আমার মনে হয়, শোনানো উচিত । সাধারণত বড়রা ছোট-দের যত আহাম্মতি মনে করেন আমি বুঝে হয়েও মে রকম ভাবি নে ।

আমার যখন বয়স তেরো, তখন আমার সব চেয়ে ছোট ভাই বছর দ্বয়ের বয়সে মারা যায় । ভারী সুন্দর ছেলে সে । আমার কোলে বসতে বজ্জ্বল ভালোবাসত । ঐ দু বছর বয়সে মে আমার সাইকেলের রডে বসে হ্যাণ্ডেল আঁকড়ে ধরে থাকত আর আমি বাড়ির লনে পাক লাগাতুম । মাঝে মাঝে মে খল-খল করে হেসে উঠত আর মা বারশ্বায় দাঁড়িয়ে খৃশী হয়ে আমাদের দিকে তাকাতেন কিন্তু মাঝে মাঝে বলতেন, ‘থাক, হয়েছে । এখন ওকে তুই নায়িরে দে ।’

এক দিন সে চলে গেল ।

আমি বজ্জ্বল কষ্ট পেয়েছিলুম ।

তখন আমায় কেউ বুঝিয়ে বলে নি, মত্ত্যু কাকে বলে ? তার অর্থ যদি আমাকে তখন কেউ বুঝিয়ে বলত তবে বেদনা লাঘব হত ।

বড়রা ভাবেন, ছোটদের বেদনাবোধ কম । সংপূর্ণ ভুল ধারণা ।

তোমরা যারা আমার বই পড়ছ, তোমাদের কেউই কি ভাইবোন হারাও নি ?  
মে বুঝবে ।

কবিগুরুর ছোট ভাই-বোন ছিলেন না । তাই বিষ্ময় মানি, তিনি কি করে  
লিখলেন,—

কাকা বলেন, সময় হলে

সবাই চলে

যায় কোথা সেই স্বর্গপারে ।

বলু তো কাকী

সত্য তা কি একেবারে ?

তিনি বলেন, যাবার আগে

তস্মা লাগে

ধণ্টা কখন ওঠে বাজি,

বাবের পাশে

তখন আসে

ঘাটের মাঝি ।

বাবা গেছেন এমনি করে

কখন ভোরে

তখন আমি বিছানাতে ।

## তেমনি মাখন

গেল কখন

অনেক রাতে। \*

এই কাকাটি সত্যই ছোট ছেলের বেদনা বুঝতেন।

কিন্তু মূল কথা থেকে কত দূরে এসে পড়েছি। তাই মৃত্যু সম্বন্ধে শেষ কথা বলে মূল কথায় ফিরে যাই। ভগবানে আমার অবিচল বিশ্বাস। তাই আমি জানি, আমি যখন মরণের সিংহদ্বার পার হব তখন দেখব, বাবা, ঠাকুরদ্বা, তাঁর বাবা, তাঁর বাবা আরো কত শত উদ্বৰ্প্পন সৌম্যবনে এগিয়ে আসছেন, আমাকে তাঁদের মাঝখানে বরণ বরে নেবার জন্য। এবং জানি, জানি, নিশ্চয় জানি, তাঁদের সঙ্গের সামনে দাঁড়িয়ে, আমার মা আমার ছোট ভাইকে হাসিমুখে কোলে নিয়ে। তার চেয়েও আশ্চর্য বোধ হয়, যখন মনের চোখে ছবি দেখি, আমার এই ছোট ভাই, একদা টেলটলায়মান পায়ে আমার মায়ের দিকে এগিয়ে এসেছিল, তাঁকে আপনজনের মধ্যে নিয়ে যাবার জন্য, তাঁর কোলে গুঠার জন্য। সে তো ওলোকে গিয়েছিল মায়ের বহু পূর্বে।

আমি যখন সে-লোকে যাব তখন ভগবান শুধুবেন, ‘তুমি কি চাও?’ আমি তৎক্ষণাত্মে বলব, ‘একবানা বাইসিকেল।’ পাওয়া মাত্রই তাতে ভাইকে রড়ে চাঁড়িয়ে পৰ্য্যের লনে চকু লাগাব। সে খল-খল করে হাসবে। মা দেখবে, কিন্তু কক্ষনো বলবে না, ‘থাক, হয়েছে। এখন ওকে তুই নামিয়ে দে।’

\* \* \* \* \*

অতএব সব বিপদ থেকেই নিষ্কৃত আছে। গাড়ি গেছে তো গেছে তাতে ভয় পাবার অত কি ?

দৈর্ঘ্য, আবুল আসফিয়া নেই।

আমাদের এই অকুল সম্মুদ্র আর অন্তহীন মরুভূমির মাঝখানে ফেলে দিয়ে লোকটা পালাল নাকি ?

স্টেশনের বাইরে তাঁর খোঁজ করতে এসে দৈর্ঘ্য, তিনি এক জরাজীর্ণ মোটর গাড়ির ড্রাইভারের সঙ্গে রসালাপ আরম্ভ করেছেন। অনুমান করলে মুগ্ধ তিনি ট্যাক্সি-যোগে কাইরো পেছবার চেষ্টাতে আছেন।

কিন্তু ট্যাক্সি-ওলারা আমাদের ঘৃঞ্জনান অবস্থা বিলক্ষণ বুঝে গিয়েছে এবং যা দুর হাঁচছে তা দিয়ে দ্রুতানি ন্তৃত্ব ট্যাক্সি কেনা ষাঁ।

আবুল আসফিয়া তাকে বহুতর ধর্মের কাহিনী শোনাবার চেষ্টা করলেন, ততোধিক ভারত-মিশনারীয় মৈত্রীর অকৃষ্ট প্রশংসা করলেন এবং সর্বশেষে তিনি মুসলমান সেও মুসলমান, সে-সত্যের দোহাই-কসম খেলেন কিন্তু ট্যাক্সি-ওলাটি ধর্মে মুসলমান হলেও কর্মে খাঁটি দ্রুর্যোধন। বিনা যত্নে সে সুচ্যুগ পরিমাণ ভূমি এগোবে না।

আবুল আসফিয়ার চোখে-মুখে কিন্তু কোনো উত্তার লক্ষণ নেই। ভগ-

\* শিশু ভোলানাথ, রবীন্দ্র-রচনাবলী, প্রয়োদশ খণ্ড, ১০৮ পৃঃ।

পদ্ধতি তিনিক্ষেত্রে ন্যায় তিনি তখন চললেন হেল্থ অ্যাপসের দিকে। আমিও পিছু নিলুম।

সেই বিরাট-বপু ভদ্রলোক, যিনি আমাদের সার্টিফিকেট দিয়ে প্রথম ফাঁড়া থেকে উত্থার করেছিলেন তিনি ততক্ষণে আবার ঘূরিয়ে পড়েছেন। এবারে তাঁকে জাগাতে গিয়ে আব্ল আসফিয়াকে রৌত্তমত বেগ পেতে হল।

তাঁকে তখন তিনি যা বললেন, তার সরল অর্থ, তিনি ডাকাতকে ডরান না, ডাকাত বশ্দক উঁচালে তিনিও বশ্দক তুলতে জানেন, কিন্তু এরকম বশ্দকহীন ডাকাতির বিরুদ্ধে লড়বার মতো হাতিয়ার তো তাঁর নেই। অবশ্য তিনি যাবড়ান নি, কিছু না কিছু একটা ব্যবস্থা করবেনই; তবে কি না আফিসারটি যদি একটু সাহায্য করেন তবে আমাদের উপকার হয়, তাঁরও প্রণ্য হয়।

অফিসার বললেন, ‘চলুন।’

তিনি ট্যাক্সিগুদারের সঙ্গে দ্রু-চার্ট কথা বলেই আমাদের জানালেন কত দিতে হবে। হিসেব করে দেখা গেল, গাঁড়তে ফার্স্ট ক্লাসে যা লাগত, ট্যাক্সিতে তাই লাগবে। আমরা তাতেই খুশী। কাইরো তো পৌছব, পোর্টসেন্টে তো জাহাজ ধরতে পারব, তবে আর ভাবনা কি?

আমরা হৃড়মুড় করে দুখানা ট্যাক্সিতে কাঁঠাল বোঝাই হয়ে গেলুম।

আমি অফিসারকে ধন্যবাদ দিয়ে শোঠার সময় বললুম, ‘আপনি আমাদের জন্য এতখানি করলেন। সত্যই আপনার দয়ার শরীর।’

তিনি ভাঙা-ভাঙা ইঁরিজীতে যা বললেন, তা শুনে আগি অবাক। তার অর্থ, তাঁর শরীর আদপেই দয়ার শরীর নয়। তিনি কিছুমাত্র পরোপকার করেন নি। আমরা এক পাল ভিত্তিরী যদি সুয়েজ বশ্দরে আটকা পড়ে থাই তবে শেষ পর্যন্ত তাঁদেরই ঘাড়ে পড়ব। আমাদের তাড়াতে পেরে তিনি বেঁচে গেছেন—ইত্যাদি।

আমি আপন্তি জানিয়ে মোটরে বসে ভদ্রলোকের কথাগুলো ভাবতে লাগলুম।

হঠাতে পারলুম ব্যাপারটা কি—বহু দিন পুরোকার একটা ঘটনা মনে পড়ে যাওয়াতে।

রবীন্দ্রনাথের গানের ভাণ্ডারী ছিলেন তাঁর দাদাৰ নান্তি দিনেশ্বনাথ ঠাকুৱ। আমার এক চিত্ৰক বন্ধু, বিনোদৰিবহারী একদিন তাঁৰ দুৱৰীনটি ধাৰ নিলে—বেচারী চোখে দেখতে পেত কম। কয়েক দিন পৱে সেটা ফেৱত দিতে গেলে দিনবৰাৰ জিজেস কৱলেন, ‘কি রকম দেখলৈ?’

‘আজ্জে, চমৎকার!’ বিনোদ এত দুৱেৱে জিনিস এৱ আগে কখনো দেখতে পায় নি।

‘তবে ওটা তোমার কাছেই রেখে দাও। লোকে বজ্জ জোলাত্ব কৱে। আজ এটা এ চায়, কাল ওটা ও চায়, পৱশু ওটা সে চায়। আমি পেৱে উঠিব নে। তোমার কাছেই ওটা থাক।’

বিনোদ একাধিকবাৰ চেষ্টা কৱেও সে দুৱৰীন ফেৱত দিতে পাৱে নি।

এই হল খানদানী লোকের পরোপকার করার পদ্ধতি। সে দেখায়, যেন সে আবশ্যিক পরোপকার করে নি। নিতান্ত নিজের মঙ্গলের জন্য, আগাগোড়া সে শ্বার্থপরের মতো কাজ করেছে।

ব্ৰহ্মলুম, এ অফিসারটিও দিন্দুবাবুৰ সগোত্র। ইচ্ছে করেই ‘সগোত্র’ শব্দটি ব্যবহার কৰলুম; আমাৰ বিষ্ণুস, ইহ-সংসারেৰ শাবতীষ ভদ্রলোক একই গোত্রে—তা তাৰা ব্রাহ্মণ হন আৱ চণ্ডাল হন, হিন্দু হন আৱ মুসলমান হন, কাৰ্ত্তী হন আৱ নার্তক হন।

ততক্ষণে আমাৰ বশুৱ ছেড়ে মৱ্ৰভূমিতে চুকে গিয়েছি। পিছনে তাকিৱে দোখি, শহৱেৱ বিজলি বাৰ্তা ক্ষেমেই নিষ্পত্ত হয়ে আসছে—বয়স বাড়াৰ সঙ্গে সঙ্গে প্ৰণো শৰ্পীত যে ব্ৰকম আবছায়া-আবছায়া হতে থাকে।

## ॥ ১৬ ॥

মৱ্ৰভূমিৰ উপৱ চন্দ্রলোক ! সে এক অস্তুত দশ্য ! সে দশ্য বাঞ্ছলাদেশেৰ সবুজ শ্যামলিমাৰ মাঝানে দেখা যায় না। তবে যদি কখনো পশ্চাৱ বিৱাট বালুচৰায় পুণি'মা-ৱাতে বেড়াতে যাও—ৱৰীশ্বনাথ প্ৰায়ই যেতেন এবং ‘নিশ্চীথে’ গৰপ তাৰ পটভূমিতে লেখা—তাহলে তাৰ খানিকটে আস্বাদ পাৰে।

সমস্ত ব্যাপারটা কেৱল যেন ভৃতুড়ে বলে মনে হয়। চোখ চলে যাছে দূৰ দিগন্তে, অথচ হঠাৎ যেন ঝাপসা আবছায়া পদ্মায় ধাক্কা খেয়ে থেমে যায়। মনে হয়, যেন দেখতে পাৰ্ছি, তবু ঠিক ঠিক দেখতে পাৱাছ নে, চিনতে পাৱাছ তবু ঠিক ঠিক চিনতে পাৱাছ নে। চতুৰ্বৰ্কে ফটফটে জ্যোৎস্নাৰ আলো যেন উপচে পড়ে; মনে হয় এ-আলোতে অক্ষেশ খবৱেৱ কাগজ পড়া যায়, অথচ এ আলোতে লাল কালোৰ তফাত যেন ঘূঢ়তে চায় না। মেঘলা দিনে এৱ চেয়ে অনেক ক্ষীণালোকে রঙেৰ পার্থক্য অনেক বেশী ধৰা পড়ে।

তাই,

মনে হল পাৰ্থি, মনে হল মেঘ, মনে হল কিশলয়,  
ভালো কৰে যেই দোখবারে যাই মনে হল কিছু নয়।  
দুই ধাৰে একি প্ৰাসাদেৰ সারি, অথবা তৱুৰ মণ্ডল  
অথবা এ শুধু আকাশ জুড়িয়া আমাৰই মনেৰ ভুল ?

মাৰে মাৰে আবাৰ হঠাৎ মোটৱেৰ দু-মাথা উঁচুতে ফুটে ওঠে, জৰু-জৰু দুটি ছোট সবুজ আলো; ওগুলো কি ? ভূতেৰ চোখ নাৰ্ক ? শুনোছ ভূতেৰ চোখই সবুজ রঙেৰ হয়। নাঃ ! কাছে আসতে দোখ উটেৰ ক্যারাভান—এদেশেৰ ভাষাতে যাকে বলে ‘কাফেলা’ (কৰি নজৰুল ইসলাম এ শব্দটি বাঞ্ছলায় ব্যবহাৰ কৰেছেন)। উটেৰ চোখেৰ উপৱ মোটৱেৰ হেডলাইট পড়াতে চোখ দুটো সবুজ হয়ে আমাদেৰ চোখে ধৰা দিয়েছে। দেশে গৱু-বলদেৱ চোখে আলো পড়ে ঠিক এই ব্ৰহ্মই হয়, বিশ্ব বলদেৱ চোখে যে লেভেলে দোখ উটেৰ

চোখে তার অনেক উপরে দেখতে পেলুম বলে এতখানি ভয় পেয়ে গিয়েছিলুম।

আর কেনই পাব না বল ? জনমানবহীন মরুভূমির ভিতর দিয়ে চলেছে রাণ্টি বেলা—আবার বলাছি, রাণ্টিবেলা। মরুভূমি সম্বন্ধে কত গত্তে, কত সত্তা, কত যিথে পড়েছি ছেলেবেলায়। তৃষ্ণায় সেখানে বেদেইন মারা যায়, মৃত্যু থেকে নির্বাতি পাওয়ার জন্য বেদেইন তার প্রত্রে চেয়ে প্রিয়তর উটের গলা কাটে, সেখান থেকে উটের জমানো জল থেয়ে প্রাণ বাঁচাবার জন্য, তৃষ্ণায় মতিছষ্ট হয়ে গিয়ে সে হঠাতে কাপ ঢ়চোপড় ফেলে দিয়ে উলঙ্গ হয়ে সর্বের দিকে জিভ দেখিয়ে নাচে আর শুক্রকণ্ঠে বীভৎস গলায় গান জোড়ে,

তুই আমার কি করতে পারিস তুই ক্যা রে ?

তুই—(অগ্রীলিবাক্য)—তুই ক্যা রে ?

এবং তার চেয়েও বদ্ধদুর বেতালা ‘পদ্ম’ !

যদি মোটর ভেঙে যায় ? যদি কাল সম্মের্য অবধি এ রাস্তা দিয়ে আর কোনো মোটর না আসে ? পশ্ট দেখতে পেলুম এ গাড়ি রওনা হওয়ার পূর্বে ‘পাঁচশ গ্যালন জল সঙ্গে তুলে নেয় নি ; তখন কি হবে উপায় ?

কিন্তু করুণাময়কে অসীম ধন্যবাদ, পল-পাসি’ দেখলুম অন্য ধরনের ছেলে। তারা সেই ‘জরাজীর্ণ’ মোটর গাড়ির কটকটাই মরকট বিকট ভট কোটি কোটিনাহ ধাবাহি (তুলসীদাম তাঁর রামায়ণে বানরদের কলরোলের বর্ণনা দিতে গিয়ে ‘ট’-এর অনুপ্রাপ্ত ব্যবহার করেছেন) শব্দ ছাপিয়ে বিকটতর কটকট করছে। তাদের কী আনন্দ !

পল : ‘সব-কিছু ভালো করে দেখে নে ; মাকে যাবতীয় জিনিস যেন গুছিয়ে লিখতে পারি ।’

পাসি’ : ‘তোর জীবনে এই তুই প্রথম একটা খাঁটি কথা কইলি। কোনো জিনিস যেন বাদ না পড়ে। ওঁ, মরুভূমির ভিতর দিয়ে যাচ্ছি। জাহাজে চড়ার সময় কি কল্পনা করতে পেরেছিলুম, জাহাজে চড়ার সঙ্গে সঙ্গে ফোকটে মরুভূমির ভিতর দিয়ে চড়ে যাব ?’

পল : ‘ঠিক বলেছিস্ত। আর মা-বাবা কী রকম আশ্চর্য হবেন, ভাব দিকিনি ! কিন্তু, ভাই, ওনারা যদি তখন ধরক দেন, জাহাজ ছেড়ে তোমরা এ রকম বাউল্ড-লিপনা করতে গিয়েছিলে কেন ? তখন ?’

পাসি’ বললে : ‘ঐ তো তোর দোষ ! সমস্তক্ষণ ভয়ে মরিস। তখন কি আর একটা সদ্ব্যবহার থেঁজে পাব না ? ঐ স্যার রয়েছেন। ও’কে জিজ্ঞাসা কর না। উনি কি বলেন ?’

আমি বললুম : ‘দোষ দেবেন, তো তখন দেবেন। এখন সে আলোচনা করতে গিয়ে দেখবার জিনিস অবহেলা করবে নাকি ? বিশেষত, যদি আমাদের অভিযান অন্যায় কম’ই হয়ে থাকে, সেটাকে যখন বদ করার শক্তি আমাদের হাতে নেই !’

পাসি’ বললে : ‘আর ফিরে গিয়েই বা কি লাভ ? আমাদের জাহাজ তো অনেকক্ষণ হল ছেড়ে দিয়েছে !’

চালাক ছেলে সব দিকে খেয়াল রাখে ।

মরুভূমিতে দিনের বেলা যে রকম প্রচণ্ড গরম, রাতেও ঠিক তেমনি বিকট শীত । বৈজ্ঞানিকেরা তার একটা অত্যুৎকৃষ্ট ব্যাখ্যা দেন বটে, কিন্তু ধোপে সেটা কথানি টেকে আমি যাচাই না করে বলতে পারব না । উপর্যুক্ত শুধু এইটুকু বলতে পারি, জাহাজে দিনের পর দিন রাতের পর রাত দৃঃসহ গরমে হাড়মাস ঘেন আচার হয়ে গিয়েছিল ; ঠাণ্ডা বাতাসের পরশ পেয়ে সর্বাঙ্গ ঘেন জলে-ভেজা জঁই ফুলের মত ফুলে উঠল ।

এ ধরনের অভিজ্ঞতা আমার জীবনে একাধিকবার হয়েছে । পেশাওয়ার, জালালাবাদের ১২০।১২২ ডিগ্রী স ওয়ার পর আমি থাক-ই জন্মারের ৬০ ডিগ্রীতে পেঁচতে কী আরাম অন্তুব করেছিলুম সে বর্ণনা অন্যত্র করেছি । কোথায় ? উহু, সেটি হচ্ছে না । বললেই বলবে, আমি সূর্যোগ পেয়ে আমার অন্য বইয়ের বিজ্ঞাপন এখানে নিখচায় চালিয়ে দিচ্ছি ।

কতক্ষণ ঘুঁঘয়েছিলুম মনে নেই । যখন মোটরের হঠাতে একটুখানি জোর ঝাঁকুনিতে ঘূম ভাঙল তখন দৈর্ঘ চোখের সামনে সারি সারি আলো । কাইরো পেঁচে গিয়েছি । গাড়ির আর সবাই তখনো ঘূমোচ্ছে । আমার সম্বেহ হল ড্রাইভারও বোধ করি ঘূমোচ্ছে । গাড়ি আপন মনে বাড়ির দিকে চলেছে ; সোয়ার ঘূমিয়ে পড়লেও ঘোড়া যে রকম আপন বাড়ি খ'জে নেয় ।

পার্সিকে ধাক্কা মেরে জাগিয়ে দিয়ে বললুম : ‘তবে না, বৎস, বলেছিলে, মরুভূমির সব টুকিটাকি পর্যন্ত মনের নোট বন্কে টুকে নেবে ?’ যেন আমি নিজে কতই না জেগে ছিলুম ।

পার্সিও তালেবের ছেলে । তখখনি দিলে পলের কানে ধরে একখানা আড়াই-গজী টান । আমি পার্সিকে যা বলেছিলুম সে পলকে তাই শৰ্নিয়ে দিলে । পল বেচারী আর কি করে ? সে আস্তে আস্তে মাদমোয়াজেল শেনিয়েকে জাগিয়ে দিয়ে বললে, ‘কাইরো পেঁচে গিয়েছি ।’

বাঁওলা দেশে কথায় কয়—পশ্চিম বাঁওলায় বলে কি না জানি নে—‘সায়েব বিবিকে মারলেন চড়, বিবি বাঁদীকে দিলেন ট্যাঙ্গা, বাঁদী বেরালকে মারলে লাঠি, বেরাল খামছে দিলে নুনের ছালাটাকে ।’

সংসারে এই রীতি ।

এখানে অবশ্য প্রবাদ টায়টায় মিলল না । তাই পল অতি সর্বিনয়ে মেম-সাহেবকে জাগিয়ে দিলে ।

মাদমোয়াজেল হ্যাঙ্গব্যাগ থেকে পাউডার বের করে নাকে ঘষতে ঘষতে ফরাসীতে শুধালেন,—আমার বিশ্বাস ফরাসিনীরা ঘূমন্ত অবস্থায়ও ঠেঁটে লিপিটক লাগাতে পারেন এবং লাগান—‘আমরা কোথায় পেঁচিলুম, এমিস্যো ?’

‘ল্য ক্যার !’

পল বেশ খানিকটে ফরাসী জানত । আমাকে শুধালে : ‘ল্য ক্যার,’ অর্থ হল ‘বি কাইরো’ । ‘ল্য’টা আবার পূর্ণলিঙ্গ । একটা শহরের আবার পূর্ণলিঙ্গ

শ্রীলিঙ্গ কি করে হয় ?'

আমি বললুম : 'অত বিদ্যে আমার নেই, বাপ ! তবে এইটুকু জানি এ-বাবদে ফরাসীই একমাত্র আসামী নয়। আমরা বৰ্ষপূজাকে বলি নদ, অৰ্থাৎ পংগুলিঙ্গ এবং গঙ্গাকে বলি নদী, অৰ্থাৎ শ্রীলিঙ্গ। কেন বলি জানি নে !'

'পাস' বললে : 'আমরা 'রেজরাই বা জাহাজকে 'শৰ্ণি' অৰ্থাৎ শ্রীলিঙ্গ দিয়েছি কেন ?'

আমি বললুম : 'উপস্থিত এ আলোচনা অক্সফোর্ডের জন্য মূলতুরী রেখে দাও—সেখানেই তো পড়তে ঘাচ্ছ—এবং নিশির কাইরোর সোন্দৰ্য্যটি উপভোগ করে নাও !'

সত্য, এরকম সোন্দৰ্য্য 'সচরাচর ঢোখে পড়ে না। আমরা যখন চম্পনগর থেকে কলকাতা পেঁচাই তখন মাঝখানে ঘন বসতি আৱ বিস্তু জোৱালো বাতি থাকে বলে কলকাতার রোশনাই ঠিকমত উপলব্ধি কৰতে পাৰি নে। এখানে মৰাভূমি পেরিয়ে হষ্টাং শহৰ বলে একসঙ্গে সব কটা আলো ঢোখে পড়ে এক অস্তুত মৰাভীচকাৰ সংষ্টি কৰে।

ছ-তলা বাড়িৰ উপরে—অবশ্য বাড়িটা দেখা ঘাচ্ছে না—দৰ্শি, লাল আলোতে জৰালানো শেলাইয়েৰ কলেৱ ছুঁচ ঘন ঘন উঠছে নামছে, আৱ সবুজ আলোৰ চাকা ঘূৰেই ঘাচ্ছে ঘূৰেই ঘাচ্ছে। নিচে এক বিলাতি কোম্পানিৰ নাম। আমাৱ গনে হল, হায় ! কলটাৰ নাম র্যাদ 'উষা' হত। সৌদিন আগবে ঘোড়িন ভাৱতীয়—ঘাক গে।

আৱো কত রুকমেৱ প্ৰজন্মত বিজ্ঞাপন। এ বিষয়ে বলকাতা কাইরোৰ বহু পিছনে।

কৰে কৰে শহৰতলীতে ঢুকলুম। কলকাতার শহৰতলী রাত এগাৱোটায় অঘোৱে ঘুমোৱ। কাইরোৰ সব ঢোখ খোলা—অৰ্থাৎ খোলা জানালা দিয়ে সাৰাৰ সাৰাৰ আলো দেখা ঘাচ্ছে। আৱ রাস্তাৰ কথা বাদ দাও। এই শহৰ-তলীতেই কত না রেস্টোৱাৰ, কত না 'কাফে' খোলা ; খন্দেৱে খন্দেৱে গিমগিম কৰছে। (আমাদেৱ যে রুকম চায়েৱ দোকান, মিশ্ৰাদেৱ তেমৰ্নি 'কাফে'-অৰ্থাৎ কফিৰ দোকান। আমি প্ৰায়ই ভাৰী কফিৰ দোকান যদি 'কাফে' হতে পাৱে তবে চায়েৱ দোকান 'চাফে' হয় না কেন ? 'চলো, ভাই, চাফেতে ঘাই' বলতে কি দোষ ? )

আবাৱ বলছি রাত তখন এগাৱোটা। আমি বিস্তু বড় বড় শহৰ দৰ্শনৰ মতো নিখাচৰ শহৰ কোথাও ঢোখে পড়ে নি।

কাইরোৰ রান্নার খশ্বাইয়ে রাস্তা ম ম কৰছে। ঘাবে ঘাবে নাকে এসে এমন ধাকা লাগায় যে মনে হয় নেমে পড়ে এখানেই চাটি খেয়ে ঘাই। অবশ্য রেন্ডোৱাগুলো আমাদেৱ পাড়াৰ চায়েৱ দোকানেৱই মতো নোংৱা। তাতে কি ঘায়-সাসে ? কে ঘেন বলেছে, 'নোংৱা রেস্টোৱাতেই রান্না হয় ভালো ; কালো গাই কি সাদা দুধ দেয় না ?'

আমাৱ খেতে কোনো আপৰ্তি নেই। কিম্বু ঐসব সামোৰ-মেনৱা যখন,

রয়েছেন। তাঁরা ‘ম’ দিয়ো’, ‘হ্যার গট’ কি যে বলবেন তাঁর তো ঠিকঠিকানা নেই।

আচার্যবৃত্তে দুখানা গাড়িই দাঁড়াল। বসে বসে সবাই অসাড় হয়ে গিয়েছি। সবাই নেমে পড়লুম। সঙ্কলেরই মনে এক কামনা। আড়ামোড়া দিয়ে নি, পা দুটো চালিয়ে নি, হাত দুখানা ঘুরিয়ে নি।

এমন সময় আব্ল আসফিয়া আমাদের মাঝখানে দাঁড়িয়ে, মাথা পিছনের দিকে দৈষৎ ঠেলে দিয়ে, হাত দুখানা সামনের দিকে সংপ্রসারিত করে, পোলিটি-শিয়নদের কায়দায় শুধানন্দ-পাক<sup>৩১</sup> লেকচার ঝাড়তে আরম্ভ করলেন, কিন্তু ভাঙ্গ ভাঙ্গ ফরাসীতে,—

‘মেদাম, মেদমোয়াজেল, এ মেসিয়ো’—

( ভদ্রমহিলাগণ, ভদ্রকুমারীগণ এবং ভদ্রমহোদয়গণ )

আমরা সকলেই এক্ষণে ত্রুণ্ট<sup>৩২</sup> এবং ক্ষুধাতুর। নগরী প্রবেশ করতঃ আমরা প্রথমেই উভয় কিংবা মধ্যম শ্রেণীর ভোজনালয়ে আহারাদি সমাপন করব। কিন্তু প্রশ্ন, সেখানে খেতে দেবে কি? জাহাজে যা দেয় তা-ই। সেই বিস্বাদ সূপ, বিস্বাদতর স্টু, তর্দিতর পার্টি<sup>৩৩</sup>: অর্থাৎ সেই আংলো-ইঞ্জিল কিংবা আংলো-ইঞ্জিল শিয়ন—যাই বলুন—রস-কষহীন খানা।

পক্ষান্তরে, ‘এই শরবতলীতে যদি আমরা কিংবিৎ আদিয় এবং অকৃত্ম মিশরীয় খাদ্য, মিশরীয় পদ্ধতিতে সূপক খাদ্য, ভোজন করি তবে কি এক নতুন অভিজ্ঞতা সৃষ্টি হবে না?’

আমরা কিছু বলার পূর্বেই তিনি হাত দুখানা গুটিয়ে নিয়ে বী হাত দিয়ে ধাড়ের ডান দিকটা চুলকোতে চুলকোতে বললেন : ‘অতি অবশ্য, রেস্তোরাঁ-গুলো নোংরা। চেয়ার-টেবিল সাফ-সুৎৰো নয়, কিন্তু মেদাম, মাদমোয়াজেল, মেসিয়ো, আমরা তো আর টেবিল-চেয়ার খেতে যাচ্ছি নে। আমরা খেতে যাচ্ছি খানা। জাহাজের রান্না যখন আমাদের খুন করতে পারে নি, তখন এ রান্নাই বা করবে কি করে? আপনারাই বলুন!’

কেউ কিছু বলার পূর্বেই পার্স চে<sup>৩৪</sup> চিয়ে উঠলো : ‘অফ্কোস্, অফ্কোস্—আলবত, আলবত, আমরা নিশ্চয়ই যাব। আমরা যখন মিশরীয় হাওয়াতেই খাস নিছি, মিশরীয় জলই যাব, মিশরীয় খাদ্য যাব না কেন?’

মাদমোয়াজেল শেনিয়ে বললেন : ‘যাঁরা খেতে চান না, তাঁরা খাবেন না। আমি যাচ্ছি।’

আর আমি বুলুম, ফরাসীদেশটা কতখানি স্বাধীনতার দেশ। স্বাধীনতা ফরাসীদের হাড়ে-হাড়ে মজায়-মজায়।

শেনিয়ে ছিলেন আমাদের মধ্যে সব চেয়ে ডেলিকেট প্রাণী। জাহাজের রান্না তাঁর পছন্দসই ছিল না বলে তিনি টোস্ট, দুধ, ডিম, মটর, কাফি, আলুসেঞ্চ খেয়ে প্রাণ ধারণ করতেন। তিনি যখন রাজা তখন—?

আমার মনে হয়, আমরা যে তখনই সবাই নিকটতম রেস্তোরাঁয় হৃড়মাড় করে চুকলুম তাঁর একমাত্র কারণ এই নয় যে, মাদমোয়াজেল চুক্তে প্রস্তুত, আমার

মনে হয়, আর সবাইও তখন মিশরী থানার এক্সপ্রেসেট করবার জন্য তৈরী। এবং সর্বে-তম কারণ সবাই তখন ক্ষুধায় কাতর। কোথায় কোন্‌ থানদানী রেস্টোরাঁয় কখন পেঁচব তার কি ঠিক-ঠিকানা? এবং হয়তো ততক্ষণে সব মাল কাবার। খেতে হবে মাখন-রুটি, দিতে হবে মুগী-মটনের দৱ। তার চেয়ে ভরতৰ খুশবাইয়ের খাবারই প্রশংস্তর। হাতের কাছে যা পাচ্ছ তাই ভালো, সেই নিয়ে খুশী।

রবি ঠাকুর বলেছেন,

‘কাছের সোহাগ ছাড়বে কেন

দূরের দুরাশাতে?’

ইরানী কবি ওমর খেয়ামও বলেছেন,

Oh, take the Cash, and let the Credit go,

Nor heed the rumble of a distant Drum !

কান্তি ঘোষ তার বাঙলা অনুবাদ করেছেন,

‘নগুর যা পাও হাত পেতে নাও, বাঁকির খাতায় শুন্য থাক,

দূরের বাদ্য লাভ কি শুনে, মাঝখানে ষে বেজায় ফাঁক !’

\* \* \*

রেস্টোরাঁগুলো ছুটে এসে আমাদের আদর-কদর করে অভ্যর্থনা ( ইস্তিক্ক-বাল ) জানালে। তার ‘বয়-রা’ বাণিজ্যখানা দাঁতের ঘুলো দেখিয়ে আকণ্ঠ হাসলে। তাঁড়িবাঁড়ি তিনখানা ছোট ছোট টেবিল একজোড় করে, চেয়ার সাজিয়ে আমাদের বসবার ব্যবস্থা করা হল, রান্নাঘর থেকে স্বয়ং বাবুচৌ’ ছুটে এসে তোয়ালে কাঁধে বার বার বাঁক-কে বাঁক-কে সেলাম জানালে। বসতে গিয়ে দেখি, শ্যামবাজারের সেই লোহার চেয়ার। শীত-গ্রীষ্ম উভয় ঋতুতেই বসতে গেলে ছাঁকা দেয়।

আমি তখন আমার অভিজ্ঞতা গিলাছি। অর্থাৎ দেখছি, বয়গুলোর কী সূচ্দর দাঁত! এরকম দুধের মত সূচ্দর দাঁত হয় কি করে? সে দাঁতের সামনে এরকম রস্তকরবীর ঘতো রাঙা ঠোঁট এরা পেল কোথা থেকে? এবং ঠোঁটের সৰ্বাঙ্গত থেকেই সবাঁঙ্গে ছাঁড়িয়ে পড়েছে কী অশ্বুত এক নবীন রঙ! এ রঙ আমার দেশের শ্যামল নয়, এ ষেন কি এক ঝোঞ রঙ! কী মসৃণ কী সূচ্দর!

কিন্তু সবাঁধিক মনোরম বাবুচৌ’র ভুঁড়িটা! ওঃ! কী বিশাল, কী বিপুল, কী জাঁদরেল!

তার থেকেই অনুমান করলুম আমরা ভালো রেস্টোরাঁতেই চুকেছি।

ইতিমধ্যে আবুল আসফিয়া এবং মাদমোয়াজেল শেনিয়ে বাবুচৌ’কে নিয়ে থেব রান্নাঘরে চলে গিয়েছেন, আহারাদ্বির বাছাই-তদারক করতে এবং গোটা-চারেক ছোকরা এসে আমাদের চতুর্দশের ঘিরে চেঁচাচ্ছে, ‘ব্যুৎ বালিশ, ব্যুৎ বালিশ!’

সে আবার কী ঘন্টণা ? ! ? !

বুরতে বেশিক্ষণ সময় লাগল না ; কারণ এদের সকলের হাতে কাঠের বাক্স  
আর গোটা দুই করে বুরশ ! ততক্ষণে আবার মনে ঘনে ধর্মনতৰ্জু আলোচনা  
করে বুঝে নিয়েছি, আরবীতে ‘ট’ নেই বলে ‘ব্ৰট’ হয়ে গিয়েছে ‘ব্ৰৎ’ এবং  
‘প’ নেই বলে ‘পালিশ’ হয়ে গিছে ‘বালিশ’—এখনে দাঁড়াল ‘ব্ৰৎ বালিশ’ !  
তাই আরবৰা পশ্চিম জওয়াহৱলালের নাম উচ্চারণ করে ‘বালিশ জওয়াহৱলাল !’  
ভাগিস আরবী ভাষায় ‘ট’ নেই। থাকলে নিরীহ ‘পশ্চিম’ আৱিষ্কানেৰ  
‘ব্যাণ্ডট’ হয়ে যেতেন ! আদৰণ অগ্লেৰ আৱবীতে আবাৰ ‘গ’ নেই, তাই তাৱা  
‘গাল্ফী’ৰ নাম উচ্চারণ করে ‘জাল্ফী’। অবশ্য সেটা কিছু মন্দ নয়,—সত্ত্বেৱ  
জন্য ‘জান দি’ বলেই তো তিনি প্ৰাণ দান কৱে দেহঙ্গাগ কৱলেন।

বাঙালী তোড় কাটতে ব্যস্ত, ইংৰেজ সমস্তক্ষণ টাইটা ঠিক গলার মাঝখানে  
আছে কিনা তাৱ তদাৰকিতে ব্যস্ত, শিখেৱা পাগড়ি বাঁধতে ঘন্টাখানেক সময়  
নেয়, কাৰ্বুলীৱা হামেহাল জুতোতে পেৱেক ঠোকাতে ব্যতিব্যস্ত, আৱ কাইৱো-  
বাসীৱা দেখলুম, ‘ব্ৰৎ বালিশেৱ’ নেশাতে মশগুল। তা না হলৈ রাত দৃপ্ৰেৱ  
গণ্ডায় গণ্ডায় ব্ৰৎ-বালিশওয়ালাৱাৱা কাফে রেন্ডোৱায় ধৰা দিতে থাবে কেন ?

তবে হ্যাঁ, পালিশ কৱতে জানে বটে। সিপিৱিট দিয়ে পুৱনো রঙ ছাড়ালে,  
সাবানজল দিয়ে অন্য সব ময়লা সাফ কৱলে, ঝুঁই লাগালে, পালিশ ছৈয়ালে,  
প্ৰথম হালকা ক্যাম্বিস পৱে মোলায়েম দিঙ্ক দিয়ে জুতোৱ জোলস বাড়ালে।  
তখন জুতোৱ যা অবস্থা ! তাতে তখন আয়নাৱ মতো মুখ দেখা যায়।  
বুৰশেৱ ব্যবহাৱ তো প্ৰায় কৱলেই না—চামড়া নাকি তাতে জথম হয়ে যায়।

কিস্তু ‘আশ্চৰ্য’ বোধ হল, সেই ঝাঁ চকচকে জুতোজোড়াকে সৰ’শ্ৰেষ্ঠে কাপড়  
দিয়ে হৰে অংশ—অংশ—ম্যাটমেটে কৱে দিল কেন ? এতখানি মেহমত  
চাকচিক্য জাগানোৱ পৱ সেটাকে ম্যাটমেটে কৱে দেবাৱ কি অৰ্থ ?

একটা গচ্ছ মনে পড়ল :

এক সাহেব পেসপ্রিওলাকে অড়াৱ দিলেন একটা জৰুৰিনোৱ কেক বানাবাৱ  
জন্যে। কেকেৱ উপৱে যেন সোনালী নীলে তাৰ নামেৱ আদ্য অক্ষৱ পি. বি.  
ডাব্লিউইউ দেখা থাকে। ডেলিভাৱ নেবাৱ সময় দোকানদাৱকে বললেন, ‘হ্ৎ’  
কেকটি দেখাচ্ছে উন্ম, কিস্তু হৱফগুলো বানানো হয়েছে সোজা অক্ষৱে। আমি  
চাই ট্যারচা ধৰনে, ঝুৱাল ডিজাইনে !’

ধোকানী খন্দেৱকে সন্তুষ্ট কৱতে চায়। বললে, ‘এক্ষণি কৱে দিচ্ছি। জন্ম-  
দিনেৱ ব্যাপাৱ—চাট্টিখানি কথা নয়।’

প্ৰচুৱ পৱিষ্ম বৱে সে কেকেৱ উপৱটা চে’চে নিলে। তাৱপৱ প্ৰচুৱতম  
গলদহম ‘হয়ে তাৱ উপৱ হৱফগুলো বাঁকা ধৰনে আৰলে, আৱো মেলা ফুল  
আলৱ চতুৰ্দিকে সাজালে।

সায়েব বললেন, ‘শাৰাশ, উন্ম হয়েছে !’

ধোকানী খুশী হয়ে শুধালে, ‘প্যাক কৱে আপনাকে দেব, না, কোনো বিশেষ  
ঠিকানায় পাঠিয়ে দিতে হবে ?’

সায়েব হেসে বললেন, ‘কোনোটাই না। আমি গুটা নিজেই থাবো।’

বলেই ছুরি দিয়ে চাক্লা চাক্লা করে গব-গব করে আন্ত কেকটা গিলেন।  
দোকানী তো থ। তাহলে অত-শত করার কি ছিল প্রয়োজন?

বৃং বালিশের বেলাও তাই।

বৃং বালিশওলাকে শুধুলুম, পালিশ করিয়ে দেওয়ার কারণটা কি?

একটুখানি হক্কাকিয়ে সামলে নিয়ে বললে, ‘গাইয়ারাই শুধু অত্যধিক  
চাকচিক্য পছন্দ করে। শহরের ভদ্রলোক সব জিনিসেরই মেকদার মেনে  
চলেন।’

অ—অ—অ!

তখন মনে পড়ল, অবন ঠাকুরও বলেছেন, ঠাকুরবাড়ির মেঝেরা আগের দিনে  
সোনার গয়না পরে পালাকিতে বেরুবার সময় তার উপর ঘলঘলের পাট্টি বেঁধে  
নিতেন। বড় বেশী চাকচিক্য নাকি গ্রাম্যজনস্তুতি বর্ণনা !

## ॥ ১৭ ॥

আমরা তেতো, মোনা, ঝাল, টক, মিষ্টি এই পাঁচ রস দিয়ে ভোজন সমাপন  
করি। ইংরেজ খায় মিষ্টি আর মোনা; ঝাল অতি সামান্য, টক তার চেয়েও  
কম এবং তেতো জিনিস যে খাওয়া যায়, ইংরেজের সেটা জানা নেই। তাই  
ইংরিজী রান্না আমাদের কাছে ভৌতা এবং বিশ্বাদ বলে মনে হয়। অবশ্য  
ইংরেজ ভালো কেক-পেস্টি-প্রডিং বানাতে জানে—তাও সে শিখেছে  
ইতালিয়ানদের কাছ থেকে এবং এ-কথাও বলবো আমাদের সম্বেদ রসগোল্লার  
তুলনায় এসব জিনিস এমন কী, যে নাম শুনে মুছ্ছ যাব?

মিশরীয় রান্না ভারতীয় রান্নার মামাতো বোন—অবশ্য ভারতীয় মোগলাই  
রান্নার। আর্মি প্রমাণ করত পারব না, কিন্তু বহু দেশে বহু রান্না খেয়ে  
আমার ব্যঙ্গিত দৃঢ় বিশ্বাস হয়েছে, মোগলরা এ-দেশে যে মোগলাই রান্নার  
তাজমহল বানালেন (এবং ভুললে চলবে না, সে রান্না তাঁরা আপন দেশে  
নির্মাণ করতে পারেন নি, কারণ ওঁদের মাতৃভূমি তুকীছানে গরম মশলা  
গজায় না) তারই অনুকরণে আফগানিস্তান, ইরান, আরবীস্থান, মিশর—  
ইস্তেক ক্ষেপন অবধি আপন আপন ক্ষুদ্র ক্ষুদ্র রান্নার তাজমহল বানাতে চেষ্টা  
করেছে। এ রান্নার প্রভাব পূর্ব ইয়োরোপের হীস, হার্ফের, রূমানিয়া,  
ষণ্গোপ্তার্ভিয়া, আলবেনিয়া, ইতালি পর্যন্ত পেঁচেছে।

এ সব তত্ত্ব আমার বহুদিনকার পরের আবক্ষকার। উপর্যুক্ত আবক্ষ  
আসফিয়া আর ক্লোবেৎ নিয়ে এলেন বারকোশে হরেক রকম খাবারের নম্বনা।  
তাতে দেখলুম, রয়েছে মুগী মসলিম, শিক কাবাব, শামী কাবাব আর গোটা  
পাঁচ-ছয় অজানা জিনিস। জানা জিনিসগুলো যে ঠিক ঠিক কলকাতাই  
খুশবাই নিয়ে এল তা নয়, কিন্তু তাত্ত্বেই বা কি? জাহাঙ্গীর আইরিশ স্ট্ৰ  
আর ইতালিয়ান মাস্কারনি খেয়ে খেয়ে পেটে তো চড়া পড়ে গিয়েছে; এখন

এ-সব জিনিসই অম্ভৃত ! আমার প্রাণ অবশ্য তখন কাঁধছিল চারটি আঙ্গপ চাল, উচ্ছেভাঙ্গা, সোনামুগ্রের ডাল, পটলভাঙ্গা আর মাছের খোলের জন্য—অত-শত বলি কেন, শুধু বোল-ভাতের জন্য—কিন্তু ওসব জিনিস তো আর বাঙলা দেশের বাইরে পাওয়া যায় না, কাজেই শোক করে কি লাভ ?

তাই দেখিয়ে দিলুম, আমার কোন্ কোন্ জিনিসের প্রয়োজন সেই বারকোশ থেকেষ্ট !

পাশের টেবিলে দেখি, একটা লোক তার প্লেটে দুটি শশা নিয়ে থেতে বসেছে। দুটি শশা—তা সে যত তিন ডবল সাইজই হোক না—কি করে মানুষের সংপুর্ণ<sup>১</sup> ডিনার হতে পারে, বহু-চিন্তা করেও তার সমাধান করতে পারলুম না। তাও আবার দোকানে চুকে, টেবিল-চেয়ার নিয়ে, সম-চার্টার্ন সাজিয়ে ! আর ইংলণ্ডের মতো ‘খানদানী’ দেশেও তো মানুষ রাস্তায় দুটো আপেল কিনে চিবোয়—রেন্ডের<sup>২</sup> যাই চুকে সম-চার্টার্ন নিয়ে সেগুলো থেতে বসে না। তবে কি এদেশ ইংলণ্ডের চেয়েও খানদানীতর ? এদেশে কি এমন সব সব<sup>৩</sup>নেশে আইন-কানুন আছে যে রাস্তায় শশা বিক্রি বারণ, যে-রকম শিবঠাকুরের আপন দেশে,

‘কেউ যদি পা পিছলে পড়ে,  
পায়দা এসে পাকড়ে ধরে,  
কাজীর কাছে হয় বিচার  
একুশ টাকা দণ্ড তার  
সেথায় সম্ম্যে ছাটার আগে,  
হাঁচতে হলে টিকিট লাগে ;  
হাঁচলে পরে বিনা টিকিটে—  
দমদমাদম<sup>৪</sup> লাগায় পিটে,  
কোটাল এসে নিস্য ঝাড়ে—  
একুশ দকা হাঁচিয়ে মারে।’

কি জানি কি ব্যাপার !

এমন সময় দেখি, সেই লোকটা শশা চিবুতে আরম্ভ না করে তার মাঝখানে দিলে দু হাতে চাপ। অমিন হড়হড় করে বেরিয়ে এল পোলাও-জাতীয় কী যেন বস্তু, এবং তাতেও আবার কি ষেন মেশানো ! আমি তো অবাক ! হোটেল-ওয়ালাকে গিয়ে বললুম, ‘যা আছে কুলকপালে, আমি ঐ শশাই থাব !’

এল দুখানা শশা !<sup>৫</sup> কাঁটা দিয়ে একটুখানি চাপ দিতেই বেরিয়ে এল পোলাও। সে পোলাওয়ের ভিতর আবার অতি ছোট ছোট মাংসের টুকরো (এদেশে যাকে বলা হয় ‘কিমা’), টিমাটোর কুচি এবং গঁড়নো পনীর। বুঝলুম এ-সব জিনিস পুরেছে সেৰ্ক শশার ভিতর এবং সেই শশাটা সৰ্বশেষে ঘিয়ে

১ সুকুমার রায়, আবোল-তাবোল, পঃঃ ৩২, তৃতীয় সিগনেট সংস্করণ

২ আসলে শশা নয়, এক রকমের ছোট লাউ।

ভেজে নিয়েছে। যেন মাছ-পটলের দোল্ঘা—শুধু মাছের বদলে এখানকার শশায় পোলাও, মাংস, টমাটো এবং চৌচি ! তারই ফলে অপ্রব' এই চৌচি !

শশাকে চাঞ্চি করে পোলাওয়ের সঙ্গে মুখে দিয়ে বুলুম, একই গ্রাসে একই সঙ্গে ভাত, মাংস, সঞ্জী, ফল এবং 'সেভরি' খাওয়া হয়ে গেল।

আর মে কী সোয়াব ! মুখে দেওয়া মাত্র মাথনের মতো গলে যায় !

এ রকম পাচকে পাঁচ পদ আমি প্রথিবীতে আর কোথাও খাই নি !

আরেকটা জিনিস খেলুম সে-ও অতুলনীয় ! মিশারি সিম-বীচি ! 'আলীবাবা' বায়কোপে যে সব বিরাট বিরাট উঁচু তেলের জালা দেখেছে, তারই গোটা দৃ-স্ত্রিন সিমেতে ভর্তি' করে সমস্ত রাত ধরে চালায় 'সিদ্ধকম'। সেই সিমে অলিভঅয়েল আর এক রকমের মশলা মিশশে খেতে দের সকাল বেলা থেকে। আমরা খেলুম রাস্তেরে ! তার যা সোয়াব !—এখনো জিভে লেগে আছে। আমাদের সিমবীচি তার কাছে কিছুই না। পল-পার্স'ও মুক্ত কঠে স্বীকার করলে চীন দেশের সোয়াবীনও এর সামনে কেন, পিছনেও দাঁড়াতে পারে না।

শুনলুম এই সিম-বীচি গারিব থেকে আরঞ্জ করে মিশরের রাজা দৃ-সম্ম্য খেয়ে থাকেন। হোটেলওয়ালা বললে, পিরামিড-নির্মাতা এক ফারাও-মহারাজা নাকি এই বৈন খেতে এত ভালবাসতেন যে, প্রজাদের বারণ করে দিয়েছিলেন তারা কেউ যেন বৈন না থায় ! সাধে কি আর লোকে ফারাওদের খামখেয়ালি বলত ?

শুনলুম এই বৈনের আরবী শব্দ 'ফুল' !

পরের দিন সকাল বেলাকার ঘটনা ! কিন্তু এর সঙ্গে যোগ আছে বলে এই সুবাদেই বলে নি !

কাইরোতে ফরাসী, হাঁক, ইতালী, ইংরেজ বসবাস করে বলে এবং জাত-বেজাতের বিস্তুর টুরিস্ট আসে বলে কাইরোর বহু দোকানী তরো-বেতরো ভাষায় সাইন-বোর্ড সাজায়। পরবর্তী সকাল বেলা আমরা যখন শহরের আনাচে কানাচে ঘৰ্যচি তখন দেখি, এক সাইন-বোর্ডে লেখা—

### FOOL'S RESTAURANT

পল, পার্স আমি একসঙ্গেই বোর্ডটা দেখেছিলাম। একসঙ্গেই থ মেরে দাঁড়িয়ে গেলুম। একসঙ্গেই অট্টহাস্য করে উঠলুম।

"আহাম্ম-কদের রেষ্টোৱাৰ্ট" !

বলে কি ?

তখন হঠাৎ ঝাঁ করে আমার মনে পড়ল Fool শব্দটা ব্যবহার করা হয়েছে 'ফুল' অর্থাৎ 'বৈন' অর্থাৎ 'সিমের বীচি' অথে ! "আহাম্ম-ক" অথে' নয়। অর্থাৎ এ দোকানী উক্তম 'সিম-বীচি' বেচে। তার পর দোকানের সামনে আমরা ত্রিমুক্তি উক্তিকৰ্ত্ত্ব মেরে দেখি, যে কটি খন্দের সেখানে বসে আছে তাদের সকলেরই সামনে শুধু সিম-বীচি—'ফুল'—'Fool'।

\*

\*

\*

\*

হাসলে তো ?

আঘি ও হেসেছিলুম।

কিন্তু তার পর কলকাতা ফিরে—বহু বৎসর পরে—দৈখ, এক দোকানের সাইন-বোর্ডে লেখা।

“কপির শঙ্গড়া”

অর্থাৎ ফুলকপির-পুর-বেগুন শঙ্গড়া। এই তো ?

আমি কিন্তু ‘কপি’ শব্দের অর্থ নিলুম ‘বাঁদর’। অর্থাৎ বাঁদরদের শঙ্গড়া। তা হলে অর্থ ‘বাঁড়াল, ওঁদোকানে ঘারা শঙ্গড়া খেতে ঘায় তারা বাঁদর। অর্থাৎ Fool’s Restaurant তে যে রকম আহাম্মকরা ঘায় !

যেমন মনে করো, যখন সাইন-বোর্ডে লেখা থাকে,—

“টাকের ঔষধ”

তখন কি তার অর্থ, ‘টাকা’ দিয়ে এ ঔষধ তৈরী করা হয়েছে ? তার অর্থ এ ঔষধ টেকোদের জন্য। অতএব ‘কপির শঙ্গড়া’র অর্থ ফুলকপি দিয়ে বানানো শঙ্গড়া নয়, ‘কপি’—বাঁদরদের জন্য এ শঙ্গড়া !

বিজ্ঞাপনে মানুষ জানা-অজানাতে—অজানাতেই বেশী—কত যে রসিকতার স্মৃতি করে তার একটা সচিত্ত কলেকশন করেছিল আমার এক ভাইপো। ‘হৰিটা মশ্ব নয়। তার মধ্যে একটা ছিল ;—

বিস্তু “দ্ব রাস্তনের হাটিয়াল।

মচ্চ—চার আনা

মাঙশ—আট আনা

নিডামিস—চুম্ব আনা

যাক, গে এসব কথা। আবার কাইরো ফিরে যাই। আহারাদি সমাপ্ত করে আমরা ফের গাড়িতে উঠলুম। আবুল আসফিয়া দেখলুম ভাইভারদের নিজের পয়সায় খাওয়ালেন। তার পর গাড়িতে উঠে বললেন, ‘কাইরোতে ট্যাক্সি চালাবার অনুমতি তোমাদের নেই। অথচ আমরা তোমাদের বাইরে থেকে নিয়ে এসেছি। আমাদের যেখানে খুশি নিয়ে গিয়ে দুপয়সা কামাতে পারো !’

তারা তো প্রাণেল প্রস্তাৱখানা শুনে আলনাদে আটখানা। কিন্তু আবুল আসফিয়া যে দৰ হাঁকলেন তা শুনে তাদের পেটের ‘ফুল’ পঘন্ত আচমকা লাফ মেরে গলা পঘন্ত পেঁচে গেল।

ব্যাপারটা হয়েছে কি, আবুল আসফিয়া ইতিমধ্যে কাইরোতে ট্যাক্সি ফি মাইলে কত নেয় তার খবরটা জেনে নিয়েছেন এবং হাঁকছেন তার চেয়ে অনেক কম। এবার তিনি ওদের বাগে পেয়েছেন। ওরা বেশী কিছু আপন্তি জানালেই তিনি অভিমানভরা কঢ়ে বলেন, ‘তা ভাই, তোমরা যদি না যেতে চাও তবে ঘাবে না। আমি তো আৱ তোমাদের বাধ্য কৱতে পারি নে। তোমাদের যদি, ভাই, বজ্জ বেশী পয়সা হয়ে যাওয়ায় আৱ কামাতে না চাও, তা হলে আমি আৱ কি কৱতে পারি বলো ? আল্লা তালাও তো কুৱান শৱীফে বলেছেন, ‘সম্মুণ্ঠি সদ্গুণ’।

তার পর দীঘ‘নিশ্বাস ফেলে বললেন, ‘তবে, ভাইরা, আমরা, তা হলে অন্য ট্যাক্সি নি। তোমরা সুয়েজ ফিরে যাও। আমি তোমাদের সঙ্গে থাকুন; রস্কুল তোমাদের আশীর্বাদ করুন। কিন্তু ভাই, এ ক-ষট্টা তোমাদের সঙ্গে কেটেছিল বড় আনন্দে।’

কেটেছিল আনন্দে না কচু! পারলে আবুল আসফিয়া ওদের গলা কাট্টেন।

কিন্তু আশ্চর্য হলুম লোকটার ‘ভণ্ডার্মি’ দেখে। গুটিকয়েক টাকা বাঁচাবার জন্য কি অভিনয়ই না লোকটা করলে!

আর পায়রার মতো বক্বর্কানি! এবং এ সেই লোক যে জাহাজেম-ভাবে মাঝ বাধ করে থাকত তাতে মনে হত কথা বলা রেশন্ড হয়ে গিয়েছে।

ঠিক আবুল আসফিয়ার দরে নয়, তার চেয়ে সামান্য একটু বেশী রেটে তারা শেষটায় রাজী হল।

আবুল আসফিয়া মোগলাই কঠে বললেন, ‘পিরামিড’। ততক্ষণে আমরা কাঁচো শহরের ঠিক মাঝখানে চুকে গিয়েছি।

কোথায় লাগে কলকাতা রাত বারোটার সময় কাইরোর কাছে। গণ্ডায় গণ্ডায় রেন্টোরী, হোটেল, সিনেমা, ডান্স-হল, কাবারে। খন্দেরে খন্দেরে তামাম শহরটা আবজ্ঞাব করছে।

আর কত জাত-বেজাতের মোক।

ঐ দেখ, অতি খান্দানী নিশ্চে। ভেড়ার লোমের মতো কৌকড়া কালো চুল, লাল লাল পুরু দৃঢ়ানা ঠেটি, বৈঁচা নাক, ঝিনুকের মতো দাঁত আর কালো চামড়ার কী অসীম সৌন্দর্য! আমি জানি এরা তেল মাখে না, কিন্তু আহা, ওদের সর্বাঙ্গ দিয়ে যেন তেল ঘরছে। এদের চামড়া এতই সুচিক্ষণ সুমসণ যে আমার মনে হয়, এদের শরীরে মশা-মাছি বসতে পারে না—পিছ'ল পড়ে মশার পা ছখানা কপ্পাউন্ড ফ্রেকচর হয়ে যায়, ছ মাস পট্টি বে'ধে হাসপাতালে থাকতে হয়।

ঐ দেখো, সন্দানবাসী। সবাই প্রায় ছ ফুট লম্বা। আর লম্বা আলখাল্লা পরেছে বলে মনে হয় দৈর্ঘ্য ছ ফুটের চেয়েও বেশী। এদের রঙ ব্রোঞ্জের মতো। এদের ঠেটি নিশ্চেদের মতো পুরু নয়, টক্টকে লালও নয়। কিন্তু সবচেয়ে দেখবার মতো জিনিস ওদের দ্রুতি বাহু একেবারে শাস্ত্রসম্মত পদ্ধতিতে আজান্তুলিব্বত—অর্থাৎ জানুর শেষ পর্যন্ত যেখানে হাঁটুর হাঁজি অর্থাৎ ‘নীঁ ক্যাপ’ সেই অবধি।

শ্রীরামচন্দ্রের বাহু ছিল আজান্তুলিব্বত এবং তাঁর রঙ ছিল নবজলধরশ্যাম, কিংবা নববৰ্বাদলশ্যাম। তবে কি শ্যামবণ্ণ কিংবা ব্রোঞ্জ-বণ্ণ না হলে বাহু এতাবান লম্বা হয় না? তবে কি ফর্স'দের হাত বে'টে, শ্যামলিয়াদের হাত লম্বা? কে জানে! সুযোগ পেলে কোনো এক ন্তৃত্বাত্মককে জিজ্ঞেস করতে হবে।

হঠাৎ দেখি, সম্মুখে হৈ-হৈ-রে-রে কাণ্ড! লোকে লোকারণ্য?

সমস্ত রাস্তা জুড়ে এত ভিড় যে দুখানা গাড়িকেই বাধা হয়ে দাঁড়াতে হল । আমি বারণ করার পরেই পল পার্স' দুজনাই লাফ দিয়ে উঠে গেল হৃদের উপর । ওরা দেখতে চায়, ভিড়ের মাঝখানের ব্যাপারটা কি । আমার ওসব জিনিস দেখবার বয়স গেছে । মাদমোয়াজেল ঝুঁকে শেনিয়ে পর্যন্ত উঠিউঠি করছিলেন ; আমি তাঁকে বাইরে যেতে বারণ করলুম ।

ইতিমধ্যে ঘোড় সওয়ার প্রলিখ এসে রাস্তা খালিকটে সাফ করে দেওয়াতে আমাদের গাড়ি এগিয়ে চললো । পল-পার্স' হৃদ থেকে নেমে এসে আমার দুপাশে বসেছে ।

আমাকে কিছুটি জিজ্ঞেস করতে হল না, ব্যাপার কি । ওরা উদ্দেশ্যনায় তিনি-বিংবিং করে লাফাচ্ছে । একসঙ্গে কথা বলছে । শেষটায় পলকে বাধা দিয়ে আমি বললুম, ‘পার্স’, তুমই বলো কি হয়েছিল ?’

‘ঐ যে আপনি দেখলেন সুদূরবাসীদের, তাদেরই এক জন একটা ইংরেজ-সেপাহীরের গলা ধরেছে বাঁহাত দিয়ে আর ঠাস-ঠাস করে কয়ে চড় মারছে ডান হাত দিয়ে । গোরা কিছুই করতে পারছে না, কারণ সুদূরানীর হাত লম্বা বলে গোরাকে এমনই দুরে রেখেছে যে, গোরা তার গাল নাগাল পাচ্ছে না । এ রকম তো চলন মিনিট দু-তিন । তার পর প্রলিখ এসে গোরাকে ধরে নিয়ে চলে গেল ।’

আমি অশ্রু হয়ে শুধুলুম, ‘সুদূরানীই তো ঠ্যাঙাছিল, তাকে ধরে নিয়ে গেল না ? যে মার খেল তাকে ধরে নিয়ে গেল, যে মার দিলে তাকে ধরে নিয়ে গেল না, এটা কি করে হয় ?’

পল-পার্স' সম্মুখে বললে, ‘মেই তো মজার কথা, স্যুর ! নাংহাই-টাংহাই কোনো জায়গাতে কেউ যদি গোরাকে ঠ্যাঙায়, তবে তাকেই ঠ্যাঙাতে-ঠ্যাঙাতে প্রলিখ থানায় নিয়ে থার । কেউ একবারের তরেও প্রশ্ন করে না দোষটা কার ?’

আমি তখন ড্রাইভারকে রহণ্য সমাধান করার জন্য অন্তর্বোধ জানালুম ।

ড্রাইভার বললে, ‘দারোয়ানীর কাজ এন্দেশ করে সুদূরানীরা । তাদের উপর কাঁচোবাসীদের অসীম বিবাস । কোনো সুদূরানী কখনো কোনো প্রকারের বিবাসাতকতা করে নি, এ কথা আমি বলতে পারব না, কিন্তু আমার কানে কখনও পেঁচায় নি । এরা বড়ই ধৰ্ম‘প্রাণ । পাঁচ ওক্টুব্র নামাজ পড়ে, রোজা রাখে, হজ যাগ, তসবী জপে । আর বসে বসে বাড়ি আগলায় ।’ এই যে সুদূরানী গোরাকে মার দিচ্ছিল, সে এক রেঙ্গোরাঁর দারোয়ান । গোরা রেঙ্গোরাঁয় খেয়ে-দেয়ে পয়সা না দিয়ে বেরিয়ে ষাঁচিল বলে হোটেলওলা তাকে চ্যালেঞ্জ করে খেল ঘূর্ব । তখন সুদূরানী দারোয়ান তার যা কর্তব্য তাই করেছে । প্রলিখ একবার জিজ্ঞেস করে বিবাস করেছে সুদূরানীকে, আর ধরে নিয়ে গিয়েছে গোরাকে । নবাই জানে, সুদূরানীরা বড় শাস্তি স্বত্বাব, তারা মারপিটের ধার ধারে না ।’

বাকি, সব বোঝা গেল । কিন্তু একটা কথা স্বীকার করব ; একা একা কান্না সাহায্য না নিয়ে, পন্ডিতের গোরাকে ঠ্যাঙাতে পারে সুদূরানীই । পাঠান পারে কি না জানি নে । পারলে পারতেও পারে, কিন্তু তার বাহু আজান-লম্বিত নয়

ବଲେ ମେଓ ନିଶ୍ଚଯ ଦ୍ଵାରା ସା ଥାବେ ।

କାହିରୋଡ଼େ ବୃଣ୍ଟି ହୁଏ ଅତି ଦୈବାଂ । ତା-ଓ ଦ୍ଵାରା ଇଞ୍ଜିନ ବେଶୀ ନନ୍ଦ । ତାଇ ଲୋକଜନ ସବ ବସେହେ ହୋଟେଲ-କାଫେର ବାରାଦାୟ କିଂବା ଚାତାଲେ । ଶୁନ୍ଲମୁଖ, ଏଥାନକାର ବାୟଦ୍ରୀକୋପରେ ବେଶୀର ଭାଗ ହୁଏ ଖୋଲାମେଲାତେ ।

ବାଙ୍ଗଲା ଦେଶେ ଆମରାଓ ଚାଯେର ଦୋକାନେ ବସେ ଗାଲଗଟପ କରେ ସମୟ କାଟାଇ । କେଉ କେଉ ହୁଯତୋ ରୋଜ ଏକଇ ଦୋକାନେ ଗିଯେ ସଂଟା ଦୂରେକ କାଟାଯ, କିମ୍ବୁ କାହେତେ ବସେ ଦିନେର ବେଶୀର ଭାଗ ସମୟ କାଟାନୋର ରେଓଯାଜ ଆରଣ୍ୟ ହୁଏ ଫଣ୍ଟିଆର ଥେବେ । କାବୁଲେ ଦେଖିବେ, ଚାର ବ୍ୟକ୍ତି ଚଲେଛେନ ବରଫ ଭେଣେ ଚା-ଖାନାଯ ଗିଯେ ଗଟପଗ୍ନଜୋବ କରିବେନ ବଲେ—ଯେନ ବାଡିତେ ବସେ ଓ-କର୍ମ୍‌ଟି କରା ଯାଏ ନା । ଓରେ ଜିଜ୍ଞେସ କରିଲେ ତାର ବଲେ, ‘ବାଡିତେ ମୁରୁଷ୍‌ବୀରୀ ରାଯେଛେ, କଥନ ଏସେ କାକେ ଧରକ ଲାଗାନ ତାର ଠିକ ନେଇ । କିଂବା ହୁଯତୋ ବଲିବେନ, ଦେଖ ବାଜା, ଫିରୋଜ ବ୍ୟକ୍ତ, ସାଓ ଦିର୍ଦ୍ଦିନ ମାଗାର ବାଡିତେ—(ଆଜ୍ଞାଇ ମାଇଲେର ଧାକା) ମେଥାନେ ଗିଯେ ମାଗାକେ ବଲୋ, ଆମାର ନାକେର ଫୁସକୁଡ଼ିଟା ଏକଟୁ ଦେଇଛେ, ତିନି ଯେନ ଚିତ୍ତା ନା କରେନ । ଆର ଦେଖୋ, ଆସବାର ସମୟ ଧୋପାନୀକେ ଏକଟୁ ଶୁଦ୍ଧିରେ ଏସୋ—(ମେ ଆରୋ ଦେଇ ମାଇଲେର ଚକ୍ର) —ଆମାର ନୀଲ ଜୋବ୍ବା,—ଇତ୍ୟାଦି ।

‘ଏବଂ ସବ ଚେଯେ ବଡ଼ କାରଣ, ବାଡିତେ ମା-ଜ୍ୟାଠାଇମା ଓରକମ ଜାଲା ଜାଲା ଚା ଦିତେ ରାଜୀ ହନ ନା । ଓନାରା ସେ କଣ୍ଠୁସ ତା ନନ୍ଦ । ଆମି ସାଦି ଏକଟୁଖାନି ବଲି, ଜ୍ୟାଠାଇମା, ଆମାର ବ୍ୟକ୍ତିରା ଏସେହେ, ଓରା ବଲେଛେ, ପିସିମାର ବିଯେର ଦିନେ ଆପଣିଯେ ଦୁର୍ବା-ମୁଦ୍ରଣମ କରେଛିଲେନ ତାରା ମେଇଟେ ଥାବେ । କିମ୍ବୁ ଓରେ ବାଯନାକ୍ତା, ଦୁର୍ବାର ଭିତର ଯେନ କୋଫତା ପୋଲାଓ ଆର ମୁଗ୍ଗୀ ଥାକେ, ମୁଗ୍ଗୀର ଭିତର ଯେନ କିମା ପୋଲାଓ ଆର ଆଂଦା ଥାକେ ଏବଂ ଆଂଦାର ଭିତର ଯେନ ପୋନା ମାଛେର ପାଇଁ ଥାକେ,—ଜ୍ୟାଠାଇମା ତନ୍ଦଦେଇ ଲେଗେ ଯାବେନ ଐ ବିରାଟ ରାନ୍ଧା କରତେ । ତାତେ ଦୁଶ୍ମ-ବିଶ ଟାକା ଯା ଲାଗୁକ ।

‘ଅର୍ଥଚ ଆମାଦେର ଚାଯେର ଖରଚ ଏକ ସମ୍ବନ୍ଧ୍ୟାୟ କଟୁକୁନ ? ଦ୍ଵାରା ଆନା ଚାର ଆନା, ମେରେକେଟେ ଆଟ ଆନା । ଉହଁ, ମେଟି ହଚ୍ଛେ ନା । ସନ ସନ ଚା ଥିଲେ ନାକି କିନ୍ତୁ ମରେ ଯାଏ, ଆହାରେର ରାତି ଏକଦମ କମେ ଲୋପ ପେଯେ ଯାଏ ।

‘ତାଇ ଭାଇ, ଚାଯେର ଦୋକାନଇ ପ୍ରଶ୍ନତର । ମେଥାନେ ଏକ ବାର ଢୁକତେ ପାରିଲେ ବାବା-ଚାଚାର ତର୍ମବତମ୍ବାର ଭୟ ନେଇ, ମାମା-ବାଡିତେ ଗିଯେ ବାବାର ନାକେର ଫୁସକୁଡ଼ିଟାର ଲେଟେଟ ବୁଲୋଟିନ ଝାଡ଼ିତେ ହୁଏ ନା, ଜାଲା-ଜାଲା ଚା ପାଓଯା ଯାଏ, ଅନ୍ୟ ଦ୍ଵାରା ଜନ ଇଯାର ଦୋଷେର ସଙ୍ଗେ ଘୋଲାକାତ୍ତି ହୁଏ, ତାସ-ଦାବା ଯା ଦୁଶ୍ମ ଥେଲାଓ ଯାଏ—ମେଥାନେ ଯାବ ନା ତୋ, ଯାବ କୋଥାଯ ?’

ପ୍ରଥମ ବାରେଇ ପ୍ରଥମ କାବୁଲୀ ଭରସନ୍ତାନ ସେ ଆମାକେ ଏଇ ସବ କାରଣ ଏକ ନିଶ୍ଚାସେ ବୁଝିଯେ ବଲେଛିଲ ତା ନନ୍ଦ, ଏକାଧିକ ଲୋକକେ ଜିଜ୍ଞେସ କରେ କ୍ରମେ କ୍ରମେ ଚାଯେର ଦୋକାନେ ଯାବାର ଯାବତୀୟ କାରଣ ଆମି ଜାନତେ ପେରେଇଲମୁଖ ।

ଆମାର ମନେ କୋନୋ ସମ୍ବେଦନ ନେଇ, ଏବଂ ମନ୍ତ୍ୟ କଥାଇ ବଲେଛିଲେନ, ଏବଂ ଏବଂ ଏବଂ ସେ ସର ଛେଡ଼େ ଚାଯେର ଦୋକାନେ ଯାନ ତାତେ ଆପଣିଟି କରିବାର କିଛନ୍ତି ନେଇ ।

কিন্তু প্রশ্ন, বাঙালীদের বেলাও তো এই সব আপন্তি-ওজ্জ্বাত টেকে। আমাদের মা-পিসিরাও চান না আমরা যেন বড় বেশী চা গিলি, বাবা-কাকাও ফাই-ফরমায়েস দেওয়াতে অতিশয় তৎপর; তবে আমরা চায়ের দোকানকে বাড়ির ঝইঝুম করে তুলি নে কেন?

এর সদ্ব্যূত আমি এ্যাবৎ পাই নি। তা সে ধাই হোক, এটা বেশ লক্ষ্য করলুম, রাত বারোটা-একটা অবধি কাছেতে বসে সময় কাটানোতে কাইরোবাসী সবচেয়ে বড় ওষ্ঠুদ; বস্থুর বাড়িতে জমানো আঙ্গা দশটা-এগারটাৰ ভিতৰ ভেঙ্গে যায়, কারণ বাড়িস্থ লোক তাড়া লাগায় খাওয়া-বাওয়া করে শুয়ে পড়াৰ জন্যে। এখানে সে ভয় নেই। উঠি-উঠি করে কেউই ওঠে না। বাড়িৰ লোকেৰও অভ্যাস হয়ে গিয়েছে। তারা আৱ একটা ব্যবস্থা করে নিয়েছে। শুনেছি, এখনকার কেনো কোনো কাফে খোলে রাত বারোটায়!

মোটৰ গাড়ি বড় তাড়াতাড়ি চলে বলে ভালো করে সব-কিংবু দেখতে পেলুম না। কিন্তু এইবাবে চোখেৰ সামনে ভেসে উঠল অতিৱমণীয় এক দৃশ্য! নাইল, নীল নদৰ।

আমি প্ৰথম বাংলার ছেলে। যা-তা নদী আমাকে বোকা বানাতে পারে না। আমি যে গাঙে সাঁতার কাটতে শিখেছি সেই ছোটু মনু নদ থেকে আৱাঞ্ছ করে আমি বিস্তুৰ যেঘনা-পশ্চা, গঙ্গা-যমুনা এবং পৱবতী ধূগে গোদাৱৰী-কৃষ্ণ-কাৰেৰী-তাপ্তী-নৰ্দা-সিংহু, ইয়োৱোপে রাইন-ডানয়ু-ব্ৰোজেল-ৱোন দেখেছি। নদী দেখলে আৱ পাঁচ জন বাঙালৈৰ মতো আমিও গামছা খৰ্জতে আৱাঞ্ছ কৰি—ঐ নদীতে কটা লোক গত সাতশ বছৰে ডুবে মৱেছিল তাৱ প্টাটিস্টিকসেৰ সংধান না নিয়ে—একটা ডিঙি কি কৌশলে চুৱি কৱা যায় তাৱ সংধানে মাথায় গামছা বেঁধে নি, পাটিনিকে কি প্ৰকাৰে ফাঁকি দিয়ে খেয়া নৌকো থেকে নামতে হয় সেটা এক মুহূৰ্তেই আৰিষ্কাৰ করে ফেলি।

এই যে প্ৰথিবীৰ সবচেয়ে মধুৰ ভাটিয়ালী গীত! সংষ্টিকৰ্তা যদি তাৰ প্ৰথম বাংলার লীলাঙ্গনে শত শত নদীৰ আলপনা না আঁকতেন তবে কি কথনো ভাটিয়ালী গানেৰ সৃষ্টি হত? আৱ এ কথাও ভাৰি তিনি রচেছেন মোহনিয়া প্ৰবাহিনী আৱ আমৱা তাৰ সঙ্গে পাল্লা দিয়ে রচেছি ভাটিয়ালী। অবশ্য তাৰই কাছ থেকে ধাৰ কৱে! আমৱা যখন ও—ও—ও—বলে ভাটিয়ালীৰ লম্বা সুৰ ধাৰি, মায়ে মায়ে কাঁপন জাগাই তখন কি স্পষ্ট শুনতে পাও না, দেখতে পাও না, ‘ও—’ৰ লম্বা টানে যেন নদী শান্ত হয়ে এগিয়ে চলছে, যখন কাঁপন লাগাই তখন মনে হয় না, নদী যেন হঠাৎ থমকে গিয়ে দ'য়েৱ সৃষ্টি কৱেছে?

প্যারিস-ভিয়েনার রসিকজনেৰ সম্মুখে আমি আমাৱ হাজাৱোটা নদী কাঁধে বয়ে নিয়ে হাজিৱ কৱতে পাৱব না, কিন্তু ভাটিয়ালীৰ একখানা উত্তম রেকড় শৰ্নিয়ে দিতে পাৰি।

আমি বে-আক্লেন তাই একবাৰ কৱেছিলুম। তাৱ কি জৱিমানা দিয়েছিলুম শোনো।

ভিয়েনাতে পাশেৰ ঘৰে থাকত এক বাশান। সে এসোছিল মেখানে

কষ্টনেন্টাল সঙ্গীত শিখতে। ভিয়েনা শহর বেটোফেন, মোৎসার্টের কর্মভূমি—আমাদের যে রকম তানসেন, ত্যাগরাজ, বাঙালীর যে রকম রবীন্দ্রনাথ, নজরুল ইল্লাম।

ভিয়েনা ডানয়ুব নদীর পারে। ‘ব্ৰু ডানয়ুব’ তোমাদের কেউ কেউ হয়তো শুনেছ।

একদিন সেই রাশান বলল, ‘ডানয়ুব ফানয়ুব সব আজে-বাজে নদী। এই সব নদী থেকে আর কি গান বেরিয়েছে যে পাণ্ডা দেবে আমার রাশার ভল্গা নদী থেকে আর ভল্গার মাঝির গান উচ্ছ্বসিত হয়ে উঠেছে? তুমি ‘গড়-’ফড়’ কি সব মানো, না? আমি মানি নে। আমি স্পষ্ট দেখতে পাচ্ছি প্রকৃতিকে। তারই অন্যতম মধ্যে প্রকাশ নদীতে। সেই নদীকে আমরা মাধুযৈ’ হার মানাই ভল্গা মাঝির গান দিয়ে।’<sup>৩</sup>

বাড়ি ফেরা মাত্রই সে ভল্গা-মাঝির রেকড ‘শোনালো। আমি মৃদ্ধ হয়ে বললুম, ‘চৰকাৱ!’

কিন্তু ততক্ষণে আমার বাঙাল রস্ত গরম হয়ে উঠেছে। বাঙালো অবশ্য জানে, তার অর্থ ‘কি? ‘ঘটি’ অর্থাৎ পশ্চিম-বাঙালোর লোক তাই নিয়ে হাসা-হাসি করে কৱুক। আমার তাতে কোনো খেদ নেই। ওরা তো আমাদের ভাটিয়ালী ভালোবাসে, আমরা তো ওদের ‘বাঞ্ছ’ শব্দে ‘বাঞ্ছে’ হয়ে যাই।

আমার গরম রস্ত তখন টগবগ করে বলছে, ‘বাঙ্গলা দেশ শত শত নদীর দেশ। রাশাতে আর কন্টা নদী আছে? তারই একটা, ভল্গা। সে নদী হারিয়ে দেবে বাঙালা দেশের তাৰৎ নদীকে? দাঁড়াও, দেখাচ্ছি।’

ভাগ্যস, আশ্বাসউদ্দিনের ‘রঙিলা নায়ের মাঝি’ আমার কাছে ছিল। সেইটে চাঁড়িয়ে দিলুম রাশানের গ্রামোফোনে।

সে ঢোখ বশ্ব করে শুনলে। তার পর বললে-- যা বললে তার অর্থ—‘ধাঁপা’।

আমি বললুম ‘মানে?’

সে বললে, ‘স্কুলটি অতি উচ্চ শ্রেণীর এবং তার চেয়েও বেশী কানে ধরা পড়ে ওর অভিনবত্ব। আমি করজোড়ে স্বীকার কৰছি, এ রকম গীত আমি পুরো কখনো শুনি নি। কিন্তু সঙ্গে সঙ্গে এটা ও বলবো, এ গীত লোক-গীত নয়। কারণ বিশ্বরূপাশ্চের কোনো ভূমিতেই গ্রাম্য গীতে এতগুলো ‘নোট’ লাগে না। তাই বলছিলুম তুমি ধাঁপা দিচ্ছো।’

আমি বললুম, ‘বছা, ঐ হল ভাটিয়ালির বৈশিষ্ট্য। ও যত্থানি ওঠা-নামা করে পৃথিবীর আর কোনো লোক-গীত তা করে না।’

কিছুতেই স্বীকার করে না ওটা লোক-গীত। তার ধারণা ওটা লোক-গীত এবং শাস্ত্রীয় সঙ্গীতের মাঝখানে উপস্থিত ঝুলছে, আর কয়েক বৎসর যেতে না

৩ রবীন্দ্রনাথও এই ‘দন্ত’ করেছেন তাঁর ‘বাদল দিনের প্রথম কদম ফুল’ গানে। রেকডে গেয়েছেন, শ্রীযুক্তা রাজেশ্বরী বাসুদেব।

যেতেই কোনো গৃণী সেটাকে ‘উচ্চাঙ্গ’ শাস্ত্ৰীয় সঙ্গীতে বৱণ কৱে তুলে নেবেন।

তাৰ পৱ এক দিন সে স্বীকাৰ কৱলে। বি বি সি-ৰ কল্যাণে। বি বি সি পুথিৰীৱৰ লোক-গীত শোনাতে শোনাতে ভাটিয়ালী শুনিয়ে বললে এটা পুৰ বাঙলার লোক-গীত।

আমি লড়ই জিতলুম কিন্তু তখন থকেই শুনুৰ হল আমাৰ জৰিমানা। আশ্চৰ্য লাগছে না, যে জিতলে সে দেবে জৰিমানা? হয়, প্ৰায়ই হয়। মাৰ্কিনিংডেজ জৰ্ণিনি জয় কৱে বহু বৎসৰ ধৰে সেখানে ঢেলেছে এবং এখনো ঢালছে বিশ্বৰ টাকা। সে কথা ঘাক, জৰিমানাটা কি ভাৱে দিতে হল বুঝিয়ে বলি।

এৱ পৱ যখনই সে আমাকে সাজা দিতে চাইত তখনই তাৰ বেয়ালাতে বাজাতে আৱষ্ট কৱত ভাটিয়ালিৰ সুনৰ।

বোৰ অবস্থাটা! বিদেশ-বিভু<sup>\*</sup>ইয়ে একেই দেশেৰ জন্য মন আকুপাকু কৱে তাৰ উপৱ ভাটিয়ালিৰ কৱণ টান!

রবীন্দ্ৰনাথেৰ শীকষ্টব্যৱ-ৰ মতো<sup>4</sup> আমি কাতৱ রোদনে তাঁকে বেয়ালা বশ্ব কৱতে অনন্য-বিনয় কৱতুম।

কিন্তু আজও বলি, লোকটা যা বেয়ালাতে ভাটিয়ালি চড়াতে পাৱত তাৰ তুলনা হয় না।

কত দেশ ঘুৱলুম, কত লোক দেখলুম, কত অজানা জনেৰ প্ৰাণি পেলুম, কত জানা জনেৰ দৰ্ব্যবহাৰ, হিটলাৰেৰ মতো বিৱাট পুৱুৰেৰ উৰান-পতন দেখলুম, সে সব বড় বড় জিনিস প্ৰায় ভুলে গিয়েছি, কিন্তু এই সব ছেটখাটো জিনিস কিছুতেই ভুলতে পাৰিৱ নে। মনে হয় যেন আজ সকালেৰ ঘটনা।

চাঁদেৰ আলোতে দেখিছি, নীলেৰ উপৱ দিয়ে চলেছে মাঝাৰি ধৱনেৰ খোলা মহাজনী মৌকা—হাওয়াতে কাত হয়ে তেকেশা পাল পেটুক ছেলেৰ মত পেট ফুলিয়ে দিয়ে। হাওয়া বইছে সামান্যই, কিন্তু এই পেটুক পাল এৱ সবাৰ হাওয়াই খাবাৰ যেন কেড়ে নিয়ে পেটোকে ঢাকেৰ মতো ফুলিয়ে তুলেছে। ভয় হয়, আৱ সামান্য একটুখানি জোৱ হাওয়া বইলৈই, হয় পালটা এক ঝটকায় চোঁচিৱ হয়ে ঘাবে, নয় নৌকোটা পেছনেৰ ধাকা খেয়ে গোটা আড়াই ডিগবাজি খেয়ে নীলেৰ অতলে তলিয়ে ঘাবে।

এই নীলেৰ জল দিয়ে এ দেশেৰ চাৰ হয়। এই নীল তাৰ বুকে ধৰে সে চাষেৰ ফসল মিশৱেৰ সৰ্বত্র পেঁচিয়ে দেন। তাই এ দেশেৰ কৰি গেয়েছেন:

ওগো নীলনদৰ্প্ৰাবতা ধৰণী আমি ভালোবাসি তোৱে,

ঐ ভালোবাসা ধৰ্ম আমাৰ কম আমাৰ ওৱে।

৪ রবীন্দ্ৰ-ৱচনাবলী, সপ্তদশ খণ্ড, ২১৫ পঃ।

সৈয়দ মুজতবা আলী বচনাবলী (৭ম) — ৬

পিরামিড ! পিরামিড !! পিরামিড !!!

কোনো প্রকাশের আশ্চর্য প্রকাশ করতে হলে আমরা তিনটে আশ্চর্ষবোধক চিহ্ন—!!!—দিই। তাই কি চোখের সামনে দাঁড়িয়ে তিনটে পিরামিড ? কিংবা উল্লেটো ? তিনটে পিরামিড ছিল বলে আমরা তিনবার আশ্চর্য হই ?

এই পিরামিডগুলো সম্বন্ধে বিশ্বজুড়ে যা গাদা গাদা বই লেখা হয়ে গিয়েছে তার ফিরিণ্টি দিতে গেলেই একথানা আস্ত জলে-ডাঙায় লিখতে হয়। কারণ এই তিনটে পিরামিড প্রাথিবীর সবচেয়ে প্রসরণো কৌণ্ঠস্তুতি—যুগ ধূগ ধৰে মানুষ এদের সামনে দাঁড়িয়ে বিস্তর জটপনা-কঞ্চনা করেছে, দেয়ালে-ধোদাই এদের লিপি উৎধার করে এদের সম্বন্ধে পাকা খবর সংগ্রহ করার চেষ্টা করেছে, জান তো, পিরামিডের ঠিক মাঝখানে একটা কুটুরিতে বিস্তর ধনদোলত জড়ে করা আছে—তাইই পথ অনন্দস্থান করছে পাকা সাড়ে ছ হাজার বছর ধৰে। ইরানী, ফার্সি, রোমান, আরব, তুর্কী, ফরাসী, ইংরেজ, পর পর সবাই এদেশ জয় করার পর প্রথমেই চেষ্টা করেছে পিরামিডের হাজার হাজার মণ পাথর ভেঙে মাঝখানের কুটুরিতে ঢুকে তার ধনদোলত লুট করার। কিন্তু আশ্চর্য, যিনি শেষ পর্যন্ত ঢুকতে পারলেন তিনি ধন লুটের মতলবে ঢোকেন নি। তিনি ঢুকেছিলেন নিছক ঐতিহাসিক জ্ঞান সংগ্রহের জন্য। ফারাওয়ের রাজমিস্ত্রীরা কুটুরি বানানো শেষ করার পরে বেরোবার সময় এমন-ই মন্ত্র পাথর দিয়ে রাস্তা বন্ধ করে দিয়ে বাইরের দেয়ালে পালিশ পলন্তরা লাগিয়ে দেয় যে, প্রাথিবীর মানুষের সাড়ে ছ হাজার বছর লাগল ভিতরে যাবার রাস্তা দেয় করতে !

মিশরের ভিতরে-বাইরে আরও পিরামিড আছে, কিন্তু গিজে অগ্নিলেন যে তিনটে পিরামিডের সামনে আমরা দাঁড়িয়ে, সেগুলোই ভূবন-বিখ্যাত, প্রাথিবীর সপ্তাশ্চর্যের অন্যতম !

রাজা	নির্মাণের সময়	ভূমিতে দৈর্ঘ্য	উচ্চতা
খ.ফু	৪৭০০ খ্রীঃ পঃ	৭৫৫ ফুট	৪৮১ ফুট
শাফুরা	৪৬০০ "	৭০৬ "	৪৭১ "
সেনকাওরা	৪৫৫০ "	৩৪৬ "	২১০ "

প্রায় পাঁচশো ফুট উচ্চ বললে, না দেখে চট করে পিরামিডের উচ্চতা সম্বন্ধে একটা ধারণা করা যায় না। এমন কি চোখের সামনে দেখেও ধারণা করা যায় না, এরা ঠিক কতখানি উচ্চ। চ্যাপ্টা আকারের একটা বিরাট জিনিস আস্তে আস্তে ক্ষীণ হয়ে পাঁচশো ফুট উচ্চ না হয়ে যদি চোঙার মতো একই সাইজ রেখে উচ্চ হত, তবে ম্পশ্ট বোৰা যেত পাঁচশো ফুটের উচ্চতা কতখানি উচ্চ !

বোৰা যায়, দূরে চলে গেলে। গিজে এবং কাইরো ছেড়ে বহু দূরে চলে যাওয়ার পরও হঠাৎ চোখে পড়ে তিনটে পিরামিড, সব কিছু ছাঁড়িয়ে, মাথা উচ্চ করে দাঁড়িয়ে। আর পিরামিড ছেড়ে যদি সোজা মরুভূমির ভিতর দিয়ে চলে যাও, তবে মনে হবে সাহারার শেষ প্রান্তে পেছে যাওয়ার পরও বৃক্ষ পিরামিড দেখা যাবে !

তাই বোধা যায়, এ বস্তু তৈরি করতে কেন তেইশ লক্ষ টুকরো পাথরের প্রয়োজন হয়েছিল। ‘টুকরো’ বলতে একটু কমিয়ে বলা হল, কারণ এর চার-পাঁচ টুকরো একত্রে করলে একখানা ছেটখাটো এঞ্জিনের সাইজ এবং ওজন হয়। কিংবা বলতে পারো, ছ ফুট উঁচু এবং তিন ফুট চওড়া করে এ পাথর নিয়ে একটা দেয়াল বানালে সে দেয়াল লম্বায় ছ’শ পশ্চাশ মাইল হবে। অর্থাৎ সে দেয়াল কলকাতা থেকে দার্জিলিং গিয়ে আবার ফিরে আসতে পারবে !

সবচেয়ে বড় পিরামিডটা বানাতে নাকি এক লক্ষ লোকের বিশ বৎসর লেগেছিল।

ভেবে কুল-কিনারা পাওয়া যায় না, সে সম্ভাটের কতখানি ঐশ্বর্য আর প্রতাপ ছিল, যিনি আপন রাজধানীর পাশে এক লক্ষ লোককে বিশ বছর খাওয়াতে-পরাতে পেরেছিলেন। অন্য খরচের কথা বাদ দাও, এই এক লক্ষ লোকের খাকা-খাওয়ার ব্যবস্থা করার জন্য যে বিরাট প্রতিষ্ঠানের প্রয়োজন সেটা গড়ে তোলা এবং তাকে বিশ বছর ধরে চালু রাখা তারাই করতে পারে, যারা সভ্যতার খুব একটা উঁচু স্তরে উঠে গিয়েছে।

এইবাবে আমরা পিরামিড নির্মাণের কারণের কাছে পেঁচে গিয়েছি।

প্রথম কারণ সকলেরই জানা। ফারাওরা (সম্মাটরা) বিশ্বাস করতেন, তাঁদের শরীর যদি ঘৃতুর পর পচে যায় কিংবা কোনো প্রকারের আঘাতে ক্ষত হয়, তবে তাঁরা পরলোকে অনন্ত জীবন পাবেন না। তাই ঘৃতুর পর তাঁদের দেহকে ‘মার্ম’ বানিয়ে সেটাকে এমন একটা শক্ত পিরামিডের ভিত্তির রাখা হত যে, তার ভিতরে চুকে কেউ যেন ‘মার্ম’কে ছুঁতে পর্যন্ত না পারে। কিন্তু হায়, তাঁদের এ-বাসনা প্রণ হয় নি। প্রবেশ বলোছ, হাজার হাজার বছর চেষ্টা করে দৃঢ় (অর্থাৎ ভাকাতরা) এবং শিষ্টেরা (অর্থাৎ পাঁড়তরা) শেষ পর্যন্ত তাদের গোপন করে চুক্তে পেরেছেন। তাই করে অবশ্য গোপন কোনো কোনো ফারাওয়ের মনোবাস্তু প্রণ হয়েছে—পাঁড়তরা তাদের মার্ম সংযুক্তে জাদুঘরে সাজিয়ে রেখেছেন। সেখানে তাঁরা অক্ষত দেহে মহাপ্রলয়ের দিন গুনছেন, যেদিন তাঁরা নব দেহ নব যৌবন ফিরে পেয়ে অম্ভতলোকে অনন্ত জীবন আরম্ভ করবেন।

কিন্তু যদি ইতিমধ্যে আরেকটা বিশ্বব্যুৎ লেগে যায়? ফলে গুটিকয়েক অ্যাটম বম পড়ে? তবে?

আমার মনে ভরসা, এ’রা যখন চোর-ভাকু ধৰ্মিক-পাঁড়তের হাত থেকে নিষ্কৃতি পেয়ে এত হাজার বৎসর অক্ষত দেহে আছেন তখন মহাপ্রলয় পর্যন্ত পেঁচে যাবেন-ই যাবেন। এ্যাটম বম, পড়ার উপকৰ হলে আর্মি বৱণ তারই একটার গা ঘেঁষে গিয়ে বসব। মার্মিটা রক্ষাকৰ্ত্তের মতো হয়ে তার দেহকে তো বাঁচাবেই, সঙ্গে সঙ্গে আমাকেও বাঁচিয়ে দেবে। চাই কি, গোটা শহরটাই হয়তো বেঁচে যাবে!

পিরামিড নির্মাণের দ্বিতীয় কারণ,—এই কারণের উল্লেখ করেই আর্মি এ অনুচ্ছেদ আরম্ভ করেছি—

ফারাওরা বলতে চেরেছিলেন, সভ্যতার যে শুরে আমরা এসে পে'চেছি, আমরা যে প্রতাপশালী রাজত্ব প্রাপ্তি করেছি, সেগুলো যেন এই পিরামিডের মতো অজর অমর এবং বিশেষ করে অপরিবর্ত'নীয় হয়ে থাকে। ‘পিরিবর্ত’ন যেন না হয়’, ‘যা আছে তাই থাকবে’, এই ছিল পিরামিড গড়ার স্থিতীয় কারণ। পিরামিড জগন্মল পাথর হয়ে—অতি শব্দার্থে জগন্মল পাথরই বটে—যুগ যুগ ধরে আমাদের প্রতিষ্ঠিত সাম্রাজ্য, রাজবংশ, ধর্ম’নীতি, সব কিছু অপরিবর্ত’নীয় করে চেপে ধরে রাখবে।

তাই পিরামিড দেখে মানুষের মনে জাগে ভয়। আজ যদি সেই ফারাওরা বে'চে থাকতেন, তবে তার প্রতি জাগত ভাঁতি। এই পিরামিড যে তৈরী করতে পেরেছে, তার ইচ্ছার বিরুদ্ধে ধাবার ক্ষণনাও তো মানুষ করতে পারে না।

তাজমহলের গাঁত্রিম কঠিন মানুষের পাষাণ হ্রদয়কেও গিলমে দেয়, কুতুবমিনারের ঝঙ্ক দেহ উন্নতশির দ্বাৰা লজনকে সবল হয়ে দাঁড়াতে শেখায় এই দ্বারা রস কাব্যের, সঙ্গীতের প্রাণ। তাজমহল নিয়ে তাজমহলের মতো কৰিবতা রচনা করা যায়, কিন্তু পিরামিড নিয়ে কৰিবতা হয়েছে বলে শৰ্টন নি। বরঞ্চ পিরামিডের দোহাই দিয়ে বেঙ্গল পার্ড’নান্সের অনুকরণে আজ এক নতুন ইঞ্জিপসিয়ান অর্ড’নান্স তৈরী করা যায়।

কিন্তু হায়, ফারাওরা ‘অপরিবর্ত’নের যে অর্ড’নান্স জারি করে বিরাট পিরামিড গড়েছিলেন, সেটা টিকল না। ফারাও বংশ ধ্বংস হল, দুর ইরানের রাজারা মিশর লংডভড করে দিল, তারপর গ্রীক, রোমান এবং শেষটায় সারা মিশরের লোক ইসলাম গ্রহণ করে সম্পূর্ণ নতুন পথে চলল। মুসলিমানরা দেহ এবং আত্মার পার্থক্য চেনে। অনন্ত জীবন পাওয়ার জন্য দেহটাকে যে মার্ম করে রাখার কোনো প্রয়োজন নেই, সে কথা তারা বোঝে।

কিন্তু ফারাওদের দোষ দিয়ে কোনো লাভ নেই। প্রায় সব দেশেই মানুষ উন্নতির চরম শিখরে পে'চে বলেছে, ‘এই ঠিক জায়গায় এসে পে'চোছি, আর এগিয়ে ধাবার প্রয়োজন নেই। যা সম্প্রয়োজন করেছি তাই বে'চে থাকুক, সেইটোই অপরিবর্ত’নীয় হয়ে থাক।’ ফলে হয়েছে পতন।

কিন্তু রবীন্দ্রনাথ যখন এই বিষয় নিয়ে ‘তাজমহলের’ মতো কৰিবতা লিখেছেন তখন আমার আর বাক্যব্যয় করার কি প্রয়োজন?

॥ ১৯ ॥

চাঁদের আলোতে বিশ্বজন তাজমহল দেখবার জন্য জড়িয়ে।

পিরামিডের বেলাও তাই।

চতুর্দশক লোকজন গিসাগিস করছে। এদেশের মেলাতেও বোধ করি এত ভিড় হয় না।

অবশ্য তার কারণও আছে। নিতান্ত শীতকাল ছাড়ি গরমের দেশে দিনের:

বেলা কোনো জিনিস অনেকক্ষণ ধরে রসিয়ে রসিয়ে দেখা যায় না। বিশেষ করে যেখানে কোন সূক্ষ্ম কারুকাণ্ড দেখবার বালাই নেই সেখানে তো আরো ভালো। তাজের মিহি কাজ চাঁদের আলোতে চোখে পড়ে না, তবু সবসূখ মিলিয়ে তার যে অপূর্ব 'সামঞ্জস্য' চাঁদের আলোতে ধরা দেয় দিনের কড়া আলোতে সেটা দশ'ককে ফাঁকি দেয় বলে মানুষ চাঁদের আলোতে তাজ দেখে। পিরামিডে সে রকম কোনো নৈপুণ্য নেই, তবু পরি পিরামিডের চতুর্ভুক্তে মরুভূমি বলে সেখানে দিনের বেলাকার গরম পৌঁছাদৃষ্টক, কাজেই নিতান্ত শীতকাল ছাড়া পিনের বেলা কম লোকই পিরামিড দেখতে যায়।

পক্ষান্তরে শীতের দেশে ব্যবস্থা অন্যরকম। আমি ফুটফুটে চাঁদের আলোতে কলোন্ গির্জাৰ পাশ দিয়ে শীতের রাতে হি-হি করে বহুবার বাড়ি ফিরেছি। কাক-কোকিল দেখতে পাই নি।

পল পাসি' আৱ আমাদেৱ দলেৱ আৱো কয়েকজন পিরামিডেৱ মাঝখানকাৱ কৰৱ-গৱে দেখতে গেছেন। আমি যাই নি।

আমি বসে বসে শুনছি, জাত-বেজাতেৱ কিচৰমিচৰ, স্যাংডউইচ খোলাৱ সময় কাগজেৱ মড়মড়, সোডা-লেমনডে খোলাৱ ফটাফট। ইয়োৱোপৌয়েৱা খাবাৱ বাবস্থা সঙ্গে না নিয়ে তিন পা চলতে পাৱে না। পিরামিড হোক আৱ নিমতলাই হোক, মোকামে পেঁচনো মাত্ৰই বলবে, 'টম, বাস্কেটটা এই দিকে দাও তো। ডিক্ তুমি হ্লাস্ক থেকে চা ঢালো' আৱ স্তৰীৱ দিকে তাৰিখে 'ডালি', আপেলগুলো ভুলে যাও নি তো?' ইতিমধ্যে হ্যারি হয়তো গ্রামোফোনেৱ জাতা চালিয়ে দিয়েছেন। অবশ্য যদি দলে মেয়েৱা ভাৱী হন তবে কোনো কিছুই শুনতে পাওয়া যায় না। 'লার্ভল', 'গ্র্যান্ড', 'সৰলাইম' ইত্যাদি শব্দে তখন যে ঘ্যাঁট তৈৱী হয় তাৱ কোনটা কি, ঠিক ঠাহৰ কৰা যায় না।

কোনো কোনো ট্যুরিস্ট আমাকে বলেছেন, নায়াগ্রাব গন্ধীৱ জল-নিৰ্বেষ শুনতে হলে নাকি মেয়েদেৱ সঙ্গে নিয়ে যেতে নেই। যে ধৰণি তাদেৱ ভিতৰ ওঠে তাতে নাকি নায়াগ্রাব—থাক, মেয়েৱা আমাৱ উপৰ এমনতেই চটে আছেন। কিন্তু আমাৱ উপৰ চটে আৱ লাভ কি? ওঁয়াদেৱ খাস-পেয়াৱাৱ কৰি রাবি ঠাকুৱই এ-বাবদে কি বলেছেন?—

'ছেলেৱা ধৰিল পাঠ, বৃড়াৱা তামুক,  
এক দণ্ডে খুলে গেল রঘণীৱ গুখ।'

পল-পাসি' ফিরে এসেছে। আমি শুধালুম, 'কি দেখলে, বাছাৱা?' তাৱপৰ নোটবুক খুলে বললুম, 'গুছিয়ে বলো, সব কিছু টুকে নেব; আমি তো বে-আক্ষেলেৱ মতো এইখানে বসে বসে সময় কাটালুম।'

পাসি' কৱণ কষ্টে বললে, 'আৱ কাটা দায়ে নুনেৱ ছিটে দেবেন না, স্যৱ। দেখেছি কচু পোড়া। মশালেৱ আলোতে হাতেৱ তেলো চোখে পড়ে না। তাৱই জোৱে বিষ্ণুৰ সুড়ঙ্গ পেৰিৱয়ে একটা চোকো ঘৰে শেষটায় পেঁচলুম। বেৰাক ভৌঁ ভৌঁ। এক কোণে একখানা ভাঙা ঘাঁটা পৰ'স্ত নেই। গাইড বললে, "ব্যান্ড ফিরে চলুন।" আপনি তখনই বারণ কৱলেন না কেন?'

আমি বললুম, ‘বারণ করলে কি শুনতে ? বাকী জীবন মনটা খুঁতখুঁত করতো না, ফারাওয়ের শেষ শোওয়ার ঘর দেখা হল না ? এ হল বিল্লীর লাভ্য !’

শুধুলে, ‘সে আবার কি ?’

আমি ব্ৰহ্ময়ে বললুম।

পল বললে, ‘গাইড বলছিল, পিৱাগিডেৱ যে বিৱাট বিৱাট পাথৰ সেগুলো নাকি টেনে টেনে নথীৱ ওপাৱ থেকে এখানে আনা হয়েছিল। আমি ঠিক বুঝতে পাৱলুম না—ওৱ যা ইংৰেজী !’

আমি বললুম ‘ঠিকই বলেছে। নীলেৱ এপাৱে পাথৰ পাওয়া যায় না। তাই ওপাৱ থেকে পাথৰ কেটে ভেলায় করে এপাৱে নিয়ে আসা হত। আৱ সে যঁগে মানুষ চাকা কি করে বানাতে হয় জানত না বলে সেই পাথৰগুলো ধাক্কা দিয়ে দিয়ে এগিয়ে নিয়ে যেত। কাঠ বাঁশ দিয়ে পথ তৈৱৰী কৱা হত পিছলে নিয়ে ধাৰাৰ সুবিধেৱ জন্য। এবং শুনেছি, সে পথে নাকি ঘড়া ঘড়া তেল ঢালা হত, সেটাকে পিছলে কৱাৰ জন্য। আশ্চৰ্য নয় ! এৱ ছটা পাথৰে যখন একটা এঞ্জিনেৱ আকাৱ ধৰতে পাৱে, এবং স্পষ্ট দেখেছি, এঞ্জিন রেল লাইন থেকে কাত হয়ে পড়ে গেলে তাকে খাড়া কৱাৰ জন্য আজকেৱ দিনেৱ কঠিকল পৰ্যন্ত কি রকম হিমশিম যায়, তখন তো তেল-ঘি ঢালাৰ কথা আৱ অৰিষ্বাস কৱা যায় না।’

তখন আলোচনা আৱল্ল হল চাকা আৰিষ্কাৱ নিয়ে। আগন্তু যে রকম মানুষকে সভ্যতাৰ পথ দৰিখয়ে দিল, চাকাৰ মানুষকে ঠিক তৈৱনি বাকি পথটুকু অক্ষেশ চলতে শেখালে। শুনেছি, ভাৱতেৱ মোন-জো-দড়োতে প্ৰথম চাকা আৰিষ্কাৱ হয় এবং ক্রমে ক্রমে সেটা সমস্ত প্ৰথিবীতে ছড়িয়ে পড়ে।

আমৱা এখনো যখন পালকি চাঁড়ি তখন বোধ হয় সেই আদিম যঁগে ফিৱে শাই, যখন মানুষ চাকা আৰিষ্কাৱ কৱতে শেখে নি। ছজন বেয়াৱা একটি মেয়েকে বিহুতে গিয়ে ঘেমে নেয়ে যায়, ঘাঁড়ি ঘাঁড়ি জিৱোয় আৱ গামছা ঘূৱিয়ে হাওয়া যায়; ওদিকে একজন রিক্ষাওলা দৃঢ়ো লাশকে দিব্য টেনে নিয়ে যায়—সবই চাকাৰ কল্যাণে।

আবুল আসফিয়া বললেন, ‘চাকা এৱা আৰিষ্কাৱ কৱতে পাৱে নি সত্তা, কিন্তু হাতেৱ নেপুণ্যে এৱা আৱ সবাইকে হার মানিয়েছে। এই যে হাজাৱ হাজাৱ টেনী লক্ষ লক্ষ পাথৰ একটাৰ গায়ে আৱেকটা জোড়া দিয়েছে, সেখানে এক ইঁগিৰ হাজাৱ ভাগেৱ এক ভাগেৱ কাজ। আজকেৱ দিনেৱ জহুৱীৱা, চশমা বানানেওলাৱাও এত সুক্ষ্ম কাজ কৱতে পাৱে কি না সম্বেহ আৱ জহুৱীৰেৱ কাজ তো এক ইঁগি আধ ইঁগি মাল নিয়ে। এৱা সামলেছে লক্ষ লক্ষ ইঁগি।’

আমৱা শুধুলুম, ‘তা হলে তাৱা সে নেপুণ্য কোনো সুক্ষ্ম কলা নিৰ্মাণে, কোনো সৌম্য-সৃষ্টিতে প্ৰয়োগ কৱল না কেন ?’

আবুল আসফিয়া বললেন, ‘সেটা দেখতে পাওয়া যায় তাৰেৱ মন্দিৱগাত্রে, তাৰেৱ প্ৰস্তুতিৰ তত্ত্বে।’

হায়, সেগুলো এখন দেখবার উপায় নেই।

পাসি' ততক্ষণে বালু জড়ো করে বালিশ বানিয়ে তারই উপর মাথা দিয়ে শুয়ে পড়েছে। তখালোচনার প্রতি তার একটা বিধিবন্ত আজম্বলাখ নির্বকুশ বৈরাগ্য আছে। স্বতই ভঙ্গিভরে মাথা নত হয়ে আসে।

আবুল আসফিয়া বললেন, 'আনেক রাত হয়েছে। শহরে ফেরা যাক।'

পল অনেকক্ষণ ধরে গাঁথীর হয়ে কি যেন ভাবছিল। মোটরের দিকে যেতে বললে, 'আমার কিন্তু সমস্ত জিনিসটা একটা হিউজ ওয়েস্ট বলে মনে হয়।' আমরা সবাই চুপ করে শুনলুম।

আমাদের দলের মধ্যে একটি প্রৌঢ়া মহিলা ছিলেন। তিনি বললেন, 'না, মিসিয়ো পল। পিরামিডের একটা গৃণ আপনি নিষ্ঠাই স্বীকার করবেন। এর সামনে দাঁড়ালে, বয়সের দিক দিয়ে দেখতে গেলে, আমাকেও তরণী বলে মনে হয়।'

একটা কথার মতো বটে।

আমি বললুম, 'শাবাশ !'

## ॥ ২০ ॥

মানুষের চেহারা জাগত অবস্থায় এক রকম, ঘূর্মন্ত অবস্থায় অন্য রকম। শহরের বেলাতেও তাই। জাগত অবস্থায় কোনো মানুষকে বেশ চালাক-চতুর বলে মনে হয়, কিন্তু ঘূর্মন্ত অবস্থায় তাকেই দেখায় আস্ত হাবা গঙ্গারামের মতো। দৃশ্যের বেলা লালাদিঘি গমগম করে, রাতে সেখানে গা ছমছম করে। আমাদের পাড়া পাক'সাক'সের প্রাম ডিপো অঞ্চল দৃশ্যেরে ঘূর্মিয়ে পড়ে, সংখ্যায় হোটেলগুলো যেন কোরাম গান গেয়ে উঠে।

রসের ক্ষেত্রে আমি ছেলে-বড়োতে তফাত করি নে। আট বছরের ছেলে মহাভারত পড়ে সুখ পায়, আশী বছরের বুড়োও আনন্দ পায়। আবার আট বছরের ছেলে বিদ্য কীর্তন গেয়ে শুনিয়ে দিলে, যাট বছরের সুরকানা পর্শিত ধরতে পারলে না, সেটা কীর্তন না বাটুল ! অর্থাৎ রসবোধের ক্ষমতা বয়সের উপর নির্ভর করে না।

কিন্তু কোনো কোনো ছোটখাটো রস বয়সের উপর নির্ভর করে। আট বছরে সিগরেট খেয়ে কোনো লাভ নেই, আঠারোতেই রাস্তায় মার্বেল খেলার রস শুকিয়ে যায়। ঠিক তেমনি রাতের শহর ছোটবের জন্য নয়। তুলনা দিয়ে বলি ; সকাল আটটায় আট বছরের ছেলেকে আটখানা ট্যার্কিস ভাকতে পাঠাতে পারি, কিন্তু রাত দশটায় দশ বছরের ছেলেকে দশ জায়গায় পাঠাতে পারি নে।

কিন্তু যে-সব দুন্দে ছেলেরা—যেমন পল পাসি'—রাত দুটোর সময় জেগে আছে, তাদের নিয়ে কি করা যায় ? আবুল আসফিয়া অভয় জানিয়ে বললেন,

কাইরোতে এমন সব নাচের জায়গা আছে, যেখানে বাপ্ত মা আপন ছেলেমেয়েকে সঙ্গে নিয়ে আনশ্ব করতে যান !

তারই একটা ‘কাবারে’-তে যাওয়া হল ।

খোলাতে । উপরে মুক্ত আকাশ । চূড়ার জোতি ক্ষীণ বলে উপরের দিকে খানিকক্ষণ তাকালে গভীর আকাশের গায়ে চুল তারার মিটারিটে নাচ দেখা যায় ।

শ’খানেক ছোট ছোট টেবিল । এক প্রাণ্টে স্টেজ । ডাইনে বাঁয়ে উইঙ্গ নেই, পিছনে শুধু হ্বহ্ব শুন্তির এক পার্টির মতো কিংবা বলতে পারো, সাপের ফণার মতো উ’চু হয়ে ডগার কাছে নিচের থেকে বে’কে আছে স্টেজের বিরাট ব্যাকগ্রাউন্ড । শুন্তিতে আবার টেট-খেলানো—এ রকম ছোট্ট সাইজের ঝিনুক সমন্বিত কুড়িয়ে পাওয়া যায়—দেখতে ভারি চমৎকার । ব্যাকগ্রাউন্ডের পিছনে এরই আড়ালে হীনরূপ নাকি, না মাটির নিচে সৃড়ঙ্গ করে ?

হঠাৎ সব কিছু অম্বকার হয়ে গেল । ভাবছি ব্যাপার কি । পল পাস’কে কানে কানে বললুম, ‘মানব্যাগ চেপে ধরো । বলা তো যায় না, বিদেশ-বিভু’ই জায়গা ।’

নাঃ, আলো জলতে দেখি, শুন্তির সামনে এক স্ফিন্ক্স । পিরামিডের পাশে আমরা স্ফিন্ক্সের পাথরের মুক্তি দেখেছি—অবশ্য এর চাইতে পাঁচশো গুণে বড় । স্ফিন্ক্স, মিশরের সত্ত্বাট ফারাওয়ের প্রিমুক্তি । মুখটা রাজারই মতো, শুধু শুন্তি আর প্রতাপ বোঝানোর জন্য শরীরটা সিংহের ।

পিছন থেকে বেরিয়ে এল ছাঁটি মেয়ে । গলা থেকে পা অবধি ধৰধৰে সাদা শোমিজের মতো লম্বা জামা পরা । রাস্তায় মিশরী মেয়েদের এ রকম জামা পরতে দেখেছি । তবে অন্য রঙের ।

আন্তে আন্তে তারা স্ফিন্ক্সের চারদিকে ঘৰে ঘৰে নাচতে আরঞ্জ করল । বড় মূর্দু পদক্ষেপ । পায়রা যে-রকম নিঃশব্দ পদসঞ্চারণে হাঁটে । চীব শে রকম আকাশের উপর দিয়ে তারার ফুলকে না মাড়িয়ে আকাশের এপার-ওপার হয় ।

পায়ে ঘুঙ্গুর নেই, হাতে কঁকিন নেই । শুধু থেকে থেকে সমের একটু আগে তেহাইয়ের সময় থেকে বাঁশি, খঞ্জনী আর ঢোলের সামান্য একটুখানি সঙ্গীত । বড় কর্ণ, অতি বিষাদে ভরা । নৌলনদীর এপার থেকে মা যেন ওপারের ছেলেকে সম্ম্যার সময় বাঁড়ি ফেরার জন্য ডাকছে । এ ডাক আমি জীবনে বহুবার শুনেছি । যে মা-ই ডাকুক না কেন, আঘি যেন সে ডাকে আমার মায়ের গলা শুনতে পাই ।

সে ডাক বদলে গেল । এবারে শুনতে পাচ্ছি অন্য স্বর । এ যেন মা ছেলেকে ঘূর্ম থেকে জাগাবার চেষ্টা করছে । এ গলায় গোড়ার দিকে ছিল অনন্য-বিনয় । তার পর আরঞ্জ হল আশা-উদ্দীপনার বাণী । সঙ্গীত জোরালো হয়ে আসছে । পদক্ষেপ দ্রুততর হয়েছে । ছাঁটি নয় এখন মনে হচ্ছে যেন ষাটটি মেয়ে দ্রুত হতে দ্রুততর লয়ে ন্ত্যাঙ্গন অপূর্ব ‘আলিঙ্গনে পরিপূর্ণ’ করে

বিদ্যেছে ! আর পৰক্ষেপের কণামাণ স্থান নেই ।

পৰপ্রে অজনা লিপি, অচেনা বাণী মানস যেমন হঠাতে কোনো এক ইন্দ্ৰজালেৱ  
প্ৰভাৱে বুঝে ফেলে, আঘি ঠিক তেমনি হঠাতে বুঝে গেলুম নাচেৱ অৰ্থটা কি ।  
এ শুধু অথ'বিহীন পদক্ষেপ নয়, ব্যঞ্জনাহীন হস্ত-বিন্যাস নয় । নৰ্তকীৱা নব  
মিশ্ৰেৱ প্ৰতীক । এৱা প্ৰাচীন মিশ্ৰেৱ প্ৰতীক স্ফিন্স-ক্সকে তাৱ ঘৃগ-ঘৃগাঞ্চ-  
ব্যাপী নিম্না থেকে জাগৱিত কৰতে চাইছে । সে তাৱ লুপ্ত গোৱাৰ নিম্নে  
সৰ্পিলাল ছিন্নভিন্ন কৱে আবাৱ মিশ্ৰে নুপ্ৰতিষ্ঠিত হোক, বিদেশী শ্ৰেণৰত্বেৱ  
কুহেলিকা উদ্ঘাটন কৱে দেই প্ৰাচীন সৰ্বতাৱ নবীন মৰ্তি' দ্বালোক ভুলোক  
উন্ভাসিত কৱুক ।

তবে কি আমাৱই মনেৱ ভুল ? দেখি, স্ফিন্স-মৰ্তি'ৰ মুখে যেন হাসি  
ফুটে উঠেছে । এ কি জাদুকৱেৱ ডানুঘৰতী, না সংগ্ৰিকৰ্তাৰ অলোকক  
আশীৰ্বাদ ?

আবাৱ অশ্বকাৱ হয়ে গেল ।

নিম্নতেৱ চোখে যে রকম পড়ে, আমাৱ চোখে ঠিক তেমনি এসে পড়ল  
পশ্চিমাকাশ থেকে চন্দ্ৰাস্তেৱ রঞ্জিত আৱ পৰ্বাৰ্কাশ থেকে নব অনুশোদনেৱ  
পৰ্বাৰ্ভাস ।

জয় মিশ্ৰভূমিৱ জয় ।

## ॥ ২১ ॥

ইঁধৱেজীতে কি যেন একটা প্ৰবাদ আছে,—

Early to bed and early to rise

তাৱ পৱ কি যেন সব হয় ? হাঁ বাঙলাটা মনে পড়েছে ; —

সকাল সকাল শুতে যাওয়া সকাল বেলা ওঠা,

শ্বাস্য পাবে বিদ্যে হবে, টাকাও হয় মোটা ।

গ্ৰামেৱ তুলনায় শহৰে টাকা বেশী, রাস্তায় রাস্তায় বিদ্যেৱ ভাঙ্ডাৱ ইঙ্কুল-  
কলেজ, আৱ শহৰবাসীকে অজৱ অমৱ কৱে রাখিবাৱ জন্য কত ডাঙ্কাৱ-কবিৱাঙ্গ-  
হেকিম না থেয়ে মৱছে তাৱ হিসেব রাখে কে ? তাই বোধ হয় শহৰেৱ লোক  
সকাল সকাল শুতে যাওয়াৱ আৱ সকাল বেলা ওঠাৱ প্ৰয়োজন বোধ কৱে না ।  
গ্ৰামেৱ লোক তাই এখনো ভোৱেলা ওঠে । কাঁৰো শহৰ তাই এখনো  
ঘূমুচ্ছে—অবশ্য নাক ডাঁকিয়ে নয় ।

আবুল আসফিয়া বললেন, ‘তা ঠিক, কিম্বু মুসলমানদেৱ প্ৰথম নমাজ  
পড়তে হয় কাক-কোকিল ডাকাৱ পয়লা । এদেশে তাৱেৱ বড় বড় মসজিদ-মাদ্রাসা  
আজহৰ পাড়ায় । সেখানেই যাওয়া যাক । তাৱা নিশ্চয়ই ঘূম থেকে উঠেছে ।’

উক্তম প্ৰস্তাৱ । কিম্বু মসজিদেৱ নমাজীদেৱ দেখিবাৱ জন্য এই সুদৰ কাইৱো  
শহৰে আসা কেন ? আপন কলকাতায় জাকাৰিয়া প্ৰৌঢ়ে গেলেই হয় !

উহু, সেইটেই নার্কি কাইরোর প্রবীণ অঞ্চল। অবশ্য পিরামিডের তুলনায় অতিকায় নবীন—বয়স মাত্র এক হাজার বৎসর, কিংবিং এধিক-ওদিক। প্রাচ্যের রোমাণ্টিক নগরী কাইরো বলতে জগত্জনের মনে আবিষ্কানের যে রঙীন স্মৰণ ফুটে উঠে সে বস্তু নার্কি এখনো ঐ অশ্লেষ পাওয়া যায়।

প্রাম কিন্তু তখনই চলতে আরম্ভ করেছে। কলকাতার প্রামের তুলনায় অতিশয় লজঝড় এবং ছুটির দিনে ইস্কুল-কলেজের মতো ফাঁকা।

পয়লা প্রাম দেখা মাত্রই আবৃল আসফিয়া তড়িঘাড়ি ট্যাক্সিওলাবের পাওনা পয়সা ব্ৰিজে দিয়ে বিদেয় করে দিয়েছেন। পয়সা বাঁচাবার এ ফিকির সবাই জানে কিন্তু বিদেশ-বিভু ইয়ে কে জানে কোন প্রাম কোথায় যায়? আপন কলকাতাতেই যখন প্রামের গুবলেটে নির্ত্য নির্ত্য কালীঘাট যেতে গিয়ে পে? হে যাই মৌলা আলী, কিংবা বলতে পারো মৱ মৱ অবস্থায় মেডিকেল কলেজে না পে? হে প্রাম ভিড়ল নিমতলায়! ‘বল, হাঁর, হাঁর বল!’

আবৃল আসফিয়া বললেন, ‘আল্লা আছেন, ভাবনা কি।’

‘তব সাথী হয়ে                                  দৃশ্য মুভুতে  
পথ ভুলে তব ঘরি

তোমারে তজিয়া                                  মসজিদে গিয়া

কি হবে মন্ত্র স্মরি?’

তবু খুব ভরসা পেলুম না। হাঁরই বলো আৱ আল্লাই বলো, তাঁৰা সব ক-জনা এই কটা বাউচুলের জন্য অন্য সব কিছু ছেড়ে দিয়ে এই অবেলায় ঠিক প্রাম ঠিক সময়ে ঠিক জায়গায় পাঠাবার তদারকিতে বসে আছেন—এ ভরসা করতে হলে যতখানি বিশ্বাসী হতে হয় আমি ঠিক ততখানি নই। তা হই আৱ না-ই হই, আৱ পাঁচ জনের সঙ্গে সঙ্গে প্রামেই উঠতে হল।

রাস্তা কুমেই সৱু হয়ে আসছে। পৃথিবীৰ সৰ্ব'ত্ত যা হয়—খোলা-মেলার নৃতন শহুৰ থেকে নোংৱা ঘৰ্ষণ পূৱানো শহুৰে ঢোকবাৰ সময়।

ৱাস্তুৱ দূৰ্দিকে দোকান-পাট এখনো বৰ্ণ। দূ-একটা কফিৰ দোকান খুলিখুলি কৰছে। ফুটপাথের উপৱ লোহার চেয়াৱের উপৱ পশ্চাসনে বসে দূ-চারটি সন্দানী দারোয়ান তসবী টেপকাছে, খবৱেৱ কাগজওলাৰ দোকানেৱ সামনে অল্প একটু ভিড়, চাকৰবাকৰৱা হনহন কৱে চলেছে বড় সায়েবদেৱ বাঁড়ি পে? হৰতে দোৰি হয়ে গিয়েছে বলে।

তৱল অঞ্চকাৱ সৱল আলোৱ জন্যে কুমেই জায়গা কৱে দিচ্ছে। কালো চুলেৱ মাৰখানে সাদা সি'থি ফুটে উঠেছে। তাৱ উপৱ দেখা যাচ্ছে লাল সি'দুৱেৱ পেছ। আকাশ বাতাসেৱ এই লীলা-খেলাতে সব কিছু পষ্টাপষ্টি দেখা গেল তা নয়, কিন্তু প্রামেৱ জানালাৱ উপৱ মা৥া রেখে আধো ঘুমে আধো জাগৱণে জড়ান্মে জড়ানো হয়ে সব কিছুই যেন কিছু কিছু দেখা হল। স্বপ্নে ঘুমে জাগৱণে ঘোটানো অভিজ্ঞতা ভাষ্মাতে প্ৰকাশ কৱা কঠিন। ছৰতে এ জিনিস ঘোটানো যায় অনেক অজ্ঞে। তাই বোধ হয় চিৰকৱদেৱ সৰ্বেৰাদেৱেৱ ছৰ্বি, সাহিত্যেৱ সৰ্বেৰাদেৱকে প্ৰায়ই হাৰ মানায়।

সবচেয়ে সুন্দর দেখাচ্ছল মসজিদের চূড়ো (মিনার)গুলোকে। কুঁব-মিনার যারা দেখেছে তারাই জানে তার সৌন্দর্য কি। মনে হয় সে মেন প্রথিবীর ধূলো-মাটির প্রাণী নয়। সে যেন কোনো রাজাধিরাজের উষ্ণৈষ—দেশের আপামর জনসাধারণের বহু উধের দাঁড়িয়ে ভগবানের আপন হাতের অভিষেক আশীর্বাদের পরশ পাচ্ছে।

তব; কুঁবের পা মাটিতে ঠেকেছে। এদের বহু মিনার দাঁড়িয়ে আছে আল্লার নামাজের ঘর মসজিদের উপর। কিন্তু এরা জানে উপরের বিকে আল্লার কাছে যাওয়ার অর্থ কি। সুস্পষ্ট দেখতে পাছ যতই উপরের দিকে যাচ্ছে ততই ভয়ে জড়সড় হয়ে সরু হয়ে যাচ্ছে—ক্লাসের গাঢ়া-গোড়া ছেলেও যে-রকম হেড মাস্টারের সামনে শরকাঠিটি হয়ে যায়। কিন্তু দ্যুলোক আর সর্বিতা দেন ওদের অভয় দিচ্ছেন। আকাশ দেন তাঁর আপন নৈলাবরী তাদের পরিয়ে দিতে এসেছেন—পিছনের দিকটা পরা হয়ে গিয়েছে, আর সর্বিতা দেন অরুণালোকের লম্বা লম্বা দাঁড়ির ফাঁস লাগিয়ে তাদের খাড়া রাখবার চেষ্টা করছেন। তাই দেখে ওমর কৈয়াম বললেন,

And lo ! the Hunter of the East has caught  
The Sultan's turret in a noose of light.

( Fitzgerald )

কাস্ত ঘোষের ইংরিজী অনুবাদ সচরাচর উক্ত কিন্তু এছলে আর্মি একটু আপন্তি জানাই : তাঁর অনুবাদে আছে,—

পু-ব-গগনের দেব শিকারীর শ্বণ-উজল কিরণ তাঁর

পড়ল এসে রাজপ্রাসাদের মিনার ধেথা উচ্চ শির ! । কাস্ত ঘোষ ! ।

আসলে কিন্তু সুর্যালোক তাঁরের মতো মিনারের উপর আঘাত দিতে পারে আবার ‘নস’—ফাঁসের মতোও তাকে জড়িয়ে ধরতে পারে। তফাত বিশেষ কিছু নেই আর ‘পাগলা’ করিবা কত যে উচ্বত উপমা দেয় তার কি ইয়স্তা আছে? তবে কি না অনুবাদের বেলা মূলের যত কাছে থাকা যায় ততই মঙ্গল ।<sup>১</sup>

প্রকৃতির গড়া নৈল, আর মানুষের গড়া পিরামিডের পরেই মিশ্রের মসজিদের ভূবন-বিখ্যাত এবং সৌন্দর্যে অতুলনীয়। প্রথিবীর বহু সমবাদার শুন্ধমাত্ এই মসজিদগুলোকেই প্রাণভরে দেখবার জন্য সাত সমন্ব্য তের নদী পেরিয়ে কাইরোতে আসেন। পিরামিড যারা বানিয়েছিল তাদের বংশধররাই এ-সব মসজিদ তৈরী করেছে কিন্তু এদের গায়ে ইতিমধ্যে কিঞ্চিৎ ইরানী, ফাঁক, রোমান এবং পরবর্তী ধূগে বিশেষ আরব-রক্ত চুকে পড়েছিল বলে এরা মসজিদগুলো বানিয়েছে ভিন্ন শৈলীতে। বিশেষত—পুবেই বলেছি—পিরামিড তার লক্ষ লক্ষ ঘণ ওজন নিয়ে মাটির উপর ভারিক চালে বসে আছে, তার রাজা যে ভাবে প্রজাদের বুকের উপর ঝগড়ল পাথরের মতো বসতেন তারই অনুকরণ করে। পরবর্তী ধূগের

১ শব্দগীর্য কাস্ত ঘোষ আমার অন্তরঙ্গ বৃক্ষ ছিলেন। আর বহু গুণী-জনের সঙ্গে কঠ মিলিয়ে এ-অধিমত তাঁর অনুবাদে উচ্ছৃঙ্খিত।

ମସିଜିଦ ସାରା ବାନିରେଛିଲ ତାରା ମୁସଲମାନ । ତାରା ରାଜାର ରାଜୀ ସ୍ତିକର୍ତ୍ତାକେ ଦେଇ ସବେଳ୍ଚ ଛାନ । ତାଇ ତାଦେର ମସିଜିଦେର ମିନାରଗୁଲୋ ଉପରେ ଦିକେ ଧେଇ ଚଲେଛେ ଧୂଲୋକେବରେର ମୟାନେ । କିଂବା ବଲତେ ପାରୋ ତାରା ଦୀର୍ଘରେ ଆଛେ, ମୁସଲମାନ ନମାଜ ପଡ଼ାର ସମୟ ସେ ରକମ ପ୍ରାତିଦିନ ପାଚ ବାର ସୋଜା ହେଁ ଆଜ୍ଞାର ସାମନେ ଦାଢ଼ାଯ । ତାଇ ପିରାମିଡେ ଭୌତିରସ, ମସିଜିବେ ଗୀତିରସ ।

ପଲ ପାର୍ସି' ଦେଖିଲୁମ ଏ ରସେ ଦ୍ଵିତୀୟ ବଣ୍ଣତ । ଆମରା ପୁରୁଣୋ କାଇରୋର ମାଧ୍ୟାନେ ପେଣ୍ଠିତେଇ ଟ୍ରାଙ୍ ହେବେ ଏକଟା ମସିଜିଦେର ଅଦ୍ଦଟିପ୍ରବେ' ସୌନ୍ଦର୍ଯ୍ୟ' ଦେଖିତେ ଆରଣ୍ୟ କରେଇ ; ଓରା ଦେଖି, ମା-ମାସିର ତଥିବତେ ଗିଯେ ଶୀତେର ଗଞ୍ଜନାନେର ସମୟ ଆମରା ଯା କାରି ତାଇ କରଛେ । ଗନ୍ଧ ସେ ସ୍ମୃଦର ସେଟୋ ଶୀକାର କରଛେ କିମ୍ବୁ ତାତେ ନିର୍ମିତି ହେଁଯାର ଆନନ୍ଦ ମନ୍ଦରେ ମନ୍ଦହାନ ।

ପାର୍ସି' ଏକଟୁ ଟେଟିକାଟା । ହକ କଥା—ଆର୍ଥାଂ ଫେଟାକେ ମେ ହକ ଭାବେ, ସେଟୋ ଟକ ହଲେଓ କ୍ୟାଟ କ୍ୟାଟ କରେ ବଲତେ ପାରେ । ପଲରେ ଭାବଟା ଏକଟୁ ଆଲାଦା । ଅର୍ଥାମା ସିଦ୍ଧି ପିଟୁଲି-ଗୋଲା ଥେଇ ସାନନ୍ଦେ ତାଂବ ନୃତ୍ୟ ଜୋଡ଼େ ତବେ ପାର୍ସି' ତାକେ ତମ୍ଭୁହର୍ତ୍ତେ ବଲେ ଦେବେ ସେ ଦୂରେ ଦୂରେ ତାକେ ଘୋଲ ଦିଯେ ଫାଁକ ଦେଓୟା ହେଁଯା, ଆର ପଲ ଭାବବେ, କି ହେବେ ଓର ଭୁଲ ଭାଙ୍ଗିଯେ ତାର ଆନନ୍ଦଟି ନଷ୍ଟ କରତେ, ଓ ସେ ଆନନ୍ଦ ପାଛେ ତାତେ ତୋ କାରୋ କୋନୋ ଲୋକମାନ ହଚ୍ଛେ ନା ।

ପାର୍ସି' ବଲଲୁ, 'ହୁଁ ! ସତ ସବ ! ପିରାମିଡ ? ହ୍ୟା ବୁଝି । ମୋକ୍ଷମ ବ୍ୟାପାର । ଚାରିଟିଥାନ କଥା ନନ୍ଦ । ପାର ଓ ରକମ ଏକଟା ବାନାତେ ? ମାନଲୁମ, ଏ ମସିଜିଦଟା ସ୍ମୃଦର କିମ୍ବୁ ଏଠା ବାନାନେ ଆର ତେବେନ କି ?'

ପାର୍ସି'ଓ ମସିଜିଦ ଦେଖେ ବେ-ଏଞ୍ଜେଯାର ହେଁ ନି । ମେ କଥା ପାରେ'ଇ ବଲେଇଛ । କିମ୍ବୁ ଏ ସ୍ମୃତିଟା ତାରଓ ମନଃପ୍ରତ ହଲ ନା । ଶ୍ରୁଧାଳେ, 'ପାରୋ ତୁମ ବାନାତେ ?' 'ଆଲବତ ।'

ଆମି ବଲଲୁମ, 'ସମ୍ବହେର କିଞ୍ଚିତ ଅବକାଶ ଆଛେ । ଆଜକେର ଦିନେ ସେ ସବ କଳ-କଞ୍ଜା ଦିଯେ ନାନା ରକମ ଅଭ୍ୟୁତ ଆଭ୍ୟୁତ ଜିନିସ ତୈରୀ କରା ଯାଇ ତାଇ ଦିଯେ ପିରାମିଡ ତୈରୀ କରା ଅସମ୍ଭବ ନନ୍ଦ । କିମ୍ବୁ ଏ ମସିଜିବେ ସେ ନିପୁଣ ମୋଲାଯେମ କାରୁକ୍ୟା' ଆଛେ ମେ ରକମ କରବାର ମତୋ ହାତ ଆଜକେର ଦିନେ ଆର କାରୋ ନାହିଁ । ଆର ଥାକଲେଇ ବା କି ? ସେଟୋ ତୋ ହେବେ ନକଳ । ତୁମି ସିଦ୍ଧି ଏକଟା ବିରାଟ ଦୀର୍ଘ ଖେଳୋ ତବେ ଏ କଥା କେଉ ବଲବେ ନା, ଏଠା ଅଗ୍ରକ ଦୀର୍ଘିର ନକଳ । ତୁମି ସିଦ୍ଧି ଏକଟା ପିରାମିଡ ବାନାଓ ତବେ କେଉ ବଲବେ ନା ଏଠା ପିରାମିଡେର ନକଳ, କାରଣ ସବ ପିରାମିଡଇ ହୁବହୁ ଏକଇ ପ୍ରକାରେର, କୋନୋଟା ବେଶୀ ବଡ଼ କୋନୋଟା କର ବଡ଼ । କିମ୍ବୁ ତୁମି ସିଦ୍ଧି 'ହ୍ୟାମଲେଟ'-ଥାନା ନକଳ କରେ ମାସିକ ପାତ୍ରିକାଯ ପାଠ୍ରାୟ ତବେ ତାରା ଛାପବେ ନା, ବଲବେ ନକଳ । ଭୁଲନାଟା ମନଃପ୍ରତ ହଲ ନା ? ତବେ ବଳି, ତୁମି ସିଦ୍ଧି ମୋନାଲିଜାର ଛାବି ପର୍ଯ୍ୟନ୍ତ ହୁବହୁ ଏକେ ଫେଲୋ ତବେ ସବାଇ ବଲବେ, ନକଳ, ତବେ ଓଞ୍ଚାଦେର ହାତ ବଟେ, 'ବାଃ !' କେଉ ବଲବେ ନା, 'ଆଃ !'

ପଲ ଶ୍ରୁଧାଳେ, 'ବାଃ ! ଆର 'ଆଃ'-ଏର ତଫାତଟା କି ?'

ଆମି ବଲଲୁମ, 'ଯେଥାନେ ଶ୍ରୁଧମାତ୍ର ହାତେର ଓଞ୍ଚାଦୀ କିଂବା ଐ ଜାତୀୟ କିଛୁ ଏକଟା, ଯେମନ ମନେ କରୋ ମାଟିର ଥେକେ ଏକଣ ହାତ ଉପରେ ଏକଟା ଦୀର୍ଘ ଉପର ହେଁଟେ

চলে যাওয়া, কিংবা ঘনে করো সিঙ্গিটার মুখের ভিতর আপন মুঠুটা দুর্কয়ে দেওয়া, এক কথায় সার্কাসের তাবৎ কসরত দেখে আমরা বিশ্বায়ে অভিভূত হয়ে বলি, ‘বাঃ !’ পিরামিডের বেলাও তাই, বলি ‘বাঃ !’ কিন্তু অধিতাড়ের উভয় প্রতিকৃতিতে তাঁর শাস্ত প্রশাস্ত মুখছৰ্ছবি কিংবা মাদম্বার মুখে বিগলিত মাতৃস দেখে আমরা রসের সাথে ভুতে ভুতে বলি, ‘আঃ ! কি আরাম ! কি সৌন্দর্য !’ ‘বাঃ-এর কেরবানি যতই কঠিন, যতই রোমাঞ্চকর হক না কেন তার শেষ মূল্য ‘আঃ-এর জিনিসের চেয়ে কম। এভাবেস্টের ছড়োয় গুঠা যত কঠিনই হোক না, তার মূল্য তিয়াসী পথিককে এক পাত্র জল দেওয়ার চেয়ে অনেক কম। এই যে পার্সি বললে, সে পিরামিড বানানোর মতো কঠিন কম’ করতে পারে না, সেইটেই সব কিছু যাচাই করার শেষ কষ্টপোথর নয়। শেষপীয়ির খুব সন্তুষ্ট দড়ির উপরে ধেই ধেই করে ন্যূন্য করতে পারতেন না। তাই বলে ঐ কম ‘তার ‘হ্যামলেটের’ চেয়ে মূল্যবান এ রায় কে দেবে ? আসলে দুটো আলাদা জিনিস। তুলনা করাই ভুল। পিরামিডে আছে ইঞ্জিনিয়ারিং হুনোর-হেমকৎ (স্কিল) আর মসজিদে আছে রসস্টিট (আটি‘স্টিক ক্রিয়েশন)।

ইতিমধ্যে দেখি একটি মিশরীয় জাব্বা-জোব্বা-পরা ছাত্র আজহর বিশ্ব-বিদ্যালয়ের মসজিদ থেকে বেরিয়ে আমার দিকে তাকিয়ে এগিয়ে আসছে। চেহারা দেখে ভারতীয় বলেই মনে হল।

## ॥ ২২ ॥

আজহর বিশ্ববিদ্যালয়ের বয়স পুরো-পাকা এক হাজার বৎসর। অঞ্চলফোড়, কেক্ষিজ, প্যারিস, বালিন এর চেয়ে কয়েক’শ বছরের ছোট। তবু আজ যে সব গুণীজ্ঞানীর নাম প্রতিবীতে ছাড়িয়ে পড়ে এ’রা ঐ-সব ইয়োরোপীয় বিশ্ব-বিদ্যালয়ের ছাত্র। আজহর থেকে যাঁরা বেরোন তাঁদের নাম তো শুনতে পাই নে। হাঁ, মনে পড়ল, মিশরের গাঁথী বলতে যাঁকে বোঝায় সেই সাঁদ জগল্ল পাশা ছিলেন আজহরের ছাত্র। কিন্তু আর কারো নাম শুনতে পাই নে কেন ?

আশ্চর্য ! মুসলমানরা যখন ক্ষেপন দখল করল তখন তারা সেখানে আজহরের অন্তরণে বিশ্ববিদ্যালয় গড়ল। প্যারিস যুনিভার্সিটির গোড়াপত্তন ঘৰিয়া করেন, তাঁদের অনেকেই লেখা-পড়া শিখেছিলেন ক্ষেপনের মুসলমান বিশ্ব-বিদ্যালয়ে। এবং প্রথম দিককার পাঠ্যপুস্তকগুলো পর্যন্ত আরবী বই থেকে লাঠিনে অন্বেষ করা। আজ আর আজহরের নাম কেউ করে না, করে প্যারিস বিশ্ববিদ্যালয়ের।

কিন্তু আশ্চর্য হই কেন ? একদা এই ভারতবর্ষের জ্ঞান-বিজ্ঞান ভারতবর্ষের বাইরে ছাড়িয়ে পড়েছিল। প্রীকরা আমাদের কাছ থেকে অনেক কিছু শিখেছিল। পরবর্তী যুগে ইয়োরোপীয়েরা আমাদের কাছ থেকে শুন্যের ব্যবহার শিখল (লক্ষ্য করেছ বোধ হয় রোমান হরফে যখন I, II, X, XII, C M, লেখ তখন শুন্যের

ବ୍ୟବହାର ଆଦିପେଇ ହୁଏ ନା ) ଏବଂ ତାରଇ ଫଳେ ତାଦେର ଗଣିତ-ଶାସ୍ତ୍ର କୌ ଅସାଧାର୍ଣ୍ଣ ଦ୍ରୁତ ଗଠିତେ ଏଗିଯେ ଚଲିଲ । ଆରବରା ଚରକ ସ୍କ୍ରିପ୍ଟେର ଅନ୍ବାଦ କରିଲେ, ଆରୋ କରି କାହିଁ । ଏକାଦଶ ଶତକେ ଭାରତ ଆକ୍ରମଣକାରୀ ସ୍ଵଲ୍ପତାନ ମାହମୁଦ୍ରେର ସଭାପାର୍ଶିତ ଅଲ-ବୀରିନ୍ନୀ ସଂଶ୍ଲିଷ୍ଟ ଶିଖେ ଭାରତବର୍ଷେର ଜ୍ଞାନ-ବିଜ୍ଞାନ ସମ୍ବନ୍ଧେ ଯେ ବହି ଲେଖିଲି ତା ପଡ଼େ ମେ ସ୍କୁଲେର ମୁସିଲିମ ଜଗଂ ଅବାକ ହେଁ ଭାରତବର୍ଷେ ଗ୍ରୁଗାନ କରେଛି । ତାରଙ୍କ ପରବର୍ତ୍ତୀ ଧ୍ୟାଗେ ସମ୍ବାଦ ଆଓରୁଙ୍ଗଜେବେର ବଡ଼ ଭାଇ ଦାରା ଶୀକୁର ଉପନିଷଦ ମଧ୍ୟରେ ଫାର୍ମୀ ବହି ଲାଭିଲେ ତଜ୍ରମା ହେଁ ସଥନ ଇଯୋରୋପେ ବେରଲୋ ତଥନ ମେ-ବହି ନିମ୍ନ ଇଯୋରୋପେ କୀ ତୋଳିପାଡ଼ିଲି ନା ହେଁଛି । ମେ ସ୍କୁଲେର ମେରା ଦ୍ୱାରା ନିମ୍ନକାରୀ ଶାସ୍ତ୍ରରେ ହାଓଯାର ତଥନ ବଲେଛିଲେ, ‘ଏ-ବହି ଆମାର ଜୀବନେର ଶେଷ କଟା ଦିନ ଶାସ୍ତ୍ରିତେ ଭାବେ ଦେବେ ।’ ଏ ସମୟେଇ ବିଶ୍ୱକାବି ଗ୍ରୋଟେ ଶକୁନ୍ତଲାର ଅନ୍ବାଦ ପଡ଼େ ସନ ଘନ ‘ସାଧୁ, ସାଧୁ’ ବଲେଛିଲେ ।

ଏଥିନେ ଭାରତବର୍ଷେର, ଆଜହରେର ପ୍ରାନ୍ତେ ମଧ୍ୟରେ ମଧ୍ୟମାନ ଇଯୋରୋପୀଯରା କରେ କିମ୍ବୁ ଆଜକେର ଦିନେ ସୀରା ଶ୍ରୀ ସଂଶ୍ଲିଷ୍ଟ କିଂବା ମିଶରେ ଆରବୀର ଚର୍ଚା ନିମ୍ନ ପଡ଼େ ଥାକେନ ତୀରେ ନାମ କେଉ କରେ ନା । ତୀରା ଏମନ କିଛି, ସ୍ଥିତ କରତେ ପାରେନ ନା କେନ ଯା ପଡ଼େ ବିବଜନ ବିମୋହିତ ହେଁ ପ୍ରାନ୍ତରୀୟ ‘ସାଧୁ, ସାଧୁ’ ରବେ ହୃଦ୍ୟକାର ତୋଳେ ?

ହୀନ ଏହିର ମୁଜତବା ଶଙ୍କି ଫୁରିଯେ ଗିଯେଛେ । କେନ ଫୁରଲୋ ? ତାର ଏକମାତ୍ର କାରଣ, ଏକ ବିଶେଷ ଧ୍ୟାଗେ ଏମେ ଏରା ଭାବଲେନ ଏହିର ମର କିଛି, କରା ହେଁ ଗିଯେଛେ, ନୃତ୍ୟ ଆର କିଛି, କରିବାର ନେଇ, ପ୍ରାନ୍ତେ ପର୍ଦ୍ଜ ଭାଙ୍ଗିଯେ ଥେଲେଇ ଚଲିବେ ।

ଏବଂ ତାର ଚିରେଓ ମାରାଯାକ କଥା, ଏରା ଜନ୍ୟେର କାହିଁ ଥିଲେ ଆର କିଛି, ଶିଖକେ ଚାନ ନା । ଏହିର ଦଷ୍ଟ ଦେଖେ ତାହି ଶ୍ରୀଷ୍ଟିତ ହତେ ହୀନ ।

ଆଜହରେର ଛେଲେଟିକେ ଜିଜ୍ଞେସ କରିଲୁମ୍, ‘ତୋମାରେ ବିଶ୍ୱବିଦ୍ୟାଳୟରେ ଫିଜିକ୍‌ସ୍କ୍ରିପ୍ଟ୍ ବଟ୍ଟନ ପଡ଼ାନୋ ହୀନ ?’

ମେ ଶ୍ରୀଧାଲେ, ‘ଏ-ମର କି ?’

ଅନେକ କଣ୍ଠେ ବୋବାଲୁମ୍ ।

ମେ ବଲଲେ, ‘ଧର୍ମଶାସ୍ତ୍ର ଯା ନେଇ, ତା ଜେନେ ଆମାର କି ହେବେ ?’

ଆମି ବଲଲୁମ୍, ‘ଅତିଶୟ ହକ୍ କଥା । ଧର୍ମ ଛାଡ଼ା ଅନ୍ୟ କୋନୋ ଗାତ୍ର ନେଇ, କିମ୍ବୁ ଭାତ୍ତଃ, ତୋମାର ପା ସାବି ଆଜ ଆଛାଡ଼ ଥେବେ ଭେତେ ସାଯ ଆର ଡାକ୍ତାର ବଲେ, ଏକ୍ଷରେ କରେ ଦେଖିତେ ହେବେ କୋନ୍ ଜ୍ଞାଯଗାଯ ଭେତେଛେ, ତଥନ କି ଧର୍ମଶାସ୍ତ୍ର ଏକ୍ଷରେ-କଲ ବାନାବାର ମଧ୍ୟାନ ପାବେ ?’

ଉତ୍ତରେ କି ବଲେଛିଲ ମନେ ନେଇ । ‘ଧର୍ମ ରକ୍ଷା କରିବେନ’ ଏହି ଜ୍ଞାତୀୟ କିଛି, ଏକଟା । କିମ୍ବୁ ଇନ୍ତମଧ୍ୟ ଦେଖି, ପଲ ପାର୍ମିସ୍ ଅଭିଷ୍ଟ ହେଁ ଉଠେଛେ । ତରାଲୋଚନା ପାର୍ମିସ୍କେ ବିକଳ କରେ ମେ-କଥା ପରିବେହି ବଲେଛି, କିମ୍ବୁ ଏହିଲେ ପଲ ପରିଷ୍ଠ ବିଚିଲ ହେଁ ପଡ଼ିଲୋ । ଆମି ସଥନ ଏକଟୁ ଥିମେହି ତଥନ ଦେଖି ଭାରା ଏକ ଦୋକାନୀର ସଜେ ବରଦଶ୍ତୁର କରଛେ ।

କି ବ୍ୟାପାର ? ମିଶରେର ପିରାମିଡ଼େର ଭିତର ଯେ ମର ଟୁର୍କ-ଟାର୍କ ଜିଲ୍ଲା ପାଓଯା ଗିଯେଛେ ତାରଇ କିଛି, କିଛି ଏଥାନେ ବିରିତି ହଛେ । ଆମି ବଲଲୁମ୍, ‘ଏ-ମର

ତୋ ମହାମ୍ୟବାନ ଜିନିମ, ଓଗୁଲୋ କେନାର କାଢ଼ି ଆମାଦେର କାହେ ଆସିବେ କୋଷେକେ, ଆର ମିଶରୀ ସରକାର ମେଗୁଲୋ ଯାଦୁଧରେ ସାଜିଯେ ନା ରେଖେ ବାଜାରେ ବିକ୍ରି କରିବାର ଜନ୍ୟ ଛାଡ଼ିବେଇ ବା କେନ ?'

ଦୋକାନୀ ବଲଲେ, 'ଏହି ଜିନିମ ଏତ ଅମ୍ବଖ୍ୟ ପିରାମିଡେ ଏତ ବେଶୀ ପାଓୟା ଗିଯଇଛେ ଯେ ମେଗୁଲୋ ସରକାର ବାଜାରେ ଛେଡ଼େଛେ—ତାଳୋଗୁଲୋ ଅବଶ୍ୟ ଯାଦୁଧରେ ସାଜାନୋ ଆଛେ—ଏବଂ ଦାମତ ତାଇ ବେଶୀ ନା ?'

ଆମି କିନି କିନିଛି, କିନି କିନିଛି କରାଇ, ଏମନ ସମୟ ସେଇ ଆଜହରେର ଛେଲୋଟ ଆମାର କାନେ କାନେ ବଲଲେ, 'ତାଇ ସାଦି ହବେ, ତବେ ଓର ଦୋକାନେର ପିଛନେର କାରଥାନାତେ କି ସବ ତୈରୀ ହଚେ ? ଚଲିନ ନା, କାରଥାନାଟା ଦେଖେ ଆସିବେ !'

ଆମି ବଲଲୁମ, 'କି ଆର ହବେ ଦେଖେ ? ଜର୍ମନିତେ ତୈରୀ କାଷ୍ଟିରୀ ଶାଲ, ଜାପାନେ ତୈରୀ 'ଖାଟି' 'ଅନ୍ତଶ୍ୟ ଖାଟି' ଭାରତୀୟ ଧର୍ମର, କଳକାତାର ତୈରୀ ଜର୍ମନ ଓର୍ଦ୍ଧ ଏସବ ତୋ ବହୁ ବାର ଦେଖା ହଯେ ଗିଯଇଛେ । ଓର ଥେକେ ନୃତ୍ୟ ଆର କି ତର୍କଲାଭ ହବେ ?'

ପଲ ପାର୍ସିକେ ବଲଲୁମ, 'ପାଶେର ଛେଲେର ଖାତା ଥେକେ ଟୁର୍କଲ କରା ଆର ଏଇ ଜ୍ଞାଲ ମାଲ ତୈରୀ କରାତେ କୋନୋ ତଫାତ ନେଇ ।'

ପଲ ବଲଲେ, 'ମାସ୍ଟାର ଧରତେ ପାରଲେ କାନ ମଲେ ଦେନ ।'

ଆମି ବଲଲୁମ, 'ସରକାରେ ମାଝେ ମାଝେ ଏଦେର କାନ ମଲେ ଦେଯ ।'

ତଥନ ହଠାତ୍ ଥେଯାଳ ହଲ, ଆଜହରୀ ଛେଲୋଟ ଯେ ଫିସ-ଫିସ କରେ କାନେ କାନେ କଥା ବଲେଛିଲ, ମେଟୋ ବାଙ୍ଗଲାଯ । ତଙ୍କ୍ଷଣ୍ଣ ତାକେ ଶୁଧାଲୁମ, 'ଆପଣି କି ବାଙ୍ଗଲୀ ?'

ମେ ବଲଲେ, 'ହଁ ।'

ତାର ପର ଶୁଧାଲୁମ, ବର୍ଧମାନେ ବାଢ଼ି, ଦଶ ବହର ବସନ୍ତ ଏଥାନେ ସେ ଏମେହେ । ବାଙ୍ଗଲା ପ୍ରାୟ ଭୁଲେ ଗିଯଇଛେ । ଆରୋ ଚାର ବହର ଅର୍ଥାତ୍ ସବସଂଧ ବାରୋ ବହର ଏଦେଶେ କାଟିଯେ ଫେର ବଧିମାନେ ଫିରେ ଯାବେ ।

ମେଥାନେ ଫିରେ ଗିଯେ କି କରବେ ? ଏହି ଆରବୀ ବିଦ୍ୟେର କଦର ତୋ ଭାରତବରେ ନେଇ ? ତାତେ ଆଚ୍ୟତ୍ ହବାରଇ ବା କି ? କାଶୀ ଥେକେ ବାରୋ ବହର ସଂକ୍ଷିତ ଶିଖେ ବର୍ଧମାନେ ଫିରଲେ ତାର ପାଣିତ୍ୟେରଇ ବା ମଲ୍ଲେ ଦେଯ କେ ? ତାକେଓ ତୋ ମେଥାନେ ଉପୋସ କରାତେ ହୁଏ । ଏକେଓ ତାଇ କରାତେ ହବେ । ଆଜ 'ଆର ପ୍ରାଚୀନ ଶାସ୍ତ୍ରର ପାଣିତ୍ୟକେ କେଉ ସମ୍ମାନ କରେ ନା ।

କିନ୍ତୁ ଛେଲୋଟିର ଦେଖଲୁମ ତାଇ ନିଯେ କୋନୋ ଦ୍ରିତାବନା ନେଇ । ସାପ ଧାର୍ମିକ ଲୋକ ଛେଲେକେ ଧର୍ମଶିକ୍ଷା କରାତେ ପାଠିଯେହେନ, ତାଇ ଶିଖେ ସେ ସେଥେ ଫିରେ ଯାବେ, ତାର ପର ଯା ହବାର ତାଇ ହବେ ।

ଦ୍ଵାରର କେଉ ଏନ୍-ଦୋକାନେର ସାମନେ ଦୀଢ଼ାଇଛେ, କେଉ ଓ-ଦୋକାନେର ସାମନେ ଦୀଢ଼ାଇଛେ । କେନାକାଟା ହଚେ ଅତି ସାମାନ୍ୟ । ଟୁର୍କ-ଟୌକ ନାଡ଼ାଚାଢ଼ାତେ ଆନନ୍ଦ ଅନେକ ବେଶୀ—ଖରଚାଓ ତାତେ ନେଇ । ଏହି କରେ କରେ ଆମରା ସମନ୍ତ ହିନ କାଟିଯେ ଦିତେ ପାରିଯୁମ, କିନ୍ତୁ ହଠାତ୍ ଦ୍ଵାର ଏକଜନ ଶୁରଣ କରିଯେ ଦିଲେନ, ଆମାଦେର

পোর্ট-সচিদের ট্রেন ধরতে হবে আটটায়। আব্ল আসফিয়াকে স্মরণ করিয়ে দিতে তিনি বললেন, ‘চলুন।’ কিন্তু তাঁর হাবভাবে কোনো তাড়া নেই।

অতি অনিচ্ছায় ট্রামে উঠতে হল। আজহরের ছেলেটি আমার সঙ্গে বাঙলা কথা কইতে পেয়ে আমার সঙ্গ ছাড়াতে চায় না। সেও চললো আমাদের সঙ্গে। আরবী ভাষা এখন তাঁর জীবনের মূলমৃত্তি, কিন্তু তাই বলে কি মাত্তভাষা বাঙলার মাঝে এত সহজে কাটানো যায়?

ধ্যাচাঞ্চ করে ট্রাম দাঁড়াল। কি ব্যাপার? আগের একটা ট্রাম মোড় নিতে গিয়ে লাইন থেকে ছিটকে পড়েছে। বাদ্বাকি সব ট্রাম তাঁর পিছনে গড়ালিকায় দাঁড়িয়ে। লোহার ডাঁড়া দিয়ে জনকয়েক লোক হিটকে-পড়া প্রামটাকে লাইনে ফেরত নিয়ে ধাবার চেষ্টা করছে। চেষ্টার চেয়ে চিকার চেঁচামেচ হচ্ছে বেশী। লম্বা লম্বা আলখাল্লা উড়িয়ে রাস্তার ছেলে বুড়ো প্রামটার চতুর্দিকে ছুটোছুটি লাগিয়েছে। আর কত প্রকারেরই না উপদেশ, আবেশ অনবরত ট্রামের ভিতর বাহির দুর্দিক থেকেই উপছে পড়েছে! দেশের হাঁরির লুঠ এর কাছে লাগে কোথায়?

দাঁড়িয়ে দাঁড়িয়ে মজাটা রাসিমে রাসিমে দেখছি, এমন সময় দলের একজনের হংশ হল, আটটায় যে আমাদের ট্রেন ধরতে হবে। আমার দেহ-মন কিন্তু প্রণাঙ্গন থেকে তখন কিছুতেই সর্বাচ্ছিল না। কারণ ইতিমধ্যে দেখি, প্রামটা কি পদ্ধতিতে ফের লাইনে তোলা যায় তাই তাঁর দ্বাইটি দলের সূচিটি হয়েছে। যারা ডিপো থেকে এতক্ষণে এসে পেঁচেছে তারা বাতলাচ্ছে এক প্রকারের রংকোশল, আর সব কটা ট্রামের ড্রাইভার, কঢ়াক-ট্রেরের দল সে রংকোশলের বিবরুদ্ধে ঘোষণা করেছে অন্য জিহাদ। ব্যাপারটা তখন এমনি চরমে পেঁচেছে যে উভয় পক্ষ তখন লোহার ডাঁড়া হাতে করে মুখোমুখি হয়ে সবস্তে সগবে সর্বপ্রকারের আস্ফালন কর্ম ‘সুস্থূল পদ্ধতিতে শনেং শনেং’ এগিয়ে নিয়ে চলেছে। দ্বাই দলের পিছনে দাঁড়িয়ে আছেন প্রামের যাত্রী এবং রাস্তার লোক। আর রাস্তার ছেঁড়ারা আলখাল্লা উড়িয়ে তাদের চতুর্দিকে পাই-পাই করে ঘূরছে, বেঁ করে মাধ্যখান দিয়ে ইংস্পার-উস্পার হয়ে যাচ্ছে, ধরা পড়ে কখনো বা দ্বা-একটা চড়-চাপড়ও থাচ্ছে।

একটা ‘ফাস্টো কেলোস্’ লড়াইয়ের পূর্ব-রাগ কিংবা পূর্বাভাস!

কিন্তু হায় প্রথিবীর কত সৎক্ষমই না অসম্পূর্ণ রেখে এই দুনিয়া থেকে বিদ্যায় নিতে হয়। এই যে আমি প্রতিজ্ঞা করেছিলুম, নির্ধারামকে একদিন মোকামাফিক আচ্ছাসে উন্মত্ত-মধ্যম দেব, তাঁর প্রবেশেই তো ম্যাট্রিক পাস করে ইস্কুল ছাড়তে হল! আর নিখে রাক্ষেকল্টা ফেল মেরে পড়ে রইল ইস্কুলে। কী অন্যায় অবিচার! নিখেটা লেখাপড়ায় একটা আন্ত বিদ্যোসাগর, সে কথা জানি, কিন্তু আরো কত খাটোশ ও তো ম্যাট্রিক পাশ করে। ও করলেই বা কোন্ মহাভারত অশুধ্য হয়ে যেত? আমিও তো দুটো কিল মারার স্বয়োগ পেতুম। এই সব অবিচার দেখে সংসারের প্রতি আমার তখন যেমন ধরে গিয়েছিল।

আজও তাই হল। দলের লোকের তাড়ায়। তখন আর বেশী সময় হাতে

নেই। ট্যাক্সি নিতে হল।

বুকিং আপসের সামনে থাটার দলের ইন্ডুমানের ন্যাজের মতো প্যাঁচ পাকানো কিউ Q। কেউ কেউ ওটাকে U বলে বলে W-ও বলে থাকেন, কারণ জায়গার অভাব থাকলে কিউ সচরাচর এই রকম শেপ-ই নিয়ে থাকে। অন্ত গাড়ি ধরার সময় তখন মাত্র পাঁচ মিনিট। আবুল আসফিয়া কিউ-এতে দাঁড়ালেন। আমি তাঁকে বললুম, ‘ত্রেন মিস্ নির্বাত।’ তিনি বললেন, ‘আপনারা স্টেশনে থান।’

স্টেশনে কখন কোন ‘প্ল্যাটফর্ম’ থেকে গাড়ি ছাড়বে তার খবর নিয়ে যখন সেই প্ল্যাটফর্মের মুখে দাঁড়ালুম, তখন গেট-চেকার ভাঙ্গা-ভাঙ্গা ইঁরাজিতে শোধালো,—

‘আপনারা থাবেন কোথায়?’

‘পোর্টসেন্টের।’ (সংবেত সঙ্গীতে)

‘তবে ট্রেনে গিয়ে আসন নিচ্ছেন না কেন?’

তাই শুনে পাড়ি-মরি হয়ে এক দল দিল ছুট ট্রেনের দিকে, আরেক দল যাবে কি যাবে না এই ভাবে ন যয়ো ন তম্হো হয়ে রইল দাঁড়িয়ে, নড়লুম না আমরা তিন জন, পল, পাসি’ আর আমি।

পল বললে, ‘আমাদের টিকিট এখনো কাটা হয় নি।’

চেকার ছোকরা বললে, ‘আপনারা থান।’

মনে হল ছোকরাটি বুদ্ধিমান। আমাদের চেহারা-ছবি দেখে এ চেছে, আমরা ফাঁকি দিয়ে গাঁড় ঢাকার তালে নই। আমরা যখন পয়সা দেবার জন্য তৈরী তখন আমাদের ঠেবিয়ে রাখার কোনো প্রয়োজন নেই।

আমার মন তখন ঘাব-ঘাব করছে। তখন পলের কথাতে বুঝলুম, সে কতখানি ভদ্র ছিলে। আমাকে বললে, ‘আবুল আসফিয়াকে ছেড়ে আমরা যাব না।’

সেই উৎকৃষ্ট সঞ্চক্টের সময়ও আমার মনে পড়ল, ধর’রাজ ষুধিষ্ঠিরও বিশেষ অবস্থায় মগে যেতে রাজী হন নি।

আমাদের চোখের সামনে স্টেশনের বিরাট ঘড়ি। সেটা তখন দেখাচ্ছে, ৭, ৫৯।

কলাপ্রসিদ্ধ গেটের ভিতর দিয়ে দেখছি, আমাদের ট্রেনের গাড় বীরোচিত ধীরপদে টেল দিচ্ছে, আর মাঝে মাঝে ট্যাকিস্টির দিকে তাকাচ্ছে।

মিশ্র তো প্রাচ্য দেশ, আরামের দেশ, অনপনকচ্ছার্লিটির দেশ। ওরা আবার সময়মতো গাড়ি ছাড়ার যবনিকা প্রথম শিথল কোথা থেকে? সংসারের অবিচারের প্রতি আবার আমার হেমো ধরল। টেন তো বাবা, সব’গুই নিত্য নিত্য লেট যায়। এই ষে সোনার মুল্লুক ইঁলিংড়, যার প্রশংসায় এ পোড়ার দেশের সবাই পশ্চাত্ত দশানন, সেই দেশ স্বর্বদেহ শুনেছি, এক ডেলি প্যাসেজারের টেন রোজ লেট যেত এবং বেচারী তাই নিয়ে অনেক আবেদন-ক্রম করার পর একদিন সত্যি সত্যি কঠায় কঠায় ঠিক সময়ে টেন স্টেশনে

সেয়দ মুজত্বা আলী রচনাবলী (৭ম) — ৭

এল। লোকটি উল্লাসভরে স্টেশন-মাস্টারকে কন্ধাচুলেট করাতে মাস্টার বিষব' বদলে বললে, 'এটা গতকালের ট্রেইন; ঠিক চার্চিশ দৃষ্টা লেট।'

সেই পরানের দ্যাশ বিলেভেই র্যাদি এই ব্যবস্থা তবে এই খানধানী গেরেম-ভারী মিশরে মানুষ কি শুধুমাত্র আমাদের দলকে ভ্যাংচাবার জন্যই কষ্টকে কষ্টকে ট্রেইন ছাড়তে চায় ?

দোর্থি, গার্ড' সাহেব দোদ্দুল্যমান গাত্তিতে আমাদের দিকে আসছে। চেকারকে কি যেন শুধুলে তার পর উভুর শুনে আমাকে বললে, 'আর তো সময় নেই, গাড়িতে উঁচুন।'

লোকটির সোজন্যে আর্মি সশ্রেষ্ঠত হয়ে গেলুম। কে আমরা, আমাদের জন্য ওর অত দৱব কিসের ? স্পষ্ট দেখতে পাচ্ছে, আমরা মার্কিন টুরিস্ট নই যে তাকে কাঁড়া-কাঁড়া সোনার মোহর টিপ্স দেব। মিশরের ট্রেইন লোহা-লক্ষড়ের বটে, কিন্তু মিশরীয় গার্ড'র দিল মহস্তের খনে তৈরী।

আর্মি পাগল-পারা খুঁজছি সোজন্য ভদ্রতার আরবী, তুকুর্ম, ফাসৌ' বাকা, যা দিয়ে আর্মি তাকে আমার কৃতজ্ঞতা প্রকাশ করতে পারি। ইংরিজীতে তো আছে শুধু ছাই, 'থ্যাক্স' ফরাসীতে 'মেসি' 'মেসি', জর্মনেও নাকি 'ডাঙ্ক' না 'ডাঙ্কে' কি যেন একটা আছে কিন্তু এ সামান্য একটা দ্বিতো শব্দ দিয়ে গার্ড'-সায়েবের সোজন্য-সম্বন্ধে আমার হাল পানি পাবে কেন ?

তব'ও তৈরিয়া হয়ে বলে গেলুম, 'আনা উশকুরকুম' 'চোক তশকুর এবরং এফেন্দ', ঈর্থলি তশকুর মিদমহাতান, কুরবান' আরো কত কী, উল্টা-স্লুটা। তার মোস্তা অর্থ, 'মহাশয় যে সোজন্য দেখাইলেন, তাহা ভারতবর্ষের ইতিহাসে যুগ-যুগস্ময় অবিশ্বরণীয় হইয়া থাকিবে কিন্তু হাল্ফিল-আমরা লোহবর্ষ-শকটে আরোহণ করিতে অক্ষম যেহেতুক, আমাদের পরমাত্মা চরমস্থা শ্রীগুরুমান আবুল আসফিয়া নূরউদ্দিন মুহম্মদ আবুল করীম সিস্তীকীকে পরিত্যাগ করিয়া বেশাস্তুর গ্রহণ করিতে সম্পূর্ণ অক্ষম।'

সঙ্গে সঙ্গে আরবী, তুকুর্ম, ফাসৌ' তিনি ভাষাতেই বিস্তর ক্ষমা দিক্ষা করলুম।

আর মনে মনে যোক্ষম চট্টছি আবুল আসফিয়ার উপর। লোকটার কি কণামাত্র কাউডজান নেই ? দলের নেতা হয়ে কোনো রকম দায়িত্ব বোধ নেই ? সাধে কি ভারতবর্ষ' স্বরাজ্য থেকে বাণ্ণিত !

হঠাৎ পল-পার্স' দ্বিল ছুট। তারা আবুল আসফিয়াকে দেখতে পেয়েছে। এবং আশ্চর্য, লোকটা তখনো নিশ্চিন্ত মনে রেলের এক কর্মচারীকে স্টেশনের বড় ঘড়িটা দেখিয়ে দেখিয়ে কি যেন বোঝাচ্ছে। বোঝাচ্ছে কচু ! নিচয়ই বোঝাচ্ছে ওদের ঘড়ি ফাস্ট- যাচ্ছে। তা যাচ্ছে তো যাচ্ছে, সে কথা বুঝিয়ে কি তোমার টাকেতে চুল গজাবে—ওদিকে ট্রেইন মিস করে ?

কথার মাঝখানেই পল আর পার্স' পিছন থেকে তাঁকে দ্বা হাতে ধরে দিলে হ্যাঁচকা টান। তার পর দ্বিল ছুট গাড়ির দিকে। আর্মি পার্ড-মারি হয়ে সেবিকে। দলের ধারা ট্রেইনের সামনে দাঁড়িয়ে ছিল তারাও জয়োন্নাসে হৃকার দিয়ে উঠেছে। আবুল আসফিয়া হাত ছাড়াবার চেষ্টা করছেন। স্টেশনের

আন্তর্জাতিক জনতা যে যার পথ ভুলে তাঁকয়ে রংঘেছে আমাদের দিকে । পৰ্লিস  
বিয়েছে হাইস্ল্ৰ ! তবে কি দিনে দ্বপুরে কিডন্যাপিং ! কিন্তু এ তো,

‘উল্টো ব্ৰহ্মলি রাম, ওৱে উল্টো ব্ৰহ্মলি রাম,

কাৰে কৱলি ঘোড়া, আৱ কাৰ মুখে লাগাম ?’

এখনে তো বুড়ো-ধাঢ়িকে পাকড়ে নিয়ে চলেছে দ্বটো চাঁড়া !

গাড়ি ঠিক সময়ে ছেড়েছিল না লেটে, আবুল আসফিয়ার ঘাড়ি ঠিক না  
ৱেলের ঘাড়ি ঠিক এ সব স্কুল প্রশ্নের সমাধান হল না । গাড় ‘সায়েব যে ভাবে  
পিছন থেকে পাকা হাতে আমাদের ধাঙ্কা দিয়ে দিয়ে গাড়িতে ওঠালে তার থেকে  
অনুমান কৱলুম, এ প্রকারের কম’ করে করে তার হাত ঝান্দ হয়ে গিয়েছে ।

আবুল আসফিয়া তখনো পলকে বোৰাবাৰ চেঁটা কৱছেন, তাঁৰ ঐ ঘাড়টাই  
সুইজারল্যাণ্ডের ঝনোমিটাৰ পৰাক্ষয় পয়লা প্রাইজ পেয়েছিল । মিশ্ৰীয়দেৱ  
সময়-জ্ঞান নেই । আমৱাও অৰ্তশয় সৱল । চিলে কান নিয়ে গেল শুনেই—

॥ ২৩ ॥

আহা ! সুশ্বর দেশ !

খালে-নালায় ভৰ্তি । গাড়ি মিনিটে মিনিটে গম্ভ, গড়ম, গড়ডুৰ্ কৱে সে বৈ  
নালার উপৰ দিয়ে পোৱছে । তাৰপৰ গাড়ি বলে ‘বড়ঠাকুৱপো-ছোটঠাকুৱপো’,  
'বড়ঠাকুৱপো-ছোটঠাকুৱপো’, তাৰপৰ ফেৰ নালার উপৰ ‘গম’, ‘গড়ম’,  
'গড়ডড়ম’ । আৱ গাড়িৰ শব্দ যে এত মিষ্টি কে জানত ? এ ত্ৰেণ মিস কৱলে  
আৱ দেখতে হত না !

খাল-নালা তো বললুম, কিন্তু এক-একটি নদী-নদী এমনই চওড়া যে বোধ  
কৰি সেগুলো নৌলৈৱ শাখা-প্রশাখা । আৱ সেগুলোতে জলে-ভাঙার মাঝখানে  
ফীক প্ৰায় নেই । নিতান্ত বৰ্ষা-কাল ছাড়া আমাদেৱ নদীৰ জল যান তলিয়ে,  
আৱ পাড়গুলো থাকেন খাড়া হয়ে । সে জল অত নিচু থেকে উপৰে তোলা যায়  
না বলে সে জল থেকেও নেই । চাষী তাই দিয়ে শৰীতকালে আৱেকটা ফসল  
তুলতে পাৱে না । এদেশেৰ লোক সৃষ্টিৰ সেই আদিম প্ৰভাতে চাষবাস শেখাৱ  
সঙ্গে সঙ্গেই তাৰেৱ একমাত্ৰ নদী নৌলৈৱ গা থেকে এত হাজাৱ হাজাৱ থাল নালা  
কেটে রেখেছিল যে সে নদী গভীৰ হৰাৱ সংযোগ পায় নি এবং ফলে নৌলৈৱ  
জল দেশটাকে বাৱো মাস টৈটশৰ কৱে রাখে ।

খেতভৱা ধান গম কাপৰ্মাস ! সবুজে সবুজে ছয়লাপ । মাঝে মাঝে খেজুৱ-  
গাছেৱ সারি, আৱ কথনো বা এখনে একটা সেখানে একটা, দাঁড়িয়ে দাঁড়িয়ে  
ক্ষেত্ৰে পাহারা বিছে ।

আৱ নদীৰ উপৰ দিয়ে চলেছে উ'চু উ'চু তেকোগা পাল তুলে দিয়ে লম্বা  
লম্বা নৌকো । এ দেশে বঁচি প্ৰায় হয় না বলে নৌকোতে ছাইয়েৰ ব্যবস্থা প্ৰায়  
নেই । জোৱ হাওয়ায় নৌকাগুলো চলেছে দ্রুতগাততে । পালেৱ দাঁড়ি ছিঁড়ে

গেলে নৌকো যে ডুবে যাবে সে ডরভয় এদের নেই। তবে বোধ করি এদেশে দমকা হাওয়া হঠাৎ এসে নৌকোকে এলোপাতাড়ি ধাক্কা লাগায় না।

সবুজ খেত, নানারঙের পাল, ঘোর ঘন নীল আকাশ, চল-চল-ছল-ছল-জল মনটাকে গভীর শার্ণুক আর পরিপন্থ আনন্দে ভরে দেয়। গাড়ির জানালার উপরে মুখ রেখে আধ-বোজা চোখে সে সোন্দর্ষ'রস পান করছি, আর ভাবছি, এই সোন্দর্ষ' দেখার জন্যেই তো বহুক রেলগাড়ি চড়বে, আমিয়দি এদেশে থাকবার সুযোগ পেতুম তবে প্রতি শনিবারে রেলে চড়ে যে দিকে খুশি চলে যেতুম! কিছু না, শুধু নৌকো, জল, খেত আর আকাশ দেখে দেখে দিনরাত কাটিয়ে যাবুম।

রাতের কথায় মনে পড়ল, চাঁদের আলোতে এ সোন্দর্ষ' নেবে অন্য এক ভিন্ন রূপ। সেটা দেখবার সুযোগ হল না—এখানটায়, এবারে।

মাঝে মাঝে নদী, নৌকো, খেজুরগাছ সব-বিছু ছাড়িয়ে দেখতে পাই সেই তিনটে বিরাট পিরামিত। কত দূরে চলে এসেছি তবু তারা মাঝে মাঝে মুখ দোখিয়ে সঙ্গে সঙ্গে ছুটে চলেছে, আবার কাছের গাছের পিছনে ঢাকা পড়ে যাচ্ছে, আবার মৃত্যু দেখাচ্ছে। তখনই ব্যতে পারলুম, পিরামিডগুলো কত উঁচু। কাছের থেকে যেটা প্রশংস্ত ব্যতে পারি নি।

কম্পার্টমেন্টের মাঝখান দিয়ে চলাফেরার পথ—কলকাতার ট্রামগাড়িতে যে রংগ। সেই পথ দিয়ে যে কত রকমের ফেরিওয়ালা এল গেল তার হিসেব রাখা ভাগ। কম্বলালেবু, কলা, রুটি থেকে আরষ করে নোটবুক, চিরন্তন, মোজা, ধাড়ি, লটারির টিকিট হেন বস্তু নেই যা ফেরিওয়ালা দুঃচার বার না দেখালে—মনে হল লোহার সিদ্ধাঙ্ক এবং আন্ত মোটর গাড়ি মাঝ এই দুই বস্তুই বোধ করি ফেরি করা হল না।

এক কোণে দোখ জাখ্বা-জোখ্বা-পরা এক মৌলানা সায়েব হাত-পা নেড়ে বক্তা দিচ্ছেন আর তাঁকে ঘিরে বসেছে এক পাল ছেকরা—তারাও পরেছে জাখ্বা-জোখ্বা, তাদের মাথায় ও দাল ফেজ ঝুঁপতে প্যাঁচানো পাগড়ি। দু-চার জন সাধারণ ঘাঁঠি ও দলে ভিড়ে বক্তা শুনছে। পাশের এক ভদ্রলোককে জিজেন করে জানতে পারলুম, ইনি আজহর বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, ছাট-ছাটায় যখন গ্রামের বাঁড়ি ধান ওখন তাঁর প্রিয় শিশোরা তাঁর সঙ্গে তাঁরই বাঁড়ি ধান। সমন্তক্ষণ চলে জ্ঞানচৰ্চা। ট্রেনের অন্য লোকও সে শাস্ত্রচৰ্চা কান পেতে শোনে।

উন্নত ব্যবস্থা! প্রাচীন যুগে গ্রন্থগ্রহে বাস এবং বর্তমান যুগের কলেজে গিয়ে পড়াশুনো করা দুটোর উন্নত সমন্বয়। মাঝখানে থাড় ক্লাস গাড়ির প্যাসেঞ্চার, চাষাভূমোরাও এদের জ্ঞানের কিছুটা পেয়ে গেল। আমাদের দেশের চাষায়া তো প্রফেসরদের জ্ঞানের একরাতি পায় না।

সঙ্গে সঙ্গে ফেরিওয়ালার কাছ থেকে কলামুলো কিনে নিয়ে মৌলানা সায়েব থাচ্ছেন, ছেলেদেরও খাওয়াচ্ছেন। সেও পরিপাটি ব্যবস্থা।

হরেকরকম ফেরিওয়ালাই তো গেল। এখন এলেন আরেক মৃত্তি। মুখে এক গাল হাসি—আপন মনেই হাসছে—পরনে লজবড় কোট-পাতলুন, নোংরা

শাট', টাইয়ের 'নট'-টা ট্যারচা হয়ে কলারের ভিতর ঢুকে গিয়েছে, আর হাতে এক তাড়া রঙিন ছীবতে ভর্তি', হ্যাংবিল-প্যাম্ফলিট'।

কেন যে আমাকেই বেছে নিলে বলতে পারব না। বোধ হয় আমাকেই সব চেয়ে বেশী বোকা-বোকা দেখাচ্ছে। ফেরিওলারা বোকাকেই সঙ্গের পয়লা পাকড়াও করে এ তো জান কথা।

এক গাল হাসির উপর আরেক পোঁচ মুচকি হাসি লেপটে দিয়ে 'শুধালে, 'কোথায় যাওয়া হচ্ছে, স্যার?'

ইয়োরোপীয় জাহাজ চড়ে মেজাজ থানিকটে বিলিতি রঙ ধরে ফেলেছে। বলতে শাছিলুম, তোমার তাতে কি? কিন্তু মনে পড়ল, মিশর প্রাচ্য দেশ, এ পশ্চ শুধনো অভদ্রতা কিংবা অনধিকার প্রবেশ নয়। বললুম, 'পোর্ট সন্টের!'

'তার পর?' ।

মোগলাই মেজাজ চেপে নিয়ে বাঙালী কষ্টে বললুম, 'ইয়োরোপ !'

'ওঁ, তাই বললুন। কিন্তু ইয়োরোপ তো আর পালিয়ে যাচ্ছে না, তার আগে এই মিশরের পাশের দেশ প্যালেস্টাইনটা ঘূরে আস্বন না।' আমি তো একে-বারে থ। হরেকরকমের ফেরিওলা তো দেখলুম। কেউ বিক্রি করে ছ পয়সার জ্বতোর ফিতে, কেউ বিক্রি করে পাঁচ টাকার মোনার ঘড়ি, কিন্তু একটা আন্ত দেশ বিক্রির জন্য তার আড়কাটি ট্রেনের ভিতর ঘোরাঘুরি করবে, এ-ও কি কথনো বিশ্বাস করা যায়? তবু ব্যাপারটা ভালো করে জেনে নেবার জন্য শুধালুম, 'আপনি বৃংঘ দেশ বিক্রি করেন?'

মে আমার কোনো কথার উত্তর না দিয়ে আরেক গাল হেসে তার হাতের তাড়ার ভিতর থেকে কি একটা খুঁজতে আরম্ভ করলে। ইতিমধ্যে আমার পাশের ভদ্রলোক তাকে জায়গা ছেড়ে দিয়েছেন। সে ঝুপ করে বসে পড়ে তার হাতের ডাই থেকে বের করলে প্যালেস্টাইনের হরেকরকম ছবিওলা একখানা রঙচঙ্গ প্যাম্ফলিট। তার উপর দৈখি মোটা-মোটা অঙ্করে লেখা প্যালেস্টাইন 'Palestine, The Land of the Lord', 'প্রভুর জন্মভূমি' ইত্যাদি আরো কত কী! তারপর বললে, 'দেশ বিক্রি করি? হ্যাঁ, তাই বটে, তবে কি না আপনি যে ভাবে ধরেছেন, ঠিক সে ভাবে নয়। কিন্তু সে-কথা পরে হবে। উপর্যুক্ত দেখন তো, কী চমৎকার দেশে আপনাকে যেতে বলাছি। যে-দেশে প্রভু জীজাস্‌ ক্রাইস্ট জন্মগ্রহণ করেছিলেন। আপনি নিচয় প্রভু—'

আমার ভারি বিরক্তি বোধ হল। এসব লোক কি ভাবে? ভারতবর্ষের লোক যৈশুর নাম শোনে নি? তেড়ে বললুম, 'The book of the generation of Jesus Christ, the son of David, the son of Abraham. Abraham begat'—ইত্যাদি ইত্যাদি,—চড়চড় করে মর্থি-লিখিত সুসমাচার থেকে মুক্ত বলে যেতে লাগলুম, প্রভু যৈশুর ঠিকুজি কুলজি। লোকটা কিন্তু একদম না দমে গিয়ে বললে, 'ঠিক, ঠিক। এই দেখন, মেই জায়গা যেখানে প্রভু জন্ম নিলেন। একটা সরাইয়ের আন্তরালে। মা মেরি আর তাঁর বর যোসেফ তখন প্যালেস্টাইন থেকে এই মিশরের দিকে আসাছিলেন। বেংলেহেম

গ্রামে সম্ম্যাহ হল। সরাইয়ে জায়গা না পেয়ে মা-মেরির আশ্রয় নিলেন আন্তর্ভুলে। এই দেখন সেই আন্তর্ভুলের ছবি। কত চিত্রকরই না এ ছবি এ'কেছেন। কত যুগ ধরে। তার পর দেখন, নাজারেৎ গ্রামের ছবি। ঘোষেফ সেখানে ছত্তোরের কাজ করতেন, আর মা-মেরি যেতেন জল আনতে। এই দেখন—'

আমি বললুম, ‘ব্যস, ব্যস, হয়েছে! কিন্তু আপনি আমার মুশ্কিলটা আদপেই বুঝতে পারেন নি। আমি যদি পোর্টসেইদ থেকে ‘প্রভুর জম্মভূমি প্যালেস্টাইনে’ চলে যাই তবে সেখানে ফিরে এসে ইয়োরোপে যাবার জন্য আমাকে নতুন করে জাহাজের টিকিট কাটতে হবে। তার পয়সা দেবে কে? — না হয় প্যালেস্টাইন তীথ-দশ-ন-খচ’। আমি বোনো গাতকে, কে'দে-কোকিয়ে সামলে নিলুম। এক জাহাজের টিকিট একই জায়গা যাবার জন্য দু-দ্বার কাটবার মতো পয়সা কিন্তু আমার নেই।’

আড়কাঠি তো হেসেই কুটিকুটি। আমি বিরক্ত। নিজেকে সামলে নিয়ে সে বললে, ‘জাহাজের ডবল ভাড়া লাগবে কেন? আপনি যে জাহাজে করে পোর্টসেইদে এসেছেন সেই কোম্পানিরই আরেকখানা জাহাজ পনেরো দিন পর সেখানে এসে ইয়োরোপে যাবে। আপনি সে জাহাজে গেলেন কিংবা এ জাহাজে গেলেন তাতে কোম্পানির কি ক্ষতিব্র্ধি? ডবল পয়সা নিতে যাবে কেন? আর এ পনেরো দিনে আপনি দেখে নেবেন প্যালেস্টাইন।’

আমি বললুম, ‘হঁ, হঁ-উ-উ—কিন্তু সে জাহাজে যদি সৌট না থাকে?’

লোকটার ধৈর্যও অসীম। দর্বন্ধু বুঝদেবের মতো করুণার হাসি হেসে বললে, ‘কে বললে থাকবে না? এখন তো অফ-সৈজন, স্ল্যাক পিয়েরিরেড, অর্থাৎ যাত্রীর ভিড় নেই। আপনি যে জাহাজে এলেন তার কি অর্ধেকখানা ফাঁকা ছিল না। আসছে জাহাজ গড়ের মাঠ।’

আমি অনেকক্ষণ চুপ করে রইলুম। চিন্তাশীল লোক বলে নয়। আসলে সব কিছু বুঝতেই আর পাঁচ জনের তুলনায় আমার একটু বেশী সময় লাগে। বেন-বেন্ডে আল্লাতালা রিসিভিং সেট্টা দিয়েছেন অতিশয় নিঙ্কট পর্যায়ের। বাল্বগুলো গরম হতে লাগে মিনিট তিন। তার পরও চির্তির। তিনটে স্টেশন গুরুলেট পার্কিয়ে দেয়। শুধু কড়া শিশ। কিছুই বুঝতে পারি নে।

হঠাতে মাথায় একটা প্রশ্ন এল। জানো বোধ হয়, অগা বোকারা খাবে মাখে, অর্থাৎ বছরে দু-একবার, পাকা স্যানার মতো দু-একটা প্রশ্ন গঠাতে পারে। তাই শুধুলুম, ‘কিন্তু আমি প্যালেস্টাইন গেলে তোমার টাকে কি চুল গজাবে? তোমার তাতে কি লাভ?’

লোকটা এইবাবে একটু বিরক্ত হল। প্রশ্নটা মোক্ষম কঠিন বলে, না ‘টাক টাক’ করলুম বলে ঠিক বুঝতে পারলুম না। আমার মগজ তখন ঐ একটা কঠিন প্রশ্ন শুধুবার ধক্কল কাটাতে গিয়ে হাঁপাতে আরঞ্জ করছে।

বললে, ‘আমার কি লাভ? আমার লাভ বিস্তর না হলেও অল্প। অর্থাৎ অল্প-বিস্তর। বুঝিয়ে বলি। আপনাকে নিয়ে যাবো কুকের আপিসে। তাদের

কাছ থেকে কাটবেন আপনার পয়লা গন্তব্যস্থল, প্যালেস্টাইনের রাজধানী  
জেরুজালেমের টির্কিট। ন্যায় ভাড়াই দেবেন। কিন্তু কুক্ আমাকে দেবে  
কমিশন—'

আমি শুধালুম, 'কুক্ তোমাকে কমিশন দিতে যাবে কেন ?'

আমার বৃদ্ধির 'প্রাথম' দেখে লোকটা প্রায় হতাশ হয়ে বললে, 'প্যালেস্টাইন সরকার কুক্ কে পয়সা দেয়, তার দেশে টুরিস্ট, নিয়ে যাবার জন্য  
তাতে করে সরকারের দু পয়সা লাভ হয়। তাই তারা কুক্ কে দেয় কমিশন,  
কুক্ তার-ই খানিকটে দেয় আমাকে। তারা তো আর ত্রেনে ত্রেনে খস্দেরের  
সংখানে টো-টো করতে পারে না। এই কম'টি করি আমি। তাই আমার হয়  
কিঞ্চিৎ মুনাফা। বুবলেন তো ?'

পাছে লোকটা আমাকে ফের বোকা বানিয়ে দেয়, তাই তাড়াতাড়ি বললুম,  
'হ্যাঁ, হ্যাঁ, বুঝেছি, বুঝেছি, বিলক্ষণ বুঝেছি !' যদিও আমি ততখানি সংসারী  
বৃদ্ধি ধরি নে বলে এই সব কমিশন-ফর্মিশনের মারপ্যাঁচ আস্থপেই ধরতে  
পারি নি।

কিন্তু লক্ষ্য করলুম, সে প্যাটপ্যাট করে আমার হ্যাঁও-ব্যাগটা দিকে  
তার্কিয়ে আছে। তার উপরে মোটা-মোটা হরফে লেখা ছিল ALI, লোকটা  
শুধুলে, 'ব্যাগটা আপনার ?'

আমি বললুম, 'হ্যাঁ !'

'বাঃ। তা হলে তো আপনি মুসলিমান ! আর জেরুজালেম মুসলিমানদের  
তীর্থভূমি—মক্কার পরেই তার স্থান। আল্লাতাল্লামুহম্মদ সায়েবকে রাতে আরব  
থেকে জেরুজালেমে এনে সেখান থেকে স্বর্গদেশ'নে নিয়ে যান। জেরুজালেমের  
সে জায়গাটাৰ উপর এখন মসজিদ-উল্ল-আকসা। বিরাট সে মসজিদ, অস্তুত  
তার গঠন। এই কিছুদিন হল আপনাদের দেশেরই রাজা হাইদ্রাবাদের নিজাম  
সেটাকে দশ লক্ষ টাকা খরচ করে মেরামত করে দিয়েছেন। দেখতে যাবেন  
না সেটা ?'

তারপর বললে, 'আসলে কি জানেন ? আসলে জেরুজালেম হল ধর্মের  
গুরুবেণী ! ইহুদি, খ্রীষ্টান আর মুসলিমান ধর্ম' এখানে এসে মিলেছে। এক ঢিল  
তিনি পার্থি !'

তীর্থ দেখলে প্রণ্য হয়, কি না হয়, সে কথা আমি কথনো ভালো করে ভেবে  
দেখি নি। কিন্তু হিচ্ছুদের কাশী, বৌদ্ধদের রাজগাঁৰ যখন দেখেছি, তখন এ  
জিনিটেই বা বাব যাবে কেন ? বিশেষ কোনো ধর্মের প্রতি পক্ষপাতিত্ব আমি  
আস্থপেই পছন্দ করি নে। তাকেই বলে কম্বুনালিজম। সংষ্টিকর্তা যখন তাঁর  
অসীম করুণায় এতগুলো ধর্ম' বানিয়েছেন তখন নিশ্চয়ই সব-কটাতেই কিছু-না-  
কিছু আছে। আর বিশেষ করে মা ভারি খুশি হবে, যখন শুনবে আমি বয়ৎ-  
উল্ল-মুকুমস্ত ( 'প্রণ্যভূমি অর্থাৎ জেরুজালেম' ) দশ'ন করোছি। তাঁর বাবাও  
মক্কা অবধি পে'ছতে পেরেছিলেন—বয়ৎ-উল্ল-মুকুমস্ত দেখেন নি। সেখানে  
শুনেছি, অতি উত্তম তসবীর ( জপমালা ) পাওয়া যায়। এক গাছা কিনে দিলে

মা ষা-খুশী হবে। সাত বকৎ নমাজ পড়ার সময় ( মুসলমানরা সচরাচর পড়ে  
পাঁচ বকৎ—মা পড়ে সাত ) মা তসবী গুনবে, আর আমার উপর ভারি খুশি  
হবে।

\* \* \*

পল আর পাস্স' অবশ্য অত্যন্ত দুঃখিত হল। 'পাস্স' বললে, 'আমাদের  
ফেলে আপনি চলে যাচ্ছেন প্যালেস্টাইন ! আপনি না বলেছিলেন, ভূমধ্য-  
সাগরের নানা জিনিস খঁটিয়ে খঁটিয়ে দেখাবেন, ইটালি আর সিসিলি, তাৰ পৱ  
কৰ্মস'কা আৰ সার্ডিনিয়াৰ ভিতৰ দিয়ে জাহাজ ষাবা ! সময়, ভিস্টুভিয়স, আৱো  
কত কী দেখাবেন ?'

আৰ্য স্বার্থপৱ, পাৰ্শ্বত। প্ৰে' প্ৰতিষ্ঠা ভুলে গেলুম। তবু হাতজোড়  
কৰে মাপ চাইলুম।

পল পাস্স'ৰ দিকে তাৰিকয়ে বললে, 'ছি, পাস্স' ! স্যার ধৰ্মে'ৰ জায়গা দেখতে  
ভাৰি ভালোবাসেন। এ স্মৃযোগ ছাড়বেন কেন ?'

তবু আমার মনটা খারাপ হয়ে গেলুম।

এক দিকে বৰ্ধুজন, আৱেক দিকে মায়েৰ তসবী।

সংসার কি শুধু দৃষ্টিতেই ভৱা ?

### পৰিণীতি

প্যালেস্টাইন ভৱণ যে এ পৃষ্ঠকেৰ অংশ হতে পাৱত না তা নয়। কিম্বতু পল  
আৰ পাস্স' সঙ্গে না থাকলে সে বই তোমাদেৱ বয়সী ছেলে-মেয়েদেৱ কাছে  
ভালো লাগবে না বলে আমার বিশ্বাস। সে-বই হয়ে যাবে নিতান্তই বয়নীদেৱ  
জন্য।

মানুষ বই লিখে বৰ্ধুজনকে উৎসগ' কৰে। আৰ্য প্যালেস্টাইন সম্বন্ধে না-  
লেখা ভৱণ-কাহিনী উৎসগ' কৱলুম মিশ্ৰিয় পল এবং পাস্স'কে।

# ଭେଦବ୍ୟାପକ ଓ ଅନ୍ୟାନ୍ୟ

শ্রীযুক্তা সরোজিনী হটেলস-কে  
শ্রদ্ধা ও কৃতজ্ঞতার চিহ্নবরূপ

## ঞ্চ

কলকাতা বিশ্ববিদ্যালয় বানান মেরামতির সময় অন্যতম আইন করলেন, যে সব শব্দ বাঙালীয় অতীধিক প্রচলিত হয়ে গিয়েছে সেগুলোকে বদলাবার প্রয়োজন নেই। জবে কি ‘খণ্ট’ এবং ‘খণ্টান্দ’ ঘথেট প্রচলিত ছিল না যে ওগুলোকে খণ্ট ও খণ্টান্দ করা হল ? এবং এই নতুন বানান কি খুব শুধু ? প্রথমত, খণ্ট-তে ‘দীর্ঘ’ দ্বাকার কেন ? আমার কান তো বগছে, আমি হৃষ্টবই শুনেছি ; দ্বিতীয়ত, গ্রীকরা তো ‘ষ্ট’ বলে না—বলে ‘স্ট’। অতএব অতি বিশুধ ধৰ্ম লিখতেই হয় তবে লেখা উচিত খণ্টে। ‘খণ্ট’ লেখার স্বপক্ষে আগাম অন্য যন্ত্রিক, বথাটা সংস্কৃত ‘ঘৰ’ ধাতু, ‘ঘষি’ত, ‘মদি’ত’ অথেই গ্রীকে ব্যবহৃত হয় ( এনয়েনটেড ) —অর্থাৎ ‘স্নেহাস্মিন্ত’—‘স্নেহঘষি’ত’। ঘণ্টেবং ঘণ্ট তাই হ্ৰবহৃ একই শব্দ ( Thou anointest my head with oil ; Psalms No 23, v5 — এখনও পুৰু বাঙালীর গ্রামাণ্ডলে বিয়েবাড়ীতে নিম্ফগ্রত রূবাহৃত রমণীদের মাথা তৈল ‘ঘণ্ট’ করা হয় ; আমি কাষ্টেরসিক নই, হলে মার্কিনী পদে তৈল-মদন করে যে পদোন্নতি হয়, সেদিকে সকলের দৃষ্টি আকর্ষণ করতুম ; ভাষায়ও to butter up কথাটা আছে )। ‘খণ্ট’-এর চেয়ে ‘খ’ লেখাতে ছাপাখানারও বোধ হয় সুবিধা বেশী এবং সৰ্বশেষ যন্ত্রিক, খণ্টানৱা যেরকম ‘এক্স’ অক্ষর ও কৃষ চিহ্ন প্রভু ষাণ্ডুর সম্মানাত্মে আলাদা করে রেখেছেন, আমরাও নাহয় ‘খ’-টি তাঁরই জন্য রেখে দিলুম।

\* \* \*

ধৰ্মের ইতিহাস পড়ার সময় আমার সব সময়ই ‘আচৰ্ষ’ বোধ হয়েছে যে, বৃৰ্ধ ঘণ্ট, মৃহৃষ্মদ ( দ ) যখন ঘৃগ-পৰিৱৰ্ত’ক মহান বাণী প্রচার করেছেন, তখন গৃণী-জ্ঞানী যত না তাঁদের চতুর্দিকে সমবেত হয়েছেন, তার চেয়ে বেশী সমবেত হয়েছে সৰ্ব-হারার দল। হজরৎ মৃহৃষ্মদের প্রথম শিষ্যের বহুলাখ ক্রীতদাস, দীনহীন ; খণ্টের শিষ্যাগণ জেলে ( এবং জেলে যে চাষার চেয়েও গৱৰী হয়, সে-ও জানা কথা ) এবং তিনি পাপী-তাপী, মদ্যবিৰুদ্ধে এবং পাপপন্থা রমণীকে ( মেরি ম্যগডলীন ) সঙ্গ দিতে কুণ্ঠিত হতেন না বলে সে-যুগে নিষ্পাভাজন হয়েছেন। এই মহাপুৰুষদের বিনাশ কামনা করেছেন সে-যুগের পদস্থ ব্যক্তিরাই। বৃৰ্ধের শিষ্য মহামণ্গলায়ন ও সারিপুত্র অসংখ্য দীনহীন পথের ভিখারীকে প্রৱৰ্জ্য দিয়ে যে শিষ্য করেছিলেন, সে-কথা জাতক পড়লেই জানা যায়। বৃৰ্ধকে রাষ্ট্রের বিপক্ষে দাঁড়াতে হয় নি বলে তিনি রাজসমান ও শ্রেষ্ঠী অনাথপিণ্ডদের অর্থ ও পেয়েছিলেন, ঘণ্ট কাউকেই পান নি, এবং নবী মৃহৃষ্মদ আবৃ বকর ও ওমরের মত সামান্য দ্ব্যেকটি আদশ ‘বাদী’ শিষ্য পেয়েছিলেন।

মাক’স ঠিক কি ভাষায় বলেছিলেন বলতে পারবো না, কিন্তু তাঁর অন্যতম মূল বক্তব্য ছিল যে, অর্থনৈতিক কারণ ভিন্ন কোনো বিৱাট আশ্বেলন প্ৰথিবীতে হয় না। বোধ, জৈন, জৱান্দৃষ্টী, খণ্টান্দ, ইসলাম—এই পাঁচটি পৃথিবীৰ বড় বড় আশ্বেলন—হিন্দু এবং ইহুদী ধৰ্ম কোনো ব্যক্তিবিশেবের চতুর্দিকে গড়ে ওঠে

নি বলে এগুলো উপর্যুক্ত বাদ দেওয়া যেতে পারে— ।<sup>১</sup> তাই মনে প্রশ্ন জাগে, এদের পিছনে অর্থনৈতিক কারণ ছিল, কি ছিল না ?

মার্ক'স এই পাঁচটি আশ্বেলনকে তাঁর অর্থনৈতিক ছকে ফেলে বিচার করেছিলেন কি না জানি নে, কিংবা যে-ধূগে তিনি তাঁর ছক নিম্নাং করেন, সে ধূগে হয়তো এইসব ধর্মাশ্বেলনের ইতিহাস ব্যাপকভাবে ইঘোরোপীয় ভাষায় লিখিত তথা অনুদিত হয় নি বলে তাঁকে তাঁর মাল-মশলা ঘোগাতে পারে নি ।

খন্দের সময় অর্থনৈতিক কুব্যবস্থা চরমে পেঁচেছে । শোষক সম্পদায় জের-জালেমে জিহোভার গন্ধির প্রায় ব্যাকিং হোসে পরিবর্ত্ত করে ফেলেছে— যীশু সেখান থেকে তাদের তাড়িয়ে দিচ্ছেন ( মার্ক' ১১।১৫ )—খাজনা-ট্যাঙ্কে মানুষ জর্জ'র । যীশু, মহম্মদ, বৃক্ষ সকলেই আত্মা, অবিনশ্বর জীবন ও নির্বাণের গৃহ তত্ত্ব সম্বন্ধে বিচার করেছেন, সহজ সরল ভাষায় চরম সত্য প্রকাশ করেছেন, রোগশোকমুক্ত অনন্ত জীবনের স্মৃতি দিয়েছেন নিশ্চয়ই, কিন্তু সঙ্গে সঙ্গে তাঁরা সকলেই নৃতন ধন-বণ্টন-পদ্ধতি প্রচলিত করতে চেয়েছিলেন এবং তারাই ফলে অসংখ্য দীনদুঃখ—এবং প্রধানত তারাই—তাদের চতুর্দিকে সমবেত হয়েছিল । খন্দ যে কামিজ নিয়ে গেলে জোখ্বা দিতে বলেছেন, সে কিছু মুখের কথা নয় । তার মহাপ্রস্তানের পর নবনির্মাণ খণ্টসমাজের যে বণ্ম'না পাই, তার থেকে মনে হয় মার্ক'স যে ভাবীআদশ' সমাজের স্বপ্ন দেখেছেন, তাই সফল হয়ে গিয়েছে, সবাই 'সই পেয়েছির দেশে'র তুল্যাধিকারী নাগরিক :

And all that believed were together, and had all things common ; and sold their possessions and goods and parted them to all men, as every man had need... and the multitude of them that believed were of one heart and one soul :

neither said any of them that ought of the things which he possessed was his own ; but they had all things common.....  
...Neither was there any among them that lacked, for as many as were possessors of lands or houses sold them, and brought the prices of the things that were sold and laid them down at the apostle's feet ; and distribution was made unto every man according as he had need. ( Acts : 2 & 4 ).

হজরত মহম্মদ মক্কাতে যত্নিন একেশ্বরবাদ ও আল্লার মাহাত্ম্য প্রচার করেছিলেন, তত্ত্বিন মক্কাবাসী তাঁর উপর অসন্তুষ্ট ছিল না, কিন্তু তিনি যখন নবীন ধন-বণ্টন-ব্যবস্থা প্রবর্তন করতে চাইলেন, তখনই মক্কার পদমুক্ত জনেরা তাঁর প্রাণ-নাশের সংকল্প করল । প্রবর্তনী ধূগের ইসলামে এই নবীন ধন-বণ্টন-পদ্ধতির প্রাধান্য ঐতিহাসিক মাত্রেই জানা আছে । ইরানের এক

১ আমার মনে হয়, শঙ্কর ও চেত্যন্যের সময় বড় দৃঢ়ো আশ্বেলন হয়েছিল, কিন্তু এখানে দীঘি' আলোচনার স্থানাভাব ।

আরব গভর্নর তখন দণ্ড করে বলেছিলেন, এই যে আজ হাজার হাজার ইরানী মুসলমান হচ্ছে, সেটা ইসলামের জন্য নয়, আর্থিক স্বিধা পাচ্ছে বলে।<sup>১</sup>

জরথুস্ত্রের আগলে দৃশ্য বেধেছে—একদিকে কৃষি ও গো-পালন, অন্যদিকে যায়াবর বৃক্ষ ও লক্ষ্টন। জরথুস্ত্র দেশের ধনবৃক্ষের জন্য কৃষি-গো-পালনের রীতি প্রবর্তন করতে চাইলে শত্রুপক্ষের হস্তে প্রাণ হারান। তাঁর ‘ধ্র’ কিন্তু জয়লাভ করলো।

বৃক্ষের সহয় তপোবন প্রথা প্রায় উঠে গিয়েছে, বন-জঙ্গল সাফ করা হয়ে গিয়েছে—বিস্তুর লোক ভিক্ষুকের মত ঘূরে বেড়াচ্ছে। ওদিকে ছেট ছেট অংসখ্য রাজ্য তাদের অর্থনৈতিক ক্রমবিকাশের চরমে পেঁচে এমন জায়গায় এসে দাঁড়িয়েছে যেখানে রাজ্যে রাজ্যে শাস্তিপূর্ণ সহযোগিতা না করলে আর সমস্ত দেশের শ্রীবৃক্ষ হয় না; অথবা জাতকে দেখতে পাই, কেউ আপন রাষ্ট্রের প্রত্যন্ত প্রদেশ ত্যাগ করে ভিন্ন রাজ্যে প্রবেশ করতে গেলেই তাকে মেরে ফেলা হচ্ছে। বৃক্ষ ঐসব নিরন্মদের সঙ্গের অন্বস্তু দিয়ে পাঠালেন ভিন্ন রাজ্যে শাস্তির বাণী প্রচার করতে—তাদের বিশেষ বেশ পরানো হল, যাতে করে সবাই তাদের সহজে চিনতে পারে। গোড়ার নিকে নিশ্চয়ই কিছু ভিক্ষু মারা গিয়েছিলেন; পরে এ'রা অঙ্গেশে রাজ্য থেকে রাজ্যান্তরে গেলেন। ব্যবসা-বাণিজ্য বাড়লো, একজ সৃষ্টি হল এবং তাই সব'-'ভারতের মৌখ' রাজা সংস্থাপিত হল।

আমি একথা বলছি না যে, দেশের অর্থনৈতিক শ্রীবৃক্ষ সাধন ও নবীন ধনবৃক্ষের পদ্ধতি প্রচলন করাই মহাপুরূষদের একমাত্র উদ্দেশ্য ছিল; আমার বক্তব্য তাঁরা এগুলোকে অবহেলা তো করেনই নি, বরঞ্চ অত্যন্ত জোর দিয়েছিলেন বলেই ‘হ্যাভন্ট’ ‘প্রলেটারিয়া’ ‘সব’হারা’রা প্রথম এসে জুটোছিল। কয়েক শতাব্দী পর ফের দেখা দেয়, আবার সেই শোষকের দল, পান্তীপুরুৎ-মো঳ারপে। এ'রা আর ধনবৃক্ষের কথা তোলেন না—আচার অনুষ্ঠান, পঞ্জা-প্রায়শিক্তের কথাই বার বার বড় গলায় গান।

ধর্মের এই অর্থনৈতিক দ্বিকটা নিয়ে এখনো কোনো ভালো চর্চা হয় নি।

### কই সে ?

রবীন্দ্রনাথের বিদ্যাভ্যোধ, গ্যোটের ভূয়োদশ'ন, শেক্সপীয়রের মানব-চরিত্তজ্ঞতা সামান্য জনও কিছু না কিছু উপলব্ধ করতে পারে। স্টিন্টকর্তা প্রথিবীকে দিয়েছেন মাত্র একটি হিমালয়; আমাদের মানসলোকে এই তিনজনই তিনটি হিমালয়। সাধারণ জন দ্বারে থেকেও এ'দের গান্ধীষ'-'মাধুর্য' দেখে

২ তাঁর অর্থ' অবশ্য এই নয় যে ইসলামের আদশ'বাদ এদের কেউই বুঝতে পারে নি। বস্তুতঃ ইসলামের সাম্যবাদ, একেবরবাদ, হজরতের সরল জীবনাদশ' বহু লোককে অভিভূত করে।

বিশ্বয় বোধ করে—চড়ান্তে অধিরোহন করেন অংশ মহাভাই। আরো হয়তো একাধিক হিমালয় এ-ভূমিতে, অন্যান্য ভূমিতে আছেন—ভাষা ও দরজের কুহেলিকায় আজও তাঁরা লুক্কায়িত।

এছাড়া প্রত্যেক পাঠকেরই আপন-আপন অতি আপন প্রিয় করিব আছেন। তাঁদের কেউ কেউ হয়তো বিশ্বজনের দৃষ্টি আকর্ষণ করেন নি,—হয়তো তাঁদের সে মেধা নেই; এ'দের স্বীকার করে নিয়েও আমরা এ'দের নাম বিশ্বকবিদের সঙ্গে এক নিঃশ্বাসে বর্লি না।

আমি দুজন করিকে বড় প্রাণ দিয়ে ভালোবাসি। আমারই চোভাগ্য, এ'দের একজন বাঙালী—চ'ড়ীদাস, অন্য জন জর্ম'ন, নাম হাইনে। প্রথম উঠতে পারে, বড় বড় করিদের ছেড়ে এ'দের প্রিয় বলে বরণ করেছি কেন? কারণটা তুলনা দিয়ে বোঝালে সরল হয়। রাজবাড়ির ঐশ্বর্য দেখে বিমোহিত হই, বিনোবাজীর ব্যাস্ততা দেখে বাক্যফুর্তি হয় না, কিন্তু রাজবাড়িতে তথা বিনোবাজীর সাহচর্যে থাকবার মত কোতুহল ঘনি বা দ্রু'একদিনের জন্য হয়, তাঁদের সঙ্গে অহরহ বাস করতে হলে আমার মত নাধারণ জনের নিঃশ্বাস রূপ্ত্ব হয়ে আসবে।

চ'ড়ীদাসকে নিয়ে ঘোল, আর হাইনেকে নিয়ে সতের বছর বয়েস থেকে ঘর ফিরছি। একদিনের তরে কোনো প্রকার অস্বাস্তি বোধ করিব নি। আর্মি জানি, এ-বিষয়টি আরো সরল করে বর্ণনয়ে বলা যায়, কিন্তু তার প্রয়োজন নেই। কারণ প্রত্যেকেরই আপন-আপন প্রাণপ্রিয় ঘরোয়া করিব আছেন—শেক্সপীয়র গ্যোটে নিয়ে ঘর করেন অংশ লোকই—তাঁরা এতক্ষণে আমার বক্তব্যটি পরিষ্কার বুঝে গিয়েছেন। নিজের পিঠ কখনো নিজে দোখ নি, কিন্তু সেটা যে আছে সে-কথা অন্য লোককে যুক্তিকৃ দিয়ে সপ্তমাণ করতে হয় না।

চ'ড়ীদাস ও হাইনের মত সরল ভাষাতে হৃদয়ের গভীরতম বেদন। কেউ বলতে পারেন নি। রবীন্দ্রনাথ আর গ্যোটেও অতি সরল ভাষায় কথা বলতে জানতেন, কিন্তু তাঁরা স্মিট-রহস্যের এমন সব কঠিন জিনিস নিয়ে আপন আপন কাব্য-লোক রচনা করেছেন যে সেখানে তাঁদের ভাষা বিষয়বস্তুর সঙ্গে সামঞ্জস্য রেখে দুর্জের্য হতে বাধ্য। চ'ড়ীদাস, হাইনে তাঁদের, আমাদের হৃদয়-বেদনালোকের বাইরে কখনো যেতে চান নি। তাঁরা গান গেয়েছেন, আমাদের আঙ্গনায় তে'তুলের ছায়ায় বসে—তারা-ঘরা-নির্বারের ছায়াপথ ধরে ধরে তাঁরা সপ্তম্য'র গগনাঙ্গন পে'ছে সেখানকার অর্প্য গান গান নি।

চ'ড়ীদাসকে সব বাঙালীই চেনে, হাইনের পরিচয় দি।

আমাদের পরিচিত জনের মাধ্যমেই আরম্ভ করিব।

যাঁরা গত শতাব্দীতে ইয়োরোপে সংস্কৃতচর্চা নিয়ে কিঞ্চিম্বাট আলোচনা করেছেন তাঁরাই আউগ্স্টস্‌ ভিল্হেল্ম ফন্দেগেলের সঙ্গে পরিচিত।

জর্ম'নির বন্দ বিশ্ববিদ্যালয়েই সর্ব'প্রথম সংস্কৃত চৰ্চার জন্য আসন প্রস্তুত করা হয়। ১৮১৮ খ্রিস্টাব্দে তিনি এই আসনে অধ্যাপকরূপে বিবাজ করতেন। এক দিকে তিনি সংস্কৃতের নাট্যকাব্যের সঙ্গে পরিচিত, অন্য দিক দিয়ে তখন-

কার গোরবভাস্কর ফরাসী সাহিত্যের বিপুল ঐশ্বর্য ভোগ করেছিলেন বিখ্যাত ফরাসী সাহিত্যসম্মানজ্ঞী মাদাম দ্য স্টালের স্থা ও উপেষ্ঠেটারপে। তাই তিনি বিশ্ববিদ্যালয়ে সংস্কৃত ছাড়াও পড়াতেন নম্বনশাস্ত্র বা অলঙ্কার। এক বৎসর যেতে না যেতে হাইনে বন্দ এলেন আইনে পড়তে। শ্বেগেলের বস্তু শুনে তিনি এমনই অভিভূত হয়ে গেলেন যে আইনকে তিনি নির্বাসনে পাঠালেন।

শ্বেগেল অলঙ্কার পড়াবার সময় নিজেকে প্রীক লার্টিন ফরাসী জর্মনের ভিতর সীমাবদ্ধ করে রাখতেন না। ঘন ঘন সংস্কৃত কাব্যোপবনে প্রবেশ করে গুচ্ছ গুচ্ছ গীতাঞ্জলির সঙ্গিয়তা তাঁর শিষ্যদের সামনে তুলে ধরতেন। হাইনের বয়স তখন একুশ-বাইশ। সেই সর্বজনমান্য প্রবীণ জ্ঞানবৃক্ষ রাসিকজননমস্য শ্বেগেলের কাছে হাইনে একাধিন নিরে গেলেন তাঁর একগুচ্ছ সরল কবিতা।

‘উন্নয়, উন্নয় কবিতা, কিন্তু তোমাকে প্রচুর পরিশ্রম করতে হবে। বজ্জ-বেশী প্রয়নো অলংকারের ছড়াছড়ি, নিজের কথায় আড় কবিতাকে কুর্ণিত করে ফেলেছে’ দ্যুর্দ্যুর বুকে হাইনে মৃদু আপাত জানালেন। শ্বেগেল নির্দয় সমালোচক। বললেন, ‘বুবোছ, বুবোছ। কিন্তু তোমার কাব্যরাণী এখনো পরে আছেন জবরজঙ্গ জামাকাপড়, তাঁর মৃথে বজ্জ বেশী কালো তিল, তাঁর ক্ষীণ কঠিট আর কত ক্ষীণ করবে, তাঁর খৌপা যে আকাশে উঠে গেছে। একে ভালোবাস্তুর ঘৃণ তোমার পেরিয়ে গিয়েছে।

কিন্তু বশ্বদ, তোমার ভাস্কর কাব্যলক্ষ্মী ঘূর্মিয়ে আছেন কে জানে কোন ইশ্বরজালের মোহাচ্ছম মায়ায় উন্নত দেশে। নিভৃত নির্জনে। প্রেমাতুর, বিরহ-বেদনায় বিবর্ণ কর না তরুণ রাজপুত্র বেরিয়েছেন তাঁর সম্মানে। হয়তো তুমই, —তুমই বশ্বদ, সেই ভানুমতী মন্ত্র পড়ে তাঁকে দৈৰ্ঘ্য শব্দৱীর দৈৰ্ঘ্য তর নিন্দা থেকে জাগারিত করবে। ঘণ্টাধর্ম বেজে উঠবে চতুর্দশকে, বন্মপতি গান গেয়ে উঠবে, প্রকৃতিও জেগে উঠবে আপন জড়িন্দ্রা থেকে। জর্মন কাব্যলক্ষ্মীর চতুর্দশকের প্রাকার ধর্মসাবশেষ রূপস্মৃতির হবে স্বর্ণোচ্জবল রাজপ্রাসাদে। পৌসের সূর্যপ্রত্বগণ আবার এসে অবতীর্ণ হবেন তাঁদের চিরনবীন দেবসম্ভার মহিমায়……প্রার্থনা করি আপোন্নো দেব তোমার প্রতি পদক্ষেপের দিকে অবিচল দৃষ্টি রাখুন।’

হাইনের জীবনীকার বলেন, কোনো স্বরাই তরুণ হাইনেকে এতখানি উন্নেজিত করতে পারে নি—সে ঘুগের আলংকারিক-শ্রেষ্ঠের কয়েকটি কথায় তাঁকে যতখানি সোমাচ্ছম করেছিল। রসরাজ শ্বেগেল স্বহস্তে হাইনের মন্ত্রকে কবির রাজমুকুট পরিয়ে দিয়েছেন।

এর কিছুদিন পরে,—হাইনে তখনো কলেজের ছাত্র,—বেরল তাঁর কবিতার বই, “বৃক্ষ ড্যার লীডার,” “গানের বই,” কিন্তু এর অন্দুবাদ “গীতাঞ্জলি” করলেই ঠিক হয়। আমরা “অঞ্জলি” বলতে যা বৃক্ষ সেটা ইয়োরোপেও আছে, কিন্তু ঠিক শব্দটি নেই। গানের বইখানা পড়ার পর শ্বেগেল ইয়োরোপে থাকলে হাইনে অতি নিশ্চয় গ্রেটেই ব্যবহার করতেন—কারণ এর অনেকগুলিই তাঁর প্রথমা প্রয়ার পদপক্ষকে অপর্ণ প্রণয়প্রস্তুনাঞ্জলি।

সংস্কৃত জর্মানি সাত দিনের ভিতরে এই কলেজের ছোকরার জয়ধর্মন গেয়ে উঠল। হাইনে জর্মান কাব্যে আনন্দেন এক নতুন স্বর। অথচ সত্য বলতে কি এই স্বরে কিছুমাত্র নতুনত্ব নেই, কারণ গীতিগুলি সরলতম ভাষায় রচিত। সরল ভাষা ব্যবহার করা তো আর বিষয়সাহিত্যে কিছু নতুন নয়। কিন্তু জর্মান কাব্যে প্রতিটী হল এক সংগৃহ নবীন স্বর—কারণ জর্মানদের বিশ্বাস তাদের প্রতিহ্য তাদের সংস্কৃত এমনই এক অবর্ণনীয় কুহেলিকাঘন আঘোপন্থি-প্রচেষ্টা এবং অধুনাসফলতা-অধুনারাশে আচ্ছাদিত যে সেটা সরল ভাষায় কিছুতেই প্রকাশ করা যায় না। হাইনে দোখিয়ে দিলেন সেটা যায়। যে রকম সবাই যখন বলেছিল, অসম্ভব, তখন মধ্যস্তুতি দোখিয়ে দিয়েছিলেন, অমিশ্রাঙ্কে বাঙলা কাব্যসংষ্ঠিত করা যায়।

হাইনের কবিতা সরল। সকলেই জানেন সরল ভাষায় লেখা কঠিন। সেটাও আয়ত্ত করা যায়। আয়ত্ত করা যায় না—সরল কিন্তু অসাধারণ হওয়া। ‘স্বর্থের লাগিয়া এ ঘর বাঁধিন অনলে পুড়িয়া গেল’—সরল অথচ বিরল লেখা।

ইংরেজীতে হাউসমানের সঙ্গে হাইনের তুলনা করা হয়। শুনতে পাই হাউসমানের ‘শ্রপ শা ল্যাডের’ মত কোনো ইংরেজী কবিতার বই এত বেশী বিরুদ্ধ হয় নি—প্রকাশের সঙ্গে সঙ্গে। সাধারণ জন পড়েছে বইখানা সরল বলে, গুণ্ডীয়া কিনেছেন বিরল বলে। পাঠককে অনুরোধ করি, মুজনারই লেখা তাঁরয়ে পড়তে। হাইনে অনেক উচ্চুতে।<sup>১</sup>

হাইনের কবিতা বাঙলায় অনুবাদ করেছেন প্রধানত সত্যেন্দ্র দত্ত। ‘তীর্থ’ সর্লিল ও ‘তীর্থ’ রেণুতে—এবং হমতো অন্যান্য প্রস্তকেও কিছু কিছু আছে। আর করেছেন যতীন্দ্র মোহন বাগচী।<sup>২</sup>

এর বই যোগাড় করতে পারি নি, আমি ১৩১৭ সনের প্রবাসীতে পড়েছি।

<sup>১</sup> Edmund Wilson মার্কিন সমালোচক। আমি যে তাঁকে শ্রদ্ধা করি তার প্রধান কারণ তিনি এলিয়েটকে অগ্রিম সত্য বলতে জানেন। হাইনে হাউসমান স্বৰ্বৃত্তি তিনি বলেন,

There is immediate emotional experience in Housman of the same kind that there is in Heine, whom he imitated and to whom he has been compared. But Heine, for all his misfortunes, moves at ease in a large world. There is in his work an exhilaration of adventures, in travel, in love etc. Doleful his accents may sometimes be, he always lets in air and light to the mind. But Housman is closed from the beginning. His world has no opening horizons etc. “The Triple Thinkers,” p. 71

<sup>২</sup> পরে জানতে পারি, বাঙলায় সর্বপ্রথম অনুবাদ করেন স্বর্যং গ্রবীকৃতনাথ প্রথম মৌরনে।

‘ডী রোজ, ডী লীলারে, ডী টাউবে’ বি রোজ, বি লীলা, দি ডাভের’ অন্বাদ  
করেছেন :’

গোলাপ, কমল, কোপত, প্রভাত রাবি—

ভালবাসিতাম কত যে এসবে আগে,

মে সব গিয়েছে, এখন কেবল তুমি,

তোমার মৃত্তি পরাণে কেবল জাগে !

নির্খল প্রেমের নির্বার—তুমি মে সৰি—

তুমই গোলাপ, কমল, কোপত, রাবি ।

( বাগচী, প্রবাসী, আর্দ্বন ১৩১৭ )

এবারে সত্যেন দত্তের একটি :

জাগিন্ত ষথন উষা হাসে নাই,

শুধান্ত “মে আবিবে কি ?”

চলে যায় সৰী আর আশা নাই,

মে ত’ আপিল না, হার, সৰি ?

নিশ্চীথে রাতে ক্ষুধ’হাদয়ে

জাগিয়া লুটাই বিছানায় ;

আপন রচন ব্যথ’ স্বপন

দুখ ভারে নুয়ে চুবে যায় ।

ভারতবর্ষের প্রভাব হাইনের কবিতায় খুব বেশী আছে বলা ধায় না ।  
তাঁর পূর্ববর্তী হিমালয় গ্যোটেই ষথন হাইনের উপর বিশেষ প্রভাব বিস্তার  
করতে পারেন নি—চতুর্দিসের উপর কার প্রভাব !—তখন মে আশা দুরাশা ।  
তবু একটি কবিতার উল্লেখ করি—

গঙ্গার পার—মধুর গন্ধ ত্রিভুবন

আলো ভৱা—

কত মা বিরাট বনস্পতিরে ধরে

পুরুষ রমণী সন্মুখের আর শান্ত প্রকৃতি-ধরা

নতজান্ত হয়ে শতবলে পূজা করে ।

( লেখকের অন্বাদ )

এক দিক দিয়ে হাইনে গীতিকাব্য রচাইতা, অন্য দিক দিয়ে তিনি সমস্ত জীবন  
লড়েছেন জম’নির সাধারণ জনের ব্যক্তিশৰ্বাধীনতার জন্য । সেই ‘বোমে’ তাঁকে  
যৌবনেই নিব’সন বরণ করতে হয় । জীবনের বেশীর ভাগ তিনি কাটান  
প্যারিসে । সেখান থেকে তিনি কী রাজার সম্মান পেয়েছিলেন, সে কথা  
লিখেছেন ভিক্টোর হ্যাগোর গ্রন্থ, ফরাসী সাহিত্যের তথনকার বিনের গ্যাল্প  
মাস্টার গোত্তৰের । আর হাইনের সখা ও সহচর ছিলেন সঙ্গীতের গ্যাল্প মাস্টার  
রসসীন । যদিও পরের কথা, তবু এই স্বরাবে একটি মধুর গত্প মনে পড়ল ।

জীবনের শেষ আট বছর হাইনের কাটে ঐ প্যারিসেই, রোগশয়্যায়, অবশ  
সেয়দ মুজতবা আলী রচনাবলী (৭ম) — ৮

অথব' হয়ে—অসহ্য ঘন্টাগায়। কাল' মার্কস' যখন তাঁকে প্রধা জানাতে আসেন তখন হাইনের চাখের পাতা আঙুল দিয়ে তুলে ধরতে হয়েছিল—যাতে করে তিনি মার্কস'কে দেখতে পান। এর কিছু দিন পর হাইনের বাড়তে আগমন লাগে। বিরাট বপু দরওয়ান 'রোগজীগ' হাইনেকে কোলে করে নিয়ে গেল নিরাপদ জায়গায়। আগমন নেভামোর পর যখন তাঁকে দরওয়ান আবার কোলে তুলে নিয়ে এল তখন হাইনে মৃদু হাসি হেসে তাঁর এক স্থাকে বললেন, 'হামবুগে' মাকে লিখে দাও, প্যারিসের লোক আমাকে এত ভালোবাসে যে কোলে নিয়ে ধূরে বেড়ায়।'

সেই সরল দরওয়ান কথাটির গভীর অথ' বুঝেছিল কি না জানি নে। শুনতে পেয়ে সে বলেছিল, 'হ্যাঁ, মসিয়া, তাই লিখে দিন।'

ষট্টনাটির ভিতর অনেকখানি বেদনা লুকনো আছে। নির্বাসিত হাইনে যতদিন পারেন মায়ের কাছ থেকে লুকিয়ে রেখেছিলেন যে তিনি আর নড়া-চড়া করতে পারেন না।

পাঞ্চাশ্য কবিবা মায়ের উদ্দেশে বা স্মরণে বড় একটা কবিতা লেখেন না। ইহুদি হাইনের গায়ে প্রাচ্য দেশীয় রস্ত ছিল বলে তিনি ব্যত্যয়। অঙ্গ লোকই হাইনের মত মাকে ভালোবেসেছে। প্যারিসে থাকাকালীন মাত্র দ্ব'বার তিনি গোপনে জম'নি যান। দ্ব'বারই মাকে দেখবার জন্য। আমার নিজের মনে সন্দেহ আছে, প্লিস জানতে পেরেও বোধ হয় সাধারণের কবি হাইনেকে ধরিয়ে দেয় নি। প্লিস কবিতা না লিখতে পারে, কিন্তু প্লিসেরও তো মা থাকে।

মাতার উদ্দেশে লেখা হাইনের কবিতা অবিতীয় বলার সাহস আগি না পেলেও বলবো অত্যন্তীয়। এবং আচ্যতা, কবিতাটি করুণ এবং মধুর সূরে বচা নয়। ভাষা অবশ্য অত্যন্ত সরল, কিন্তু ঘূর সূরে আছে দার্জ এবং দন্ত। কাইজারের সঙ্গে প্রজা-মিত্র হাইনের ছিল কলহ—আমার মনে প্রশ্ন জাগে হাইনের স্থা রজাকিনী-সাধক চার্ডীদাসকে কি মুকুটহীন কাইজার ব্রাহ্মণদের বিরুদ্ধে ষষ্ঠ ঘোষণা করতে হয় নি—এবং তাই তিনি কবিতা আরংশ করেছেন,

উচ্চশির উচ্চে রাখা অভ্যাস আমার  
আমরা প্রকৃতি জেনো অতীব কঠোর  
রাজাৱো অবজ্ঞা-দ্বিষ্ট পারে না তো মোৰ  
দ্বিষ্ট কভু নত করে। কিন্তু মাগো—

আর তার পর কী আকুলি-বিকুলি ! তোমার সামনে, মা, আপনার থেকে মাথা নিচু হয়ে আসে। স্মরণে আসে, কত না অপরাধ করেছি, কত কিছু না করে তোমার পুণ্য হৃদয়কে বেদনা দিয়েছি বার বার। তার স্মৃতি আমাকে যে কী পৌঢ়া দেয়, জানো মা ?

সত্যেন দক্ষের অনুবাদ তুলে দিতে ইচ্ছে করছে না,—প্রত্যেক অন্তত জনের মত আমারও মন আকুবাকু করে, হাইনের মাতৃমন্ত্র উচ্চারণের সঙ্গে সঙ্গে আমিও আমার মাতৃমন্ত্র উচ্চারণ করে থাই ।

কবিতাটির বিতীয় ভাগে অন্য সূর ।

তোমাকে ছেড়ে মা, মুখ্যের মত আমি গিয়েছি প্রথিবীর অন্য প্রাণে—  
ভালোবাসার সংধানে। দোরে দোরে ভিত্তির মত ভালোবাসার জন্য করেছি  
করাযাত। আর পেয়েছি শুধু নিদারূণ ঘণা। তারপর যখন ক্ষতি-বিক্ষত  
শুধু চরণে বাড়ি ফিরেছি তখন দোরের সামনে তুমি মা এগিয়ে এসেছ আমার  
দিকে—

হার মানলুম। সত্যেন দক্ষের অনুবাদটি পড়ুন।

আশচ্য লাগে, এই হাইনে লোকটি সরল ভাষায় কি করে রূদ্র করুণ উভয়  
রসই তৈরী করতে জানতেন। আর আমার সব চেয়ে ভালো লাগে তাঁর হাসি-  
কান্নায় মেলানো লেখাগুলো। তারই হৃষ্ব একটি শোনাবার জন্য দীর্ঘ এই  
ভূমিকা। আমি নিরূপায়। হায়, আমার তো সে শক্তি নেই যার কৃপায় লেখক  
মহাআজনকেও স্বত্ত্বে প্রকাশ করতে পারে।

সঘাট ম্যাক্সিমীলীয়নের কাহিনী বলতে গিয়ে হাইনে অনুভাপ করছেন,  
যে কাহিনীটি তাঁর ভালো করে মনে নেই—অনেককালের কথা কি না।  
আপসোস করে বলছেন, এ সব জিনিস মানুষ সহজেই ভুলে যায়,—বিশেষ  
করে যখন তাঁকে প্রাতি মাসে প্রফেসোরের রোক্তি মাইনে দেওয়া হয় না, আপন  
ক্লাস-লেকচারের নোটবই থেকে মাঝে-মধ্যে পড়ে নিয়ে স্মৃতিটা ঝালিয়ে নেবার  
জন্য।

ম্যাক্সিমীলীয়ন পাষাণ প্রাচীরের কঠিন কারাগারে। তাঁর আমীর-ওয়ারাহ,  
উজীর-নাজীর সবাই তাঁকে বজ'ন করেছে। কেউ সামান্যতম চেষ্টা করছে না,  
তাঁর সঙ্গে ঘোগস্ত্র স্থাপনা করার। কী ঘোয়াই না ম্যাক্সিমীলীয়ন তাঁর  
গোরবিদ্বনের সেই পাঞ্চাটা দলের কথা মাঝে মাঝে শ্মরণ করেছিলেন।

এমন সময় সর্বাঙ্গ ক্ষবলে ঢেকে এসে টুকলো কারাগারের নির্জন কক্ষে  
একটা লোক। কে এ? এক ঝটকায় ক্ষবল ছঁড়ে ফেলে দিতেই সঘাট দেখেন,  
এ যে রাজসভার ভাড়ি, সৎ, বিশ্বাসী কুন্ডসং ফন্ ড্যার রোজেন। আশার  
বাণী, আঝ্বিশ্বাসের মন্ত্র নিয়ে এল শেষটায় রাজসভার মুখ—সং কুন্ডসং!

‘ওঠো, মহারাজ, তোমার শৃঙ্খল ভাঙবার দিন এল। কারামুক্তির সময়  
এসেছে। নব-জীবন আরম্ভ হল। অমানিশ অতীত—ঐ হেরো, বাইরে  
প্রথম উষার উদয়।’

‘ওরে মুখ,’ ওরে আমার হাবা কুন্ডসং! ভুল করেছিস, রে ভুল করেছিস।  
উঞ্জবল খঙ্গ দেখে তুই ভেবেছিস সুব্য, আর যেটাকে তুই উষার লালিমা মনে  
করেছিস সে ব্রহ্ম।’

‘না, মহারাজ, ওটা সুব্যই বটে, যদিও অসম্ভব সম্ভব হয়েছে—ওটা উদয়  
হচ্ছে পর্যমাকাশে—ছ’হাজার বছর ধরে মানুষ ওটাকে প্ৰব দিকেই উঠতে  
দেখেছে—এখনো কি ওর সময় হয় নি যে একবার রাস্তা বদলে পশ্চিম দিকে  
উঠে দেখে কি রকম লাগে?’

‘কুন্ডসং ফন্ ড্যার রোজেন, বল, দোখ তো হাবা আমার, তোর টুপতে যে  
ছেট ছেট ঘুঙ্কুর বাঁধা থাকতো সেগুলো গেল কোথায়?’

‘মুখের কথা তোলেন কেন, মহারাজ ! আপনার দুর্দিনের কথা ডেবে ডেবে মাথা নাড়াতে নাড়াতে ঘৃঙ্খরগলো খসে গেল ; কিন্তু তাতে টুপির কোনো ক্ষতি হয় নি !’

‘কুন্সৎ ফন্দ্যার রোজেন, ওরে মুখ’, বলতো, রে, বাইরে ও কিসের শব্দ ?’

‘আশ্চে, মহারাজ ! কামার কারাগারের দরজা ভাঙছে। শীঘ্ৰই আপনি আবার মুক্ত স্বাধীন হবেন—সম্ভাট !’

‘আমি কি সত্তাই সম্ভাট ? হায়, শুধু রাজসভার মুখের মুখেই আমি একথা শুনলুম !’

‘ও রকম করে দীঘীনিশ্বাস ফেলবেন না প্রভু ! কারাগারের বিষের হাওয়া আপনাকে নিজীব করে ফেলেছে। আপনি যখন আবার সম্ভাট হবেন তখন ধৰ্মনীতে ধৰ্মনীতে অন্তুর করবেন সেই বীৱিৰ রাজন্তক, আপনি আবার হবেন গৰ্বিত সম্ভাট, দণ্ডী সম্ভাট। আবার হবেন দার্শকণ্যময় এবং আবার করবেন অন্যায় অবিচার, হাসিমুখে, এবং আবার হবেন নেঝকহারাম—রাজাবাদশাদের শা স্বভাব !’

‘কুন্সৎ ফন্দ্যার রোজেন, বলতো হাবা, আমি যখন আবার স্বাধীন হব, তখন তুই কি করবি ?’

‘আমি আমার টুপিতে ফের ঘৃঙ্খুর সেলাই করবো !’

‘আর তোর বিশ্বস্তা প্রভুভুক্তিৰ বদলে তোকে কি প্রতিদান, কি প্রৱৰ্কার দেব ?’

‘আঃ ! আমার দিলের বাদশাকে কি বলবো ! দয়া করে আমার ফাঁসির হুকুমটা দেবেন না !’

এইখানে হাইনে তীব্র গঢ়পটি শেষ বরেছেন।

আমরা বলি ‘হা, হতোস্মি, হা হতোস্মি ! রাজসভার ভাঁড়ই হোক, আর সঙ্গই হোক, সভা-মুখ’ হোক আৱ পণ্যশোক গদ’ভই হোক, কুন্সৎ বিলক্ষণ জ্ঞানতো, রাজারাজড়াৰ কৃতজ্ঞতাবোধ কতখানি !’

কিন্তু কাহিনীটিৰ তাৎপর্য কি ?

হাইনে সেটি গল্পেৱ মাবধানেই বুনে দিয়েছেন। সে যুগেৱ গল্পে দুটো ক্লাইমেক্স চলতো না বলে আমি সেটি শেষেৱ-কৰিতা রূপে রেখে দিয়েছি।

‘হে পিতৃভূমি জৰ্মনি ! হে আমার প্ৰিয় জৰ্মন জনগণ ! আমি তোমাদেৱ কুন্সৎ ফন্দ্য রোজেন। তাৱ একমাত্ৰ ধৰ্ম’ ছিল আনন্দ, ধাৱ কৰ্ম’ ছিল তোমাদেৱ মঙ্গলদিনে তোমাদেৱ আনন্দবৰ্ধন কৱা, তোমাদেৱ দুর্দিনে কাৱা-প্ৰাচীৱ উলংঘন কৱে তোমাদেৱ জন্য অভয়বাণী নিয়ে আসা। এই দেখো, আমার দীঘী আছাদেৱ ভিতৰ লুকিয়ে এনেছি তোমার সন্দুচ্চ রাজদণ্ড, তোমার সুস্থিৱ রাজমুকুট—আমাকে শ্মৰণ কৱতে পাৱছ না, তুমি মহারাজ ? আমি যদি তোমাকে মুক্ত নাও কৱতে পাৱি, সান্তবনা তো অন্তত দিতে পাৱব ? অন্তত তো তোমার কাছে এমন একজন আপন-জন রাইল যে তোমার সঙ্গে-

তোমার দ্বাংথ-বেদনার কথা কইবে ; তোমাকে আশাৰ বাণী শোনাবে ; যে তোমাকে ভালোবাসে ; যাৰ সৰ্বশেষ রসেৰ কথা সৰ্বশেষ রক্ষিবস্থ্ৰ, তোমারই সেবাৰ জন্য। হে আমাৰ দেশবাসিগণ, তোমৱাই তো প্ৰকৃত সন্তাট, তোমৱাই তো দেশেৰ প্ৰকৃত প্ৰভু। তোমাদেৱ ইচ্ছা, এমন কি তোমাদেৱ খেয়াল-খুশীই তো দেশেৰ প্ৰকৃত শক্তি—এ শক্তি “বৰ্মিধি-দণ্ড” ‘রাজদণ্ডকে’ অনায়াসে পদচালিত কৰে। হতে পাৱে আজ তোমৱা পদচালিত, কাৱাগারে নিষ্কিপ্ত—কিন্তু আৱ কত দিন ? ঐ হেৱো, মুক্তিৰ নব অৱগোদহ !’

\* \* \*

হে বাঙালী, আজ তুমি দুর্দশাৰ চৰমে পেঁচেছো !

কোথায় তোমার কুন্ডস্ক ফন্ড ভাৱ রোজেন ? যে তোমাকে আশাৰ বাণী শোনাবে ? !!

### খোশগল্প

যখন তখন লোকে বলে, ‘গতপ বলো !’

এ বাবদে স্বৰ্গত ক্ষিতিমোহন সেনেৰ একাধিক রসাল উত্তৰ আছে। তিনি বাঙাল উচ্চারণে তখন বলতেন, ‘ঘৰ লেপ্যা মুছ্যা, আতুড় ঘৰ বানাইয়া, মা ষষ্ঠীৰ গেছে বাচ্যা বাচলেই তো আৱ বাচ্যা পয়দা হয় না। নয় মাস দৰ্শ দিন সময় লাগে !’ অৰ্থাৎ গতপেৰ সময় এলে তবে গতপ বেৱেবে !

ইহুদিদেৱ গতপ এৱ চেয়ে একটু ভালো ! কেন, সে-কথা পৱে বলাছি !

এক ভালো কথক রাখবী ( ইহুদিদেৱ পৰিষ্কৰণ ) অনেকখানি হাঁটাৰ পৱ অতিথি হয়ে উঠেছেন এক পৰিৱিত চাষাৰ বাড়িতে। চাষা-বৌ জানতো, রাখবী গতপ কৱতে ভাৱি ওন্তাৰ ! পাদ্য-অৰ্ঘ্য না দিয়েই আৱস্থ কৱেছে, ‘গতপ বলুন, গতপ বলুন !’ ইতিগতো চাষা ভিন গাঁয়েৱ মেলা থেকে ফিরেছে একটা ছাগী কিনে। চাষা-বৌ সঙ্গে সঙ্গেই গতপেৰ বায়না বন্ধ কৱে দুইতে গেছে ছাগীকে—ইহুদি তো ! এক ফোটা দুধ বেৱল না দেখে চাষা-বৌ বেজাৰ মুখে স্বাখৰীকে শুধুলো, ‘এ কি ছাগী আনলে গো ?’ বিচক্ষণ চাষা হেসে বললে, ‘ওটা হেঁটে হেঁটে হয়ৱান হয়ে গিয়েছে ! দানাপানি দাও—দুধ ঠিকই দেবে !’ রাখবী সঙ্গে সঙ্গে বলে উঠলেন, ‘সেই কথাই তো হচ্ছে ! দানা-পানি না পেলে আমিই বা গতপ বলি কি কৱে ?’

ক্ষিতিমোহনবাবু ইহুদি ছিলেন না বলে, নিজেৰ স্বৰিধেটা উত্তৰেৱ মাৰফতে গুছিয়ে নিতে পাৱেন নি—ইহুদি পাৱে !

এ গতপটা মনে রাখবেন। কাজে লাগবে। অন্তত চা-টা পাঁপড়ভাজাটা আসবে নিশ্চয়ই।

সঙ্গে সঙ্গে ইহুদি, স্কটৱ্যান সাইক্ল চালাতে আৱস্থ কৱে দেবেন। মে আবাৰ কি ? এসোসিয়েশন অফ আইডিয়াজ, অৰ্থাৎ এক চিন্তাৰ খেই ধৰে অন্য চিন্তা,

সেটা থেকে আবার অন্য চিন্তা, এই রকম করে করে মোকামে পৌঁছে থাবেন। এখনো বুঝতে পারলেন না ? তবে একটা গল্প দিয়েই বোঝাই।

সেই যে বাঁদির ছেলে কিছুতেই শটকে শিখবে না, এ ছেলে তেমনি পেটুক— হা- কিছু শিখতে দেওয়া হয়, পৌঁছে থাবেই থাবে মিষ্টি-সম্বেশে। তাকে একই দশৎ শিখতে দেওয়া হয়েছে। বলছে,

‘একং, দশং, শতং, সহস্রং, অষ্টাত্ত, লক্ষ্মী, সরস্বতী—’

( মন্তব্যঃ ‘লক্ষ’ না বলে বলে ফেলেছে ‘লক্ষ্মী’ এবং তিনি যখন দেবী তখন তাঁর এসোসিয়েশন অব আইডিয়াজ থেকে চলে গেছে আরেক দেবী সরস্বতীতে ; তাঁর পর বলছে, )

‘লক্ষ্মী, সরস্বতী, গণেশ, কার্ত্তিক, অগ্নহায়ণ—’

( মন্তব্যঃ ‘কার্ত্তিক’ মাসও বটে, তাই এসোসিয়েশন অব আইডিয়াজে চলে গেল অগ্নহায়ণ পোবে )

অগ্নহায়ণ, পৌষ, মাগ, ছেলে-পিলে—’

( মন্তব্যঃ ‘মাঘ’কে আমরা ‘মাগ’ই উচ্চারণ করে থাকি। তাঁর থেকে ‘ছেলে-পিলে’ )

‘পিলে, জরুর, শদৌ, কাশী—’

( মন্তব্যঃ তাঁর থেকে থাবতীয় তাঁথ !— )

‘কাশী, মধুরা, ব্ৰহ্মাবন, গয়া, পুৱী—’

‘পুৱী, সম্দেশ, রসগোল্লা, মিহিদানা, বৈদে, খাজা, লোডিকিনি—’

ব্যাস ! পুৱী তো খাদ্য, এবং ভালো খাদ্য। অতএব তাঁর এসোসিয়েশনে বাদবাকি উত্তম উত্তম আহারাদি ! পৌঁছে গেল মোকামে !

এই এসোসিয়েশন অব আইডিয়াজ থেকে গল্পের খেই ধরে নেওয়া যায়।

ইহুদির কথা যখন উঠেছে তখন ইহুদীর কঞ্চসী, স্কটিয়ানের কঞ্চসী তাৰৎ কঞ্চসীর গভপ আৱল কৰে দিতে পারেন।

এগুলোকে আবার সাইক্স বলা হয়। এটা হল কঞ্চসীর সাইক্স—অৰ্থাৎ দুনিয়াৰ যত রকম হাড়ীকপটোমিৰ গল্প এই সাইক্সে চুকে থাবে। ঠিক সেই রকম আৱো গৰ্ভায় গৰ্ভায় সাইক্স আছে। স্তৰী কৃত্তক স্বামীৰ উপৱ অত্যাচার, স্তৰীকে লুঁকয়ে পৱন্ত্রীৰ সঙ্গে ফণ্টেন্টি, টেন লেটেৰ সাইক্স, ডেলি পেসেজাৱেৰ সাইক্স, চালাকিৰ সাইক্স—

চালাকিৰ সাইক্স এ দেশে গোপালভাড়ি সাইক্সই বলা হয়। অৰ্থাৎ চালাকিৰ যে কোনো গভপ আপনি গোপালেৰ নামে চালিয়ে যেতে পারেন, কেউ কিছু বলবে না। ইঁৰেজীতে এটাকে ‘ব্র্যাকেট’ ‘অমিনিবাস’ গভপগুষ্টও বলা চলে।

গোপালেৰ অপৰ্জিট নাম্বাৰ অৰ্থাৎ তাঁই মত চালাক ছোকৱা প্ৰায় সব দেশেই আছে। প্ৰাচীন অস্ট্ৰিয়া-হাঙ্গেৰীৰ রাজবৰবাৰে ছিলেন মিকশ, কিন্তু দুঃখেৰ বিষয় তাঁৰ অধিকাংশ গভপই সমাজে কঢ়ে পায় না, ভিয়েনার ভাষায় গোজেলশাফ্টফেইষ নয় ( সমাজে অচল )। সেদিক দিয়েও গোপালেৰ সঙ্গে

### তাঁর গলাগলি ।

কিন্তু এ সংসারে বৃক্ষগানের জ্যে আহাম্ভুখের সংখ্যাই বেশী, তাই আহাম্ভুখীর সাইক্স পাবেন দুনিয়ার সব'ত্ত। অধুনা কেন্দ্রের এক প্রাঞ্চন মন্ত্রীকে কেন্দ্র করে একটি বিরাট সাইক্স তৈরি হয়েছে এবং হচ্ছে। এ'র জুড়ি ভিত্তিনাতে গ্রাম ফন্ড ববে, পঞ্চম ভারতে শেখ চিঙ্গ (আমার ঠিক মনে নেই, অবে বোধ করি শ্রীযুক্তা সীতা শাস্তার হিন্দুস্থানী উপকথাতে এ'র গংগ আছে), এবং স্বাইটজারল্যাণ্ডে পল্ডি।

পল্ডির গংগ অফুরন্ত। আমি গত দশ বছর ধরে একখানা স্টাইল পত্রিকার গ্রাহক। প্রতি সপ্তাহে পল্ডি নিয়ে একটি ব্যঙ্গচিত্র থাকে। চলেছে তো চলেছে। এখনো তার শেষ নেই। কখনো যে হবে মনে হয় না।

কিছুমাত্র না ভেবে গোটা কয়েক বালি :—

বাধ্য : জানো পল্ডি অক্সিজেন ছাড়া মানুষ বাঁচতে পারে না। ১৭৭০-  
এ খটা আবিষ্কৃত হয়।

পল্ডি : তার আগে মানুষ বাঁচতো কি করে ?

কিংবা

পল্ডি : (আমেরিকান টুরিস্টকে এক কাস্ট্ল দেখিয়ে) এই ওখানে “আমার জন্ম হয়। আপনার জন্ম হয় কোনোথানে ?

টুরিস্ট : হাসপাতালে।

পল্ডি : সব'নাশ ! কি হয়েছিল আপনার ?

কিংবা

বাড়িউলী : সে কি মিঃ পল্ডি ? দশ টাকার মণিঅর্ড'র, আর আপনি দিলেন পাঁচ টাকা বক্ষিশ !

পল্ডি : হেঁ, হেঁ, ঐ তো বোঝো না আর কিটেমি করো। ঘন ঘন আসবে যে !

কিংবা

পল্ডি ঘোড়ার রেসে গিয়ে শুধোচ্ছেন : ঘোড়াগুলো এরকম পাগল পারা ছুটছে কেন ?

বাধ্য : কি আশ্চর্য, পল্ডি তাও জানো না ! যেটা ফাস্ট হবে সেটা প্রাইজ পাবে যে !

পল্ডি : তা হলে অন্যগুলো ছুটছে কেন ?

এর থেকে আপনি রেসের গভেপের মাধ্যমে কুটি সাইক্সে অনায়াসে চলে যেতে পারেন। যেমন,

কুটি রেসে গিয়ে বেট্ করেছে এক অতি নিকৃষ্ট ঘোড়া। এসেছে সব'শেষে। তার এক বাধ্য—আরেক কুটি—ঠাট্টা করে বললে, ‘কি ঘোড়া (উচ্চারণ অবশ্য ‘গোরা’—আমি বোঝার সুবিধের জন্য সেগুলো বাব দিয়েই লিখছি) লাগাইলায় মিয়া ! আইলো সকলের পিছনে ?’

কুটি দ্ব্যবার পাত্র নয়। বললে, ‘কন্ত কি কস্তা ! দ্যাখলেন না, যেন বাঘের

বাচ্চা—বেবাকগুলিরে খ্যাদাইয়া লইয়া গেল !'

কুটি সংপ্রদায়ের সঙ্গে পূর্ব-পশ্চিম উভয় বাঙ্গলার রাসিকমণ্ডলীই একথা সংপর্চিত ছিলেন। নবীনদের জানাই, এরা ঢাকা শহরের খানদানী গাড়োয়ান-গোষ্ঠী। মোগল সৈন্যবাহিনীর শেষ ঘোড়সওয়ার বা ক্যাভালারি। রিক্ষার অভিসম্পাতে এরা অধুনা লুপ্তপ্রায়। বহুদেশ অমণ করার পর আমি নির্ভয়ে বলতে পারি, অশিক্ষিত জনের ভিতর এদের মত witty (হার্জির-জবাব এবং স্বরাসিক বাক্চতুর) নাগরিক আমি হিল্পী-দিল্পী কলোন-ব্লোন কোথাও দোখি নি।

এই নিন একটি ছোট ঘটনা। প্রথম পশ্চিম বাঙ্গলার ‘সংস্করণ’টি দিচ্ছি। এক পয়সার তেল কিনে ঘরে এনে বৃড়ী দেখে তাতে একটা মরা মাছ। বোকানীকে গিয়ে অনুযোগ জানাতে সে বললে, ‘এক পয়সার তেলে কি তুমি মরা হাত আশা করেছিলে !’ এর রাশান সংস্করণটি আরো একটু কাঁচা। এক কপেকের (প্রায় এক পয়সা) রুটি কিনে এনে ছিঁড়ে দেখে এক বৃড়ী তাতে এক টুকরো ন্যাকড়া। বোকানীকে অনুযোগ করাতে সে বললে, ‘এক কপেকের রুটির ভিতর কি তুমি আন্ত একখানা হীরের টুকরো আশা করেছিলে ?’ এর ইংরেজী ‘সংস্করণ’ আছে, এক ইংরেজ রমণী এক শিলঙ্গে এক জোড়া মোজা কিনে এনে বাড়িতে দেখেন তাতে একটি ল্যাডার (অর্থাৎ মই—মোজার একটি টানা সূতো ছিঁড়ে গেলে পড়েনের সূতো একটার পর একটা ধেন মইয়ের এক একটা ধাপ-কাঠির মত দেখায় বলে ওর নাম ল্যাডার)। বোকানীকে অনুযোগ জানাতে সে বললে, ‘এক শিলঙ্গের মোজাতে কি আপনি, ম্যাডাম, একখানা রাজকীয় মাবেল স্টেয়ারকেস্ আশা করেছিলেন !’

এবাবে সব’শেষ শব্দন কুটি সংস্করণ। সে একখানা ঝুঝুরে বাড়ি ভাড়া দিয়েছে প্রলিসের এসাইকে। বষ্টাকালে কুটিকে ডেকে নিয়ে তিনি দেখাচ্ছেন, এখানে জল ঘরছে, ওখানে জল পড়ছে—জল জল সব’ত্র জল পড়ছে। প্রলিসের লোক বলে কুটি সাহস করে কোনো মন্তব্য বা তিপন্নী কাটিতে পারছে না যদিও প্রাতি মুহূর্তেই মাথায় খেলছে বিস্তর। শেষটায় না থাকতে পেরে বেরবার সময় বললে, ‘ভাড়া তো দ্যান্ কুঁজে পাঁচটি টাকা। পানি পড়বে না তো কি শরবৎ পড়বে ?’

কুটি সম্বন্ধে আমি দৰ্শ্যত্ব আলোচনা অন্যত্র করেছি—পাঠক সেটি পড়ে দেখতে পারেন। আমার শোক-পরিতাপের অন্ত নেই যে, এ সংপ্রদায় প্রায় নিশ্চক্ষ হতে চললো। আমি জানি এদের উইট, এদের রিপোর্ট লেখাতে ও ছাপাতে সঠিক প্রকাশ করা যায় না ; কিন্তু তৎসম্বন্ধে এ-সংপ্রদায় সংগৃহণ লোপ পাওয়ার পুর্বে পূর্ব বাঙ্গলার কোনো দরবীজন যাই এদের গৃহগুলির একটি সংগ্রহ প্রকাশ করেন, তবে তিনি উভয় বাঙ্গলার রাসিকমণ্ডলীর ধন্যবাদার্থ হবেন।

\* \* \*

পাঠক ভাববেন না, আমি যিষ্ট মিষ্ট গাঁপ বলার জন্য এ প্রবন্ধের অবতারণা

করেছি। আমপেই না। তাহলে আমি অনেক উত্তম গভপ পেশ করতুম। এখানে গভপের সাই-ক্লান ও এসোসিয়েশন অব আইডিয়াজ, কিংবা বলতে পারেন এসোসিয়েশন অব স্টারিজ বোঝাবার জন্য যে সব গভপের প্রয়োজন আমি তারই কাঁচা পাকা সব কিছু মিশিয়ে কয়েকটি গভপ নিবেদন করেছি মাত্র। (এবং সত্য বলতে কি, আসলে কোনো গভপই কাঁচা কিংবা পাকা, নিরেস কিংবা সরেস নয়। মোকা-মার্ফিক জুৎসই করে যদি তাগ-মার্ফিক গভপ বলতে পারেন, তবে অত্যন্ত কাঁচা গভপও প্রোত্তৃত্বদলীর চিন্তারণ করতে সমর্থ হবে, পক্ষান্তরে তথ্বার্থিত শ্রেষ্ঠ গভপও যদি হঠাতে বেমস্তা বলে বসেন, তবে রসিকম্ভদলী বিরক্ত হয়ে ভুরু কুঁচকাবেন।)

গভপ বলার আট, গভপ লেখার আটেই মত বিধিবৰ্ত প্রতিভা ও সাধনা সহযোগে শিখতে হয়—এবং দুই আটেই ভিন্ন। অতি সামান্য, সাধারণ গভপও প্রজননীয় স্বর্গত ক্ষিতিমোহন অতি সুস্মরণ রূপ দিয়ে প্রকাশ করতে পারতেন—অথচ তাঁর লেখা রচনায় সে-জিনিসের কোনো আভাসই পাবেন না; পক্ষান্তরে প্রশ্নের স্বর্গত রাজশেখরবাবু লিখে গিয়েছেন বিশ্বসাহিতোর কয়েকটি শ্রেষ্ঠ হাসির গভপ, অথচ তিনি বৈঠক-মজলিসে ছিলেন রাশতারী প্রকৃতির। গভপ-বলার সময় কেউ কেউ অভিনয় ঘোগ করে থাকেন। সুলেখক অবধৃত এ বাবে একটি পয়লা নশ্বরী ওপ্তাদ। যদি কখনো তাঁর সঙ্গে আপনার দেখা হয় তবে চৰ্বননগর চুঁচড়ো অঞ্জলের বিশেষ সম্পদায়ের লোক কি ভাবে নিম্নলিখন রক্ষা করেন তার বর্ণনা দিতে বলবেন। কিন্তু এ প্রবন্ধের গোড়াতে যে সাবধান বাণী দিয়ে আরম্ভ করেছি, সেটি ভুলবেন না। বেমস্তা থখন তখন অনুরোধ করেছেন, কি মরেছেন। অবধৃত তেড়ে আসবে। অবধৃত কেন, রসিকজন মাত্রই তেড়ে আসে। এই তো সেদিন অবধৃত বলছিল, ‘জানেন, মাস কয়েক পৰ্বে’ ১১০ ডিশুরী গরমে যখন ঘটাত্তিনেক আইচাই করার পর সবে চোখে অংশ একটু তশ্বা লেগে আসছে এমন সময় পাড়া সুচকিত করে টেলগুফ পিয়ন উড়ের সজোরে কড়া নাড়া। দুরজা খুলতে দ্বৰ্য দুই অচেনা ভদ্রলোক। কড়া-রশ্মি, রাস্তার ধূলোম্লোয় জড়িয়ে ঢেহারা পর্যাণু ভালো করে দেখা যাচ্ছে না। কি ব্যাপার? ‘আজ্ঞে, আদালতে শুনতে পেলুম, আমাদের মোকাম্বা উঠতে এখনও ঘটা-ন্যৌক বাঁকি, তাই আপনার সঙ্গে দু'দ'ড রসালাপ করতে এলুম।’ আমি অবধৃতকে শুধোলুম, ‘আপনি কি করলেন?’ অবধৃত উদাস নয়নে ধানক্ষেত্রে দিকে তাকিয়ে দীর্ঘ নিম্বাস ফেললে। আমি বেশি ঘ্যাঁটালুম না। কারণ মনে পড়ে গেল, মোটামুটি ঐ সময়ে চুঁচড়োর জোড়াধাটের কাছে, সদর রাস্তার উপর দুটো লাশ পাওয়া যায়। খনী ফেরার। এখনো ব্যাপারটা হিল্যে হয় নি।

ভালো করে গভপ বলতে হলে আরো মেলা জিনিস শিখতে হয়—এবং সেগুলো শেখানো যায় না। আমি স্বয়ং তো আবো কোনো প্রকারের গভপ বলতে পারি নে। প্রট ভুলে যাই, কি দিয়ে আরম্ভ করেছিলুম, কি দিয়ে শেষ করবো তার খেই হারিয়ে ফেলি, গভপ আরম্ভ করার সঙ্গে সঙ্গে নিজেই খিল করে হাসতে আরম্ভ করি, ‘ঐঘ্যা, কি বলছিলুম’ প্রতি দু' সেকেণ্ড অন্তর অন্তর

আসে, ইতিমধ্যে কেউ হাই তুললে তাকে তেড়ে যাই, শেষটায় সভাস্থ কেউ দয়া-পরবশ হয়ে গম্পটা শৈষ করে দেন—কারণ যে গম্পটি আমি আরও করেছিলুম সেটি মজলিসে ইতিপুর্বে, আমারই মুখে, ছেঁড়া-ছেঁড়া ভাবে অন্তত পঞ্চাশ-বার শূনে, জোড়া-তাড়া দিয়ে খাড়া করতে পেরেছে। তদুপরি আমার জিভে ঝুঁক বাত, আমি তোঁলা এবং সামনের দৃশ্যাটিতে আর্টিট দািত নেই।

তাহলে শুধুমাত্রে, তবে তুমি এ প্ৰবন্ধ লিখছ কেন? উত্তর অতি সুল। ফেল কৰা ষ্টুডেন্ট ভালো প্রাইভেট ট্যুটিৰ হয়। আমি গম্প বলার আর্টটা শেখাব বিস্তৰ কস্ত করে ফেল মেরোছ বলে এখন এৱ ট্যুটিৰ লাইনে আমিই সন্তাট।

\* \* \*

কিম্বু এ আট' এখন মতপ্রায় ; কারণটা বুঝিয়ে বলি।

পুরোহী নিবেদন করেছি, গম্পের কঁচা পাকা কিছুই নেই, মোকা-মাফিক বলতে পারা, এবং বলার ধৰনের উপর ঐ জিনিস সংপূর্ণ নির্ভ' র করে।

এ তৰ্কটি সব চেয়ে ভালো করে জানেন, বিশ্ব-গম্পকথক সংস্কার (ওয়াজ্ড' স্টৱি-টেলারস' ফেডারেশন)। মার্কিন ম্যান্ডেকে প্রতি বৎসর এ'দেৱ অধিবেশন হয় এবং প্ৰথিবীৰ সৰ্বকোণ থেকে ডাঙুৰ ডাঙুৰ সদস্যৱা সেখানে জমায়েত হন। এ'ৱা বিলক্ষণ জানেন, গম্প মোকা-মাফিক এবং কায়দা-মাফিক বলতে হয়। চীনেৱ ম্যার্ডারিন সদস্য যে গম্পটি বলতে যাচ্ছেন সেটি হয়তো সব চেয়ে ভালো বলতে পারেন বঙ্গো-ইন-কঙ্গোৰ লসাবুবু। ওদিকে প্ৰথিবীৰ তাৰৎ সন্নেহ গম্পই এ'ৱা জানেন। কি হবে, চীনাৰ কঁচা ভাষায় পাকা দাঢ়িওয়ালা ঐ গম্প তিনশ ত্যেতিটি বারেৱ মত শূনে। অতএব এ'ৱা একজোটে বসে প্ৰথিবীৰ সব কঠি সুন্দৰ সুন্দৰ গম্প জড়ো কৰে তাতে নম্বৰ বৰ্সিয়ে দিয়েছেন। যেমন মনে কৱনু, কুটিৰ সেই পার্নি পড়াৰ বদলে শৱৰৎ পড়াৰ গম্পটার নম্বৰ ১৯৮।

এখন সে অধিবেশনে গম্প বলার পৰিস্থিতিটা কি রূপ?

যেমন মনে কৱনু, কথাৰ কথা বলছি, সদস্যৱা অধিবেশনেৱ গুৱৰু গুৱৰু কম'ভাৰ সমাধান কৰে ব্যানকুয়েট খেতে বসেছেন। 'ব্যানকুয়েট' বললে য বটে, আসলে অতি সন্তো লাগ'—'লাঙ্গনা'ও বলতে পারেন, একদম দা'ঠাকুৱোৰ পাইস হোটেল মেলেৱ। এক মেৰ্বৰ ডালে পেলেন মৱা মাছি। অমনি তাৰ মনে পড়ে গেল, সেই বৃত্তিৰ এক পৱসাম তেলে মৱা মাছি, কিংবা 'পার্নি না পড়ে শৱৰৎ পড়বে নাকি' গম্প। তিনি তখন গম্পটি না বলে শুধু গম্পীৰ কষ্টে বললেন নম্বৰ '১৯৮'!

সঙ্গে সঙ্গেই হো হো অট্টহাস্য। একজন হাসতে হাসতে কাঁ হয়ে পাশেৱ জনেৱ পাজৰে খৈচা দিয়ে বাব বাব বলছেন, 'শূনলে? শূনলে? কি রকম একথানা খামগম্প ছাড়লে?' আৱেকজনেৱ পেটে থিল ধৰে গিয়েছে—তাকে ঘাসাজ কৰতে শু্বৰ কৰেছেন আৱেক সদস্য।

\* \* \*

অতএব নিবেদন, এ সব গম্প শিখে আৱ লাভ কি? এমেশেও কালো বিশ্ব-গম্পকথক-সংস্থায়েৱ বাণ-আপনি বসবে, সব গম্পেৱ কপালে কপালে নম্বৰ

ପଡ଼ିବେ, ଆପଣି ଆମି କୋନୋ-କିଛୁ ବଲାର ପ୍ରବେହି କେଉ ନା କେଉ ନିଶ୍ଚର ହେବେ ସାବେ । ତାରପର ନୀଳାମ । ୧୮ ନିଶ୍ଚର ବଲତେ ନା ବଲତେଇ ଏସୋସିଆରେଶନ ଅବ ଆଇଡ଼ିଆଜେ କାରୋ ମନେ ପଡ଼େ ସାବେ ଅନ୍ୟ ଗତି ତିନି ହାକିବେନ ୨୭୨ । ତାରପର ୩୧୮—ଆର ସଙ୍ଗେ ସଙ୍ଗେ ହାସିର ହରରା, ରଙ୍ଗଡ଼େର ଗଢ଼ିଆହାଟ—ଆପଣି ଆମି ତଥି କୋଥାଯ ?

ହୀ, ଅବଶ୍ୟ, ସତ୍ତାଦିନ ନା ବ୍ରାଂ-ଆପିସ କାହେମ ହୁଯ ତତ୍ତ୍ଵଦିନ ଅବଶ୍ୟ ଏଇସବ ଟୁଟୋ-  
ଫୁଟୋ ଗଢ଼େ ଦିଯେ ଟିନ୍‌ଲେଗେଡ ରେସ ରାନ କରନ୍ତେ ପାରେନ । କିଂବା ଦୁଷ୍ଟ ଛେଳେକେ  
ଶାସନ କରାର ଜନ୍ୟ ଗ୍ରାମଶାଇ ସେ ରକମ ବଲଭେନ, ‘ସତ୍କଣ ବେତ ନା ଆସେ ତତ୍କଣ  
କାନ୍ମଲା ଚନ୍-କ’ ।

ବାଇ ଦି ଉଠେ—ଏ ଗଣପଟାଓ କାଜେ ଲାଗେ । ନେମେନ୍ତମ ବାଡ଼ିତେ ଚପ କାଟିଲେଟ ନା ଆସା ପର୍ଯ୍ୟନ୍ତ ଲାଟିଚ ଛୋଲାର ଡାଳ ଥେତେ ଥେତେ ବଲତେ ପାରେନ, ‘ହତକ୍ଷଣ ବେତ ନା ଆସେ ତତକ୍ଷଣ କାନମଳା ଚଲୁକୁ ।’

শের্ষে লা ফাম

( Cherchez la femme )

খন, রাহাজানি, চুরি, ডাক্তাত যাই হোক না কেন, এক ফরাসী হাকিম  
বিচারের সময় অসহিষ্ণু হয়ে বার বার শুধোতেন, ‘মেয়েটা কোথায়? শেশে’ লা  
ফাম্—মেয়েটাকে খৈজো! তাঁর দ্রুত বিশ্বাস ছিল, দুর্নিয়ার কুল্লে খন্দ-খারাবীর  
পিছনে কোনো না কোনো রমণী ঘাপটি মেরে বসে আছে। আসামী, ফরিয়াদী,  
সাক্ষী, কোনো না কোনো রূপে তাকে আবালতে সশরীরে উপস্থিত। হাবেয়ান  
কপুস ) না করা পর্যন্ত মোকদ্দমার কোনো সুরাহা হবে না। অতএব শেশে  
লা ফাম্—মেয়েটাকে খৈজো! একবার ইনশওরেন্স মোকদ্দমা ছিল কোনো  
চির্মান-পরিদৃশ্য'কে নিয়ে। একশ ফুট উঁচু থেকে সে পড়ে যায়। তার খেনারাতি  
মঙ্গুর হয়ে গেলে উকিল শুধালেন, ‘কই হুজুর, এ মোকদ্দমায় আপনার শেশে  
লা ফাম্ তো খাটলো না?’ হুজুর দম্বার পাত্র নয়। সোজাসে বললেন,  
'খৈজো, খৈজো, পাবে।' হুবি তো হ—তাই! তালাশীতে বেরল, সি'ডি  
দিয়ে ওঠবার সময় সে হঠাত নিচের দিকে ঘাঢ় ফিরিয়ে তাকিয়েছিল এক সুমধুরী  
রমণীর দিকে—পড়ে মৱল পা হড়কে!

\* \* \*

আকাশবাণী সম্বন্ধে নানাপ্রকারের ফরিয়াদ প্রাপ্ত শোনা যায়। আল্লার  
দুনিয়া সম্বন্ধেই যখন হামেহাল নালিশ জেগেই আছে তখন এতে আশ্চর্য হবার  
কিছুট নেই।

গুণজ্ঞানীরা বলেন, প্রাচ্যের মানুষ অস্তর্ভূতি—প্রতীচ্যের বহিভূতি। এত বড় তত্ত্বকথার পক্ষে বা বিপক্ষে কোনো কথা বলার হক আমার নেই। তবে একটা জিনিস আগি ঝুঁকে লঙ্ঘ করেছি—গরমের দেশের লোক বারান্দা রক

তে' তুলতলায় দিন কাটায় আর পশ্চিমের লোক বাড়ির ভিতর।

আমরা আপিস-আদালত কলেজ-কারখানা থেকে দোরিয়েই একটুখানি হাওয়া খেয়ে গা-টা ভুঁড়িয়ে নিতে চাই। 'ট্র্যান্স-ওয়াক' 'ম্যানিং-ওয়াক' সমাস-গুলো ইঁরিজী ভাষাতে সত্যই চালু আছে কিনা, কিংবা ইংরেজ এবেশে এসে নির্মাণ করেছে, জান নে, কিন্তু ও দ্রটোর রেওয়াজ শীতের দেশে যে বেশী নেই সে-কথা বিলক্ষণ জানিন। আমরা তাই মরাদানে, গঙ্গার পারে হাওয়া-টা-ওয়া খেয়ে বাড়ি ফিরি। নিতান্ত শীতকালের কয়েকটি দিন ছাড়া কখনো ঘরের ভিতর ঢুকতে চাই নে। রকে বসে রাস্তায় লোকজনের আনাগোনা দেখি। পক্ষান্তরে শীতের দেশের লোক ছুটি পাওয়া মাত্রই ছুট দেয় বাড়ির দিকে। আপিসে-দপ্তরে আগন্তের ব্যবস্থা উন্নত নয়—ওদিকে গৃহিণী বসবার ঘরে গন্ধনে আগন্তুন জর্নালের রেখেছেন। পড়ির্মার হয়ে বাড়ি পে'ছেই সে পা দ্রটি আগন্তের দিকে বাড়িয়ে বসে যায় আরাম চেয়ারে, খুলো দেয় রেডিয়ো। আমাদের রকে রেডিয়ো থাকে না, বৈষ্টকখানাতেও কমই—কারণ বাড়ির হেয়ে-ছেলেরা ওটা নিয়ে হৃবকতই নাড়াচাড়া করে। তাই ওটা থাকে অশ্রুমহলেই।

আমাদের যাত্রাগান, কবির লড়াই সবই খোলামেলায়। এ যুগের প্রধান আমোদ ফুটবল ও স্কিকেট খেলাতে। নিতান্ত সিনেমাটা ঘরের ভিতর। কিন্তু সিনেমাও চেষ্টা করে সেটা ভুলিয়ে দিতে। ধড়ি ধড়ি মাঠ-ময়দান, নদীপুকুর, পাহাড়-সমুদ্র দেখায় বলে খানিকক্ষণ পরেই ভুলে যাই যে ঘরের ভিতর ব্যথ রয়েছি। তবু পাছে অন্য কোনো খোলামেলার আমাদের সম্মান পেয়ে আমরা পালিয়ে যাই তাই সিনেমাগুলো ওটাকে এ্যারকশিন করে মাঠ-কর-বৈষ্টক-খানার চেয়েও আরামদায়ক করে রাখে। কারণ ইয়োরোপে যে মৃহৃতে' ঘরে বসে টেলিভিশনের সাহায্যে সিনেমায় আনন্দ পাওয়া গেল সঙ্গে সঙ্গে গাহকের অভাবে আট থেকে দশ আনা পরিমাণ সিনেমা উঠে গেল।

আমাদের দেশের মেয়েরা হৃট্ করে রাস্তায় বেরতে পারে না, সিনেমা চাহের দোকানে যেতে পারে না, তাই রেডিয়োটা ওদের কাছে এক বিধিবত্ত সওগাত। কর্তা-বাচ্চারা আপিস ইস্কুল চলে যাওয়ার পর তাঁরা নেয়ে খেয়ে চুল ঝুলিয়ে দিয়ে ঘূঁচড়ে দেন রেডিয়োর কানটা পাশের বাড়ির রেডিয়োটা যে গাঁক-গাঁক করে আপনার বিরক্তির উৎপাদন করে তার প্রধান কারণ ও-বাড়ির বৌমা এ-ঘর ও-ঘরে যেখানেই কাজ করুন না কেন সেটা যাতে করে সব'তই শুনতে পান তার জন্য ওটাকে চড়া সুরে বে'ধে রেখেছেন।—মহিলা-মহল তো আছেই, তারপর সিংহল বেতারের বিস্তর ফিল্ম-গান যেগুলো বটমা, দিদিঘণি সিনেমাতে একবার শুনেছিলেন, এখন বার বার শুনে শুনে কঠিন করতে চান।

প্ৰৱ্ৰিতা এদেশে যাবিও বা বেতার শোনে তবে সেটা খেয়েদেয়ে খবৱটা শোনার জন্যে। এবং তার পরই আকাশবাণী আৱস্থ করে দেয় উচ্চাঙ্গ শাস্ত্ৰীয় কালোয়াত্মী সঙ্গীত। ওসবে কার, মশাই, ইন্ট্ৰোট ? কিংবা হয়তো তখন ইঁৰিজীতে টক শুনলেন, মশ্তু মশাই বস্তু দিচ্ছেন, জাপানের জাই-ফার্ম'ই কিংবা জান-জিবারের কোপারেটিভ সিস্টেম স্মৰণে।

মেয়েরাই যে আকাশবাণী—অস্তত কলকাতা কেন্দ্রে—মালিক সে কথা ঘৰি বিশ্বাস করতে রাজ্ঞী না হন তবে আমি আর একটি মোক্ষ প্রমাণ কাগজে কলমে পেশ করতে পারি।

‘বেতার-জগৎ’ পাক্ষিক পঠিকাখানির বিজ্ঞাপনগুলো মন দিয়ে পড়লে দেখতে পাবেন তাতে আছে, গয়না, প্রসাধন দ্রব্য, ভেজিটেবল ওয়েল, শাড়ি, কাপড়কাচা সাবান। টাইয়ের বিজ্ঞাপন একটি আছে—সেখানে এক তরুণী টাইট পরিয়ে দিচ্ছেন তাঁর প্রয়জনকে, অর্থাৎ বিজ্ঞাপনটি মেয়েদের জন্যই। কিন্তু সব চেয়ে মারাত্মক কথা—বইয়ের বিজ্ঞাপন প্রায় নেই। এবং এই ‘দেশ’ পঠিকাতে সেই জিনিসেরই ছয়লাপ। স্পষ্ট বোঝা যাচ্ছে, ‘বেতার জগৎ’ মেয়েদের কাগজ, আর ‘দেশ’ প্রধানত প্রযুক্তির কাগজ।

ইয়োরোপের উচ্চতম শীর্ষিক্ত লোকেরা বেতার শোনেন এবং তাঁদেরই চাপে বিবিসিকে একটি ‘হাইব্রাও’—উর্মাসিক—থার্ড’ প্রোগ্রাম আরম্ভ করতে হল। কলকাতা আকাশবাণীর সব চেয়ে পপুলার প্রোগ্রাম—জ্ঞান। সে সময় বেতার-যশ্ত্রের চতুর্দশকে কারা ভিড় জমায় পাঠক সেটি লক্ষ্য করে দেখবেন। আমার নিজের ব্যক্তিগত দৃঢ় বিশ্বাস ‘আকাশবাণী কলকাতা’ যদি প্রতিদিন এক ঘণ্টা ব্যাপী জ্ঞান চালায়। এবং তাতে ধৰ্থা পরিমিত রোধন, আঙোশ, হৃৎকার এবং ন্যাকারি থাকে। তবে লাইসেন্সের সংখ্যা আরো বেড়ে যাবে।

এটা আমি কিছু মস্করা করে বলছি নে। আমার মূল বক্তব্য এই, যখন স্পষ্ট দেখতে পাচ্ছি মেয়েরা কলকাতার রেডিয়ো-কেন্দ্র দখল করে নিয়েছেন (এবং তাঁরা মোটামুটি সন্তুষ্টই আছেন, কারণ খবরের কাগজে কোনো নিষ্পাসনক চিঠি তাঁদের তরফ থেকে আমি বড় একটা দেখি নি) আর প্রযুক্তির ঐ জিনিসটে অবহেলা করে যাচ্ছেন (যাঁরা ওস্তাদী গানে গান, তাঁদের চেলাচামুড়া এবং শ্রোতুসংখ্যা এতই কম যে ‘অন্তরোধ্রের আসরে’ ওস্তাদী গান গাইবার অন্তরোধ্র আসে অতিশয়, সাতিশয়, কালেক্ষনে) তখন কেন বৃথা হাবিজ-জাবি নানা প্রোগ্রাম দিয়ে ‘বৃচি মাজি’ত করা, অধ’লুপ্ত ধারার ধ্রুপদ পুনর্জীবিত করার চেষ্টা, স্বরাজ লাভের পর জেলে কত গ্রেন কুইনিন দেওয়ার ফলে কত প্যাসেট ম্যালেরিয়া রুগ্ণী কমলো সেইটি সাড়ুরে শোনানো, ফাইভ-ইয়ার প্ল্যান—কম্বনিটি প্রজেক্ট ড্রাইফার্ম’ং ইন জন্জিবার। কিংবা জ্ঞাপনও হতে পারে, আমার মনে নেই) শোনানো?

তাই বলে কি কলকাতা বেতার কেন্দ্র শুধু রান্নার রেসিপি আর স্যাঁসেতে নাটক শোনাবে? আবপেই না। এবং সেইটে নিবেদন করার জন্যই আমি অতঙ্গ অবতরণিকা করছিলুম।

এদেশের মেয়েরা শিক্ষায় প্রযুক্তির বেমানানসই পিছনে। সাহিত্য সঙ্গীত নাট্য তাঁদের রুচি সম্বন্ধে অনেকেই অনেক রকম অপ্রয় মন্তব্য করে থাকেন—এমন কি মেয়েরাও। কিন্তু একটা কথা আমি কিছুতেই বিশ্বাস করবো না—মেয়েরা আঝোম্বাতি চায় না।

তাই আমার বক্তব্য, ঐ ‘মাহলা মহল’ ব্যাপারটি ব্যাপকতর করুন। বেলাদ্বি

ইশ্বরাদি উক্তম ভড়কাষ্টার, কিন্তু প্র্যান করুন, কি করে দেশের সব চেয়ে গুণগুণানীকে—স্তৰী এবং পুরুষ দুইই—এ কাজে লাগানো যায়। অবকাশরঞ্জন আনন্দদানকে আন্তে আন্তে উচ্চতর পর্যায়ে তোলা, শিক্ষার প্রসার, সামাজিক কুসংস্কার দুরীকরণ, বহুতর জগতের সঙ্গে পরিচয় বান—ইত্যাদি তাৎক্ষণ্য ব্যাপার, অনেকখানি—সময় নিয়ে—এমন কি বেতারের বারো আনা সময় নিয়ে—ধীরে ধীরে উচ্চতর পর্যায়ে তুলুন, এবং সর্বক্ষণ ঐ মেয়েদের ঢাক্ষের সামনে রেখে। পাঠক এবং শ্রোতা যোগাড় করা বড় কঠিন। এছলে যথন পেয়ে গেছেন তখন এই বেতারের মাধ্যমে দিন না একটা আপ্রাণ চেষ্টা এন্দের আরো আনন্দ দিতে—এন্দের নারীস্থ মনুষ্যস্থ সফলতর প্রণ্তম করতে। জাপানী চাষ শুনিয়ে পুরুষকে তো পাছেনই না, শেষটায় মেয়েদের হারাবেন। ইতো ভৃষ্ট তত্ত্বে নষ্ট।

পুরুষদের জন্য অন্য একটা চ্যানেল ( ওয়েভ লেনথ্ ) নিয়ে ন্তৃত্ব একটা চেষ্টা দিতে পারেন। ফল অবশ্য কিছু হবে না। কারণটা গোড়াতেই নিবেদন করেছি।

### লেডি চ্যাটারলি

নির্মিত মাত্র। আসলে প্রশ্ন দাঁড়িয়েছে, সাহিত্য শ্লীল অশ্লীলে কি কোনো পার্থক্য নেই? যদি থাকে তবে তার বিভাগ করবো কোন সংজ্ঞা দিয়ে? আর যদি করা যায় তবে পুলিসের সাহায্য নিয়ে অশ্লীল জিনিস বন্ধ করবো, না অন্য কোনো পছা আছে?

এ প্রশ্ন আজ এই প্রথম ওঠে নি সেকথা সবাই জানেন, এবং এ কথাও নিশ্চয়ই জানি যে, এ প্রশ্নের চূড়ান্ত সমাধান কোনো দিনই হবে না—যতাদিন না মানুষ গৃহপ লিখবে, ছবি আঁকবে, একে অন্যের সঙ্গে কথা কইবে, এমন কি অঙ্গভঙ্গী করবে ( অধুনা কলকাতার এক বিখ্যাত হোটেলে কোনো নর্ত'কীর ন্তৃত্ব দেখে পুলিস বলে, এগুলো অশ্লীল, নর্ত'কী ও ম্যানেজার বলেন, ওগুলো উচাস্তের ন্ত্যকলা, আদালত বলেন, মহিলাটির ন্তোর পিছনে বহু বৎসরের একনিষ্ঠ কঠোর সাধনা রয়েছে এবং সে ন্ত্য কলাস্তি )।

লেডি চ্যাটারলি খালাস পেলে পর বিলেতে এ নিয়ে প্রচুর তোলপাড় হয়—অবশ্য স্মরণ রাখা ভালো যে, মার্কিন আদালতে লেডি চ্যাটারলির লয়ার ( ‘লাভার’ না লিখে আমেরিকা ‘লয়ার’—‘উকিল’ লিখেছিল ) পুরো জিতে গিয়েছিলেন, এবং গত ত্রিশ বৎসর বইখানা কাণ্টিনেন্টের সর্বশ্রেষ্ঠ ইংরিজীতেও অনুবাদ পাওয়া যেত। আরো মনে রাখা ভালো যে, এসব বাবেই ইংরেজ সব চেয়ে পদ্মী পিসি মার্কা, অর্থাৎ গোড়া। একটা উদাহরণ বিলেই যথেষ্ট হবে। লেও ব্রুম যথন ক্ষাসের প্রধানমন্ত্রী তখন তিনি একখানা বই বেন্ন করেন, নাম ‘মারিয়াজ’—বিবাহ। ভুদেববাবুর ‘পারিবারিক প্রবন্ধ’ গোছের বই—যদিও

ব্ৰহ্মের মণি বস্তু ভূদেববাৰ্তাৰ ঠিক উল্লেটো। নানা কথার ভিতৰ তাৰ অন্যতম মণি বস্তু ছিল, যুক্ত-যুক্তীৱা বিয়েৰ পুৰো পৰিপূৰ্ণ ঘোন অভিজ্ঞতা কৱে নিয়ে বিয়ে কৱলেই ভালো—তা হলে একে অন্যকে বোৰাৰ সুবিধে হয়, বিবাহবিচ্ছেদেৰ আশঙ্কা কমে থায় (!)। ইংৰেজ সমালোচক তখন বলেছিলেন যে, ইংলণ্ডৰ কোনো প্ৰধানমন্ত্ৰী যদি আপন নামে এৱকম একথানা বই প্ৰকাশ কৱতেন তবে পৱেন দিনই তাৰকে মন্ত্ৰস্থ ইন্দ্ৰিয়া দিতে হত।

তাই চ্যাটোৱলি জিতে ধাৰ্ম্মিক পৱ একাধিক প্ৰাচীনপন্থী বললেন,

(১) এ বইয়ে যে ‘নৈতিক আদৰ্শ’ প্ৰচাৰিত হয়েছে সেটা ইংৰেজৰ যুগ যুগ সংগত নৈতিক ঐতিহাসকে চ্যালেঞ্জ কৱেছে ও লক্ষ লক্ষ ধৰ্মপ্ৰাণ নৱনারী এতে কৱে মৰ্মাহত হবেন।

(২) এ বইয়েৰ অনুকৱণে ধৰ্ম বিলাতেৰ যুক্ত-যুক্তীৱা তাৰেৰ ঘোন আদৰ্শ নিৰ্মাণ কৱে তবে দেশেৰ সৰ্বনাশ হবে।

(৩) এ বই আইনে জিতে ধাৰ্ম্মিক এৰ অনুকৱণে—লাই পেয়ে—অশ্বীল তৱ ও জয়ন্তৱ বই বাজাৰ হৰেয়ে ফেলবে।

(৪) এই বই জিতে ধাৰ্ম্মিক সাহিত্যিক তথা সাধাৱণ নাগৰিক আইন-দাজ্জে অনেকথানি এগিয়ে গেল বটে, কিন্তু নীতিৰ রাজ্জে সে পিছিয়ে গেল। দা-কাটা বাঙলায় ;—আইনেৰ জয়, ধৰ্মেৰ পৱাজ্জয়।

নবীনৱাঁ বললেন,

(১) শ্রী-পুৰুষেৰ যে সম্পৰ্ক গোঁড়া ইংলণ্ড বড় জোৱ বৱদাস্ত কৱে নিত, লৱেছে ধাৰ সত্তা মণ্ডল্য দেখিয়ে (কোনো কোনো সমালোচক ‘শিপিৱচ্ছাল’ পঞ্চন্ত বলেছেন) সমাজেৰ অশেষ কল্যাণ কৱেছেন তাৱই জয় হয়েছে।

(২) বাজাৰে ধখন ভূৱিৰ ভূৱি অশ্বীল, পাপ, পৈশাচিক উক্তেজনাদায়ক বই অবাধে বিৰক্তি হচ্ছে তখন লৱেছেৰ এই উক্তম সাহিত্য নিৰ্বাসিত কৱা শুধু যে আহাম্মুকী তা নয়, অন্যায়ও বটে।

(৩) শক্তিশালী সত্যোন্মোচনকাৰী লেখকদেৱ এখন আৱ পুলিসেৱ ভয়ে বিশেষ বিষয় বৰ্জন কৱতে হবে না।

(৪) অশ্বীল কদৰ্য পুস্তক কামকে কদৰ্মেৰ শ্ৰে টেনে নাখিয়ে আনে। লৱেছেৰ বই তাকে সম্মানেৰ উচ্চাসনে বসিয়েছে।

সংস্কৃত অলংকাৰে শ্রীল অশ্বীল নিয়ে কিছুটা আলোচনা আছে। কিন্তু আইন কৱে কোনো বই বৰ্ধ কৱে দেবাৱ প্ৰস্তাৱ কেউ কৱেছেন বলে শুনি নি। হয়তো তাৱ প্ৰধান কাৰণ এই যে, বুঝেৰ আমলেই সংস্কৃত সাধাৱণ জনেৰ পক্ষে কঠিন ভাষা হয়ে দাঁড়িয়েছে ; সে ভাষা আয়ত্ত কৱতে কৱতে মানুষেৰ এতখানি বয়েস হয়ে যেত যে, তখন কি পড়ছে না পড়ছে তাৱ দায়িত্ব তাৱই হাতে ছেড়ে দেওয়া যেত।

কিন্তু আৱৰ্বীতে লেখা আৱব্যোপন্যাস ? সে তো অল্প আৱৰ্বী শেখাৱ পৱেই পড়া যায়। বাজাৰে যে আৱব্যৰজনী ইংৰেজী বা বাঙলাতে পাওয়া ধাৰ্ম্মিক সেগুলোৰ কথা হচ্ছে না ; তথাকথিত ‘আপন্তিজনক’ অংশগুলো সেগুলোতে

নিম্নভাবে কেটে দেওয়া হয়। বারো না আট ভল্লমে বাট'নের ষে ইংরিজী অনুবাদ আছে তাতেও তিনি হিমসিম খেয়ে ‘আনন্দেন্স্লেটেবল’ বলে বেশ কিছু বাদ দিয়েছেন। এমন কি বাইরুতে ক্যাথলিক পাদ্রীদের দ্বারা প্রকাশিত আরবী আরব্যরজনীতেও বিস্তর জিনিস বাদ পড়েছে। এবং আরবভূমিতে ছেলেবৃত্তে সবাই পড়ে সেই সংগ্ৰহ সংস্করণ—কেউ কিছু বলে না।

ফাস্টীতে লেখা জালালউদ্দীন রংমীর মস্নবী গ্রন্থের উপরে উপরে করতে পেলে আমি বড় অনশ্ব বোধ করি। এ বই ইরানের গীতা এবং এতে হেন পাপাচার নাই যার বিশুদ্ধ বিবরণ নেওয়া হয় নি। ইংরিজীতে অনুবাদ করার সময় অনুবাদক দেসব অংশ লাঠিনে অনুবাদ করেছেন। সংস্কৃত শিখতে মানুষ যে রকম হয়ে যায় এবং ধরে নেওয়া হয় তার শাস্তাধিকার হয়েছে—লাঠিনের বেলাও তাই।) অর্থ ইরান ভূমিতে আট বছরের ছেলেও যদি মস্নবী নিয়ে বসে, পিতা এবং গুরু তাতে আনন্দিত হন।

বাংলা গদ্য আরম্ভ হয় ‘পরিষ্কার হাত’ নিয়ে এবং উনিশ শতকের শেষের দিকে দেখতে পাই, ভারতচন্দ্র অশীল আখ্যা পাচ্ছেন। ভিট্টোরঘ ঘুঁগের ছৎবাই তখন আমাদের পেয়ে বসেছে। এরই মাঝখানে রবীন্দ্রনাথ হঠাতে ‘চৌর-পঞ্চাশিকা’ গীতিকাব্যের উদ্দেশ্যে গেয়ে উঠলেন,

‘ওগো সুন্দর চোর  
বিদ্যা তোমার কোন সংধ্যার  
কনক-চীপার ডোর।’ ( ১৩০৪ সন ) কর্পনা।

ভারতচন্দ্র ‘বিদ্যাসুন্দর’ রচেছেন এই চৌরপঞ্চাশিকার প্রট নিয়েই এবং কাব্যের বাংলা অনুবাদও করেছেন। এরকম অনবদ্য খণ্ডকাব্য সংস্কৃত সাহিত্য বিরল।

শ্রীল অগ্রীলে নিচয়ই পার্থক্য আছে। সৎসঙ্গ অসৎসঙ্গে নিচয়ই পার্থক্য আছে। এমন কি কাব্য অশীল না হয়েও অনুচিত হতে পারে। অনেকে মনে করেন, স্বয়ং কালিদাস এ পার্থক্য জানতেন না। কুমারসংস্কৰের অষ্টম সর্গ ‘সম্বৰ্ধে কবিরাজ রাজেশ্বৰণ বলেছেন, ‘জগন্মাতা ও জগৎপিতার এই সংস্কৰণ একটা বিরাট ব্যাপার হইলেও, পাঢ়তে লজ্জা জমে। তাই আলংকারিকগণ এই অষ্টম সর্গের উপর “অত্যন্তমুণ্ডিতম্” বলিয়া কটাক্ষ করিয়াছেন। তবে চিত্রের জন্য যেমন চিত্র দেখা, তেমনই এই হরপার্বতীর বিহার পাঠ, ইহাতে দৈখিকার ও শিখিকার বস্তু প্রচুর। কবির এই আলেখ্য দৈখিয়া চমকাইলে, মহামায়ার “বিপরীতরাত্মুরাম” এই ধ্যানাশ্রেণও পরিহাস করিতে হয় এবং আৰ্দ্ধকৰ্বি বাঞ্ছীক-কৃত গঙ্গাস্তুরের “তুঙ্গনাঙ্গালিতম্” প্রভৃতি অংশ বাদ দিতে হয়। কাব্য কাব্য, তাহা উপনিষদের ক্ষেত্রে দৈখিতে যাহারা চান বা দেখেন, তাহাদের উহা না পড়াই ভালো।’\*

\* পাঞ্চত রাজেশ্বনাথ বিদ্যাভূষণ, কালিদাসের গ্রন্থাবলী, ২য় ভাগ, বস্মৃতী, পৃঃ ১৫৫ পাদটীকা।

କାଲିଦାସେର ତୁଳନାୟ ବାମନ ଲରେନ୍‌ସ୍ ନାଟିକ କାମକେ ଶ୍ଵଗ୍ନୀୟ ( ଶିପାରିଚୁଲାଳ ) ତଥା ତୁଳତେ ଚେଯେଛିଲେନ ! ତା ତିନି ଚେଯେଛିଲେନ କିନା, ପେରେଛିଲେନ କିନା ମେ କଥା ଆମି ଜାଣି ନା,—ତବେ ଆମାର ମନେ ଦୃଢ଼ ବିଶ୍ୱାସ, କାଲିଦାସ ଚେଯେଛିଲେନ ଏବଂ ତାଇ ଜଗମ୍ଭାତା ଓ ଜଗଂପତାର ଦାସପତ୍ରପ୍ରେମ ବର୍ଣ୍ଣନା କରେଛିଲେନ । କାରଣ କାମକେ ସାରି ସତ୍ୟାଇ ପ୍ରତିପବିତ୍ର କରତେ ହୁଏ, ତବେ ମର୍ବ' ଦେଶକାଳିପାତ୍ରେ ପ୍ରଜ୍ଞା ପିତାମାତା ଏବଂ ତାଦେରେ ପ୍ରଜ୍ଞ୍ୟ ଜଗମ୍ଭାତା ଓ ଜଗଂପତାର ଦାସପତ୍ର ପ୍ରେମେର ଚେଯେଓ ଉଚ୍ଚତର ଲୋକ ତୋ ଆର କୋଥାଓ ନେଇ ।

ପ୍ରଷଂଖାଇ ଦେଖିତେ ପାଇଁ, କୋନୋ କୋନୋ ଆଲାଙ୍କାରିକେ ମତେ ତିନି ସନ୍ଧମ ହନ ନି, କାରଣ ତାରା ବଲେଛେନ, କାଲିଦାସ 'ଅତ୍ୟନ୍ତ ଅନ୍ତର୍ଚିତ' କର' କରେଛେନ । ପଡ଼ାର ସମୟ 'ଲଙ୍ଘାବୋଧ' ସର୍ବେ ବିଦ୍ୟାଭୂଷଣ କିମ୍ବୁ ତାର ନିଶ୍ଚା କରେନ ନି । ପଡ଼ାର ସମୟ ଆମାର ମଞ୍ଜକୋଚ ବୋଧ ହୁଏ ନି, କାରଣ ପ୍ରତି ଛାତ୍ରେ ଆମି ପତୀକ୍ଷାୟ ଛିଲାମ, କାଲିଦାସ ଆମାକେ ତାର ଅତୁଳନୀୟ କାବ୍ୟବ୍ସ୍ତୁଟି ପ୍ରସାଦାତ୍ ସର୍ବଶୈଶ୍ଵର ଆମାକେ ଏମନ ଦ୍ୟୋଲୋକେ ଉତ୍କଳୀୟମାନ କରେ ସେବେନ ସେଥାନେ କାମେର ପାର୍ଥବ' ମଲିନତାର କଥା ଆମାର ପ୍ରମରଣେଇ ଥାକବେ ନା । ହୟତୋ ଆମି ତାକ୍ଷମ, କିଂବା କାଲିଦାସେରେ ମେ ଶକ୍ତି ଛିଲ ନା । ବ୍ୟାସେର ସେ ମେ ଶକ୍ତି ଛିଲ ସେ ବିଷୟରେ କୋନୋ ସମେହ ନେଇ । କିମ୍ବୁ କାମ ସମସ୍ତେ ବ୍ୟାସେର ମନେ କୋନ ଦ୍ୱାରା ଛିଲ ନା ବଲେ ତିନି ନିର୍ମିଷ୍ଟ ଭାବେ ତାର ବର୍ଣ୍ଣନା ଦିଯେଛେନ ।

ରଚନା ଦୌର୍ବ ହୁୟେ ଯାଛେ । ସଂକ୍ଷେପେ ନିବେଦନ,

ଇରୋରୋପେର ଅନ୍ତରେ ସାରି ଆମରା ଅତ୍ୟଧିକ ଶୁଦ୍ଧିବାୟୁଗ୍ରହ୍ଣ ହୁୟେ କାମକେ ମାହିତ୍ୟ ଥେକେ ତାଡିଯେ ଦେଇ ତବେ ନିଛକ ନିଜ'ଲା ଅଶ୍ଵିଲ ରଚନା ଉତ୍ତରୋତ୍ତର ବେଡ଼େଇ ଥାବେ । ଆଟେର କାଜ ତାକେ ଆର ପାଠ୍ଟା ବିଷୟବସ୍ତୁର ମତ ଆପନ କାବ୍ୟଲୋକେ ରମ୍ଭସରଙ୍ଗେ ପ୍ରକାଶ କରା । କାଲିଦାସ କରେଛେ, ଚାଡ କବି କରେଛେ, ବିଦ୍ୟାପାତି ଭାରତଚନ୍ଦ୍ର କରେଛେ ।

ଅଶ୍ଵିଲ ମାହିତ୍ୟ ତାଡ଼ାବାର ଜନ୍ୟ ପୁଲିସ ମେନ୍‌ସର ବୋଡ' ବିଶେଷ କିଛୁ କରତେ ପାରବେ ନା । ମାର୍କିନ ମୁଲ୍କରେ ତାରା ଆପନ ହାର ମେନେ ନିଯେଛେ । ବିଶେଷତ ମାହିତ୍ୟକରାଇ ସଥନ ଶ୍ଵେତ ଅଶ୍ଵିଲେ ଠିକ କୋଥାୟ ପାର୍ଥକ୍ୟ ମେ ଜିନିସଟା ସଂଜ୍ଞା ଏବଂ ବର୍ଣ୍ଣନା ଦିଯେ ଭାଲୋ କରେ ବୁଝିଯେ ବଲତେ ପାରେନ ନି ।

ସଂଖ୍ୟତ ଆରବୀ ଫାମ୍‌ସି'ତେ ନିଛକ ଅଶ୍ଵିଲ ରଚନା ଅତି ଅମ୍ପ । ତାର କାରଣ ଗ୍ରଣ୍ଜୀଜ୍ଞାନୀର ରୁଚିବୋଧ ଓ ସାଧାରଣ ଜୀବନ ଶ୍ଵର୍ଭବ୍ୟାଧି ଓ କାନ୍ଦଜ୍ଞାନ-ବୋଧ ( କରନ ମେନ୍‌ସ ) । ନିଭ'ର କରତେ ହବେ ପ୍ରଧାନତ ଏହି ଦ୍ୱାଟି ଜିନିସେର ଉପର ।

ପାଠକ ହୟତୋ ଶୁଦ୍ଧୋବେନ, ଚ୍ୟାଟାରଲି ବିଦ୍ୟାନା ଆମି ପଡ଼େଇ କିନା ? ପଡ଼େଇ । ଯୋବନେ ପ୍ୟାରିସେ କାହେତେ ବସେ ପଡ଼େଇ । ଭାଲୋ ଲାଗେ ନି । ଲରେନ୍‌ସ୍ ଥା ପ୍ରମାଣ କରତେ ଚେଯେଛେ ମେ ଅତି ସାଧାରଣ ଜିନିସ । ଏବଂ ଏ ଅତି ସାଧାରଣ ବ୍ୟତଃମନ୍ଦ ଜିନିସ ପ୍ରମାଣ କରତେ ଗିରେ ତିନି ଦେଗେଛେନ ବିରାଟ କାମାନ । ଏବଂ କାମାନଗୁଲୋ ପରିଶକାର ନନ୍ଦ ।

## ଛୁଟିରେ ଶିଖାର

ଆମରା ମହିନାରେ ଲୋକ । କଳକାତା ଶହରେ କି ହୁଏ, ନା ହୁଏ, ଆମାଦେର ପକ୍ଷେ ଖବର ରାଖା ସମ୍ଭବପର ନାହିଁ । ବଯେସଓ ହୁଅଛେ ; ଛେଲେଛୋକରାଦେର ମତିଗାତ, କର୍ମ-କାରବାରେର ସଠିକ ଖବରଓ କାନେ ଏମେ ପେଣ୍ଟାଇଯ ନା ।

ମାସ କଥେକ ପ୍ରବେର୍ ପ୍ରବେର୍-ପାର୍କିସ୍ତାନେ ବେଡ଼ାତେ ଗିରେଛିଲୁମ । ମେଥାନକାର ଏକ କାଗଜେ ପଡ଼ିଲୁମ ଇଉନେଶ୍କୋ ନାର୍କି କିଛୁଦିନ ପ୍ରବେର୍ ପ୍ରଥିବୀର ବଡ଼ ବଡ଼ ଶହରେ ମଧ୍ୟପାନ କୋନ୍ ବହରେ ବାଡ଼ାଇଁ, ତାର ଏକଟା ଜାରିପ ନେନ ଏବଂ ଫଳେ ଏକଟି ମାରାଞ୍ଚକ ତ୍ରୈ ଆବିକୃତ ହୁଅଛେ । ମେଟି ଏଇ :—ପ୍ରଥିବୀର ବଡ଼ ବଡ଼ ଶହରେର ସେ କଟାତେ ମଧ୍ୟପାନ ଭୟକରରିପେ (ଇନ ଏଣ୍ ଏଲାମି'୯ ଡିସ୍ଟ୍ରିବ୍ୟୁ) ବେଡ଼େ ଯାଇଁ, କଳକାତା ତାର ମଧ୍ୟେ ପ୍ରଧାନ ସ୍ଥାନ ଧରେନ !

ବାଙ୍ଗଲୀ ସବ ଦିକ ଦିଯେ ପିଛିଯେ ଯାଇଁ, କିନ୍ତୁ ଅନ୍ତରେ ଏକଟା ଦିକେ ଏଗିଯେ ଯାଇଁ ଶୁଣେ ଆମାର ଉଲ୍ଲାସ ବୋଧ କରା ଉଚିତ ଛିଲ, କିନ୍ତୁ ବହୁ ଚେଷ୍ଟା କରେଓ ପାରିଲୁମ ନା । ଢାକାର ଏକ ଆମଓଲାକେ ସଥନ ବଲେଛିଲୁମ ସେ ତାର ଆମ ବଡ଼ ‘ଛୋଟୋ’ ‘ଛୋଟୋ’, ତଥନ ସେ ଏକ ଗାଲହେସେ ଦେଖାକ କରେ ବଲେଛିଲ, ‘କିନ୍ତୁ, କିନ୍ତୁ, ଆର୍ଡ (ଅର୍ଟିଂ) ଗ୍ଲୋଇନ୍ ବରୋ ଆଛେ !’ ସର୍ବକ୍ଷେତ୍ରେ ପିଛିଯେ ଯାବାର ଆମ ଛୋଟ, ଆର ମଧ୍ୟପାନେର ‘ଆର୍ଡିଡା’ ‘ମୋଡା’ ଏ-ଚିନ୍ତାଟା ରଖାଲ ନାହିଁ—କୋନୋ ଅର୍ଥେହି !

ଫେରାର ମୁଖେ କଳକାତାତେ ଡେକେ ପାଠାଲୁମ ଖିଜେନକେ । କଲେଜେର ଛୋକରା—ଅର୍ଥାତ୍ କଲେଜ ସାଓୟାର ନାମ କରେ କର୍ତ୍ତା ହେଲା ସାଇ—ବାରେନ୍ଦ୍ର ବ୍ରାହ୍ମଣ ; ଶୁଣେଛି ଏଦେର ମାଥାଯ ପେରେକ ପର୍ତ୍ତଲେ ଇଶ୍କ୍ରୁ ହୁଏ ବେରୋଯ—ମଗଜେ ଆୟନ ପ୍ରୀଟ ; ତଥିପାରି ଆମାର ଶାଗରେଦେଇ !

ତାକେ ଆମାର ଅଧ୍ୟନାଲିଖ ମାଦକୀୟ ଜ୍ଞାନଟିକୁ ଜୀବିତେ ବଲିଲୁମ, ‘ଆମ ତୋ ଜ୍ଞାନତୁମ, ଇଂରିଝୀ ଶନେଇ ଶନେଇ ଡ୍ରାଇ ହୁଏ ଯାଇଁ—ଏ ଆବାର କି ନୁତନ କଥା ଶାନ୍ତିନ ?’

ଗର୍ବକେ ଜ୍ଞାନଦାନ କରତେ ପାରିଲେ ଶିଶ୍ୟ ମାତ୍ରାଇ ପ୍ରକାନ୍ତବ କରେ—କାବେଲ, ନାବାଲକ ଯାଇ ହୋକ ନା କେନ । ଶର୍ଣ୍ଣତରେଓ ଚିନ୍ତା ନା କରେ ବଲିଲେ, ‘ମଧ୍ୟପାନ କଳକାତାତେ କାରା ବାଡ଼ାଇଁ ଜୀବିତ ନେ, ତବେ ଏକଟା କଥା ଠିକ ଠିକ ବଲିତେ ପାରି, କଲେଜେର ଛୋକରାଦେର ଭିତର ଓ ଜିନିସଟା ଭୟକର ବେଡ଼େ ଯାଇଁ ; ସେ ବିଷୟେ କୋନ ସମ୍ବେଦନ ନେଇ । ‘ଭୟକର’ ‘ଭୀଷଣ’ ‘ଦୀର୍ଘ’ କଥାଗ୍ରହଣ ଆମରା ନା ଭେବେଇ

୧ ଏଇ ଏକଟି ଇଂରିଜୀ ପାଠାନ୍ତର ଆଛେ । ବିଥ୍ୟାତ ‘ରମ୍-ରଚନା (ବେଳ୍‌ଲେଣ୍ଟର) ଲେଖକ ଚାର୍ଲେନ୍ ଲ୍ୟାମ୍’ ( ଏଦେଶେ ପ୍ରଧାନତ ‘ଶେକ୍-ସିପିଆରେର ଗଳପ’ ପ୍ରଗେତା ରାପେ ପରିଚିତ ) ପ୍ରାୟଇ ଦଫତରେ ଦେଇରିତେ ପେଣ୍ଟାଇଛେ । ଏକଦି ବଡ଼ବାବୁ ତାଙ୍କେ ହାତେ-ନାତେ ଧରେ ଫେଲେ ବଲିଲେ, ‘ମିଃ ଲ୍ୟାମ୍, ଆମାର କାହେ ଖବର ପେଣ୍ଟାଇଁ, ଆପଣି ଆପିମେ ଦେଇରିତେ ଆମେନ !’ ଲ୍ୟାମ୍ ନାର୍କି ଢାକାର ଆମଓଲାର ମତିଇ ଏକ ଗାଲ ହେସେ ବଲେଛିଲେନ, ‘କିନ୍ତୁ ଏ ଖବର କି ପେଣ୍ଟାଇଁ ସେ, ଆମି ତାଡ଼ାତାଡ଼ି ବେରୋଯେ ଥାଇ ?’

বলে থাকি, কিন্তু ইউনিশেকা যথন ‘এলামি’<sup>১</sup> শব্দটি ব্যবহার করেছেন, তখন সঠিক ‘ভয়ঙ্করই’ বলতে চেয়েছেন। দ্বিজেন সেটা কনফার্ম করলে। (কলেজের ছোকরারা আমার উপর সময় থাকুন; এটা আমার মত নয়, দ্বিজেনের।)<sup>২</sup>

বললে, ‘এবারে যে মধ্যপ্রে আপনার সঙ্গে দেখা করতে পারি নি, তার কারণ আমি আদপেই মধ্যপ্রে যাই নি—যথন শুনলুম, ইয়াররা যাচ্ছেন বিয়ার পার্টি করতে সেখানে। ওদের চাপ ঠেকানো আমার পক্ষে অসম্ভব হত—এদিকে মাঝের পা ছুঁয়ে কিরে কের্টেছি মন খাব না।’

শ্রাদ্ধ তাহলে অনেকখানি গাড়িয়েছে।

সে সম্ম্যায় আমাদের বাড়িতে দোখ, মেলাই কলেজের ছেলেমেয়ে এসেছে। আমার ভাতিজীর ইয়ারী-বঞ্চী, বাধ্য-বাধ্য। মাঝে-মধ্যে ওদের সঙ্গে বসলে ওরা খুশীই হয়।

ইচ্ছে করেই ফুর্ট-ফার্ট’র দিকে কথার নল চালালুম। ঢোর ধরা পড়লো। অথাৎ মন্দ্যপানের কথা উঠল।

সৌধিন আমার বিস্তর জ্ঞান সংগ্রহ হয়েছিল। একের অজ্ঞতা যে অন্যের জ্ঞান সংগ্রহের হেতু হতে পারে, সে-কথা এতীবন জানতুম না।

এক ‘গণী’ হঠাতে বলে উঠলো, বিয়ারে আবার নেশা হয়!

আমি আশ্চর্য হয়ে বললুম, ‘বলিস্ কি রে? ইয়োরোপের শতকরা ৮৫ জন লোক যথন নেশা করতে চায়, তখন তো বিয়ারই খায়। ওয়াইন খায় কটা লোক, সিপারিট—’

বাধা দিয়ে বললে, ‘বিয়ারও তো ওয়াইন।’

আমি আরো আশ্চর্য হয়ে বললুম, ‘তওবা, তওবা! শুনলে গুনাহ হয়। ওয়াইনে কত পাসে’টেজ এলকহল, আর বিয়ারে কত পাসে’ট, সিপারিটে—’

‘এলকহল?’

‘বাই উয়েইট অথবা ভলুম। বিশীটা—মানে ভৱ্যকার খড়তুতো ভাই—তার হিসেব আশ্ডার প্রফুল্ল, অভার প্রফুল্ল। লিক্যোর—’

‘মানে লিকার?’

আমি প্রায় বাকাহারা। ‘লিক্যোর তো আবিষ্কার করেছে প্রধানতঃ ক্যার্থালিক সাধুসম্মানীয়া (মংক)। বেনিডিক্টিম—’

‘সাধুসন্তোষ আবিষ্কার করলেন মন!’

প্রবেই বলেছি, সৌধিন আমার বিস্তর জ্ঞানার্জন হয়েছিল। ওদের অজ্ঞতা থেকে।

তারো পুরো বলা উচিত ছিল ষে, আমি মন্দ্যপানবিরোধী। তবে সরকার যে পর্যাপ্তিতে এগোছেন, তার সঙ্গে আমার ঘতের মিল হল না। সে কথা আরেকবিন হবে।

‘ওষধাথে’ ডাক্তাররা কখনো কখনো মদ দিয়ে থাকেন। শ্যাম্পেন গিলিয়ে বিলে ভিরমি কাটে তাড়াতাড়ি। কিন্তু শ্যাম্পর চেয়ে শ্যাম্পেনে খরচ বেশী পড়ে বলে কণ্টনেটের ভালো ভালো নাসিৎ হোম ছাড়া অন্য কোথাও বড় একটা ব্যবহার করা হয় না। কৃত্রিম ক্ষুধা উদ্দেকের অন্যও শোর বা পোর্ট ব্যবহৃত হয়। এ সব ব্যাপার সম্বন্ধে আমার হী, না, কিছু বলার নেই। তবে শীতের দেশে শ্যাম্প না খেয়ে গুড়ের সঙে কালো কফি খেলেও শরীর গরম হয়—এবং প্রতিক্রিয়াও কম। বহু ধর্মপ্রাণ হিস্ট্ৰ এবং মুসলিমান কবরেজ-হেঁকমের আদেশ সর্বেও সুরাপান করেন নি—ভয়কর একটা কিছু ক্ষতি হতেও শুনি নি।

মোস্দা কথায় ফেরা যাক।

বিয়ারে নেশা হয় না, এর মত মারাঘক ভুল আর কিছুই নেই। পুরোই বলেছি, ইয়োরোপে শতকরা ৮৫ জন লোক বিয়ার খেয়েই নেশা করে মাতলামো করে।

‘ওয়াইন’ বলতে যাদিও সাধারণতঃ মাদক দ্রব্য বোঝায়, তবু এর আসল অর্থ, আঙুর পাঁচিয়ে যে সুরা প্রস্তুত হয়, তারই নাম ওয়াইন। ‘দ্রাক্ষাসব’-এর শব্দে অনুবাদ ( অবশ্য বাজারে যে-সব তথাকথিত দ্রাক্ষাসব আছে, তার ভিতর কি বস্তু আছে আমার জানা নেই )।

বিয়ারে ৪ থেকে ৬ পারসেণ্ট এলকহল থাকে—বাদৰাকি প্রায় সবটাই জল। নেশা হয় এই এলকহলেই। ওয়াইনের পাসেণ্টেজ দশ থেকে পনেরো। তবু বিয়ার খেয়েই নেশা করে বেশী লোক। ওয়াইন খান গুণীরা—এবং ওয়াইন মানুষকে চিন্তাশীলও অপেক্ষাকৃত বিমর্শ করে তোলে।

প্রথিবীতে সব চেয়ে ভালো ওয়াইন হয় ফ্রান্সে। বোর্দো ( Bordeaux ) অঞ্চলে তৈরী হাল্কা লাল রঙের এই ওয়াইনকে ইংরিজীতে বলা হয় ব্র্যারেট। তাছাড়া আছে বাগেণ্ড এবং শ্যাম্পেন অঞ্চলের বিখ্যাত ওয়াইন। এসব ওয়াইন আঙুর পাঁচিয়ে ফামেণ্ট করার সময় যাদি কাব'ন ডায়োক্সাইড বেরিয়ে না যেতে দেওয়া হয়, তবে সেটাকে ‘সফেন’ ওয়াইন ( এফারভেন্সেণ্ট ) বলা হয়। বোর্দো বাগেণ্ড ব্র্জব্রজ করে না—শ্যাম্পেন করে। শ্যাম্পেন খোলা মাত্রই তাই তার কক' লাফ দিয়ে ছাতে ওঠে, এবং তার বৃদ্ধি পেটের ইন্টেন্টিনাল ওয়ালে খোঁচা মারে বলে নেশা হয় তাড়াতাড়ি ( ভিরমি কাটে তিড়িবড়ি ) এবং স্টল ( অর্থাৎ ‘ফেনাহীন’ ) ওয়াইনের মত কিছুটা বিমর্শ-বিমর্শ দে তো করেই না, উল্টে চিনাকাশে উড়ুক্কু উড়ুক্কু ভাবটা হয় তাড়াতাড়ি।

জ্যোনির বিখ্যাত ওয়াইন রাইন ( ইংরিজীতে হক্ ) ও মোজেল। রাইন ওয়াইনের শ্যাম্পেনও হয়, তবে তাকে বলা হয় জেক্ট। শ্যাম্পেনের তুলনায় জেক্ট, নিকৃষ্ট। অথচ এই জেক্ট ফ্রান্সে বেচে হৈর ফন্ডেনটিপ প্রচুর পয়সা কামান। হিটলার নিজে মদ খেতেন না, কিন্তু যখন শুনলেন রিবেনটিপ শ্যাম্পেনের দেশে ও'চা জেক্ট, বিক্রি করতে পেরেছেন, তখন বিমোহিত হয়ে বললেন, ‘যে ব্যক্তি জেক্টের মত রঞ্জি মাল ফ্রান্সে বেচে ত পারে, সে পয়লা নব্বৰী সেলস্ম্যান। একে আমার চাই—এ আমার আইডিয়াজ ইংলিশে বেচতে

পারবে ?' সবাই জানেন, ইনি পরে হিটলারের পররাষ্ট্র মন্ত্রী হয়েছিলেন ও সর্বশেষে ন্যূরনবের্গে ফাসীকাঠে ঝুলেছিলেন।

হাস্পৈরির বিখ্যাত ওয়াইন টকাই ও ইতালির কিয়ান্তি।

কাশ্পৈরির আঙুর দিয়ে ভালো ওয়াইন হওয়ার কথা। তাই তৈরী করে চীন, জাপান, অস্ট্রেলিয়া ও আফ্রিকায় চালান দেওয়ার আমি পক্ষপাতী। অবশ্য ওরা যদি কখনো ড্রাই হতে চায়, তবে অন্য কথা।

আপেল ফার্মেণ্ট করে হয় সাইডার, মধু ফার্মেণ্ট করে হয় মীড (সংকৃত 'মধু' থেকে মধুবী, পুরুকে মেথু মানে মদ, জর্মনে মেট—সব শব্দই সংকৃত মধু থেকে)। আমেরি রস ফার্মেণ্ট করে মদ থেকেন বিখ্যাত কৰি গালিব। আনারস ও কালোজাম পচিয়েও নার্কি ভালো ওয়াইন হয়। সাঁওতাল, আদিবাসী ও বিস্তর পার্বত্য জাতি ভাত পচিয়ে বিয়ার বানিয়ে থায়; কিন্তু ফার্মেণ্ট করার ভালো কায়দা জানে না বলে তিনি সাড়ে তিনের চেয়ে বেশী এলকহল পচাইয়ে তুলতে পারে না। এদের সর্বস্ব, এদের জরু-গোরু এমন কি এদের গরল আঘাতের পর্যন্ত সর্বনাশ করেছে ইংরেজ—চোলাই (ডেস্টিল্ড) 'ধানোশ্বরী' কালীগার্ক এদের মধ্যে চালু করে। এই 'ধানোশ্বরী' একেবারে সংপূর্ণ ব্যথ না করা পর্যন্ত এদের উচ্চার নেই। আমার কথা বিশ্বাস না হলে উড়িষ্যার প্রাক্তন প্রধানমন্ত্রী নবকৃষ্ণ চৌধুরীকে শুধোবেন। ইনি আদিবাসীদের জন্য বহু আঘাত্যাগ করেছেন এবং তাঁর প্রতিষ্ঠিত অনুগ্রহ আগ্রহে আদিবাসীরাও শিক্ষালাভ করে। ইনিও আদিবাসীদের ড্রাই করতে চান; কিন্তু সরকার যেভাবে এগোছেন তার সঙ্গে তাঁর একদম মতের মিল হয় না।

জাপানীদের সাকে মদ ভাতেরই পচাই, চীনাদের পচাই, 'চ'-য়ে কির্ণিৎ ভুট্টা মেশানো থাকে।

ভারতবর্ষের তাড়ি (ফার্মেণ্টেড খেজুর কিংবা তালের রস) বস্তুটিকে ওয়াইন পর্যায়ে ফেলা যেতে পারে। প্রথিবীর তাৎক্ষণ্য মাদক দ্রব্যের ভিতর এই বস্তুটিই অনিষ্ট করে সব চেয়ে কম। একমাত্র এই জিনিসটাই সংপূর্ণ ব্যথ করা উচিত কি না সে বিষয়ে আমার মনে কির্ণিৎ সন্দেহ আছে। তবে থাঁটি তাড়ি সচরাচর পাওয়া থায় না; লোভী শৰ্পড়িরা তাড়ির সঙ্গে দিশী চোলাই মদ (ধানোশ্বরী) মিশিয়ে তার এলকহল বাড়িয়ে বিক্রি করে। মাতালরাও সচরাচর নির্বাধ হয়।

\* \* \*

এতক্ষণ পচাই অর্থাৎ ফার্মেণ্টেড বস্তু সংবচ্ছে বর্ণনা হচ্ছিল। এবারে ডেস্টিলড বা চোলাই। চোলাই বস্তুর নাম ক্রিপ্রিটস্—যদিও শব্দটি সর্বপ্রকার মাদক দ্রব্যের জন্যও ব্যবহার হয়।

আঙুর পচিয়ে ওয়াইন বানিয়ে সেটাকে বক ষষ্ঠ দিয়ে চোলাই করলে হয় ব্র্যান্ড—অর্থাৎ ব্র্যান্ড করা বা পোড়ানো হয়েছে। একমাত্র ফরাসী দেশের ব্র্যান্ডকেই (তাও সব ব্র্যান্ড নয়) বলা হয় কন্যাক (Cognac)। মল্ট-বার্লি'কে পচিয়ে হয় বিয়ার; সেটাকে চোলাই করলে হয় হ্রাইক্রি। তাড়ি চোলাই করলে

হয় এরেক (শৰ্ষটা আসলে ‘আরক’ কিন্তু আরক অন্য অর্থেও ব্যবহৃত হয় বলেই এছলে ‘এরেক’ প্রয়োগ করা হল )। সেটাকে দ্বার ঢোলাই করে খেতেন বশ্র মাতাল বাদশা জাহাঙ্গীর । এরেকে ষাট পাসেন্ট এলকহল হয়—ডবল ডেস্টিল করলে আশী পথ’স্ত ওঠার কথা । সেইটে খেতেন নিঝ’লা ! আখের রস ফামে’ষ্ট করার পর ঢোলাই করলে হয় ‘রাম’ । সংস্কৃতে ‘গোড়ী’—গুড় থেকে হয় বলে । জামেকার রাম্ বিশ্ববিখ্যাত । কিন্তু ভারতীয় রাম্ যদি সঘস্থে তৈরী করে চালান দেওয়া হয়, তবে জামেকাকে ধায়েল করা আমাদের পক্ষে অসম্ভব নয় । আমি ফরেন এক-সচেল বাড়নোর স্বপ্ন দৈখ বলেই এই প্রস্তাবটি পাড়লুম । রামে এত লাভ যে তারই ফলে চিনির কারবারীরা চিনি সন্তা দরে দিতে পারে । জাভার চিনি একদা এই কারণেই সন্তা ছিল । জিন তৈরি হয় শস্য দিয়ে এবং পরে জেনিপার জামের সঙ্গে মেশানো হয় । খুশবাইটা ঐ জেনিপার থেকে আসে ।

এসব গোলাই করা পিপারিটসে ৩৫ থেকে আরম্ভ করে ৮০ ভাগ এলকহল থাকে । হুইস্কি ট্র্যাংডের চেয়ে রামে এলকহল বেশী, তার চেয়ে বেশী ডবল-চোলাই এরেকে এবং সব চেয়ে বেশী আব্স্যার্টে ! তাই ওটাকে ‘স্বরূজ শয়তান’ বলা হয় । শুনেছি, ও জিনিস বছর তিনেক নিয়মিত ভাবে খেলে মানুষ হয় পাগল হয়ে যায়, না হয় আঘাত্যা করে, কিংবা ডেলিরিয়াম ট্রেমেনসে মারা যায় । ইয়োরোপের একাধিক দেশে এটা সংপ্রণ‘ নিষিদ্ধ হয়ে গিয়েছে ।<sup>৩</sup>

সচরাচর মানুষ এসব পিপারিটস নিঝ’লা খায় না : হুইস্কিতে যে পরিমাণ সোডা বা জল মেশানো হয় তাতে করে তার এলকহল ডাইল্যুটেড হয়ে শক্তি কমে যায় । ফলে এক গেলাস হুইস্কি-সোডাতে যতখানি নেশা হয়, দু গেলাস বিয়ারে তাই হয় । অবশ্য নিঝ’লা হুইস্কি যতখানি খেয়ে স্বাস্থ্যের সর্বনাশ করা যায়, বিয়ারে প্রচুর জল আছে বলে ততখানি পেটে ধৰে না বলে খাওয়া যায় না । তবে অবশ্য কেউ যদি অতি ধীরে ধীরে হুইস্কি খায় এবং অন্যজন সাততাড়া-তাড়ি বিয়ার খায় তবে নিতীয় জনেরই নেশা হবে আগে ।

অতএব বিয়ারে নেশা হয় না, এ বড় মারাত্মক ভুল ধারণা । ভুবনবিখ্যাত ম্যানিক-বিয়ারে তো আছে কুল্লে তিন, সাড়ে তিন পারসেন্ট এলকহল । যারা গ্রাস্তায় মাতলামো করে, তারা তো ঐ খেয়েই করে ।<sup>৪</sup>

এদেশে আরেকটা বিপদ আছে । আঙুর সহজে পাওয়া যায় না বলে আমাদের অনেক ট্র্যাংডেই আছে ডাইল্যুটেড এলকহল এবং তার সঙ্গে মিশিয়ে দেওয়া হয়েছে ট্র্যাংডের সিনহেটিক সেন্ট—অর্থাৎ আঙুরের রস এতে নেই । অনেক সরল লোক ঝু-সার্বিং সারাবার জন্যে, কিংবা দ্বৰ্বল রোগীর ক্ষুধা বাড়াবার জন্য

৩ আব্স্যার্টের শোচনীয় পরিণাম সম্বন্ধে একটি ফরাসী গম্পের অনুবাদ করেছিলেন জ্যোতির্নন্দনাথ ঠাকুরে, নাম ‘স্বরূজ শয়তান’ । বস্তুতী গ্রন্থাবলী ।

৪ আশ্বয়ে’র বিষয়, ইয়োরোপের সব শহরের মধ্যে ম্যানিকই সব চেয়ে বেশী দুর্ধ থায় । আমাদের গডাড়ের মত ।

এই 'গ্র্যান্ড' খাইয়ে রোগীর ইচ্ছের পরিবহতে' অনিষ্ট ডেকে আনেন। এ-বিষয়ে সকলেরই সাবধান হওয়া উচিত—বিশেষ করে যে সব লোক নিজের বা আত্মীয়জনের ডাঙ্গারী করেন।

ঙ্কাসে অত্যধিক মদ্যপান এমনি সমস্যাতে এসে দাঁড়িয়েছে যে, তার একটা প্রতীক্ষিক মধ্যপান করা বড়ই প্রয়োজন হয়ে উঠেছে। কিন্তু কেউই সাহস করে তার বিরুদ্ধে দাঁড়াতেপারেন না। প্রাক্তন প্রধানমন্ত্রী মান্দেজ-ফৈস চেষ্টা করেছিলেন; অনেকে বলেন প্রধানমন্ত্রী হারান তিনি প্রধানত এবং গৃহ্যত এই কারণে। আমেরিকা ও নরওয়েও চেষ্টা করেছিল, সফল হয়ে নি। রাজা ষদিও আইনের বাইরে তবু নরওয়ের রাজা একাদিন দণ্ড করে বলেছিলেন, 'দেখা যাচ্ছে, মদ না-খাওয়ার আইন একমাত্র আগ্রাহী শান্তি—আর সবাই তো শুনি বে-আইন খেয়ে যাচ্ছে।'

বৈদিক, বৌদ্ধ ও গুপ্ত যুগে মাদকদ্রব্য সেবন করা হত ও জ্যুথেলারেওয়াজ ছিল। আমার ব্যক্তিগত বিশ্বাস শঙ্করাচার্য যে নব হিন্দু ধর্ম 'প্রচার করলেন সেই সময় থেকেই জনসাধারণে মদ্যপান ও জ্যুথেলা প্রায় বৃদ্ধ হয়ে যায় (অবশ্য মুনিধৰ্মীরা মাদক দ্রব্য ও ব্যসন বারণ করেছিলেন খৃষ্টের পূর্বেই) এবং পাঠান-মোগল যুগে রাজা রাজড়া এবং উজীর-বাদশারাই প্রধানত মাদক দ্রব্য সেবন করেছেন। 'চরমে চরম মিশে' বলেই বোধ হয় অনুরূপ সংপ্রদায় ও আদিবাসীরাও খেয়েছে। ভারতবর্ষ 'কোন' অবিশ্বাস্য অলৌকিক পর্যাততে এদেশে একদা মদ জ্যু প্রায় নিম্নৰূপ করতে সক্ষম হয়েছিল সেটা আমি আবিষ্কার করতে পারি নি। পারলে আজ কাজে লাগানো যেত। ইংরেজ আমলে মদ্যপানের কিছুটা প্রচার হয়—মাইকেল ও শিশির ভাদ্রড়ী নীলকণ্ঠ হতে পারলে ভালো হত। ঐ সময় ব্রাহ্মসমাজ, বিবেকানন্দ, অরবিন্দ, ববীন্দ্রনাথ, গাঁধী ষে জীবন ও আদর্শ 'সামনে ধরেন তার ফলে মদ্যপান প্রসার লাভ করতে পারে নি। শুনলুম, এখন নার্কি কোনো কোনো তরুণ 'র্যাবো-র্যাবো ভেরেরেন-ভেরেরেন' করে এবং ওদের মত উত্তম (?) কর্বিতা না লিখে অন্য জিনিসটার সাধনায় সুস্থ পায় বেশী। ইতিমধ্যে কলকারখানা হওয়ার দরুন ঢা-বাগানে জুটি মিলে মদ ভয়়কর-মৃত্যুতে দেখা দিল। মাঝিমাঙ্গারা অর্থাৎ সেলারঠা মাতলামোর জন্য বিখ্যাত—কিন্তু আশ্চর্য, ভারতীয় ও পার্কিস্টানী খালাসীরা মদ খায় না। আমাদের সৈন্যবাহিনীতে যেটুকু মদ্যপান হয় তাও তুচ্ছ। কলকাতার শিখদের দেখে কেউ যেন না ভাবেন যে, দিল্লী-অম্বতসরের সম্ভাস্ত শিখরা মদ খান। ধর্ম-প্রাণ শিখ মদ্যপানকে মুসলিমানের চেয়েও বেশী ঘৃণা করেন ও বলেন, ইংরেজ শিখকে পল্টনে ঢুকিয়ে মদ খেতে শেখায়।

হিন্দু বৌদ্ধ জৈন ধর্ম ও ইসলামে মদ্যপান নিষিদ্ধ—ইহুদী খ্রিস্টান ও জরথুস্ত্রী ধর্মে 'পরিমিত মদ্যপানকে বরবাস্ত করা হয়েছে। এবং ঐ সব ধর্মের বহু প্রগতিশীল গুণী-জ্ঞানীরা অধুনা মদ্যপানবরোধী।

মদ্যপান এখনো এবেশে কালমৃত্যুতে দেখা দেয় নি, কিন্তু আগের থেকে সাবধান হওয়া ভালো। কিন্তু—পূর্বেই বলেছি—সরকার যে ভাবে এগোছেন

তার সঙ্গে আমার মত মেলে না। একটা উদাহরণ দি। কয়েক বৎসর পূর্বে দিল্লী শহরে পারিক জ্ঞানিক অর্থাৎ বারবেন্টোরাঁতে মদ খাওয়া বন্ধ করে দেওয়া হল। হ্রস্ব হল, যারা খাবে তারা মদের দোকান থেকে পুরো বোতল কিনে নিয়ে অন্যত্র খাবে। অন্যগুলি মানে কোথায়? স্পষ্টতঃ বোবা গেল বাড়িতে। কারণ পার্কে বা গাছতলায় বসে খাওয়াও বারণ। আমার প্রশ্ন, এটা কি ভালো হল? একদম বন্ধ করে দ্বাও, সে কথা বুঝি; কিন্তু যে দেশে মদ খাওয়াটা নিষ্পন্নীয় বলে ধরা হয়—বিশেষত মানোনেরা এর পাপসপশ্রের চিন্তাতেও শিউরে উঠেন—সেখানে ঐ জিনিস বাড়ির ভিতর প্রবর্তন কি উন্নত প্রস্তাব? শুনেছি দিল্লীতে একাধিক পরিবারে এই নিয়ে দাঃপত্য কলহ হয়েছে। খবরই স্বাভাবিক। এতদিন স্বামী বাইরে বাইরে খেয়ে বাড়ি ফিরতেন। ছেলেমেয়েরা অধিকাংশ স্থলেই কিছু জানতো না। এখন দাঁড়ালো অন্য পরিস্থিতি। ওঁদের ব্যাচেলারদের বৈঠকখানাতে যে হটগোল আরম্ভ হল তার প্রতিবাদ করতে প্রতিবাসীরা সাহস পেলেন অংশই—মাতালকে ঘ্যাঁটানো চান্দিখানি কথা নয়।

দ্বিতীয়ত, যে ব্যাস্ত বারে তুকে সামান্য একটু খেয়ে ঝাস্তি দ্বার করে বাড়িতে এসে খেয়েদেয়ে শুয়ে পড়তো, তাকে এখন কিনতে হল পুরো বোতল। প্রলোভনে পড়ে তার মাত্রা বেড়ে গিয়ে শেষটায় তার পক্ষে উচ্ছ্বল হয়ে যাওয়াটা অসম্ভব নয়।

তৃতীয়ত—এবং এইটেই সব দেয়ে মারাত্মক—বাড়িতে বাপের মধ্যপান ছেলে-মেয়েরা দেখবেই। অনুকরণটাও অস্বাভাবিক নয়। অর্থাৎ নৃতন কনভার্ট করার ব্যবস্থা করলুম।

শুনলুম, হালে নাকি কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গের উপর চাপ দিয়েছেন যে পারিলিক জ্ঞানিক বন্ধ করো। উন্নরে নাকি পশ্চিমবঙ্গ সরকার উপরের কয়েকটি যাস্তি ব্যবহার করে আগস্ত জানিয়েছেন। ফলে হবে বলে মনে হয় না, কারণ প্রবেশই বলেছি, কেন্দ্রীয় সরকারকে একাধিকবার এ-সব যাস্তি শোনানো হয়েছে।

\* \* \*

মোস্তা কথা এইঃ—

যে দেশে মধ্যপান নিষ্পন্নীয়, যে দেশে মধ্যপান জনসাধারণে ব্যাপকভাবে প্রচলিত নয়, সেখানে মধ্যপান একেবারেই বন্ধ হয়ে যাবে, যদি—

যদি নৃতন কনভার্ট না হয়, অর্থাৎ তরুণদের যদি মধ্যপানের কোনো স্বয়োগ, কুয়োগ কোনো যোগাযোগ না দেওয়া হয়।

আমদের সর্বপ্রচেষ্টা ঐ দিকে নিয়োজিত করা উচিত।

## পৌষ মেলা

হয়তো মেলাতে বসেই আপনি এলেখাটি পড়ছেন। না-হলে মেলাতে আসার সময় এখনো আছে। মোটরে আসতে পারেন, অবশ্য যদি পিচ্ছতজী দ্রুগ্রামের থেকে শাস্তিনিকেতন মোটরে এসে থাকেন। তাঁর আসার সঙ্গে আপনার মোটরে আসার একটা অবশ্য সংক্ষয় কাথ'কারণ সংপর্ক' আছে। তিনি মোটরে এলে অজয় নদের উপরে কজওয়েটি ভৈরো হবে, বিকলেপে তিনি যদি হেলিকপ্টারে আসেন—এখানকার ফাপের্স কালোর দোকানে সেই গুজোরব—তবে উড়িয়া ভাষায় ‘আপনারো কপালো ভাঙিলো’। সাধে কি আর মাইকেল গেয়েছেন, ‘রাজেশ্বরসঙ্গে দীন যথা দূর তীর্থ’ দরশনে—সে ব্যবস্থার পরিবর্তন এখনো হয় নি।

এসে কিন্তু কোনো লাভ নেই। কারণ ‘জেলা বীরভূমের অস্তঃপার্তী ডিস্ট্রিক্ট রেজিস্টারী বীরভূম সবরেজেস্টারী বোলপুর পরগণে সেনভূম তালুক স্পন্দনের অস্ত্রণ্ত হৃদা বোলপুরে পক্ষনীয় ডোল খারিজান মোজে ভুবনগর ইন্স্টেক—’ ভাববেন না, আমি স্কুলার রায়ের ‘কাকালত নামা’ থেকে চুরি করছি, ইটি পাবেন শাস্তিনিকেতন প্রিস্টডোডের পয়লা পাতায়, সেকথা পরে হবে—সিকিটি ফেলবার জ্ঞায়গা নেই। কারো না কারো মাথায় আটকে ঘাবে, কিংবা স্তৰী-পুরুষের পদতাড়নে যে পুঁজীভূত ধূলিস্তর আকাশে-বাতাসে জরে উঠেছে, তারই একটিতে। অন্য মেলার তুলনায় এখানে ঘেয়েদের সংখ্যা কিছু নগণ্য নয়, অথচ ভাবতে অবাক লাগে, পশ্চায় বৎসর পুরো ‘আগমের মাস্টারদের গ়িহণী-কল্যারা যখন মেলা দেখার প্রথম অনুমতি পেলেন—শ্রীসদনের কল্পনাও তখন কেউ করতে পারেন নি—তখন তাঁদের আনা হয়েছিল গোরুর গাড়িতে করে এবং তাঁরা মেলার প্রত্যন্ত প্রদেশ থেকে, গাড়িতে দাঁড়িয়ে দাঁড়িয়ে মেলা দেখেছিলেন।

এই মেলাটি বিশ্বভারতীয় চেয়ে বয়েসে বড়। এ কথা বলতে হল বিশেষ করে, তার কারণ, যে-বেদীর উপর বসে মহার্ষি দেবেশ্বন্দনাথ ঠাকুর উপাসনা করতেন, সে-বেদীর পাশ দিয়ে যাবার সময় গেল মেলার সময় শুনি, এক গুণী আরেক গুণীকে ব্যক্তিয়ে ঘূরছেন, এই বেদীর নিচে রবীশ্বন্দনাথের পুত্র-অস্ত্র প্রোথিত আছে! আশ্চর্য চিহ্ন দিল্লম এহেন তত্ত্ব নিতান্তই আমার কল্পনার বাইরে বলে, কিন্তু আগলে আমার আশ্চর্য হওয়া উচিত নয়। আমাদের কেন্দ্রের এক মশ্তী বোম্বাই না কোথায় যেন রবীশ্বন্দনাথের জন্মাত্ত্বার্থ উপলক্ষে বস্তুতা বিতে গিয়ে বলেন, ‘রবীশ্বন্দনাথ পর্যন্ত প্রথম ইংরাজীতে রচনা লিখে ব্যুক্তে পারলেন, মাত্ত ভাষা বাংলাতেই ফিরে যাওয়া উচিত।’ গীতাঞ্জলি অন্বাদ করার পুরো ‘রবীশ্বন্দনাথ ইংরাজীতে বিশেষ কিছু লিখেছেন বলে জানতুম না, পরে চিন্তা করে ব্যক্তিমূলক মাইকেল এবং রবীশ্বন্দনাথ গুবলেট করে ফেলেছেন! ( এবারে আশ্চর্য চিহ্ন যে তাগ মাফিক লেগেছে সে-কথা হর ব্যাকরণবাগীশই কব্জি করবেন। ) ’ শতবার্ষীকৰ্ম ‘শত বার সিকি’ ভেবে এ’রা যদি এখন পর্যাপ্ত টাকা খর্চ করেন তবে আমি আর বিস্মিত হব না। ‘পান্টা’ আমার নয়—ঝটা স্বয়ং কবিগ্রন্থ করে গেছেন।

তা সে-কথা এখন থাক। যে গুণী শার্স্টনিকেতন ছাত্তিমতলার অভিনব ব্যাখ্যা দিচ্ছিল তাকে শুধু মনে মনে বলেছিলম, ‘সাধানে ধার্কিস, বাপ্। তোকে না শেষটায় কেশ্মের মশ্বরী বানিয়ে দেয়।’

অতএব অতি সংক্ষেপে মেলাটির ইতিহাস বল। এতে কোনো গবেষণা নেই।

১২৬৮ সালে মহীর দেবেশ্মনাথ ঠাকুর পরবর্তী-যুগের বিখ্যাত লড় সিন্হা অবৃ রায়পুর পরিবারে নিয়ন্ত্রিত হয়ে আসেন। রাইপুর জায়গাটি বোলপুর স্টেশনের কাছেই। মহীরদেব একাধিকবার এই রাইপুরে আসা-যাওয়া করেন এবং গমনাগমনের সময় এ অঞ্চলের উচ্চনিমুখ খোয়াই-ডাঙুর দিগন্ত-বিস্তৃত অধু-মুরুভূমিসমূহ নিঝৰ্ন ভূমির গান্ধীয় তাঁকে আকৃষ্ট করে। আশ্রম স্থাপনের আদিযুগের ঐতিহাসিক ও প্রথম ‘আশ্রমধারী’ স্বর্গত অংশের চট্টোপাধ্যায় বলেন,

‘রায়পুর যাতায়াত করিবার সময় এই দিগন্ত প্রসারিত প্রান্তরের অপবৃ গান্ধীয়ে মহীর’র চিন্ত আকৃষ্ট হয়। এই বিশাল প্রান্তরে দৃষ্টি অবারিত, অনন্ত আকাশ ব্যতীত দ্বিগলয়ে আর কিছুই দৃষ্টিগোচর হয় না। অনন্তবরপের এই উদ্বান্ত সৌন্দর্যে তাঁহার হৃদয়মন প্রার্য ত হইল, উচ্চস্তুত আকাশতলে এই নির্জন প্রান্তের তপস্যার একান্ত অনুকূল বলিয়া তাঁহার ধারণা হইল।’ (শার্স্টনিকেতন আশ্রম, ১৩৩৫-১৩১৬, প. ১১)

চলিশ বৎসর পূর্বে ‘আমি যখন এখানে আসি তখনও ঐ দৃশ্য ছিল। এখন এত বেশী গাছপালা বাড়িঘর বাঁধ-বন লাগানো হয়েছে যে সে-বৃশ্যের কল্পনা করা কঠিন। তবে ‘হে ভৈরব হে রংমু বৈশাখ’ ইত্যাদি কবিতায় ও গ্রীষ্ম-বর্ষার বহুশত গানে রবীশ্মনাথ সে যুগের শার্স্টনিকেতনের বর্ণনা রেখে গেছেন। আর প্রাচীনতম যুগের বর্ণনা আছে ‘জীবনশৃঙ্গতি’তে।

১০ই ফাল্গুন, ১২৬৯ সনে মহীর বর্তমানে যেখানে লাইরেরি, ‘শার্স্টনিকেতন বাড়ি,’ মন্দির (গ্রাম লোকের কাছে এখনও এ-জায়গা ‘কাঁচা বাংলা’ নামে পরিচিত) এই জায়গাটি, মোট কুড়ি বিধা জমি বাষি’র পাঁচ টাকা খাজনায় (!) মোরসী পাট্টা নেন। ধ্যান-ধারণার জন্য মহীর ‘সব’প্রথম এখানে যে বাড়িটি তৈরী করেন সেটি মন্দিরের মুখোমুখি এবং ‘শার্স্টনিকেতন বাড়ি’ নামে পরিচিত।

১২৯০ সনের পর মহীরদেব আর কথনও শার্স্টনিকেতনে আসেন নি।

২৬শে ফাল্গুন, ১২৯৪ সনে মহীর শার্স্টনিকেতনের বাড়ি-বাগান জরিজমা ধর্মচর্চা, বিদ্যালয় স্থাপন ও বাস্তরিক মেলা প্রবর্তনের জন্য ট্রাস্টডীড করে সব সাধারণের উদ্দেশে উৎসর্গ করেন।

শ্রষ্টা কার্তিক, শুক্রবার, ১২৯৫, অপরাহ্নে আশ্রম প্রতিষ্ঠার পর সমাধান হয়। স্বয়ং রবীশ্মনাথ ও স্বর্গত মোহিনীমোহন চট্টোপাধ্যায় আচার্যের কষ্ট করেন।

৯ই কার্তিক ১২৯৫ বুধবারে এখনও প্রচলিত প্রতি বুধবারের প্রথম উপসন করেন প্রথম আশ্রমধারী অংশের চট্টোপাধ্যায়।

২২শে অগ্রহায়ণ ১২৯৭ সনে ‘মঙ্গলে’র ভিত্তিস্থাপনা করেন মহার্হদেবের জেষ্ঠ পুত্র দাশ্নিকপুর বিজেশ্বনাথ ঠাকুর মহাশয়। উপাসনা করেছিলেন তিনি, তাঁর মধ্যম আত্ম সত্ত্বে সত্ত্বে করেন এবং সঙ্গীত করেন গুরুদেবের রবীন্দ্রনাথ। একটি তাম্রফলকে তাঁর প্রভৃতি খোদিত ছিল। সেই ফলক, মেইদিনের ‘স্টেম্ম্যান’ পত্রিকা, সেই মাসের ‘ত্বরবোধিনী পত্রিকা’, পঞ্জীয়ন ও প্রচলিত মূদ্রা ভিত্তিমূলে প্রেরিত হয়। তাম্রফলকে ছিল,

‘ও’ তৎসৎ। ঠক্কর বৎশাবৎসেন পরমমহীর্ষণা শ্রীমতা দেবেশ্বনাথ শর্মণা ধর্মোপচার্যং শাস্ত্রিনিকেতনে প্রতিষ্ঠাপিতমিদং বৃক্ষমংস্তুতং। শুভমস্তু ১৮১২ শক, ১৯৪৮ সংবৎ, ১৯৯১ কলাঞ্চ অগ্রহায়ণ ২২, রবিবাসর।’ (পুরোঁশ্লিখিত পৃষ্ঠাকে জ্ঞানেশ্বনাথ চট্টোপাধ্যায়, পঃ ৯০)

এই পৌষ ১২৯৮ তারিখে বিজেশ্বনাথ প্রতিষ্ঠাপন পাঠ করে মঙ্গলের দ্বাৰা উৎস্থুত কৰেন।

তৃতীয় বার্ষিক উৎসবে দরিদ্রদের অন্নদান।

চতুর্থ বার্ষিক উৎসবে সব’প্রথম আত্মবার্জিপোড়ানো হয়।

পঞ্চম বার্ষিক উৎসবে সব’প্রথম মেলা ও যাত্রাগানের ব্যবস্থা হয়।

অতএব ১৩০৩ সালে পৌষ-মেলার আরম্ভ।

১৩০৯ সালে বৃক্ষচর্যাশ্রম বা স্কুল স্থাপনা। ১৩২৫ সালে কলেজ বা বিশ্ববিদ্যালয়ের প্রত্নন। ১৩২৬ সালে গ্রীষ্মাবকাশের পর অধ্যাপনা আরম্ভ হয়। ১৩২৮/১৯২১-এ বিশ্বভারতীয় (যুনিভার্সিটি রূপে) উদ্বোধন।

পুরোঁ মহার্হদেবের যে ট্রাস্টভীডের উল্লেখ করেছি তাতে আছে :—

‘ধর্ম’ভাব উদ্দীপনের জন্য ট্রিস্টীগণ বর্ষে’বর্ষে’ একটি মেলা বসাইবার উদ্যোগ করিবেন। এই মেলাতে সকল ধর্মসম্প্রদায়ের সাধুপ্রবর্ষেরা আসিয়া ধর্মবিচার ও ধর্মলাপ করিতে পারিবেন। এই মেলার উৎসবে কোন প্রকার পোত্তলিক আরাধনা হইবে না ও কৃৎসিত আয়োজ-উল্লাস হইতে পারিবে না, যদ্য মাস ব্যতীত এই মেলায় সব’প্রকার দ্রব্যাদি খরিদ-বিক্রয় হইতে পারিবে।’

আমার মনে হয় এই মেলার সময় যদি দেশ-বিদেশের সব’ধর্ম’র গুণী-জ্ঞানী সাধক-পণ্ডিত সংপ্রদায়কে আমন্ত্রণ করে তিনদিনব্যাপী ধর্মলোচনা ধর্মসভার প্রত্নন (কংগ্রেস অব অল ফেস্স) হয়, তবে আমরা ধ্রুগ্ধর্ম’ অনুসরণ করে মহার্হদেবের শুভেচ্ছা সফলতার করতে পারিব।

### পঞ্চতন্ত্র

মাড়ৈঃ !

বাঙালী সব দিক দিয়েই পিছিয়ে যাচ্ছে, এরকম একটা কথা প্রায়ই শুনতে পাওয়া যায়। কথাটা ঠিক কিনা, হলপ খেয়ে বলা কঠিন, কারণ দেশ-বিভাগের ফলে তার যে খানিকটে শক্তিশয় হয়েছে সে বিষয়ে তো কোনো সমেদ্ধই থাকতে পারে না। পার্লামেন্টে বারি আপনার সদস্য সংখ্যা কমে যায় তবে সব-কিছুই কাটতে হয় ধার দিয়ে—ভার দিয়ে কাটার সুযোগ আর মোটেই

জোটে না।

দিল্লীতে থাকাকালীন আমি একটি বিষয় নিয়ে কিংশ চিন্তা করেছিলুম। কেন্দ্রে অর্থাৎ ইউ পি এস সি-তে বাঙালী যথেষ্ট চাকরি পাচ্ছে কি না? ঐ অনুষ্ঠানের সমস্য না হয়েও যাঁরা এর সঙ্গে সংশ্লিষ্ট তাঁদের বিশ্বাস, বাঙালীর এতে যত্থানি ফুতকার্য হওয়া উচিত তত্থানি সে হচ্ছে না। একদা বিশেষজ্ঞ হিসেবে আমাকেও সেখানে ডাকা হয়েছিল; আমি তখন ঢোকান খোলা এবং খাড়া রেখে ব্যাপারটা বুঝতে চেষ্টা করেছিলুম।

দিল্লীতে এখন যাঁরা বসবাস করেন তাঁরা বিলীতি কিংবা বিলীতি দ্বারা পোশাক পরেন ছুরিকাঁটা দিয়ে খাওয়া প্রচুর বাড়িতে চালু হয়েছে, ইংরিজী আদব-কাদাদা, বিশেষ করে ইংরিজী এটিকেট এন্দের কাছে আর সংপৃণ<sup>১</sup> অজানা নয়।

ইউ পি এস গি-র তাবৎ মেশ্বারই সায়েবীয়ানা পছন্দ করেন, এ-কথা বলা আমার উদ্দেশ্য নয়, কিন্তু যেখানে যে-আবহাওয়া বিদ্যমান, মানুষ ইচ্ছা-অনিচ্ছায় তার থেকেই প্রাণবায়ু গ্রহণ করে। তাই যাঁর বাঙালী ছেলের পোশাক ছিমছাম না হয়, চেয়ার টেনে বসার সময় সে যদি শব্দ করে, মোকামাফিক পার্ডন, থ্যাঙ্ক না বলতে পারে এবং সর্বশ্রেণী ঘন ঘন পা দোলায় তবে সমস্যারা আপন অজ্ঞানেই যে তার প্রতি কিংশ বিমুখ হয়ে উঠেন সেটা কিছু আশ্চর্যজনক বল্কু নয়।

কিন্তু আসল বিপদ অন্যত্র। বাঙালী উমেদার ইংরিজীতে ভাব প্রকাশ করতে পারে না। পাঞ্জাবী, হিন্দীভাষী কিংবা মারাঠী যে ইংরিজী বলে সেটা কিছু ‘আমির’ আমির’ করবার গত নয়,—বিশেষত পাঞ্জাবী, হিন্দীভাষী ও সিংহাদের ইংরিজীজ্ঞান ‘শিলিং-শকার’ ও ‘পেনি-হুরার’ থেকেই আহরিত। তা হোক কিন্তু ঐসব বুরোনা-বুরোই যারা বেশী পড়ে তাদের কথা বলার অভ্যাস হয়ে যার বেশী, অন্তত ‘থ্যাঙ্ক’ ‘পার্ড’ন’, ‘আই এম অ্যাফ্রেড’ তারা তাগমাফিক লাগিয়ে দিতে কস্তুর করে না।

এ ছালে ইতিহাসের দিকে এক নজর তাকাতে হয়।

মুসলিমান আগমনের পর থেকে ১৪৮০।৪২ পর্যন্ত বাঙলা দেশের রাজ্যগত থাবো সম্প্রদায়ের বিস্তর লোক সংস্কৃত ভাষা ও সাহিত্যের চর্চা করেন, এবং মুসলিমান ও কায়স্ত্রা ফাস<sup>২</sup> ( এবং কিংশ আরবীর ), চর্চা করেন। এবেশের বড় বড় সরকারী চাকরি, যেমন সরকার ( চৌফ সেক্রেটারী ), কান্নগো ( লিঙ্গেল রিমেম্বেন্সার ), বখশী ( এগাউশেটেট জেনারেল—পে-মাস্টার ) অর্থাৎ এডমিনিস্ট্রেটিভ তাবৎ ডাঙর ডাঙর নোকরি করেন কায়স্ত্রা ; ইংরেজের আদেশে এই রাই কলকাতাতে প্রথম ইংরিজী শিখতে আরঞ্জ করেন—বশুত ফাস<sup>৩</sup> তাঁদের মাতৃভাষা ছিল না বলে তাঁরা সেটা অন্যায়ে ত্যাগ করে ইংরিজী আরঞ্জ করে দিয়েছিলেন—এবং ফলে হাইকোর্টটি তাঁদের হাতে চলে যায়। রাজ্যগত আসেন পরে ; তাই তাঁরা পেলেন বিশ্ববিদ্যালয়। মুসলিমান আসেন সর্বশেষে, তাঁদের কপালে কিছুই জোটে নি।

তা সে ধাই হোক, আমরা বাঙালী প্রথমেই সাতভাড়াতাড়ি ইংরিজী শিখে-ছিলুম বলে বেহার, উড়িষ্যা, যন্ত্রপ্রদেশ, মধ্যপ্রদেশ এস্তক সিংহদেশ পর্যন্ত আমরা ছড়িয়ে পড়ি ।

এর পর অন্যান্য প্রদেশেও বিস্তর লোক ইংরিজী শিখতে আরম্ভ করেন। ক্ষমে ক্ষমে আমাদের চাহিদা ও কদর কমতে লাগল, এসব কথা সকলেই জানেন, কিন্তু এর সঙ্গে আরেকটি তৰু বিশেষভাবে বিজড়িত এবং সেই তৰুটির প্রতি আমি পাঠকের দৃঢ়ি আকর্ষণ করতে চাই ।

যে দৃঢ়ি জাতীয় সঙ্গীত ভারতের সর্বত্র সচানিত সে দৃঢ়িই বাঙলা দেশেই রচিত হয়েছে। স্বাধীনতা সংগ্রাম সব'প্রথম আরম্ভ হয় বাঙলা দেশেই। এটা কিছু আকস্মক ঘোগাঘোগ নয়। এর কারণ বাঙালী আপন দেশ ভালোবাসে এবং সে বিদ্রোহী। দেশকে ভালোবাসলে মানুষ তার ভাষাকেও ভালোবাসতে শেখে ।

আশ্চর্য, ইংরিজী ভালো করে আসন জমাবার প্রবেশ বাঙলা দেশে তার বিরুদ্ধে বিদ্রোহ আরম্ভ হয়। (ঠিক সেই রকম ফাসী যখন একদা আসন জমাতে যায়, তখন কবি সৈয়দ সুলতান আপন্তি জানিয়ে বলেছিলেন,

‘আঞ্জায় বলিছে “মুই যে-দেশে যে-ভাষ,  
সে দেশে সে-ভাবে করলুম রসুল প্রকাশ ।”  
যারে যেই ভাষে প্রভু করিল সুজন ।  
সেই ভাষা তাহার অমলা সেই ধন ।’)

এবং আরো আশ্চর্যের বিষয়, সে বিদ্রোহের কাণ্ডারীছিলেন সে যদের সব-চেয়ে বড় ইংরিজী (ফরাসী, লার্টন, গ্রীক) ভাষার সুপ্রাপ্তি মাইকেল। কাছেই যদিও সে উইল্সেন, কেশবসেন ও ইস্টসেন এই তিনি সেনের কাছে জাত দিয়ে ছুরি কঠো ধরতে শিখল (আজ যা দিল্লীতে বড়ই কদর পাচ্ছে) তবু সঙ্গে সঙ্গে ওর বিনাশের চারাকে জল দিয়ে বাঁচাতে আরম্ভ করলো। এটাকে বাঙালীর স্বর্গ-ঘৃণ বলা যেতে পারে। এ সময় সে গাছেরও খেয়েছে, তলারও কুড়িয়েছে ।

দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময়ই চোখে পড়ল, বাঙালী প্রথম বিশ্বযুদ্ধের সময় ইংরিজী বইয়ের আমদানী বৃক্ষ হয়ে যাওয়ায় যে রকম কাতর হয়ে পড়েছিল এবারে সে সে-রকম হাসফাস করলো না। স্বরাজ লাভের সঙ্গে সঙ্গে দেখা গেল, বাঙালী ইংরিজী ভাষা, আচার-ব্যবহার, কায়দা-কেবা থেকে অনেক দূরে চলে গিয়েছে এবং ফলে দিল্লীতে আর কলেক, সরি, সের্ভিসেট—পায় না ।

১ “বিদ্রোহী” আমি কথার কথার পে বলাই না। বস্তুত বাঙালী যে বিদ্রোহী তার ইতিহাস এখনো লেখা হয় নি। (ক) দোয়ারের ব্রহ্মণ্যধর্ম তাকে অভিভূত করতে পারে নি, ফলে সে সংস্কৃত উচ্চারণ গ্রহণ করে নি, (খ) বৌদ্ধ জৈনের নিরামিষ সে গ্রহণ করে নি, (গ) মুসলিমান আমলে বাঙলা দেশই সব চেয়ে বেশী লড়াই দিয়েছে কেন্দ্রের বিরুদ্ধে ইত্যাদি বিস্তর বিষয়-বস্তু নিয়ে সে ইতিহাস লিখতে হবে ।

তক' করে, দলীল-দস্তাবেজ দিয়ে সপ্রমাণ করতে হলে ভূরি ভূরি লিখতে হবে। তা না হয় লিখলুম, কিশ্তু পড়বে কে? তাই সংক্ষেপে বলি,

প্রথিবীর সভ্যাসভ্য কোনো দেশই বিদেশী ভাষা দিয়ে বেশী দিন কারবার চালায় না। আজকের দিনে তো নয়ই। ফাসৰ্ট এদেশে ছ'শ বছর ধরে রাষ্ট্র-ভাষা ছিল—আমরা একে চিরস্মৰণী ভাষা বলে গ্রহণ করি নি।

তাই হিন্দী, গুজরাতী গারাঠীওলারাও একদিন ইংরেজী বর্জন করে আপন আপন মাতৃভাষায় কাজকারবার করতে গিয়ে দেখবেন, আমরা বাঙালীরা অনেক দ্রুতে এগিয়ে গিয়েছি, মেঘে মেঘে বেলা হয়ে গিয়েছে—কারণ আমরা অনেক প্রবৰ্দ্ধ আরম্ভ করেছিলুম। তখন যখন কেন্দ্রে আপন আপন মাতৃভাষায় পরীক্ষা দিতে হবে তখন আবার আমরা সেই ঘূণে ফিরে যাব, যখন একমাত্র বাঙালীই ইংরেজী জানত। হিন্দী কখনো ব্যাপকভাবে বাধ্যতামন্তক হবে না, আর হলেও বাঙালীকে যেখন মাতৃভাষার উপর হিন্দীতে পরীক্ষা দিতে হবে, হিন্দীওলাকে হিন্দী ভিন্ন অন্য একটি ভাষায় পরীক্ষা দিতে হবে। অমাতৃভাষা অমাতৃভাষায় কাটাকুটি গিয়ে রইবে বাঙলা বনাম হিন্দী। তাই অবস্থা একই দাঁড়াবে—আমরা এগিয়ে যাব।

তাই মা বৈঃ।

### দেহি দেহি

কিছু দিন পৰে' আমার এক আজ্ঞন এমে, আমাকে শুধাল, 'আপনার কি অত্যন্ত অর্থাভাৰ হয়েছে?

আমি ইহুদীদের মত পাল্টা প্ৰশ্ন শুধালুম, 'কেন, তোমার কি অর্থপ্রাচুর্য হয়েছে? ধাৰ দেবে?' সে ধনী, আমি জানি।

বললে, 'সিনেমার কাগজে যে লিখেছেন!

আমি বললুম, 'আমার যতদ্বাৰা জানা আছে, একমাত্র এই বাঙলা দেশেই বহু সিনেমার কাগজ সাহিত্যকদের কাছে লেখা চায়, এবং এমন কোনো শৰ্ত'ও করে না যে সিনেমা সম্বন্ধেই লিখতে হবে। অন্যান্য দেশে সিনেমার কাগজ সাহিত্যের তোয়াক্তা তো করেই না, উল্লে ভালো ভালো সাহিত্যের কাগজ সিনেমা সম্বন্ধে লেখে। এ সম্মানটা আমাদের যত্তদিন দেখাচ্ছে তত্তদিন সেটা নেব না কেন?

**বিত্তীয়ত:** এই ধৰো তোমার মাঝারী দোকানে আমরা পাঁচজন ধাই, দৱ কষাকৰ্ষি কৰি নে। ঐ সময়ে গাঁয়েৰ খন্দেৱও ভয়ে বেশী দৱদস্তুৱ কৱে না। ফলে তোমার দোকানেৰ টোন, অন্য দোকানেৰ দেয়ে ভালো হয় নি—বুকে হাত দিয়ে কও! অন্য দোকানে এখনো যেহেচাটাৰ দৱাবৰি—ভুল বললুম—যেহেচাটাৰ এখন দৱ-কষাকৰ্ষি বিস্তৰ কৱে গৈছে, যবে থেকে মধ্যবিত্ত শ্ৰেণী চাকৰ না পাঠিয়ে নিজেৱা বাজাৰ যেতে আৱস্থ কৱেছে। ভালো সাহিত্যকৱা—আমাৰ কথা বাব দাও—যত্তদিন 'জুমা'তে লিখবে তত্তদিন তো সে কুৱাচৰ প্ৰশ্ন দিতে পাৱবে না।

তৃতীয়তঃ শব্দং রবীন্দ্রনাথ ‘কুস্তলীন’ তেলের প্রক্রিয়ার পাবার জন্য সেখনে কঁপীটি করেছিলেন। তেলের ব্যবসার দোকান ও ফিল্মের কাগজে তফাটো কি ?

বাকিটা বলার প্রবেশ বাবাজী শুধুলেন, ‘আপনি কি রবীন্দ্রনাথ ?’

আমি তৈরী ছিলুম। বললুম, ‘এর উত্তর আমি জানি, বাড়ো দেশ জানে—তুমি বুঝি জানো না—?’

সেই যে গত্প আছে;—দুই বশ্য রাস্তা দিয়ে যাবার সময় কুকুরের ঘেউ ঘেউ শুনে একজন ভয় পাওয়াতে অন্যজন সাহস দিয়ে বললে, ‘ইঁরিঙ্গী প্রবাব জানিস,—‘বাকি’ ডগ ডাজ নট বাইট’—যে কুকুর ঘেউ ঘেউ করে সে কামড়ায় না।’ দ্বিতীয় জন বললে, ‘প্রবাদটা তুই জানিস, আমিও জানি। কিন্তু কুকুরটা কি জানে ?’ আমি রবীন্দ্রনাথ নই সে কথা আমি জানি, আমার পাঠক সম্প্রদায়ও জানে—এখন প্রশ্ন তুমি জানো কি না ?’

বাধা দিয়ে বললে, ‘কিন্তু—?’

আমি বললুম, ‘মেলা ঘেউঘেউ ক’রো না। শোনো।

চতুর্থতঃ তুমি ফিল্ম দেখতে যাও, আর আমি ফিল্মের কাগজে লিখতে পারবো না ?

পঞ্চমতঃ তুমি জানলে কি করে আমি ‘জলসা’য় লিখেছি ? লোকমুখে ?

ছেলেটি সত্যবাদী। বললে, ‘না, নিজে পড়েছি।’

আমি বললুম, ‘লাও ! তুমি যে কাগজ পড় আমি সেটাতে লিখব না ? তবে কি তুমি ‘জলসা’তে অশ্বীল লেখার সম্ভাবনা গিয়ে আমার লেখা পড়ে হতাশ হয়েছ ? তবে কি ফিল্মের কাগজে শ্বেত লেখা, তথাকথিত উচ্চাঙ্গ গবেষণা-মূলক (কিংবা মডার্ণ কৰ্বিতার উন্নাসিক) পত্রিকায় অশ্বীল লেখার চেয়ে ভালো ?’

‘আপনি তো প্যারাডক্স ফেললেন। সেই যে সোজ্ঞাতিসের গত্প—’

আমি বললুম, ‘কোনটা ?’

এক গাল হেসে বললে, ‘কেন ? আপনারই কাছ থেকে শোনা। নিরপরাধ সোজ্ঞাতিসকে যখন বিষ খাইয়ে মারার সরকারী হস্ত হল তখন তার স্ত্রী ক্ষান্তিপে কে’বে বলেছিলেন, ‘তুমি কোনো অপরাধ করো নি আর তোমার হল প্রাণদণ্ড !’ সোজ্ঞাতিস বললেন, ‘তবে কি আমি অপরাধ করে ম্যুক্ত পেলে এর চেয়ে ভালো হত ?’

( পাঠক সম্প্রদায় আমার সম্মত হাত-সাফাইটি লক্ষ্য করলেন কি ? ইয়ানীঁ আমার বদনাম হয়েছে যে, আমি একই কথা বাব বাব বলি। সেইটে পরের মুখে বলিয়ে অঠৎ নিজে শাবাশীটি কি কায়বায় নিলুম ! )

তারপর বললুম, ‘ষষ্ঠতঃ—থাক্‌গে। প্রথম কারণটাই যথেষ্ট। ন্যায়শাস্ত্রও তাই বলে, ‘প্রথম কারণ যথেষ্ট হলে অন্য কারণে যাবে না।’ সেই ইয়ানীঁ গত্পটি শোনো নিন ?

অনেক কালের কথা। ইয়ানে তখন ইংরেজের এমনই আধিপত্য যে, হস্ত ছিল ইয়ানের বহুতর বস্ত্রেও যাব ইংরেজের ক্ষমতম মালজাহাজ পৌঁছে

তবে তার সম্মানে কামান দাগতে হবে। এখন হয়েছে কি, ঘটনাক্রমে একটি ইরানী ছোকরা ফরাসী দেশে লেখাপড়া সেরে এসে আপন দেশে ছেট্ট একটি বন্দরে প্রধান আর্পিসারের কম' পেয়েছে। ফরাসী দেশে সে আবার শিখে ফেলেছে যেলা বড় বড় কথা, 'সাম্য' 'মেন্ট্রী' 'স্বাধীনতা', আরো বিস্তর যা তা। মাথা গরম।

প্রথম দিনেই সেই বন্দরে এসেছে এক বিরাট মানওয়ারী জাহাজ—ব্যাটেল-শিপ না কি যেন কয়! ছোকরা কামান দাগলে না, পাড়ে গিয়ে জাহাজের অভ্যর্থ'না জানালে না।

আধুনিক যেতে না যেতেই তার দফতরে দূর দূর করে টুকলেন জাহাজের গ্যাডমিরাল না কি যেন চাই আর্পিসার। মৃত্যু লাল, গোঁফ লাল, দাঁত পর্ণসু লাল!

ইরানী ইয়াংম্যান। অতএব অতিশয় ভদ্র। দাঁড়িয়ে উঠে বিস্তর 'ব' জ্বর', ইত্যাদি জানালে। ইংরেজ শুধু চে'চাচে 'কামান দাগলে না কেন, ইউইউ—ইত্যাদি।'

ছোকরা বললে, 'স্যার, ইয়োর অনার, একসেলেন্সি, শাস্ত হয়ে বস্তুন। কামান না দাগার বাইশটি কারণ ছিল। না বসলে বালি কি করে?'

ইংরেজ দাঁড়িয়ে দাঁড়িয়ে নিজের কামান দাগার মত চে'চিয়ে বলে, 'বলে শাও বাইশটা কারণ।'

ছোকরা বললে, 'প্রথম কারণঃ বারুব ছিল না।'

ইংরেজ ঝুঁপ করে ঢে়ারে বসে পড়ে বললে, 'ব্যস্ত! আর একটো কারণ বলতে হবে না। একটাই যথেষ্ট। বারুব ছিল না, কামান দাগবে কি করে!'

তারপর বললুম, 'গঞ্জপটা মনে রেখো। কাজে লাগবে। বিশেষ করে যখন তোমার হাতে থাকবে মাত্র একটি কারণ—বাইশটে নেই। সবস্তে গঞ্জপটা বলে এমন ভাবে তাকাবে যেন তোমার হাতে আরো পঙ্খত তক'বাণ ছিল!'

বাবাজী গলায় এক ঢেক চা ফেলে এমন ভাবে কেঁৎ করে গিললে যে, মনে হল আমার উপরেশটি ট্যাবলেটের মত সঙ্গে সঙ্গে পেট-তল করলে। তারপর শুধালে, 'আপনি ফিল্মী কাগজে লেখেন অথচ ফিল্ম দেখতে যান না, তার কারণটা কি?'

আমি অনেকক্ষণ চুপ করে ভাবলুম। এ বিষয় নিয়ে এই যে আমি প্রথম ভাবলুম তা নয়। এবং এটা শুধুমাত্র একলা আমারই ভাবনা, তা ও নয়।

বাবাজী ফের বললে, 'দীশী ফিল্মের শ্ট্যান্ডার্ড' বিদেশীর মত নয় বলে?'

এটার উত্তর আমি জানি। বললুম, 'কে বললে তোমায় বিদেশী ছবির মান উচ্চ? বিদেশী ছবির ভালোগুলো আসে এ দেশে। ওদেশের নিজের কনজ্পশনের ছবি তো তুমি দেখ নি। সেগুলো যে কী রঞ্জ তা তো তুমি জানো না। আর ওরা ভাবে আমাদের সব ছবিই সত্যজিৎ রায়ের তৈরী।'

'তা হলে?'

আমি দীর্ঘ 'নিষ্পাস ফেলে বললুম, 'এ এক বিরাট সমস্যা। তার প্রৱো

ଧାରା ଏବେଶେ ଏଥିନୋ ଏମେ ଲାଗେ ନି । ଇଯୋରୋପ ଆମେରିକାର ଗୁଣୌଡ଼ାନୀରା ରୀତିମତ ଚିନ୍ତିତ ହୟେ ପଡ଼େଛେ, ପାଇଁ ବ୍ସର ପରେର ଐତିହାସିକରା କି ଶୈଷଟାଯ ବଲବେ, ମତ୍ୟ ମାନୁଷେର ପତନ ଆରଣ୍ୟ ହୟେଛିଲ ବିଂଶ ଶତାବ୍ଦୀତେ ? ଏ ସ୍ମୃଗେର ସିନେମା, ଟ୍ର୍ସ୍‌ଯାଶ ନଭେଲ, ଅଶ୍ଵୀଲ ସାହିତ୍ୟ, ବାଚ୍ଚାଦେର ଜନ୍ୟ ରଗରଗେ ଥୁନ୍-ଡାକାର୍ଡିର ଛବିର ବିଷ ତୋ ଛିଲାଇ—ଏଥନ ଏମେ ଜୁଡ଼େଇ ଟେଲିଭିଶନ ।'

‘ଆଇନ କରେ ବନ୍ଧ କରେ ଦେଇ ନା କେନ ?’

‘ଆମେରିକାତେ ‘ଆମେରିକାନ ସିଭିଲ ଲିବାଟି’ର ଇଉନିଯନ’ ନାମକ ଏକଟି ନାଗରିକ ସ୍ବାଧୀନିତାର ପ୍ରତିଷ୍ଠାନ ଆଛେ । ସ୍ଥଥନରେ କୋନୋ ଅଶ୍ଵୀଲ ପ୍ରକ୍ଷ୍ଟନ ବା ଏ ଜ୍ଞାତୀୟ କୋନୋ ଜିନିମେର ବିରୁଦ୍ଧେ ପ୍ଲଲିମ୍ ମୋକଶମା କରେ ତଥନ ଏ ପ୍ରତିଷ୍ଠାନ ଏମେ ପ୍ଲଲିମ୍ମେର ବିରୁଦ୍ଧେ ଦୀର୍ଘରେ ବଲେ, ‘ପ୍ଲଲିମ୍ ସାହିତ୍ୟକେର ସ୍ବାଧୀନିତାଯ ହଞ୍ଚକ୍ଷେପ କରଛେ ।’ ସରକାର ପକ୍ଷେର ଉର୍କିଳ ସ୍ଥଥନ ପ୍ରତ୍ୟାନ୍ତରେ ବଲେନ, ‘ଏସବ ରାବିଶ ସାହିତ୍ୟ ନାମେର ଉପଯୁକ୍ତ ନନ୍ଦ, ’ତଥନ ଅନ୍ୟପକ୍ଷ ବଲେ, ‘ମେ ହଜେ ନିଃକ ରୁଚିର କଥା ।’ ବିପଦ ଆରୋ ଏକ ଜାରଗାୟ ର଱େଛେ । ପ୍ଲଲିମ୍ପକ୍ଷ ଏଥିନୋ ଏମନ ଏକଟା ସଂଜ୍ଞା ବେର କରତେ ପାରେ ନି ସା ଦିଯେ ଶ୍ଵୀଲ-ଅଶ୍ଵୀଲେର ପରିଷକାର ପାର୍ଥକ୍ୟ କରା ଯାଇ । ଏ ନିଯେ ଦ୍ୱାରା କରେ କି ହବେ ! ସଂକ୍ଷିତ ଅଳ୍ପକାର ଶାସ୍ତ୍ରେ ଏ ନିଯେ ବିନ୍ଦୁର ଆଲୋଚନାର ପର ଗୁଣୀରା ଏକ ମତ ହୟେ ବଲତେ ପାରେନ ନି ଶ୍ଵୀଲ-ଅଶ୍ଵୀଲେ ପାର୍ଥକ୍ୟ କରା ଯାଇ କି ପ୍ରକାରେ—ବଲେଛେ ଆମାଦେର ବାଧା ପଞ୍ଚିତ ଗୋସାଇଜୀ । ଇଯୋରୋପ ଆମେରିକାଯ ଆବାର ଆବେକ ବିପଦ । ସାରା ଡାହା ଅଶ୍ଵୀଲ ଜିନିମେର ସାମାନ୍ୟତମ ପ୍ରତିବାଦ ଜାନାନ ତାଦେର ବିରୁଦ୍ଧେ ଅମନି ‘ମାର ମାର କାଟ କାଟ’ ଅଟ୍ଟରବ ଜେଗେ ଓଟେ—ସଙ୍ଗେ ସଙ୍ଗେ ତାରା ଗ୍ରିଟିଙ୍ଗେର ଚୋଖାଚୋଖା ବାକ୍ୟବାଣ ଶୂନ୍ୟରେ ପାନ —‘ଏରା ପ୍ରଗାଢିର ଶତ୍ରୁ, ଏରା ଆଟେ’ର ଶତ୍ରୁ, ସ୍ବାଧୀନିତାର ଶତ୍ରୁ ।’ ଏ ପକ୍ଷେ ଯେ ମବାଇ ସ୍ବାର୍ଥପର ନୀଚ ଲୋକ ର଱େଛେ ତା ନନ୍ଦ । ଭାଲୋ ଭାଲୋ ଡାଙ୍କାରାର ବଲେଛେ, ‘ଅଶ୍ଵୀଲ ସାହିତ୍ୟ, ଥିନୋଥିନିର ଛବି ଏ ସବ ଜିନିମ ତୃପ୍ତାତ ଜନେର ଦୈନୀତକ ସ୍ବାହ୍ୟ ଉପ୍ରାପିତ ହୟେ ତୋ ନାଓ କରତେ ପାରେ କିନ୍ତୁ ଏ ସବ ଦେଖେଶୁନେ ତାଦେର ନୈତିକ ବ୍ୟାଲାନ୍‌ସ୍‌ ଅନେକଟା ରଙ୍ଗା ପାଇ ।’ ତଥନ ପ୍ରଥମ ଉଠିବେ, ‘କିନ୍ତୁ ସାରା ଓସବ ଜିନିମ ସର୍ବଦ୍ୱାରା ତୃପ୍ତାତ ନନ୍ଦ ତାଦେର ହାତେ ପଡ଼ୁଳେ ?’ ଉଠିବେ ଏଇରା ବଲେନ ‘ତାଦେର ଯେ କୋନୋ କ୍ଷତି ହୟ ଦେବୋ ତୋ କୋନୋ ସରକାରୀ ବେସରକାରୀ ପ୍ରତିଷ୍ଠାନ କୋନୋ କମିଶନ, କୋନୋ ତଥ୍ସତ କରେ ମପ୍ରମାଣ କରତେ ପାରେନ ଲି ।’

ଫଳେ ଦୀର୍ଘରେହେ ଏହି ଯେ, ଆଜ ଆମେରିକାତେ ଅଶ୍ଵୀଲ ସାହିତ୍ୟ ବା ଛବିର ବିରୁଦ୍ଧେ କାର୍ଯ୍ୟତ କୋନୋ ଆଇନଇ ନେଇ । ତାଇ ମୋରିନ ଆମେରିକାର ଏକ ବିର୍ବାଦ୍ୟାଲୟରେ ସ୍ଥଥନ କରେକଟି ଅତି-ଆଧୁନିକ ଛାତ୍ର (ଏହର ବଳା ହୟ ‘ପ୍ରୋସ୍‌ଟ-ହାଇର୍‌ଗ୍ରାଉ’) ଏକଥାନ ଅଶ୍ଵୀଲ ମାସିକ ବେର କରଲେ—ଅବଶ୍ୟ ତାଦେର ମତେ ନନ୍ଦ, ଭାଇସ ଚ୍ୟାଙ୍କ୍ଲେବାରେର ମତେ—ତଥନ ତିନି କିଛିନ୍ତା ନା କରତେ ପେରେ ଡାକ ବିଭାଗର ଶରଣାପନ୍ଥ ହଲେନ ; ତାଦେର ପ୍ରାରୋନୋ ଝାଁପତେ ଏକଟି ଅତିପ୍ରାଚୀନ ରଙ୍ଗକବଚ ଆଛେ—‘ଡାକ ବିଭାଗ ସାରି ମନେ କରେନ କୋନୋ ଚିଠି ବା ପ୍ରାକେଟେ ଅଶ୍ଵୀଲ ବଜ୍ର ଆଛେ ତବେ ତାରା ମୋରି ପ୍ରଥମ କରିବେନ ନା ।’ ଏହି କରେ ଅନ୍ତ କାଗଜଟାର ପ୍ରସାର ଠେକାନେ ଗେଲ,

প্রচার ব্যথ হল না ।

‘সর্বনাশ ! তা হলে উপায় ? এদেশেও তাই হবে নাকি ?’

‘তুমি ভবিষ্যতের ভয় পাচ্ছো, এদিকে অনেকেই যে মনে করেন আমাদের দিশী ছৰ্বি ঘথেষ্ট—অথবা যথা-অনিষ্ট—অশ্লীল হয়ে বসে আছে তাদের কথা ভাবছো না কেন ? আমি আদপেই অশ্বীকার করছি নে যে আমাদের অনেক ছৰ্বিতে অশ্লীলতার ঈঙ্গিত থাকে । কিন্তু আমাদের মডার্ন কবিতায় কোনো কোনো কবি যে ‘ধাটে’র নামে অশ্লীলতার চরমে পেঁচাইন তার বেলা কি ? তোমার যদি মনে হয়, ফিল্ম্ ভেবেচিষ্টে বাদীর গড়ছে, গড়ুক । তোমার দেখবার ইচ্ছে নেই, না দেখলেই হল । কিন্তু কবিরা যে শিব গড়তে বাদীর গড়েছেন সেখানে তুমি শিব দশ্ম’নে গিয়ে পেলে বাদীর—তার কি ? তার তো কোনো সেনসর বোড’ নেই । অথচ এরা তো রবীন্দ্র, রাজশেখর, সুকুমার রায়কে হাটিয়ে দিতে পারেন নি ; ‘গনমোহন সিরীজে’র বিক্রী বেশী, না তারাশ’করের বেশী ? আসলে শ্লীল হক অশ্লীল হক, যে বস্তু ত্য রাসের (আটে’র ) পর্যায়ে ওঠে না সেটা দীর্ঘস্থায়ী হয় না । সংকৃত সাহিত্যে নিখচাই বিস্তুর অশ্লীল বস্তু লেখা হয়েছিল—না হল শ্লীল-অশ্লীল নিয়ে আলঞ্চকারিকেরা আলোচনা করলেন কেন ? তাই আজ আশ্চর্য’ হই, সে সব অশ্লীল বই টিকে রাইল না কেন ?

তার অর্থ’ এই নয়, অশ্লীলতার বিরুদ্ধে আপত্তি করার কোনো প্রয়োজন নেই—অবশ্য তোমার যদি মনে হয় ফিল্মগুলোর অনেকটাই অশ্লীল । আমি অন্য কথাগুলো বললুম, যাতে বরে ত্রুটি ভবিষ্যৎ সংবন্ধে নিরাশ না হও । গণতন্ত্র যখন বরেছে তখন ‘গণ-কলচর’, ‘গণ-সাহিত্য’, ‘গণ-ফিল্ম’ হবেই হবে । তার জন্য তৈরী থাকা উচিত । কিন্তু গণতন্ত্রের তুমি আমি দূজনেই যখন ‘গণ’, তখন আমারও আমাদের রূচি অনুযায়ী আমাদের যেখানে যেখানে বাধে সেখানে আপত্তি জিনিয়ে থাব । আর সত্যজিৎ রায় তো আছেনই । তাঁর নীরব আপত্তি তো সবচেয়ে জোরালো আপত্তি । আবার তিনিও যদি প্রাৱি-টানিজমের চড়াশ্টে পেঁচাই শৰ্চিবায়ুগ্রস্ত হয়ে মানুষের অন্তর্ম ক্ষুধা—যে ক্ষুধাকে কবিরা যুগ যুগ ধরে সুন্দর মধুর রূপে প্রকাশ করেছেন—উপেক্ষা করেন, তবে তিনিও উপেক্ষিত হবেন । তার কারণ মানুষ অশ্লীলতা চায়, সে নয় । তার কারণ, কোনো জিনিসের চরমে পেঁচাইলে সে জিনিস দিয়ে আট’ হয় না ।

କରାର ମର କିଛି ତାରା କରେ ଏଦେଶେ ଚାରେର ଦୋକାନେ, ଓଦେଶେ ‘ପାବେ’ ଅଥାବା  
ଶରାବଖାନାର । ଆର ଶରାବଖାନାର ମଞ୍ଚ ବଡ଼ ଏକଟା ସ୍କ୍ଵିଧା—ଆମାଦେର ଚାରେର  
ଦୋକାନେଓ ତାଇ—କରୋ ମେଇ ଦୁଃଖ ରମାଲାପ କରତେ ଚାଇଲେ ମେ ଥୈକିମେ ଓଟେ  
ନା, ଗୁଣୀଜ୍ଞନୀଦେର ସଙ୍ଗେ ଦେଖା କରତେ ହଲେ ବିକ୍ରିର ବୟନାକ୍ତା, ଆଞ୍ଚାମାନନାଙ୍କ

তাতে কিঞ্চিৎ আছে কিংবা এ-চিত্তাও মনে উদয় হওয়া অসম্ভব নয়, ‘আমি কে ষে তার মূল্যবান সময় নষ্ট করতে যাব?’

কেন্সিংটন গির্জার পাশে ছোট্ট একটি শরাবখানাতে এক কোণে বসেছি। প্রচণ্ড ভিড়। এমন সময় একটি বৃক্ষী বার থেকে এক গেলাস জিন কিনে এনে আমার পাশে বসতে গেলে তাঁর হ্যাঙ্কব্যাগটি মাটিতে পড়ে গেলো। সেটি কুঁড়িয়ে টেবিলের উপর রাখলুম। বৃক্ষী গলে গিয়ে ‘থ্যাঙ্কয়্য, থ্যাঙ্কয়্য’ বলে চেয়ারে বসে খানিকটে আমাকে শর্ণিয়ে খানিকটে আপন মনে বিড়িবড়ি করতে লাগলেন, ‘আজকালকার ছোট্টাদের ভদ্রতা বলে কোন জিনিস নেই, তবু—’ বাকিটা তিনি আর শেষ করলেন না। আমি ঠিক বুঝতে পারলুম না তিনি কি বলতে চান। ছোট্টাদের ভদ্রতা নেই কিন্তু আমার আছে, এ কি করে হয়, কারণ আমি ছোট্ট নই। তবে বোধ হয় বলতে চান ছোট্টাদের নেই, কিন্তু এ বৃক্ষীর ( অর্থাৎ আমার ) আছে। সেটা অন্তমান করেও উল্লাস বোধ করি কি প্রকারে ? আমি বৃক্ষী বটি কিন্তু ধূঢ়ে বৃক্ষীর কাছ থেকে সে তত্ত্ব শুনে তো আনন্দিত হওয়ার কথা নয়।

তা সে যাক, গে। আমি তখন অবাক হয়ে ‘বারে’র দিকে তাঁকয়ে বার বার তাঙ্গব মানছি। হৰেক রকম চিড়িয়া দাঁড়িয়ে দাঁড়িয়ে ঘপাঘপ বিয়ার, ‘এল’, জিন খাচ্ছে এ কিছু নয় তসবীর নয়, কিন্তু আশ্চর্য, চাখিশ-ছাখিশ বছরের মেয়েরা পথ’স্ত ‘বারে’ কটাশ্ করে শিলিঙ্গ রেখে অত্যন্ত সপ্রতিভভাবে ঢাকাচক বিয়ার খেয়ে হৃত্ক করে বেরিয়ে যায়। যৌবনে যথন লংডন গিয়েছি, তখন দুপ্রাবেলো ‘বারে’ একা একা খাওয়া মাথায় থাকুন রাতে ডিনারের সময়ও কোনো ভদ্র মেয়ে তার বশ্য বা আঘাতীয়ের সঙ্গেও এসব জায়গায় আসতে ইতন্ত করতো। নিতান্ত ষেতে হলে যেত রেস্টোরাঁয় অর্থাৎ খাবারের জায়গায় ষেখানে মদ্যপান করা হয় খাদ্যের অত্যাবশ্যক অঙ্গরূপে—আমাদের গ্রামগলে যে রকম শুধু জল খেতে দেয় না, সঙ্গে দৃঢ়ি বাতাসা দেয়।

বৃক্ষী-বৃক্ষীদের দ্বিতীয়স্তোত্র করে গেলেও সঙ্গে সঙ্গে এ তত্ত্বাও সত্য যে, যা দেখে তার থেকে অর্থ বের করতে পারে সেই অনুপাতে অনেক বেশী। তাই সেই বৃক্ষী এক দোক জিন থেরে আমাকে শুধালে—(এ সব জায়গায় ইংরেজ লোকিকতার বজ্রবাঁধন কিঞ্চিৎ ঢিলে হয়ে যায়) ‘বাবাজী কি এদেশে এই প্রথম এলে ?’

বৃক্ষীলুম, বাঙালের হাইকোট-দশ’ন দশ’ন করে ঘটি যে রকম পশ্চপাঠ ঠাহর করে নেয়, লোকটা বাঙাল ; আর আমি তো আসলে বাঙাল ; কলকাতায় ষে-রকম প্রথম হাইকোট’ দেখেছিলুম এখানেও ঠিক তেমনি ক্যাবলাকান্ডের মত সব কিছু ফ্যাল ফ্যাল করে তাঁকয়ে দেখছি। যতই পলন্তরা লাগাই না কেন সে বাঙালত্ব যাবে কোথায়। প্রতিজ্ঞা করলুম সাবধান হতে হবে। শহরেন্দৰ মত সব কিছু দেখব আড়নয়েন শিশুমদ্বার মত ‘বাঁকা ঢাঁকে’।

অপরাধীর সন্তুরে বললুম, ‘তা যাড়াম, প্রায় তাই। ত্রিশ বছর পুরো’ এসে-ছিলুম, আর এই। লংডন ইতিমধ্যে পুনর্জন্ম না হোক অর্ধজন্ম তো লাভ

করেছে !'

বৃঢ়ী মহা উত্তেজিত হয়ে উঠলো । বলে কি ? শ্রিং বছর পরে ! তাহলে তো এর কাছ থেকে অনেক-কিছু শোনা যাবে । অবশ্য উত্তেজনার কারণ জিন্ম হতে পারে ।

'সবে বাড়ি-গোপ-কামাতে-শিখেছে এক স্কচ ছোকরা বাড়ি থেকে পালিয়ে ছাঁকিন মুক্তি কে উধাও হয় ।

বহু পয়সা কামিয়ে শ্রিং বছর পরে সে ফিরছে দেশে । বাড়ি ফেরার সময় এত দিন বাদে এই সে প্রথম চিঠি লিখেছে । স্টেশনে বাপ-চাচা-দাদা সবাই উপস্থিত, সবাই খুশী, প্রচুর পয়সা কামিয়ে ঘরের ছেলে ঘরে ফিরে আসছে ।

চুমোচুমি আলিঙ্গনের পর ছোকরা শুধুলে, "তোমরা সবাই এ-রকম লম্বা লম্বা দাড়ি রেখেছ কেন ? এই বুঝি ফ্যাশান !"

জ্যাঠা বিড়াবিড় করে বললেন, "ফ্যাশান না কচ ! তুই যে পালাবার সময় রেডখানা সঙ্গে নিয়ে গেলি !"

বৃঢ়ী আরেক ঢোক জিন্ম থেয়ে হেসে বললেন, "আমার পিতৃভূমি স্কট-ল্যান্ডে ; কাজেই আমার অজানা নয় যে সেখানে কুলে পরিবার এক ভেড়ে দাড়ি কামায় । কিন্তু শ্রিং বছর— ?

আমি বললুম, "ঠিক বলেছেন, ম্যাডাম । আমি শ্রিং বছর পূর্বে লণ্ডন ছাড়ার সময় আমার রেডখানা সঙ্গে নিয়ে গিয়েছিলুম কিন্তু তাই বলে লণ্ডনের লোক দাড়ি কামানো ব্যব করে দেয় নি । ইস্তেক গোঁফ পর্যন্ত কামিয়ে ফেলেছে !"

'মানে ?'

'মানে মেয়েদের রাজত্ব । আমার ভাইপো এই প্রথম লণ্ডনে এসেছে । তার কাছে সব কিছুই নতুন ঠেকছে । সে আজ সকালে জানলার কাছে দাঁড়িয়ে দাঁড়িয়ে অনেকক্ষণ চিন্তা করার পর বলল, "ফোর টু ওয়ান" অর্থাৎ রাস্তা দিয়ে ধৰি চারটো মেয়ে চলে যায়, তবে একটা ছেলে । আমি অবশ্য বললুম, "এখন আপিস, আবালত, হোকানপাট খোলা, সেখানে প্ল্যান্সেরা কাজ করছে । অন্য সময় গূনলে হয়তো অন্য রেশিয়ো বেরোবে ।" সে বলল, "ওসব জায়গায়ও তো মেয়েরাই বেশী । নিতান্ত বাস আর ট্যাক্সি মেয়েরা চালাচ্ছে না ।" ( পরে অবশ্য ফ্রান্স না জম'নি কোথায় যেন তাও দেখোছ ) ।'

তারপর বললুম, 'এক একটা লড়াই লাগে আর মেয়েদের পায়ের শিকালি দখলার সঙ্গে সঙ্গে মনের শিকালি খুলে যায় ।'

'মানে ?'

আমি বললুম, বেশী দূরে ধাবার কি প্রয়োজন ? ঐ 'বারে'র দিকে তাঁকিয়ে দেখ্তেন না । শ্রিং বছর আগে উড়ুক্কি বয়সের মেয়েদের দুপুরবেলা 'বারে' ছাল গিলতে দেখেছেন ?

বৃঢ়ী একটু লজ্জিত নয়নে আমার দিকে তাকালেন ।

আমি তাতে পেলুম আরো লম্জা । আবার বাঙাল-পনা করে ফেলেছি ।

তাড়াতাড়ি বললুম, ‘না, না, এতে আমার কোন আপত্তি নেই।’ তারপর অর্থন্তর কুয়াশা কাটাবার জন্য হাসির রোধ ফুটিয়ে বললুম, ‘সবাই কি ত্রিশ বছরের দাঢ়ি নিয়ে বসে থাকবে? সময়ের সঙ্গে কখন কখন এগিয়ে যেতে হয়।’

বৃড়ি ঘেন আমার কথায় কান না দিয়ে বললেন, ‘এর জন্য আমরাই দায়ী! তবে শুনুন।’

‘এই বিত্তীয় বিশ্বব্যক্তির সময় যে ল্যান্ডনের উপর কি রকম বোমা পড়েছে তার বর্ণনা দেওয়া অসম্ভব। কয়েক বছর আগে এলেও দেখতে পেতেন ল্যান্ডনের সর্বাঙ্গে তার জখমের দাগ। এখনো কোন কোন জায়গায় আছে—নিচ্ছয়ই দেখেছেন। কিন্তু ওসব বাইরের জিনিস। আজ যদি ভূমিকম্পে ল্যান্ডনের আধিক্যান তলিয়ে ধায় তবে তাই নিয়ে বাকী জীবন মাথা থাবড়াবো নাকি?’

‘কিন্তু মাটির তলার ঘর ‘সেলারে’ বসে প্রতি বোমা পড়ার সময় ভয়ে-আতঙ্কে ষে রকম কে’পেছি সেটা হাড়গুলোকে নরম করে দিয়ে গিয়েছে,—সে আর সারবার নয়। বিশ্বৎ-এর পর রাস্তায় বেরিয়ে মড়া দেখেছি, জখমীদের কাতর আত’নাদ শুনেছি—বুকের উপর তার দাগ সেও কখনো ঘুচে যাবে না।’ আমার ফ্ল্যাটটা বছরে দিন টি’কে ছিল—অনেককে তাতে আশ্রয় দেবার সুযোগ পেয়েছি, দু’চার দিন থেকে তারা অন্য জায়গায় চলে গিয়েছে, কেউ বা বেশী দিন থেকেছে। একবিন এক ঘর-ঘর বুড়োকে আশ্রয় দিলুম। তাকে নিয়ে কি করবো সেই কথা ভাবতে ভাবতে যখন বাড়ি ফিরছি তখন জম’ন ‘বমারে’র বাঁশী বাজলো। ঘণ্টাখানেক মাটির নিচের আশ্রয়ে কাটিয়ে যখন বাড়ি ফিরলুম তখন দেরিখ স্বয়ং ভগবান আমার সমস্যাটির শেষ সমাধান করে দিয়েছেন। বাড়িটি নেই। সঙ্গে সঙ্গে বুড়োও গেছে।’ একটুখানি থেমে বললেন, ‘পরে অবশ্য লাশটা পাওয়া গিয়েছিল।’

বৃড়ীর জিন ততক্ষণে ফুরিয়ে গিয়েছে। কাপড়-চোপড় দেখে মনে হল অবস্থাও খুব ভালো নয়। ঝুকে হাঁটুর কাছটায় আনাড়ি কিম্বা বুড়ো হাতের একটুখানি রিপু দেখতে পেলুম। এবার কিন্তু বাঁকা চোখে।

‘এখন্তে নাসছি’ বলে বারে গিয়ে একটা জিন নিয়ে এলুম।

মনে মনে বললুম, সবাশয় ভারত সরকার যে কটি পাউণ্ড ভারতীয় মুদ্রা মারফৎ কিনতে দিয়েছেন তা দিয়ে এ রকম করলে আর কদিন চলবে? কিন্তু তাই বলে তো আর ছোটলোকমী করা যায় না। আমার ক্যাশিয়ার মুখ্যজ্যোতি পই পই করে বলেছে, ‘কিম্বে করা চলবে না; পাউণ্ড যদি ফুরিয়ে যায় তবে তত্পদেই দেশে ফিরে যাবো—ফিরতি টিকিট তো কাটাই আছে।’

বৃড়ী বললেন, ‘না, না। আপনি আবার কেন? আমি এমনিতেই অনেকগুলো থাই।’

আর্য হেসে বললুম, ‘ত্রিশ বছর পরে এসেছি; একটুখানি পরব করবো না। যদিও স্বচ ছেঁড়ার মত মিলিয়ন নিয়ে আসি নি।’

বৃড়ী বললেন, ‘তখনই আমার নার্ভস যায়। অনেকেরই যায়।’ তারপর ফিসফিস করে বললেন, ‘চারদিকে ভালো করে তাকিয়ে দেখুন না, আমার-

য়য়েসৈ ক'গৰ্বা বুড়ী মদ গিলছে !

'খাবাৰ জোটে না, অহৰহ বোমা পড়ছে, কানেৰ পদাৰ্শনেৰ হাতুড়ী পেটা  
খেয়ে থেয়ে যেন অসাড় হয়ে গিয়েছে—লক্ষ্য কৱেন নি, অনেকেৱই কান থাৱাপ  
হয়ে গিয়েছে, সবাই একটুখানি চে'চিয়ে কথা কয় (আমি অবশ্য কৱি নি—  
তবে কথাটা স'পণ' ভুল নাও হতে পাৰে) — দিনৱাত কেটে যাচ্ছে, চোখেৰ  
পাতায় ঘূৰ নেই, এমন সময় পাশেৰ বাড়ি উড়ে ঘাওয়াৰ পৰ তাদেৰ "সেলাৰ"  
থেকে বেৱলুৱা এক গুদোম মদ !

'আগেৱ থেকেই নাৰ্ভস ঠাণ্ডা কৱাৰ জনা ধৰেছিলম নিগাৱেট, এখন  
পেলুম ঝী মদ ! মদ খেলে শাৱেকটা স'বিধে ! খিদেটা ভুলে থাকা যায়, আৱ  
নেশাটা ভালো কৱে চড়লে দিব্য ঘূৰনোও যায়—বোমা ফাটাৰ শব্দ সম্বেও !

'খাবাৰ নষ্ট হয়ে ঘায় সহজেই, কিম্তু মদ একবাৰ বোতলে পুৱলেই হল।  
তাই খাবাৰেৰ চেয়ে মদ জুটতো সহজে—অন্তত আমাৰ বেলা তাই হয়েছে।  
সেই যে অভ্যাসটা হয়ে গেল সেটি আৱ গেল না। এই দেখন হাত ক'পছে !  
গণ্ডখানেক খাওয়াৰ পৰ হাত দড়ো হবে। আৱ নাই বা হলো দড়ো। ক'বিনই  
বা বাঁচাৰ আৱ বাঁকি আছে !

'কিম্তু যে কথা বলছিলম ! আমাদেৱ মত বুড়ীদেৱ দেখে দেখে ছ'ড়ীৱাও  
এদ থেতে শিখেছে ! বোষটা তেও আমাদেৱই !'

বুড়ী থামলেন। খোলা দৱজা দিয়ে চোখে পড়ল বৃঞ্টি নেয়েছে। দেশেৱ  
অত গামলা-চলা বৰ্ষ'ণ নয়—সে-বৃঞ্টি এদেশে কথনো দৰিখ নি। খিৱাফিৱে ফিন-  
ফিনে। তাৱই ভিতৱ দিয়ে ঠাণ্ডা হাওয়া আৱো যেন ঠাণ্ডা হয়ে 'পাবে' ঢুকে  
আমাৰ হাড়েৰ ভিতৱ সে'ধিৱে গিয়ে ক'পিন ধৰিয়ে দিল। ওদেৱ অভ্যাস  
আছে, বুড়ী পৰ্যন্ত বিচলিত হল না, কেউ দৱজা ব'ধ কৱে দেবাৰ কথা চিন্তাৰ  
কৱলে না !

পুৰোই বলেছি বুড়ীৱা দেখে কম, বোঝে বেশী। বললেন, 'বাবাজী'  
এদেশে এলেন অক্ষোব্র মাসে, যেটা কিনা ইংলণ্ডেৱ ওয়েস্টেন্ট; মন্থে, বৃঞ্টি  
হয় সব চেয়ে বেশী। অবশ্য এ বছৰ আবহাৱাৰ কেনো জ্বা-খৱচ পাওয়া  
গেল না—তেৰ্ছিটি বছৱেৰ ভিতৱ এ-ৱকম ধাৱা কথনো হতে দৰিখ নি ! যথন  
বৃঞ্টি হওয়াৰ কথা, তখন বাঁ বাঁ রোপ্দৱ, আৱ যথন রোপ্দৱ হওয়াৰ কথা,  
ফসল কাটাৰ সময়, তখন হল বৃঞ্টি। এ-ৱকম হলে এদেশ থেকে চাষবাসেৱ  
যেটুকু আছে তাৱ উঠে যাবে !'

আমি বললুম, 'এই অনিচ্ছাতাৱ জন্যই গত একশ' বছৰ ধৰে এদেশে গমেৱ  
চাষ কমে গিয়েছে—কোথায় যেন পড়েছি !'

বুড়ী বললেন, 'এবাৱেৱ সঙ্গে কিম্তু আদপেই তাৱ তুলনা হয় না। সবাই  
বলে এটৈ বম নিয়ে মাতামাতি কৱাৰ ফলে। হয়েও বা। আপনাদেৱ দেশেও  
তেও শুনোছি একেবাৱে তুলকালাম কাঁড় হয়েছিল—বিস্তুৱ গৰীঁ, অংপ বৃঞ্টি !'

একটু আৱাম বোধ কৱলুম। তাহলে বুড়ী এখনো খবৱেৱ কাগজটা অন্তত  
পড়ে। জীবনে আৰক্ষে ধৰাৱ মত অন্তত কিছু একটা আছে। বললুম,

‘সেকথা আর তুলবেন না, ম্যাডাম। দিনের পর দিন কাড়া দুটি মাস ধরে ১১৪ ডিস্ট্রী র ১১৪ ন্যাজাওলা ক্ষাট অ নাইন টেলসের চাব্ক খেয়ে পিঠে ঘা হয়ে গিয়েছে। কিন্তু এখন ঠাণ্ডায় সে-কথা ভাবতে চিন্তে পড়লে লাগে, দেশ কদম ফুলের মত—’

‘সে আবার কি ফুল?’

খাইছে! এ যেন লণ্ডন শহরে মুখ্যমন্ত্রীর বটগাছ সংধান করার মতো। বললুম, ‘ম্যাডাম, সে তো বোঝানো অসম্ভব। এদেশের কোনো ফুল তার কাছ থেকেও থায় না। বোঝাতে গেলে সেই অশ্বের বক খাওয়ার মতো হবে। অশ্বকে শুধুলৈ “দুধ থাবে?” “দুধ কি রকম?” “সাদা।” “সাদা কি রকম?” “বকের মতো।” “বক কি রকম?” লোকটা তার কনুই থেকে বক-দ্বিধানোর বাঁকানো হাতের আঙ্গুল পর্যন্ত অশ্বের হাতে বুলিয়ে দিল। অশ্ব ডয় পেয়ে বললে, “বাপ্স্‌ ! ও আমি থেতে পারবো না—আমার গলা দিয়ে চুকবে না।”

তারপর বললুম, ‘কিন্তু ম্যাডাম, আপনি যে বললেন, ছব্ডীরা আপনাদের অনুকরণে মদ থেতে শিখেছে এ কথাটা আমার মনকে সাড়া দিচ্ছে না। আমাঙ্গ মনে হয়, যারা মদ থায় তাদের অধিকাংশই দুরস্ত দৌড়ুবাপটার কাজ থেকে রেহাই পাওয়ার জন্মই ঐ কম’ করে। চাষাবাদের কাজ ঢিমেতাতলা; তারা মদ থায় কম। কারখানার কাজ জলব তেতাল; তারা থায় বেশী। আগে শুধু পুরুষেরা যে-সব ধূম-ধূমারের কাজ করতো এখন মেয়েরাও সে সব কাজ করছে বলে তাদেরও একটু-আধটু পান করতে হচ্ছে। কিন্তু এটাও বলে রাখছি এ রেওয়াজ বেশীদিন থাকবে না।’

‘কেন?’

আমি বিজ্ঞের ন্যায় বললুম, ‘প্রথিবীর ইতিহাসে কোথাও পড়িনি, আমি নিজে কোথাও দেখিনি মদ নিয়ে মেয়েদের বাড়াবাড়ি করতে—ও বস্তু যেখানে জন্মের মত সন্তা সেখানেও। তার কারণ মেয়েদের বাচ্চা প্রসব করতে হয়। প্রকৃতি চায় না মনের বাড়াবাড়ি করে মেয়েরা শ্বাস্থ্য নষ্ট করুক। এবং শেষ কথা পুরুষের সংখ্যা বাড়ার সঙ্গে সঙ্গে মেয়েদের আবার ঘরকমার দিকে ফিরে যেতে হবে।’

বুড়ী বললেন, ‘ক জানি! প্রথম বিশ্বযুদ্ধের পর তাই হয়েছিল বটে, কিন্তু এবার কি তারা যে শ্বাধীনতা পেয়েছে সেটা আর ছেড়ে দেবে? সেবারে শুধু তারা পুরুষের কাজ করার অধিকার পেয়েছিল, এবারে তারটাকা ওড়াবার অধিকারও তারা পেয়েছে যে। এই যে তারা “পাবে” আসে, সেটা কেন পুরুষের মত আজ্ঞা জমাতে তারাও শিখে গিয়েছে।’

আমি শুধুলুম, ‘বাড়িতে মদ থাওয়া অনেক সন্তা!’

বুড়ী আনমনে বললেন, ‘অনেক। কিন্তু বাড়িতে আমার আর কে আছে? কর্তা তো আগেই গেছেন। ছেলেটা ও ফাস্টের আঞ্চার গ্লাউচেস্টার কাজ করতে গিয়ে নিখেঁজ হল।’

ତାରପର ଆମାର ଦିକେ ତାକିଯେ ବଲଲେନ—ଗଲାଯ ନେଶାର ଚିହ୍ନାତ ନେଇ—“କିନ୍ତୁ ଜାନେ, ଆମ ତାର ଆଶା ଏଥିନୋ ଛାଡ଼ିତେ ପାରି ନି । ହଠାତ ପେହନ ଥେକେ ଡାକ ଶୁଣିତେ ପାବୋ—“ମା” ।

ଶେବେ ସ୍ଵର୍ଗ ଭାଙ୍ଗିତେ ଶୁଣି, ପାଶେର ବାଢ଼ିର ଲକ୍ଷ୍ମୀଛାଡ଼ା ରେଡ଼ିରୋଟା ‘ଧର୍ମ’-ସମ୍ପାଦ୍ତ’ ଗାଇଛେ ।

ମନେ କହୋ ଶେଷେର ମେ ଦିନ ଭୟକ୍ରିୟା  
ଅନ୍ୟ ବାକ୍ୟ କବେ କିନ୍ତୁ ତୁମ ରବେ ନିରୂପତ୍ର ।

କୋଥାଯ ବାକ୍ୟହାତେ ପ୍ରମଳିତବେ ଜାନଲା ଦିଯେ ସବ୍ରଜ ଗାଛଟାର ଦିକେ ତାକିଯେ ତାକିଯେ ସବ୍ରଜ ପ୍ରାଗଶକ୍ତି ଆହରଣ କରବ, ତା ନା, ତଥିନ ଶ୍ମରଣ କରିଯେ ଦିଲେ ଶେବେର ଦିନେର କଥା । ସ୍ଵର୍ଗ ତୋ ଏକ ରକମେର ମତ୍ୟ, ମେହି ମତ୍ୟର ଥେକେ ଉଠେ ଶୁଣିତେ ହୁଏ ଧିଭିଷ୍ଟିକାମ୍ଭ ଆରେକ ମତ୍ୟର କଥା—ତାଓ ବିଟ୍କେଲ ‘ଗାନେ ଗାନେ’ !

ଏଥାନେ ସକାଳବେଳା ଖାଟେର ପାଶେ ରେଡ଼ିରୋଟା ଚାଲିଯେ ଦିଇ ଆବହାଓୟାର ଭାବିଷ୍ୟତବାଣୀ ଶୋନାର ଜନ୍ୟ । ଏ-ଦେଶେ ସେଟୀ ଜାନାର ବଞ୍ଚି ପ୍ରଯୋଜନ । ବଣ୍ଟି ହଲେଇ ଗୋଛ—ବୁଢ଼ୋ ହାଡ଼ ନିଯେ ରାତ୍ରାଯାଟେ ଫୁଲ, ନିଉମୋନିଆ କୁଡ଼ାତେ ଭୟ କରେ । ରୋଦେର ସାମାନ୍ୟତମ ଆଶା ପେଲେ ମନ୍ତା ଚାଙ୍ଗୀ ହେଯେ ଓଠେ ।

ଏ-ଦେଶେର ଆଲିପ୍ରଦେଶ କତଖାନ ନିର୍ଭର୍ଯ୍ୟରୋଗ୍ୟ ! ଦେଶେ ଥାକତେ ଆବହାଓୟାର ବିଲିତି ଏକ ଓଦ୍‌ବାର ଏକ ବିବରଣ୍ଟ ପଡ଼େଇଛିଲୁମ୍ । ତିନି କଲକାତାଯ ଏସେ ବେଶ ମରାନ୍-ବ୍ୟାନାର ସ୍ତରେ ବଲଲେନ, ‘ତୋମାରେ ଦେଶେ ଏଥନେ ଆବହାଓୟା ସଥେଷ୍ଟ ପର୍ଯ୍ୟବେକ୍ଷଣ କରାର ମତ ସାଂକ୍ଷିକତି ସାଂକ୍ଷିକତି ଦ୍ଵାରା ନେଇ ବଲେ ପ୍ରାୟଇ ଭାବିଷ୍ୟତବାଣୀ କରତେ ପାର ନା । ଆମରା କିନ୍ତୁ ଏଥିନ ବିଲେତେ ମୋଟାମୁଣ୍ଡି ପାରି ।’

ଏର ପରୀକ୍ଷା ହାତେନାତେ ହେଯେ ଗେଲ ।

ଏକଦିନ ସ୍ଵର୍ଗ ଦେରୀତେ ଭାଙ୍ଗାଯ ବେତାର-ରିପୋଟ୍ଟା ଶୁଣିତେ ପାଇ ନି । ସିର୍ଟି ଦିଯେ ନାମାବାର ସମୟ ବାଢ଼ିର ବୁଢ଼ୀ ଯିବେର ସଙ୍ଗେ ଦେଥା—ତାର ଏକ ହାତେ ଭ୍ୟାକୁଲାମ ଝୁମୀର ଅନ୍ୟ ହାତେ ବାଲାତ । ଶ୍ରୁଧାଲାମ, ‘ବେତାରେ ଆବହାଓୟାର ବାଣୀ କିନ୍ତୁ ଶୁଣେଇ ?’

ଏକଗାଲ ହେସେ ବଲଲେ, ‘ଏବାରେ ସା ଆବହାଓୟା—’ ବଲେ ମେହି ‘ପାବେ’ର ବୁଢ଼ୀର ମତୋ ଅନେକ କଥାଇ ବଲଲେ—ଇତ୍ତେକ ଏଟମ ବମ୍ ଯେ ଏ-ସବ ଗୁରୁବଙ୍କେର ପ୍ରଧାନ କାରଣ ମେହି ବଲତେ ଭୁଲି ନା ।

ସର୍ବଶେଷେ ବଲଲେ, ‘ଯେନ ସବ କିନ୍ତୁ ସଥେଷ୍ଟ ବରବାଦ ହୁଯ ନି ବଲେ ଶେଷମେସ ଏଲେନ ଘର୍ତ୍ତ, ‘ଗେଲ୍’ ! ଓଃ, ତାର କୀ ଦାପଟ୍ !’

ଆମ ଶ୍ରୁଧାଲାମ, ‘ଆବହାଓୟା ଦଫତର ସତକ’ କରେ ନି, ଓହାନୀଁ ଦେଇ ନି ?’

ଗନ୍ଧୀରଭାବେ ବଲଲେ, ‘ଇଯେସ, ସାର, ଆଫଟାରାଓୟାଡ଼୍ସ, ବାଢ଼େର ପରେ ଦିଯେଇଲି ।’  
ରମ୍ବୋଧ ଆଛେ ବୈକି ।

କିନ୍ତୁ ମୋଢା କଥାଯ ଫିରେ ଯାଇ । ଆବହାଓୟାର ଭାବିଷ୍ୟତବାଣୀ କରାର ପରିବେ ବେତାରେ ହୁଏ ଧର୍ମ ମର୍ବଦ୍ଧ ବସ୍ତୁତା ଉପାସନା । ସାତସକାଳେ ଉଠାଓ ମେହି ‘ଅନ୍ୟଲୋକେ କବେ କଥା ତୁମ ରବେ ନିରୂପତ୍ର’ ଗୋଛ । କିନ୍ତୁ ପାଛେ ଆବହାଓୟା ମିଶ୍ର କରି ତାଇ ମେହି ଶୁଣିତେ ହତ ।

সর্বপ্রথম ষেটা কানে ঠেকে সেটা পাদরী সায়েবের ভাষা ।

একদা ধর্ম প্রভাব করতো সাহিত্য, কলা, সঙ্গীত তাৎক্ষণ্যপ্রকাশ-প্রচেষ্টাকে —এখনোও করে । এ কথা ফলাও করে বোঝাবার কিছুমাত্র দরকার নেই—কারণ বহু শতাব্দী ধরে রিলিজিয়াস আর্টের সাধনা করার পর মানুষ এই সবে সেকুলার আর্ট আরঙ্গ করেছে ।

এখন আরঙ্গ হয়েছে উটেটো টান । এখন ধর্ম-ধার্জকরা আপন-আপন ভাষা সরল, প্রাঞ্জল, ওজন্মিনী, ধর্ম-পশ্চাৎী করার জন্য ধর্ম-নিরপেক্ষ সাহিত্য থেকে বচনভঙ্গী ধার নিছেন । আজকের দিনের জীবন যে চরম মূল্যে বিশ্বাস হারিয়ে দেউলে হয়ে গিয়েছে তারই বর্ণনা দিতে গিয়ে এক পাদরী সায়েব ষথন ভোরবেলা বস্তুতা দিচ্ছিলেন তখন আমার কেমন ঘেন আবছা-আবছা মনে পড়তে লাগল, কোথায় ঘেন এটা পড়োছ । তারই সম্মানে ষথন আমার ঘন আনন্দ-শৃঙ্খলাটি লুকোচুর খেলছে তখন, ও হারি, পাদরী সায়েবই মাইক্রে উপর হাঁড়ি ফাটালেন । বললেন, আজকের দিনের দ্বন্দ্ব দেউলে ; সর্বভূবন এখন এক বিরাট ‘ওয়েস্টল্যান্ড’ ।

কবিতাটি আমি মাত্র একবার পড়েছি, তাও বহু বৎসর পূর্বে এবং সেও খামচে খামচে, অথ'ৎ ইংরেজীতে থাকে বলে স্কিপ্প করে করে, কারণ ও-কবিতায় একাধিক ভাষার যে জগা-খুচুড়ি পার্কিয়ে ভাষা-শেখাতে-অগা এক-ভাষা-নিষ্ঠ ( মনোগ্রাট্ ) ইংরেজকে তাক লাগাবার কিশোরস্লভ প্রচেষ্টা আছে, তা দেখে আমি বে-এন্টোয়ার হব কেন—আমি তো এ সব কটা ভাষা এলিয়টের মতই বিলক্ষণ মিসার্ডারস্টেড করতে পারি ।<sup>১</sup> কাজেই কবিতাটি শ্মরণ করতে যদি সময় লেগে থাকে তাহলে আশা করি, যাদের কাছে ঐ ‘কবিতা’ রামায়ণ-মহাভারতের চেয়েও প্রণম্য তাঁরা অপরাধ নেবেন না ।

ইংল্যের প্রাথৰ্নার কথা ওঠাতে যদি ইংরেজী সাহিত্য নিয়ে এছলে কিংবিধী বাক্যবিন্যাস করি, তবে বিবেচনা করি, সেটা নিতান্ত বেথাংপা শোনাবে না, এবং সে-বাসনা যে আমার কিংবিধ আছেও, সেটা অস্বীকার করব না, কিংতু তাহলে মূল বস্তব থেকে অনেকথানি দূরে চলে থাক বলে পাঠক হয়ত ইষৎ অসহিত্বা হয়ে উঠবেন । তাই শুধু এই প্রশ্নই শুধাই, ভোরবেলায় পাদরী সায়েব বেছে বেছে আমাদের এলিয়ট সায়েবকেই শ্মরণ করলেন কেন ?

মার্কিন মাস্কের লেখককে ইংরেজ সহজে করেক দেয় না কাজেই এই কলেক পাওয়ার জন্য এলিয়টকে বিস্তর কাঠ-খড় পোড়াতে হয়েছে সে-বিষয়ে কোনও সম্মেব নেই । বহু জায়গায় বিস্তর কলেক পাওয়ার পর ইংল্যের

১। “...they are simply the kind of thing that goes on in the head of a troubled man who has drunk at the best universities and is half-drugged with literature, who has studied a little Sanskrit at Harvard and done a certain amount of travelling in Europe.....”—E. Wilson.

কনসারভেটিভ পার্টি'তেও তো জাতে ওঠবার জন্য তিনি লিখলেন “‘দ্বিলিটারেচাৰ অব পলিটিক্স’” —“‘টিএস্‌ এলিয়ট ও এম কৰ্তৃক লিখিত; রাইট অন্ডেবল স্যার এষ্টন টেডন, কেজি; এম সি; এম্পি কৰ্তৃক ভূমিকা সম্বলিত’। এৱেকম ব্যাপার হ্যে ইংলণ্ডে হতে পারে আমি জানতুম না। আজ যদি শুধুমাত্র পৰশুৱাম “শ্রীরাজ-শেখৰ বস্ত্ৰায়ায়েৰ কৰ্তৃক লিখিত এবং শ্রীষ্ট ভূতনাথ ভড় রায়বাহাদুৰ, বিধান-সভারসদস্য, কাইসার-ই-হিস্ব দ্বিতীয় প্ৰেণী মেডলপ্ৰাপ্ত কৰ্তৃক ভূমিকা সম্বলিত” পুনৰুক্তি প্ৰকাশ কৰেন তবে যে-ৱৰকম বিচ্ছিন্ন এবং বিৱৰণ হব। সাহিত্যজগতে (এলিয়ট যে পলিটিশিয়ান নন, সে সৰাই জানে) তিনি তাৱ ও এম উপাধিটি ডেলেখ কৰতে ভুলবেন না, আৱ টেডন তো সালঙ্কাৰ থাকবেনই। মুসলমান বলে আমি ঠিক বলতে পাৰবো না, তবে অনুমান কৰি চাঁড়াল যাই পৈতো পেয়ে যায়, (স্বগুণেই বলছি) তবে বোধ হয় সে সেটা সৰ্বক্ষণ মাথায় জড়িয়ে পাড়ায়-পাড়ায় ঘৰে বেড়ায়! আশা কৰি, এৱে পৱ যথন বাঙলাৰ সাহিত্যিকৱা রাজনীতিকদেৱ দাওয়াত ত্ৰে সভাপতি বানিয়ে, তাদেৱ দিয়ে সাহিত্য অধ্যা সাহিত্যিকদেৱ চৰিৱেৰ আনাৰ্ড সমালোচনা কৰাবেন, তখন শ্রীষ্ট প্ৰমথনাথ বিশী প্ৰমুখ অনাহত খাঁটি সাহিত্যিকৱা আহেতুক উষ্ণ-গোস্সা প্ৰদৰ্শন কৰবেন না। এ'দেৱ গুৱাখন্তুৰ মহামান্যবৰ এলিয়ট সাহেব—এ'ৱা তীৱই পদাঙ্ক অনুসৰণ কৰছেন মাত্ৰ।

সাহিত্যজগতে কক্ষে পেয়েই এলিয়ট সন্তুষ্ট নন। তিনি আৱও বহু-কক্ষে বহু-জায়গায় পেয়েছেন।<sup>১</sup> কিন্তু ইংলণ্ডেৱ সৰ্বেচ এবং সৰ্বশেষ কক্ষে ধৰ্ম'চক্রে —কে না জানে সে দেশেৱ রাজা এবং রানীৰ অন্যতম জীবৱেল উপাধি “ডিফেন্ডাৰ অব ফেণ্টে”? স্বয়ং পোপ ইটি অস্তম হেন্ৰিকে দিয়েছিলেন। সেখানে কক্ষে পাওয়া চাই-ই-চাই।

এলিয়ট তাৰ ধৰ্ম'বিশ্বাস পৰিষ্কাৰ ভাষাতেই প্ৰকাশ কৰেছেন—সেটা তাৰ কৰি চাৰ মত তেৰ্পটি রকমে বোঝা এবং বোঝানো যায় না, এই রক্ষে। পাস্কাল সম্বন্ধে প্ৰথম লিখতে গিয়ে তিনি সুপণ্ট ভাষায় বলেছেন, ‘ধৰ্ম'গুৱোৱ ভিতৰ খন্দাপটধৰ্ম’, এবং তাৰ ভিতৰে কাৰ্থলিক খন্দাপটধৰ্মই জগৎ এবং বিশেষ কৰে অধ্যাত্মজগতেৱ সমস্যা এবং কাৰ্য'কাৰণ সৰ্বেক্ষণভাৱে বোঝাতে সক্ষম হয়েছে (‘চু অ্যাকাউন্ট মোস্ট্ সেটিসফেক্টৱিলি ফ্ৰ দি ওয়াল’ড অ্যাংড ট্ৰেপশালি দি

১ “Who is who”-তে আছে D. Litt of Oxford , a Litt. D. of Harvard, Yale, Princeton, Columbia, Bristol, Leeds and Washington ; an LLD. of Edinburgh and St. Andrews , a D. es L. of Paris : Aix-Marseille, and Rennes , a D. Phil of Munich ; an Honorary Fellow of Merton College and of Magdalene College, an offier de la Legion d' Honneur , and a foreign Member of the Accademia dei Lincei of Rome.

এ ছাড়া নোৰেল প্রাইজ তো আছেই।

মরাল ওয়াক্ত 'উইদিন' )। যীশুখ্রেস্ট থে জলকে মহ্যরূপে পরিবর্ত্ত করেছিলেন, 'মৃতজনে প্রাণ' দিয়েছিলেন এসব অলোকিক কাষ্ঠ'কলাপে তিনি বিশ্বাস করেন।<sup>১</sup> তিনি আংলো ক্যাথলিক গির্জায় ( বিলাতের সরকারী, রাজীবানীর প্রতিষ্ঠান ) গিয়ে প্রজোপাট করেন, মস্তপ্রত রুট এবং মদের ঘাধ্যমে খন্দাইতের সঙ্গে অশরীরী ভাবে 'হারহারাহা' হন, ইত্যাদি ইত্যাদি ।

তাতে কারও কোনও আপত্তি থাকার নয় । আমাদের মডান' কবিরাও হয়ত ইতু যে'চুর প্রজো করেন, নজরুল ইসলাম আজ যাই মোল্লার কাছ থেকে পানি-পড়া তাৰিজ-কবজ নিয়ে ব্যামো সারাতে চান তবে আমরা উঞ্জাস অন্তর্ভুক্ত কৱব—ডাঙ্কাৰ-কবৱেজ তো হার মেনেছেন—কিন্তু এ-বাবদে একটা প্রশ্ন দ্ব্যভাবতই উদয় হয় ।

গৌড়া ক্যাথলিকরা বিশ্বাস করেন, অ-খ্রীষ্টানরা অন্ত নৱকের আগন্মে জলবে । গৌড়া মুসলমানরা অত্থানি ঠিক করেন না—তাঁদের মতে কোনও অন্তেসলামিক ধর্মের মূলতৰ ( ফার্মামেণ্টলস্ ) যদি ইসলামের সঙ্গে মেলে তবে সে-ধর্মের লোক স্বগে' না গেলেও অন্ত নৱকে জলবে না । এখন প্রশ্ন এলিয়ট কি বিশ্বাস করেন, তাঁর বাঙালী হিন্দু-মুসলমান চেলারা অন্ত নৱকের আগন্মে রোপ্ত ঘটন কিংবা তঙ্গুরী মণ্গৰ্ভাজা হবে ? যীরা তাঁর সঙ্গে পেয়েছেন তাঁরা যাই বাংলে দেন, তবে উপরুক্ত হব ।

কিন্তু ইহুদীদের স্বাক্ষে এলিয়ট তাঁর বক্তব্য সুস্পষ্ট ভাষায় বলেছেন । পাঠক স্মরণ রাখবেন, ইহুদীদের ধর্ম'গুহ 'প্রাচীন নিয়ম' ( ওল্ড টেস্টামেন্ট ) খ্রীষ্টানদের ধর্ম'গুহ'ও বটে এবং খ্রীষ্টানদের একেব্যবহাদ, প্রতিবাদজ্ঞন, স্বর্গ-নৱক, শেষ বিচার, গির্জার প্রাথ'না-পৰ্যাত ইহুদীদের কাছ থেকে নেওয়া, এবং সব চেয়ে বড় কথা স্বয়ং যীশুখ্রেস্ট ইহুদী-সন্তান—মর্যাদিত্বিত সুসমাচারে আৱশ্যক যীশুর কুলজি নিয়ে ; তিনি ইহুদীদের বৎশাপতা আৱাহনের ( ইব্রাহিমের ) বৎশধর ।

এলিয়ট আবশ্য' সমাজব্যবস্থার বণ'না দিতে গিয়ে বলেছেন, 'যে সে আবশ্য' সমাজে 'বন্ত ও ধৰ' এই দুয়ে মিলে মুক্তিচ্ছাশীল ইহুদীদের ( আবশ্য' সমাজে ) বেশী সংখ্যায় থাকা অবাস্থনীয় ।'

( Reasons of race and religion combine to make any large number of free-thinking Jews undesirable )

সোজা বাঙলার প্রকাশ করতে গেলে দাঁড়ায় :—যেমন মনে করুন রবীন্দ্রনাথ যাদি বলে যেতেন, 'পাসৰীদের ধৰ' এবং রন্ত আলাদা ( এবং এটাও লক্ষণীয়, যে, ইহুদী ও পাসৰ' উভয় সম্প্রদায়ই বিভিন্ন ) এ দু'য়ে মিলে গিয়ে এমনই

১ এ বাবদে বান্ড'শ'র ধারণা ( ব্রাক গাল' ) তুলনীয় । তিনি খ্রীষ্টকে 'ক্লেবার কনজিয়োৱাৰ' বা 'ঘড়েল ম্যার্জিশনান' বলে উল্লেখ কৱেছেন । রাম-মোহন রায় খ্রীষ্টের মহত্ত্ব স্বীকার কৰেও তাঁর অলোকিক কাষ্ঠ'কলাপে ( মিৱাক্ল্ ) বিশ্বাস কৱেন না বলে পাদৰী বৃধ্বগণ কৰ্ত্তৃক বাঞ্জ'ত হন ।

এক বিপর্যয় ঘটেছে যে এদের থেকে বেশী লোক ভারতীয় সমাজে থাকুক এটা বাস্তুনৈর নয় !’ !!!

অ্যাস্টন ইউনের ভূগ্রিকাস্মলিত এলিয়টের যে ‘লিটরেচার অব পার্সিটিকস’ বইয়ের কথা প্রবে ‘উল্লেখ করেছি তাতে এলিয়ট চারজন কনসারভেটিভ সাহিত্যিকের উল্লেখ করেন ; বলিংব্রুক, বার্ক, কোল্রিজ, এবং ডিজ্রেল। ডিজ্রেলের কথা বলতে গিয়ে এলিয়ট বলেছেন, ‘হ্যাঁ, ইনি ( এখানে বোধ হয় এলিয়ট একটু থেমে গিয়ে মন্দ গলাখার্কারি দিয়েছিলেন ) একটা সাদাৰাঠা পাস পেতে পারেন মাত্র ; আমি অবশ্য গির্জাৰ সদস্য প্ল্যাডক্ষ্টনকেই পছন্দ করি বেশী ।’

সমালোচক উইলসন কাষ্ঠহাসি হেসে এছলে বলেছেন, ‘হ্যাঁ, একজন মন্ত্র-চিন্তাশীল ইন্দুরী চললেও চলতে পারে, অবশ্য তিনি যদি কনসারভেটিভের স্বাধৈর্য কাজ করেন ।’

অনেকটা রবি ঠাকুর যেন বলেছেন, ‘নৌরজী চললেও চলতে পারেন ; আমি কিন্তু গোড়া টিলককেই পছন্দ কৰিৱ ।’

এ-আলোচনা উঠেছিল যখন বিবিসি দর্শনে ধাই—হাজার হোক এ-জীবনের চারটি বছর দিশী বেতারে নষ্ট করেছি তো !

পারস্যে প্রথ্যাত কৰি মণ্শুর-রফ্ফ উদ্দীন বিন-মুস্তাফি উর্দ্ধন শেখ সাদীকে একদিন দেখা গেল ভরসম্মেয়েলা গোরস্তানের দেউড়ির সামনে। এ সময়টা মণ্ডের সদগতি-প্রত্যাশাকামী উপাসনার জন্য প্রশংস্ত নয় ; তাই রাণ্টা দিয়ে যেতে যেতে কৰিৱ এক বৎসু তাঁকে দেখতে পেয়ে শুধালেন, ‘আবেলায় এখানে কি কৰছেন, শেখসাহেব ?’

দীৰ্ঘ দাঁড়ি দৃলয়ে, দীৰ্ঘ তরি নিঃশ্বাস ফেলে বৎসু বললেন, ‘আৱ বলো না ভাই, গেৱো দেৱো। জানো তো অমুককে। আমাৱ কাছ থেকে একশ’ তুমান ধাৱ নিয়েছিল বছৱটাক হয়ে গেল। ফেৱৎ পাই নে। পাড়ায় পাড়ায় খেদিয়ে বেঁড়িয়েও তাকে ধৰতে পাই নে। তখন আমাৱ এক গুৱুভাই আমাকে পৱামশ’ দিয়েছে এখানে এমে অপেক্ষা কৰতে। গোৱস্তানে নৌকি সবাইকে একদিন আসতে হয়।’

বিবিসি লণ্ডন তথা ইংলণ্ড, এমন কি লণ্ডনাগত বিদেশী গুণী-জনীয়া জ্যান্ত গোৱস্তান। গাইয়ে, বাজিয়ে, নাট্যকার, বক্তৃতাবাজ, পাহাড়-চড়নে-ওলা, চোৱেৱ সেৱা, ডাকাতেৱ-বাড়া ( এৱাও ইটোৱভু দেৱ ) হেন প্রাণী নৈই যে সেখানে একদিন না একদিন না-আসে।

আমাৱ জম্মভূমি সোনার দেশ ভারতবৰষে অবশ্য ভিন্ন ব্যবস্থা। তাৱ সম্বৰ্ধে অন্য গতি আছে। সেটা কিন্তু বাজাৱে চালু হয় নি। ‘আকাশবাণী’তে সামান্য ষেটুকু প্ৰোগ্ৰামে পায় তাৱ কাটা ধাৰাৱ ভয়ে দে গশ্পই কেউ বলতে চায় না, শুনলেও ভুলে ষেতে চায়।

ଏଟମ୍ ବମ୍ ପଡ଼ିଲେ କି କି କାଣ୍ଡ ହତେ ପାରେ ତାରଇ ରଗରଗେ ବର୍ଣ୍ଣନା ଶୁଣେ ଏକ ନିଯମିତ ବଙ୍ଗମୁଖନ ତାର ବୈଜ୍ଞାନିକ ବନ୍ଧୁଙ୍କେ ଶ୍ରୀଦାଲେ, ‘ଏ ସବ କି ସତ୍ୟ ?’

‘ଏକ ଦମ୍ ! ବରଣ କମିଯେ ସମିଯେ ବଲେଛେ !’

‘ତା ହଲେ ଉପାୟ ? ଦୂରଦୂରାଣ୍ଟେ, ଲଡ଼ାଇଯେର ଆସ୍ତାର ବାଇରେ କୋନୋ ନିର୍ଜନ ସ୍ଥାନେ ଚଲେ ଗେଲେ ହୁଯ ନା ?’

‘ହୁଁ ! କିମ୍ତୁ ଏଦେଶେର ସରକାର ଏଟମ ବମେର ବିରୁଦ୍ଧେ ଉତ୍ସୁକ ବ୍ୟବସ୍ଥା କରାଇଛନ । ସମ ଫାଟାର ସଂଭାବନା ଦେଖିଲେଇ, ଆକାଶବାଣୀର କୋନୋ ଶ୍ରୀଡିଯୋତେ ଢୁକେ ପଡ଼େ । ମେଥାନେ କୋନୋ ରେଡିଓ-ଆକ୍ଟିଭିଟି ନେଇ ।’

ଆମି ଅବଶ୍ୟ ଘୋଲାନା ସାଦାର ମତୋ ଦେନାଦାରକେ ପାକଡ଼ାବାର ଜନ୍ୟ ବିବିସେତେ ସାଇନ । ଆମି ଗିରେଛିଲୁମ ଆପନ ଖଣ ଶୋଧ କରାତେ । ପୂର୍ବେ ଇ ବଲେଛି, ଏବେ ଆମି ବେତାରେ ବାଧା ଛିଲୁମ । ମେ ସ୍ବାବେ ଦ୍ୱାରା କର୍ମୀର ସଙ୍ଗେ ଆଲାପ-ଆଲୋଚନା ଏମନ କି ଦୂରମ-ମହରମ ହୁଁ । ଦେଶେ ନିର୍କର୍ମଣୀ ବିବେଚିତ ହେଉଥାର ପର ବିବିସ ଏଦେର ଲୁଫେ ନିଯମେ—ପାଡ଼ାର ମେଧେ ଓପାଡ଼ାର ମଧ୍ୟ-ଦନ ତୁର୍କାର୍ଥେ ବଲା ହୁଁ, ଏଥାନେ କିମ୍ତୁ ସତ୍ୟାଇ ।

ଜମ'ନିର ଜନ୍ୟ ବିବିସ ସେ ଜମ'ନ ପ୍ରୋଗ୍ରାମ କରେ ତାରଇ ବଡ଼ କର୍ତ୍ତା ଆସିଲେ ଭିନ୍ନେନାବାସୀ ଜମ'ନଭାସୀ ଡଃ ଭଲଫେର ସଙ୍ଗେ ଆଲାପ କରିଯେ ବିଲେ ଆମାଦେର ସିନ୍ହା ( ଆସିଲେ ସାଦାମାଟା କାରେତର ପୋ ‘ସିଙ୍ଗ’, ନିତାନ୍ତ ସମ୍ମାନାର୍ଥେ ‘ସିଂହ’, କିମ୍ତୁ ଛୋକରା ହାମେଶାଇ ଏକଟୁ ସାଯେବୀ ସେବା ଛିଲ ବଲେ ଆମରା ବାଙ୍ଗଲାତେ କଥା କଇବାର ସମୟର ସିନ୍ହା ବଲତୁମ ) । ଲୋକଟି ଅସାଧାରଣ ପର୍ମିତ ଏବଂ ସଙ୍ଗେ ସଙ୍ଗେ ପ୍ରଥିବୀର ଦୈନିକିନ ସବ ‘ସମସ୍ୟା ସମ୍ବନ୍ଧେ ଅହରହ ସଚେତନ । ଏ ସମ୍ବନ୍ଧୀୟ ସଚରାଚର ଚୋଥେ ପଡ଼େ ନା ।

ଆଶ କଥା ପାଶ କଥାର ପର ଆମିଇ ବଲଲୁମ, ବିବିସିର ଜମ'ନ କର୍ମଚାରୀଙ୍କେ ଉଚ୍ଚାରଣ ଜମ'ନି ଥେକେ ସଂପ୍ରାଚାରିତ ଖାସ ଜମ'ନ ବେତାର ବାଣୀର ଚେମେ ଭାଲୋ । ପ୍ରିୟ ଅମତ୍ୟ ଆମି ସେ ଏକେବାରେଇ ବଲି ନେ ତା ନୟ, କିମ୍ତୁ ପ୍ରିୟ ମତ୍ୟ ବଲବାର ସ୍ଵଯୋଗ ପେଲେ ଆପ୍ରାପ୍ନୀଦା ହୁଁ ତେବେ ତେବେ ବେଶୀ ।

ହିଟଲାର ବାରିଶାଲେର ଲୋକ । ଅଥ୍ୟାତ୍ ବାରିଶାଲେର ଲୋକ କଲକାତାର ଭାଷା-ବଳତେ ଗେଲେ ଯେ ରକମ ତାର କଥାର ଆଡ଼ ଥେକେ ଧାର୍ଯ୍ୟ, ହିଟଲାରେ ପୋକାକୀ ଜମ'ନେ ତେମିନ ଶୁଧୁ ଆଡ଼ ନୟ, ତୀର ଜ୍ଞାନଭୂମି ଅସ୍ତ୍ରୀୟ ଉପଭୋଗର ବୌଟିକା ଗ୍ରହ ପାଞ୍ଚା ଯେତ । ହିଟଲାର କଲେଜ ବିଶ୍ୱବିଦ୍ୟାଳୟେ କଥନେ ଧାନ ନି, ଶିକ୍ଷିତ ଆଚାର୍ୟ ପର୍ମିତରେ ତିନି ଦ୍ୱାରା କେବେଳେ ଦେଖାଇଥାଏ ପାରନେନ ନା, ତଥାପିର ନ୍ତନ ଭାଷା ଶେଷା ବାବରେ ତିନି ଛିଲେନ ମୋଲ ଆନା ଅଗା । ( ମୁମ୍ମୋଲୀନି ଚମକାର ଜମ'ନ ବଳତେ ପାରନେନ ଏବଂ ଏକମାତ୍ର ତୀର ସଙ୍ଗେଇ କଥା କହିତେ ତୀର ଦୋଭାସୀର ପ୍ରାୟାଜନ ହତ ନା । ଓହିକେ ଆବାର ଶ୍ରାବିନେର ରୁଶ ଉଚ୍ଚାରଣେ କକେସାରେ ଗୁରୁଭାର ଛିଲ ବଲେ ତିନି ଲେକଚର ବାଜୀ କରାନେ ଭାଲବାସନେନ ନା କିମ୍ତୁ ପ୍ରାର୍ଥିକ ଛିଲେନ ବହୁ ଭାଷ୍ୟ ଅସାଧାରଣ ପର୍ମିତ । କାଜେଇ ଏମବ ଉକ୍ତୋପାଳ୍ଟା ନମ୍ବନା ଥେକେ ଆମି କୋନୋ ସ୍ଵତ୍ତ ଆବିଷ୍କାର କରାନେ ପାରି ନି । ) ହିଟଲାର ସଥନ ରାଜ-ରାଜେଶ୍ୱର ହେଁ ଗେଲେନ ତଥନ ସେ ତୀର ଚଲାଚାମ୍ଭଦାରା ଶୁଧୁ ତୀର ଉଚ୍ଚାରଣ ନକଳ କରାନେ ଆରାଜି କରାଲେନ ତାଇ ନୟ, ତୀରଇ

ମତ କର୍ଣ୍ଣ ଗଲାଯ (ହିଟଲାର ଟେନ୍‌ସିଲେ ଭୁଗତେମ) ଦାବଡ଼େ ଦାବଡ଼େ କଥା ବଲତେ ଆରମ୍ଭ କରିଲେନ— ଏକ ଗ୍ୟୋବେଲ୍‌ସ୍ ଛାଡ଼ା । ଜର୍ମନିର ଖାନଧାନୀ ଶିକ୍ଷିତ ପରିବାରେ ସେ ଧର୍ମ, ସାଙ୍ଗ, ଚାଁଚାହେଲା ଉଚ୍ଚାରଣ ପ୍ରଚାଳିତ ଛିଲ, ଅଧ୍ୟାପକରା ସେ ଭାଷାର କଥା ବଲତେନ, ଥିରେଟାର ଅପେରାତେ ସେ ଉଚ୍ଚାରଣ ଆଦଶ୍ ବଲେ ଧରା ହତ, ସେଠା ପାଇଁ ଶୋପ ପାବାର ଉପକ୍ରମ କରିଲୋ । ସ୍ଵର୍ଗ ଲାଗାର ପ୍ରବେ' ଏବଂ ପରେ ସାରା ଲଙ୍ଘନେ ପାଲିଯେ ଗିଯେ ବିବିସିର ଜର୍ମନ ସେକଶନେର ଭାର ନିଲୋ ତାରା ପ୍ରଧାନତଃ ଏ ସବ ଶ୍ରେଣୀର ବ୍ୟାଞ୍ଜିବୀ' । ଆଜକେର ଦିନେ ସାରା ବିବିସିତେ ଜର୍ମନ ବଲେ ତାରା ଓଦେଇ ଏତିତହ୍ୟେ ଚଲେ । ଓହିକେ ସ୍ଵିଦିଗ୍ଧ ଜର୍ମନରା ହିଟଲାରୀ ରାଜତ୍ତେର ବାରୋ ସଂସରେ ଦକ୍ଷ୍ୟମ ମତ ତାଡ଼ାତାଡ଼ି ପାରେ ଭୁଲେ ସେତେ ଚାଯ ତବୁ ପୁରନୋ ଦିନେର ଅଭ୍ୟେ ଅତ ସହଜେ ସାବେ କେନ ?

ତାଇ ବିବିସିର ଜର୍ମନ ଉଚ୍ଚାରଣ ଏମନ ଥାମ ଜର୍ମନୀର ଥେକେ ଖାନଧାନୀ ।

ଅଭ୍ୟେ ସେ ସହଜେ ସେତେ ଚାଯ ନା ତାର ଉତ୍ସାହରଣ ସତ୍ତ୍ୱତ୍ତ ସର୍ବତ୍ତ ଦେଖିତେ ପାଓଯା ଯାଇ । ବାଙ୍ଗଲା ଦେଶ ଥେକେଇ ତାର ଏକଟା ଅତି ସାଧାରଣ ଉଦ୍ଦାହରଣ ଦିଯେ ଆରମ୍ଭ କରି । ପ୍ରଥମ ବିଶ୍ୱବିଦ୍ୟୁତର ସମୟ ଏଦେଶେ କାପଡ଼ର କି ଅନଟନ ପଡ଼େଛିଲ ମେ-କଥା ଆମରା ଭୁଲି ନି । ତାରଇ ଫଲେ ପାଞ୍ଜାବିର ଝୁଲ କମେ କମେ ପାଇଁ ଗେଞ୍ଜର ମତୋ କୋମରେ ଉଠେ ଗିଯେଛିଲ ! ତାରପର ଲଡାଇ ଶେଷ ହେୟାର ପର ସଥନ ବାଜାରେ ଆର ଆପିଦିର ଅଭାବ ରିଲ ନା, ତଥନୋ କିନ୍ତୁ ଝୁଲ ଆର ନାମେ ନା । ଇତିମଧ୍ୟେ ଐଟେଇ ହୟେ ଗିଯେଛେ ଫ୍ୟାଶାନ !

ଇଂଲାନ୍ଡେ ତାଇ । ସେଇ ସେ ସ୍ଵର୍ଗର ସମୟ କାପଡ଼ର ଅଭାବେ ମେରେବା ଅକ୍ଷପ ଦେରେର ଶ୍କାଟ୍ ବାବାତେ ବାଧ୍ୟ ହେୟେଛିଲ ଆଜ ସେଠା ଫ୍ୟାଶାନ ହୟେ ଦୀର୍ଘରେ । ଏବଂ ତାର ଘେର ଏତି ମାରାୟକ ରକମେର ଅଶ୍ପ ସେ ବାସେର ପାଦାନିତେ ପା ତୋଳା ଯାଇ ନା । ବାସେର ହ୍ୟାଙ୍କିଲ ଧରେ ମେମସାଯେବରେର ଲାଫ ଦିଯେ ଏକମଙ୍ଗେ ଦ୍ଵାରା ତୁଲେ ବାସେ ଉଠିତେ ହୟ । ଆମାରଇ ଢାଖେର ସାମନେର ଏକଦିନ ଏକଟା କେଲେକାରି ହୟେ ଗେଲ । ଏକଟି 'ଫୁଲ୍ ସିଲମ' (ଆଜକାଳ 'ମୋଟା') ବଲା ଅମ୍ଭାତା—ସେଠା ସଂକ୍ଷିତ ପର୍ଯ୍ୟନ୍ତ ଫୁଲ-ସିଲମ ବଲାଟା ସେ ଆଇନଟାଇନ ଆବିଷ୍କାର କରେଛନ ତାକେ ବାର ବାର ନମ୍ବକାର ! ) ମହିଳା ବାସେ ଉଠିତେ ଗିଯେ ଲାଫ ନା ଦିଯେ ପୁରୁଷଦେର ମତୋ ପା ତୁଲିତେଇ ଚଢ଼ ଚଢ଼ କରେ ଶ୍କାଟ୍‌ଟି ପ୍ରାୟ ଇସ-ପାର ଉସ-ପାର !

ଯାଦେର କମ ଘେରେ ଲାଙ୍ଗୁଲ ପରାର ଅଭ୍ୟେ ଆଛେ ତାଦେର ନିଶ୍ଚଯାଇ ଏ ଲାଭିଭତ୍ତାଟି ଏକାଧିକବାର ହେୟେ— ପ୍ରଥାନତ ଲାଙ୍ଗୁଲ ବାଧ୍ୟକେ ।

ହଟନାଟା ନିତ୍ୟ ଏନ୍-ଦେଶେ ହୟ କି ନା ବଲତେ ପାରବୋ ନା, କାରଣ ସେ କଟି ଲୋକ କାଂଡା ଦେଖିଲେ ତାରା ମୁଦ୍ର ହାସ୍ୟ କରା ଦୁରେ ଥାକ, ତାଦେର ନୟନେର ଉଦ୍ଦାମ ଦ୍ଵାଣ୍ଟ ଯେଣ ମଙ୍ଗେ ଟାମତର ହୟେ ଗେଲ । ଆମିଗ୍ରେ ଇତିମଧ୍ୟେ କିଂଣିକ ଶହୁରେ ହୟେ ଗିଯେଛି । ମାଥା ନିଚୁ କରେ ଗଭୀର ମନୋଯୋଗ ସହକାରେ ସବରେର କାଗଜେ ବର୍ତାରିଲେର ବିଜ୍ଞାପନ—ବିଜ୍ଞାପନ ତୋ ବିଜ୍ଞାପନଇ ସହ—ପଡ଼ିତେ ଲାଗଲୁମ ।

ହଟନାଟା ପ୍ରଚାର 'ଧର୍ମିନ' ଓ ବ୍ୟଙ୍ଗନା ସହକାରେ ଏକ ଇଂରେଜ ବନ୍ଧୁକେ ସଥନ ବାଧାନିଯା ବଲଲୁମ, ତଥନ ତିନି ବଲିଲେ, 'କେନ, ଏ ବ୍ୟଙ୍ଗନ ତୋ ଏଥନ କ୍ଲାସିକ୍‌କ୍ଲାସିକ୍ ମେର ପର୍ଦାଯେ ଉଠେ ଗେହେ ! ଶୋନୋ । ଏକ କର୍କଣ ଆର ଏକ କର୍କଣିତେ ଉପଦେଶ ଦିଲେ ମିଳେର

শেয়ার না কিনতে। “কি হবে কিনে? কাপড়ের এখন আর কতখানি প্রয়োজন? এই দেখ না, আমি আমার স্ত্রীর গেল বছরের স্কার্ট দিয়ে নেকটাই বানিয়েছি, আর তিনি আমার গেল বছরের টাই দিয়ে এ বছরের স্কার্ট বানিয়েছেন।”

কিন্তু এই বাহ্য। এসব জিনিস দিয়ে ইংরেজ চারণ্টের অবল-বদল হয়েছে কি না সে-কথা বলা অসম্ভব না হলেও কঠিন। এক মার্কিন সেপাই ষ্টৃডের সময় দেশের ভিতর দিয়ে যাবার সময় দেখে, সেখানেই প্রকৃত কাটা হয়েছে সেখানেই প্রকৃতের মাঝখানে মাটির কোনিকাল থাম রাখা হয়েছে—আসলে এটা কতখানি মাটি কাটা হয়েছে তার মাপ রাখার জন্য এবং মাটি-কাটাদের মজুরী চুকিয়ে দেবার পর এ থামগুলোও কেটে ফেলা হয়—কিন্তু মার্কিন ত র ভ্রমনকাছিনীতে লিখলে, ‘বাঙ্গলা দেশের লোকই সব চেয়ে বেশী শিবলিঙ্গ পঞ্জো করে। এন্তের পয়সা খরচ করে বিরাট বিরাট প্রকৃত খণ্ডে মাঝখানে শিবলিঙ্গ স্থাপন করে।’

এটা শুনে আমার শিক্ষা হয়ে গিয়েছে। না হলে ক্লিয়োপাত্রার নীড়লু (অবিলিক) ইয়োরোপের যে সম্মানের সঙ্গে রাখা হয়েছে তার থেকে মীমাংসা করে আঘও বলে দিতাম, ইয়োরোপেও লিঙ-পঞ্জা হয়।

যতই খবরের কাগজ পাড়ি, রেডিও শুনি, টেলিভিজন দেখি, ‘পাবে’ কথা-বার্তা কই, বন্ধু-বান্ধবদের সঙ্গে লণ্ডিনার খাই, মোটরে করে গ্রামগুলে বেড়াতে যাই, ট্যোক্স-জ্বাইভারের সঙ্গে অবরেসবরে রসালাপ করি (তার সুধোগ বিস্তর, কারণ ট্রাফিক জামের ঠেলায় ঘাটে ঘাটে অনেকক্ষণ দাঁড়িয়ে থাকতে হয়) বাঁকা নয়নে সব কিছু দেখি, খাড়া কানে অর্ধমাচরণে অন্য লোকের কথা-বার্তা শুনি ততই মনে হয়, সেই পুরনো ফরাসী প্রবাদ, প্রজ্য সা শাঁজ, প্রজ্য সে লা মেম্ শোজ (দি মোর ইট চেঞ্জেস, দি মোর ইট ইজ দি সেম্ থিং) খোলনলচে বদলেও সেই পুরনো হঁকো।

এই যে জর্নালির হাতে ইংরেজ বেড়েক বম্ব খেল, কই, কথায় কথায় তো জর্নালকে কটুকাটব্য করে না; দ্র'এক জায়গায় যে কালোয়-খলায় মারামারি হচ্ছে, কই সাধারণ ইংরেজ তো সাধার পিছনে দাঁড়ায় নি, উষ্টে প্রতিষ্ঠাদ জানাচ্ছে, এমন কি শুনতে পেলুম পার্লিমেন্টে নাকি কে যেন বিল আনবেন, যে সব হোটেলগুলা কালো-খলায় ফারাক করে তাদের সায়েন্টা করবার জন্য; নানা প্রকার আমদানি রপ্তানির উপর যদিও বাধ্য হয়ে কিছু কিছু আইন-কানুন জারি করতে হচ্ছে তবু তো ইংরেজ আরো কয়েকটা জাত নিয়ে একটা ‘খোলা বাজার’ তৈরী করার চেষ্টায় উঠেপড়ে লেগেছে। ত্রিশ বছর আগেও মনে হয়েছে, এখনো মনে হলো, ইংলিশে কনসারভেটিভও লিব্ৰেল সেবারও লিব্ৰেল হয়ে গিয়েছে। তাই বোধ হয় খাস লিব্ৰেল দলের জেলাই সেখানে কয়ে গিয়েছে। যে দেশের সবাই ভাত খায় সেখানে তো আর ভাতখেকোদের আলাদা হাতেল হয় না।

তাই তাৰ্জৰ মানি, এলিয়ট এত অসহিষ্ণু হয়ে উঠলেন কি করে ?

সিন্হা না ভলফ্ শুধিৱেছিলেন সে কথাটা মনে নেই।

আজ যখন এ্যারোপ্লেনে কৱে অটপ্রহৱই অটপ্রহৱে কলকাতা থেকে লণ্ডনে যেতে পাৰি, প্যারিসেৱ লোক আৱ বয়েকদিনেৱ ভিতৱেই বেশে থাবে ব্ৰেকফাস্ট —নিউ ইয়কে ‘থাবে লাগ, সব’বেশেৱ ভৌগোলিক গাঁড় যায়-যায়, শক্ৰ-দৰ্শন আলোচনা কৱতে হলে প্লাটোৱ উল্লেখ না কৱলে সমালোচনা অসম্পূৰ্ণ থেকে যায়, ক্ষেত্ৰে সমালোচনায় অভিনব গৃহ্পেৱ নামোল্লেখ অভিনব বলে মনে হয় না, লণ্ডন পোৰ্ডেৱ দাম কমালে আৱ পাচিটা দেশ পড়িৱ হয়ে সেই কৰ্ম কৱে, জম‘নিতে নতুন দাওয়াই বেৱোলে সেটা কলকাতাৱ কালোবাজাৰে ঢোকে সাত দিনেৱ ভিতৱ, বিলিতি ফিল্মেৱ ‘মৱিময়া’ কেই কেই সুৱেৱ দিশী ভেজাল ‘হণ্টৱওয়ালীতে’ শোনা যায় পক্ষাধিক কালে, তখন শৰ্কনতে হবে খণ্টধৰ্মৱন, একমাত্ৰ খণ্টধৰ্মৱ, তাও চৰ’ অৱ ইংলণ্ডেৱ খণ্টধৰ্মৱ জয়গান ? সেইটে বৱণ না কৱলে প্ৰথৰীৱ আদৰ্শ সমাজে আমাৰে স্থান নেই ? কাৱণ এলিয়ট অতি সুস্পষ্ট ভাষায় বলেছেন, ‘আমাকে যদি ধৰ্ম-ধৰ্ম বলা হয় তাতে আমাৰ কোনো আপত্তি নেই। যদি খণ্টীয় সমাজই চাও তবে তাতে মেলা স্বাধীন পছা, স্বাধীন মতবাদেৱ ঝামেলা লাগলে চলবে না (ইউ কানোট এলাও কনজেৱাইজ অৱ ইণ্ডিপেণ্ডেণ্ট সেক্টস্ )। ইংলণ্ডেৱ নৈতিক পছা এবং বৈদেশিক নৈতি ঠিক কৱে দেবে চাচই !’ আৱ তাৱ আদৰ্শ ‘ব্লাষ্টে ইহুৰীবেৱ সংখ্যা যে অতিশয় সীমাবদ্ধ থাকবে সে-কথা তো প্ৰবেই নিবেদন কৱেছি। ( এখানে বলে দেওয়া ভালো আৰি পাপী, সে আদৰ্শ সমাজে স্থান চাই নে, আৰি শৰ্ক তাৰ বাঙালী শিশ্যদেৱ ভাৰিষ্যৎ সম্বন্ধে দৃশ্যিত্বাগত হয়েছিলুম। )

আৰি তো আশা কৱেছিলুম, ভৌগোলিক গাঁড় যখন জৰিৱকোৱ দেয়ালেৱ ঘত ভেঙে চুৱার হয়ে যাচ্ছে তখন শিক্ষিত মানুষ সেই ধৰ্মৱই অনুসন্ধান কৱবে যে ধৰ্ম তাৱ ‘বিৱাট বাহু মেলে’ সবাইকে আলিঙ্গন কৱতে চায়। আমাৰ তো মনে হয়েছিল, বৰীশ্বৰনাথ যখন ইংলণ্ডে ‘মানবধৰ্মৱ’ জয়গান গৱেছিলেন তখন তিনি বলদেৱ সামনে বেৰ পাঠ কিম্বা ঘোষেৱ সামনে বীণা বাজান নি।

‘ইংৱেজেৱ বাড়ি, হিম্বুৱ শাড়ি, মুসলমানেৱ হাঁড়ি’—অৰ্থাৎ ইংৱেজ বাড়ি-ঘৰ ছিমছাম রাখে, হিম্বু মেয়েৱা জামাকাপড় ( বিশেষ কৱে গঘনাগাঁটি ) পৱে ভালো, আৱ মুসলমানেৱ কুলে পয়লা যায় তাৱ হাঁড়িতে, উক্তম আহাৱাদি কৱে তাৱ দিন কাটে। তাই শিবায়দা একদিন আপন মনে প্ৰশ্ন শুধিৱেছিলেন, ‘মুসলমানদেৱ ভিতৱ এত শিক্ষাভাৱ কেন ?’ তাৱপৰ আপন মনেই উক্তৱ দিয়েছেন, ‘মেখানে শিক-কাৰাৰ বেশী সেখানে শিক্ষাভাৱ তো হবেই !’

বিবিসিৰ অন্যতম বাঙালী মুসলমান কৰ্মী আমাকে বার্ষ্যাংড রাসেলেৱ দৰ্শন সম্বন্ধে প্ৰশ্ন শোধান নি, জম‘ন প্ৰেসিডেণ্ট হয়েসেৱ আসন্ন লণ্ডনাগমনেৱ বাজনৈতিক প্ৰতিক্ৰিয়া সম্বন্ধে আমাৰ সন্দৰ্ভ মতামত জানতে চান নি, এমন কি

ইংরেজ নারীর নমনীয়তা কমনীয়তা সম্বন্ধেও তিনি উৎসীন। আমাকে  
শুন্ধেলেন, ‘আহারাদি?’

আমি বললুম, ‘ইংরেজের তো বাড়ি, দুনিয়ার “হাঁড়ির খবর” রেখেও তার  
হাঁড়ি শুন্যাই থেকে গেছে।’

তারপর বিজ্ঞভাবে মাথা নেড়ে জর্ফ'ন অধ্যাপকদের বক্তা হেওয়ার ভঙ্গীতে  
আরম্ভ করলুম, ‘নরমানরা আলীবিয়ন ভূমি জয় করার ফলে ধর্ম, বাজনীতি  
তথা সাহিতাজগতে যে সব বহুবিধ ঘৰ্ণ'বার্তা, ভূমিকম্প, প্রাবনাম্বোলন  
আরম্ভ হয়েছিল তথিয়েয়ে বহুতর প্রস্তুক, সংখ্যাতীত প্রবন্ধ এবং ভূরি ভূরি  
গবেষণাগুলক কোষ লিপিবন্ধ হয়েছে, কিন্তু ওহো হতোক্ষিম, ইহলোক পরলোক  
উভয় লোকের সঙ্গমভূমি এই যে উবর (পিতৃলোকের একমাত্র কাম্য পিংড, এ  
তথ্য কুলাঙ্গারও শ্মরণ রাখে !) তথিয়ে অতিশয় যৎসামান্য শ্মৃতিশূণ্য  
বর্তমান। পরম মননাপের বিষয় অধ্যাবধি আলীবিয়ন ভূমির বেতাঙ্গ সংপ্রদায়  
এই সর্বোক্ষম সনাতন মাগ' সম্বন্ধে সহ্যক সংবিদিত হয় নি।’

কম'ই বললেন, ‘বাংলা অভিধান হাতের কাছে নেই।’

গ্রিতাল থেকে একতালে ধাওয়া অশাস্ত্রীয়। কিন্তু শাস্ত্র মেনে কি হবে?  
পুরোহী নিবেদন করেছি, রবীশুনাথের সব'শাস্ত্রসম্বত 'মানবধম' শ্বেতভূমিতে  
অনাদ্যত।

আমি বললুম, ‘নরমানরা আসার পুরো এবেশের লোক বেঁধ হয় কাঁচা  
মাংস খেত। এই দেখন জ্যান্ত ভেড়ার নাম ইংরিজীতে 'শীপ', তার মাংস  
রাখা করে খেতে হলে সেটা হয়ে যায় 'মটন'। 'শীপ' শব্দ খাস ইংরিজী, 'মটন'  
শব্দ ফরাসী, নরমান যা খুশী বলতে পারেন; 'কাউ' ইংরিজী কিন্তু খেতে  
হলে ( তোবা, তোবা ! ) ফরাসী শব্দ বৈঁফ ; 'কাফ' ইংরিজী কিন্তু খেতে হলে  
ফরাসী শব্দ 'ভীল'; ঠিক সেইরকম 'স্যুরাইন' ইংরিজী কিন্তু খেতে হলে ( রাম  
রাম ! ) ফরাসী শব্দ 'পোক'; ইংরিজী 'ডয়ার' ফরাসী 'ভেনজন' ইত্যাদি  
ইত্যাদি। এমন কি যে সব রসবস্তু দিয়ে এগুলোকে সুস্বাদু করা হয়, যথা  
'সস', 'সেভারি', 'ভিনিগার', 'গ্যারোনেজ', সেগুলোও ফরাসী শব্দ। খাবার  
'ফেন' ফরাসী; তার প্রধান প্রধান ভাগ 'অরব্যাভ' ( অবতরণিকা ) 'ক'সমে-  
পতাজ' ( শুরুয়া বিভাগ ), আঁশে ( প্রবেশ ), পিয়েস দ্য রেজিসতাস ( পীস-  
অব রেজিসটেনস, অর্থাৎ প্রধান খাদ্য, যা দিয়ে পেট ভরাবে ), 'স্যালাড',  
'ডেসের' ( ফলমূল, মিষ্টি ), 'সেভারি' ( শেষ চাট ) সবই ফরাসী। আর  
পদগুলোর নাম, 'ক'সমে জুলেয়ান', 'পটাজ ও ফেরমিয়ে' ( চাষাদের (!) সুস্প ),  
'অমলেট ওজে'ব' ( পেঁয়াজ পুরিনার অমলেট ) এখানেও দেখন 'এগ' ইংরিজী  
শব্দ কিন্তু 'অমলেট' ফরাসী। এসব আরম্ভ করলে তো রাত কাবার হয়ে যাবে।  
( আশু, ইংলণ্ডগামী এর কাটিউট রাখলে উপকৃত হবেন; আমাকে নিম্নণ  
করে সঙ্গে নিয়ে গেলে আরো বেশী উপকৃত হবেন। কারণ যেগুলোর নাম  
করলুম এগুলো ভোজনতীর্থের বিদ্যাত কাশী দ্বৰ্দ্বাবন—'হিংলাজ'-  
'গোটাটিকর' নিয়ে দেতে হয় হাতে ধরে )।

ଏତେ ଆଶ୍ରୟ' ହବାର କିଛି ନେଇ । ମହାନଗରୀ କଲକାତାର ହିନ୍ଦୁ-ସନ୍ତାନ ସଥନ ପୋଶାକୀ ଧାର୍ମ ଧାର୍ମ ତଥନ ମେ 'ଭାତ ଖାଇ' ନା, ମେ ତଥନ ବେରୋଇ 'ଧାନା ଖେତ' ଏବଂ 'ଶବନେର ହାତେ' କିମ୍ବୁ ଶେଷଜ୍ଞାୟ । କୋର୍ମା, କାଲିଆ, ବିରାଧାନ, କାବାବ, ମୋଲମା ଏ ସବ କଟି ଶକ୍ତି ବିଦେଶୀ ; ବାଙ୍ଗଲା ପ୍ରାତିଶୟ ନେଇ । ଚପ, କାଟଲେଟ, ମମଲେଟୋ ବିଦେଶୀ ଶକ୍ତି । ତଫାତ ଏଇ ଯେ ଇଂରିଜୀଗୁଲୋ ହିନ୍ଦୁ ହେ' ମେଲେ ତୁକେଛେ, ମୁସଲମାନୀଗୁଲୋ ତୁକତେ ପାରେ ନି । ତାର କାରଣ, ମୁସଲମାନୀଗୁଲୋର ରାଷ୍ଟ୍ର ଏକଟୁ ଦେଶୀ ଶକ୍ତି ।

ଶୈଶୋକ୍ତଙ୍ଗୁଲୋ କଲକାତାର ମୁସଲମାନରାଓ ଥେତେ ଶିଥେଛେ ।

ଏକ ମୁସଲମାନ ଗେଛେନ ହୋଟେଲେ । 'ବର୍ଷ, ଏକ କାଟଲେସ ଲେ ଆଓ ।' 'ଇଂରିଜ ଆଜି ମୌଟ-ଲେସ ।'

ସାଥୀର ବଲଲେନ, 'କୁଛ ପରୋଯା ନାହିଁ ; ମୋ ହିଁ ଲାଓ ।'

ସାଥୀର ଭେବେଛେନ 'ମୌଟ-ଲେସ' ( ଦିନ ) ବ୍ୟାଧି କାଟଲେସେର ଏକ ନବୀନ ସଂକରଣ । ମୂଳ କଥା ଫିରେ ଥାଇ ।

ନରମାନ ଉଠେଇ ପର ଝରେ ଝରେ ସେବ ବିଦେଶୀ ଖାଦ୍ୟରାଜି ବିଲାତେ ପ୍ରବାର୍ତ୍ତତ ହଲ, ତାର ଇତିହାସ ଏଥନେ ଆମାର ଚୋଥେ ପଡ଼େ ନି—ପକ୍ଷାନ୍ତରେ ଫରାସୀ ଖାଦ୍ୟର ସର୍ବାଙ୍ଗସ୍ଵର୍ଗ ଉତ୍ତମ ଉତ୍ତମ ପ୍ରକଟ ଦେଖେଛି । ଶୁନ୍ନେଛ, ମହାମାନାବର ବ୍ୟଗ୍ମୀଯ ଆଗା ଖାନ ଏ ସ୍କୁଗେର ସର୍ବଶ୍ରେଷ୍ଠ ଭୋଜନରାସିକ ଛିଲେନ । ତାର ନାିକ ଏକଥାନି ବିଶାଳ ବିରାଟ ଏଟଲାସ ଛିଲ—ତାତେ ପ୍ରଧିବୀର କୋନ୍‌ ଜାଯଗାଯ କୋନ୍‌ ସମୟ କୋନ୍‌ ଖାଦ୍ୟ ଉତ୍ତମରାପେ ପ୍ରକ୍ଷ୍ଵତ ହୟ ସେଗୁଲୋ ଚିହ୍ନିତ ଛିଲ । ଏ ପ୍ରଧିବୀର ସବ ଖାଦ୍ୟରେ ସଥନ ତିନି ଏକାଧିକବାର ଥେଯେ ପରିତୃପ୍ତ ହଲେନ ତଥନ ନୃତ୍ୟ ରମେର ସମ୍ବାଦନେ ଅନ୍ୟଲୋକେ ଚଲେ ଗେଲେନ । ଆମାର ହାଜାର ଆପମୋସ ତାର ସଙ୍ଗେ କଥିନୋ ଦେଖା ହୟ ନି ବଲେ ।

ତା ମେ ସାଇ ହୋଇ, ଏ କଥା ମୋଟାମୁଣ୍ଡି ବଲା ଥେତେ ପାରେ ବର୍ବ'ର ଇଂରେଜୀ ରାଷ୍ଟ୍ରର ପ୍ରତୀକ ଛିଲ 'କ୍ଲୋଟ ସ୍ଟ୍ୟାଂଡ' ଦ୍ଵିତୀୟ ବିଶ୍ୱବ୍ୟାପ୍ତି ଅବଧି । ଏତେ ଥାକତୋ ସିରକା, ଅଲଭତେଲ, ଉଚ୍ଚତାର ସମ ଆର ସରଯେ । ନୂନ ଗୋଲାର୍ମାର୍ଚ ତୋ ଆଛେଇ । ବଜ୍ରତ ଏଇ କୋନୋ ଏକଟା କିଂବା ଏକାଧିକ ବଜ୍ର ନା ଯିଶିଯେ ଅଧିକାଂଶରେ ଖାଓଯା ଥେତ ନା । ନିତାନ୍ତ ଧରଗୋଶ ଗୋଟିବାତରାଇ ଇଂରେଜେର ସ୍ୟାଲାଡ କଟର କଟର କରେ ଚିବୁତେ ପାରତେ । ପାକ' ସାର୍କାରେର ରାଶିତମ ଧଳେ କିଂବା ପ୍ରଦିନା ସ୍ୟାଲାଡ ଏଇ ତୁଳନାଯ ଅମ୍ଭଗ୍ରହୀ ମଧ୍ୟରଙ୍ଗରୀ । ପ୍ରଥମ ବିଶ୍ୱବ୍ୟାପ୍ତର ସମୟ ସେପାଇରା ଟେଙ୍ଗେ ଶୁଭେ ଶୁଭେ ଅଥାଦ୍ ଥେଯେ ଥେଯେ ଥେଖିଥିଲେ, ହରଟିତେ ପ୍ରାରମ୍ଭିତ ହିମହାମ ରେଣ୍ଡୋରୀଯ କରକରେ ଟେବିଲକ୍ଷ୍ମେତୁଳା ଛୋଟ୍ ଟେବିଲେର ଉପର 'ମେଡଫୁଡ'—ଅର୍ଥାତ୍ ତୈରୀ ଖାବାରେର ; ଇଂରିଜୀ ଧରେ ନୂନ ଲକ୍ଷ ତେଲ ସସ ମିଶିଯେ ଥେତେ ହୟ ନା, ଫରାସୀ ଶେଫ୍, ଏବଂ ବଜ୍ର ରାଷ୍ଟ୍ରରେଇ ପରିପାଟିରାପେ 'ତୈରୀ' କରେ ଦିଯଇଛେ—ଆମାଦେର ମା-ମାସିରା ଥେବକମ ମାଛେର ଝୋଲ କିଂବା ଚାଲତେର ଅନ୍ବଳ କରେ ଦେବ । ତାରଇ ଫଲେ ପ୍ରଥମ ବିଶ୍ୱବ୍ୟାପ୍ତର ପର ଇଂରିଜୀ ରାଷ୍ଟ୍ରର କିଣିଂ ପରିବର୍ତ୍ତନ, ପରିବଧି'ନ ଓ ସଂଶୋଧନ ହୟ । ମେହିଟି ଆମି ଚୋଥେ ଦେଇ ୧୯୩୦ ମେନେ । ଅଥାଦ୍ ଲେଗେଛିଲ କାରଣ, ମଧ୍ୟ ଗିରେଛି ଅନ୍ଦନେ—ପ୍ରାରମ୍ଭ ଥେକେ ।

ସେଇଥ ମୁଜତ୍ବା ଆଲୀ ରଚନାବଳୀ (୭ମ) — ୧୯

ইন্ডিশনের অন্য বিতীয় বিষয়স্থির সময় বিষয়সংসারের জাত-বেজাত জড়ো করা হল ইংল্যেড—আলেকজান্ডারের সময় মেসিডোনিয়ায় কিংবা রোমের মধ্যাহ দৌৰ্ষুর সময়ও ঐ শহরে বোধ হয় এরকম সাড়ে বৃদ্ধিশ ভাজা কখনো হয় নি। ফলে লংডনের রাজ্ঞি আপাতমন্ত্রক বদলে গিয়েছে।

সেইটে চাখলুম '৫৪-এ।

সব কিছু বেবাক বদলে গিয়েছে। ইন্টেক ক্লুয়েট তার মালমসলাস্থ গায়েব। যেদিন নুন-লংকার শিশি যাবে, সেইদিনই ইরিঙ্জী রাজ্ঞি তার চরম মোক্ষে পে'ছবে। কে না জানে, ভালো রাধিনী কাউকে ফালতো নুন নিতে দেখলে বেদনা পায়। প্যারিসে শোনা যায়, ভোজরাজ সন্তাট আর্গা খান এক বিধ্যাত রেঙ্গোরাই মনের ভুলে একটু ফালতো নুন নিয়েছিল বলে রেঙ্গোরাই রাধিনী মনের দ্বয়ে আস্থাহত্যা করে। ইংল্যেড এখন পাচকই রাজ্ঞাঘরে আহারাদি তৈরী করে। গাহককে ডাইনিং হলে টেবিলের উপর পি সি সরকারের মত নিপুণ শাদ্করী হস্তে সিরকা সস দেলে কঁচা-সেশ্ব মালকে সন্ম্বাদ করতে হয় না। প্রথমীয়ার আর পাঁচটা জাত—মাঝ বাঁচু হটেন্টট—এতকাল যা করে আসছে।

এবং জাত-বেজাতের নুন-নুন পদও তার রাজ্ঞাঘরে ঢুকতে দিয়েছে।

শিশ বছর আগে রাইস-কারি খেতে হলে আপনাকে লিভিংস্টোনের মতো 'হ'মাসের চালাচ'ড়ে পুরনো ধৰ্মভিত্তে বে'ধে বেরোতে হত তারই আবিক্ষারে। বহু বাজে লোক কর্তৃক বেপথে চালিত হয়ে, বহু প্রলিমনেনের 'সক্রিয় সহযোগিতা'র ফলে, 'অশেষ ক্লেশ ভুঁজিয়া' আপনি যখন মোকামে পে'ছতেন তখন রাইস-কারি খত্ম ! সেই লক্ষ্মীছাড়া বীফস্টেক খেয়ে বাড়ি ফিরতেন। মনে পড়তো সেই গৱাবী মোঞ্জার কাহিনী। চেয়েচিন্তে অতি কষ্টে খেয়ার একটি পয়সা যোগাড় করে সে যখন ওপারে ফাতেহার ( প্রাথের ) ভোজে পে'ছল তখন সব কিছু ফুরিয়ে গিয়েছে। মেহমানকে তো আর অভুত ফেরানো যায় না—তাড়াতাড়ি ভাত আর মুস্বুর ডাল সেশ্ব করে তাকে খাওয়ানো হল। মনের দ্বয়ে সে বললো, 'ওরে ডাল, আমি না হয় খেয়ার পয়সা ধার করে যোগাড় করলুম ; তুই পেলি কোথায় ?' আপনিও স্টেককে শ্বাবেন, 'এ পথ তুই পেলি কোন প্রলিসকে শৰ্ধিয়ে ?

একদম পয়লা নম্বরী হোটেলে—অর্থ'১৬ যেখানে প্রস্টারের ড্যাক, কেন্টের ডাচেস খেতে যান—আমি থাই নি। তার অধিকাংশই দামের তেলায় ফীকা। বিরাট হলের এখানে দু'জন ওখানে চারজন লোক থাক্কে, আর বেকারু ওয়েটার-গুলো ট্রাভিনিং ড্রেস পরে হেথা-হেথা জটলা পাকাক্ষে, বাড়িটা ধেন থী থী করছে—এমন জায়গায় খেয়ে সুখ নেই। মোহনবাগান-ইল্টবেঙ্গল চ্যারিটি যাচে যদি গিয়ে দেখনে মাত্র আপনি আর ওপাড়ার গোবৰ্ধন উপস্থিত, আর কেউ নেই, তখন কি খেলা দেখাটা জমে ? অবশ্য যেখানে এমন ভিড় যে পলায়মান বয়ের কাছাতে হ্যাঁচকা টান না দেওয়া পর্যন্ত একটা হাফ-সিঙ্গল চা জোটে না সেখানেও 'গবৰণণা'। বাচ্চা এবং চা আসি-আসি করে না এলে কি পৌড়া

ତା ଶୁଦ୍ଧ ପୋଯାତୀ ଆର ଗାହକରାଇ ଜାନେ ।

ଅତେବ ସେତେ ହୟ ଦୂଇ ନିରାମ୍ଭ ହୋଇଲେ । ଏବଂ ମେଥାନେ ଆପଣି ହରବକ୍ଷ ରାଇସ-କାରି ପାବେନ—ପଯଳା ନିରାମ୍ଭିତେ ପାନ ଆର ନା-ଇ ପାନ । ଆର କୋନୋ କୋନୋ ରେଣ୍ଡୋରୀର ଲେଖ ଆହେ ‘ପାଟନା ରାଇସ’ ! ପାଟନା ରାଇସର ପ୍ରତି ଏ ଦୁଇଲଭା କେନ ? ରାଷ୍ଟ୍ରପାତିର ଶହର ବଲେ ?

ଆର ସାରା ଧାର୍ଛ ତାରା ବାଙ୍ଗଲୀ ନୟ, ଭାରତୀୟ ନୟ—ଦ୍ଵାନିଯାର ଚିତ୍ତରା ।

ଏହି ସବ ଧାସ ବିଲିତି ରେଣ୍ଡୋରୀତେଇ ସଦି ରାଇସ-କାରି ଜାମାଇୟେର କଦର ପାଞ୍ଚ ତବେ ତାର ଆପଣ ବାଢ଼ିତେ ଅବସ୍ଥାଟା କି ବ୍ରକମ ?

ମେ ଏକ ଅଭିଜଞ୍ଜତା ।

ଲଂଡନେର ବୁକେର ଉପର ତବେ ଠିକ ବଡ଼ ରାନ୍ତାଯ ନୟ । ଭାଲୋଇ । ହଟ୍ଟଗୋଲ କମ ! ଏହି ଆୟାଦେର ବଡ଼ବାଜାରେ ସତଖାନି । ତବେ ବଡ଼ ରାନ୍ତାଯ ଗୋଲମାଲ କତ ? ମୁଖ୍ୟେକେ ଶୋଧାବେନ । ମେ ବେଚାରୀ ଦୁଇତେ ପାରତୋ ନା ।

ଇଯା ଲମ୍ବା, ଉଦ୍‌ଦୀପି ପରା, ମାଥାଯ ପାଠାନୀ ପାଗଡ଼ୀ, ଛ'ଫୁଟି ଦରୋଯାନ । ଯେଥାନେ ହ୍ୟାଟ ରେନକୋଟ ଛାଡ଼ିତେ ହୟ ମେଥାନେନେ ତଥଃ । ଚୁକେଇ ଲାଉଁଙ୍ଗ—କକ୍ଟେଲଟା-ଆସଟା ଧାବାର ଜନ୍ୟ, ଭାଗ୍ୟସ ଓଟା ମୁରାରଙ୍ଗୀ ଭାଇ ଚାଲାନ ନା । ସାଙ୍ଗସଙ୍ଗ ପ୍ରତ୍ରୋ ଭାରତୀୟ । ହେଥାଯ ନଟିରାଜେର ଶ୍ରୋଜ, ହୋଥାଯ ପେତଲେର ଭାରତୀୟ ଆସଟେ, ଆରୋ ଏଟା ସେଟା, ଧ୍ରୁପକାର୍ତ୍ତି ଉଚିତ ।

ଏଗିଯେ ଏଲେର୍ ଏକ ଧାପମୁର୍ଖ ଶ୍ୟାମାଙ୍ଗୀ, ପରନେ ମୁଣିଶ୍ଵରାବୀ, ଚୁଲେ ଡେଲ ପଡ଼େଛେ—ମେମେଦେର ଶନ-ପାଟେର ମତ ଶୈନହିନ ନୟ—ଖୌପାଟିଓ ନ'ସିକେ ବାଙ୍ଗଲୋରୀ, ବ୍ରାଉଁଜ ବ୍ରାଉଁଜେରଇ କାଜ କରଛେ—ଚୋଲୀର ପ୍ରକ୍ରି ଦିଛେ ନା—ଚାଥେ-ମୁଖେ ଧୂଶୀ, ଭାରି ଚଟିପଟେ । ଏକଟା ‘ନମନ୍ତେ’ ଭୀ ପେଶ କରଲେ ।

ବାହ, ଏ ତୋ ବେଡ଼େ ବ୍ୟବନ୍ଧା !

ଗାଛେ ନା ଉଠିତେଇ ଏକ କାଁଦି !

ତାହଲେ ଉତ୍ସମ ଆହାରାଦି ହେବେ ।

ଫରାସୀ ଗୁଣୀ ରଶ୍ମୁକୋଳ ବଲେଛେନ, ‘ଆହାର ପ୍ରରୋଜନୀୟ ବଟେ, କିନ୍ତୁ ରାମିକ-ଜନେର ମତ ଆହାର କରା ଆଟ ?’ ଭୋଭାନାର୍ଗ ବଲେଛେନ, ‘ମହା ଚିନ୍ତା ପେଟେର ଭିତର ଥିଲେ ଆମେ ।’ ଗ୍ରୈକ ଦାର୍ଶନିକ ଏପକୁର ବଲେଛେନ, ‘ପ୍ରକୃତିଦେଶ ବ୍ୟବ୍ଧିବ୍ୟବ୍ରତ ଉତ୍ସମ କରିବେ’ ନିର୍ଯ୍ୟ କରିବେ ଏବଂ ସ୍ଵର୍ଗଧିମାନେର ମତ ପରିପାଟି ଆହାର କରିବେ ।’ ଏବଂ ଇକ୍ଲେସିଯାସଟେର ମାଧ୍ୟମେ ନମସ୍ୟ ବାଇବେଳ ଗ୍ରହ ଅନୁଶ୍ଳାନ ଦିଯେଛେନ, ‘ପାନ, ଆହାର ଓ ଆନନ୍ଦ କରାର (ଇଟ, ଡିଲ୍ଫିକ ଆୟାର ବି ମେରି) ଦେଇଁ ମହନ୍ତମ କର୍ମ ତ୍ରିଭୁବନେ ନେଇ ।’

ଆର ମଲିଯେର ସଥନ ବଲେନ, ‘ଆମରା ସୀଚାର ଜନ୍ୟ ଥାଇ ; ଖାଓଯାଇ ଜନ୍ୟ ସୀଚି ନେ’, ତଥନ ତିନି ବର’ରଜନ୍ସ୍‌ଲଭ ପ୍ରଲାପ ବାକ୍ୟ ବ୍ୟବହାର କରେଛେନ । ‘ଆମରା ଖାଓଯାଇ ଜନ୍ୟ ସୀଚି, ସୀଚାର ଜନ୍ୟ ଥାଇ ନା ।’

ଭୋଜନାବି ସମ୍ବନ୍ଧେ ଆମି ଆଲୋଚନା ଆରାଙ୍ଗ କରଲେଇ କୋନ କୋନ ଉତ୍ସମିକ ପାଠକ ବିରକ୍ତ ହନ, ଆବାର କେଉ କେଉ ବଲେନ, ଏ-ସବ କଥା ତୋ ଆଗେତେ ସେବ ଶୁଣେଛି ବଲେ ମନେ ହୁଅ । ଉତ୍ସରେ ନିବେଦନ, ସବ କଥା ଶୋନେନ ନି ; ଆର ଶୁଣେ

থাকলেই বা কি ? পুরনো জিনিসের পুনরাবৃত্তি করতে গিয়ে নীচশে একদম লিখেছেন, ‘এ কথা আমি প্রবেশ বলেছি, কিন্তু মানুষ শোনা কথাই শূনতে চায়, জানা কথাই বিশ্বাস করে ।’ একবয় খীটি কথা । আমাদের মোহর বীৰী, কণগুলি ব্যানার্জীকে যথন শুধাই, ‘সেই রেকডে’ দেওয়া তোমার গান “ওগো তুমি পঞ্চদশী” ফেরে ভেতারে গাইলে কেন ? ওটা ত্তে ইচ্ছা করলেই রেকডে বাজিয়ে আবার শোনা ষাস্ত্ৰ’, তখন সে বলে, ‘কি করবো, সৈয়দদা, লোকে যে পুরনো গানই শূনতে চায় ?’ বুলুম, বাচ্চাদের কাছে নৃত্য গঙ্গপ বলতে চাইলে তারা যে রকম চেঁচিয়ে ওঠে, ‘না মামা, কালকের সেই বাহের গঢ়পটা বলো !’

বিত্তীয়ত, আমার দৃঢ় বিশ্বাস, আমার রচনা বাঙ্গলা দেশে অজ্ঞানের হয়ে থাকবে না, আমার রসনিম‘গপচেটা বাণী-সৱন্ধভীর অঙ্গে কুস্তলে মাল্যরূপে চিরভাস্বর হয়ে থাকবে না, কিন্তু এ-কথা হিয়নিশ্চয় জানি, এই বঙ্গসন্তানদের যেদিন কাউডজ্জন সম্যক্ক প্রচুরিত হবে, যেদিন তারা ‘ভৱতনাট্য’, ‘পিকাসুসো’, ‘সিংহেশ্বৰ মাধ্যম’ কিংবা ‘ভালুকপঞ্চমীর’, পশ্চাধ্যাবন কম‘ বৰ’রস্য শক্তিশয় বলে সৃষ্টিরূপে স্থায়ক্ষম করতে পারবে সৈদিন সে উৱৰমার্গের সংখানে নব নব অভিধানের পথে নিষ্ক্রান্ত হবেই হবে । আজ যে রকম কঁচি-জাগরিত বিহঙ্গ-কাকলীর ন্যায় কোন কোন বিদ্বজ্ঞ চৈতন্যচারিতামৃতের ভোজনামৃত খাদ্য-নিঘটু অধ্যয়ন করতে করতে বিস্মিত কষ্টে পশ্চ উখাপন করেন ‘কিমচ্য’ ! ছানার সন্দেশের উল্লেখ তো কুণ্ঠাপ নেই ?—ঠিক সেইরূপে অসন্দেশে যেদিন ‘রাজবঞ্চো’ রাজবঞ্চো চিংকার প্রতিধর্নিত হবে, ‘আমাদের দাবি যানতে হবে ! ভোজনমার্গের গীতা রচনা করো ! ইন্কিলাব-জিঞ্চাবাদ ; পেট-কিলাব-ঝাড়া তোল !’ সৈদিন, বলতে লঞ্জা করছে, বিনয়ে বাধছে, সৈদিন এই অধ্যের, হঁ ! এই অধ্যের বইয়ের সংখানেই বেরোতে হবে বঙ্গের ম্যাক্সম্যালার মহাজনকে । আফগানিস্থানের সর্বাঙ্গসূচন্দ্র ইতিহাস নির্মাণে মঞ্জিখিত ‘দেশে-বিদেশে’ ব্যবহৃত হবে কি না জানি না, কিন্তু এ বিষয়ের সূচাগ্রেণ সূতীক্ষ্ণেণ সল্লেছে নেই যে আজ আমরা যে রকম আমাদের বৌংধৰ্মের ইতিহাস রচনার সময় নিরপেক্ষ পৰ্যটক পরিদশ‘ক হিউয়েন সান্তের শরণাপন হই, ঠিক সেই রকম ইংলণ্ড-সন্তান যেদিন সভ্য হয়ে তার বেশের ভোজনেত্তিহাস লিপিবদ্ধ করবে সৈদিন তাকে বেরোতে হবে—পুনরাবৃ বীড়িত হচ্ছি—এই আমারই বইয়ের সংখানে, রাখাল বীড়িয়োকে যে রকম মোন-জো-বড়োর সংখানে একবা বেরোতে হয়েছিল ; আপনাদের রবি ঠাকুরের ‘চাঁদ উঠেছিল গগনে’র সংখানে সংখানে দেশে কেউ আসবে না । রায়গুণাকর অমদাশঃকরের ‘রঞ্জ ও ত্রীরতী’র জন্য তাঁর প্রকাশক মাত্র ইয়োরোপকে চেলেঝ করছে, আমার প্রকাশক বিশ্বভূবনকে ক্ষেত্রগুৱা প্রবশ্যন করবে, কাজী সাহেবের ভাষায় ( আঞ্চা তাঁর বিমারী বরবাদ করে ছিদ্রেগী ধৱাজ করুন ! ) শিত্বনেবরের সিংহাসন নিয়ে আকষণ বিপ্রকৰণ আৱশ্য কৰবে ।

সেই রফসমা শ্রীমতী তো ফরাসিম পানীয়ের কথা গঠাতে আরেকবার ‘বিলক্ষণ’ বলে অস্থান করলেন ; আমি ভাবলুম, ঐ য় যা । ব্যাকরণে বৃক্ষ গজাত হয়ে গেল । এ যে সম্ভাস্ত ভারতীয় ভোজনালয় ! এ সব বিদ্যম পানীয় হোধ হয় এখানে নিষিদ্ধ । আবার বাঙাল বনে গেলুম নাকি ?

নাঃ ! কোনো ভয় নেই । ভারতজা, চাংড়া মুখ্যে দাটিস্য ঘটি । সে দেখি দিব্য তার টুথব্রাশ-গের্ফে আঙ্গুল বুলাতে বুলাতে নিষিদ্ধ মনে এদিক ওদিক তাকাচ্ছে—চোখ দুটো যেন ব্রাটিং পেপার—সব কিছু শুষে নিছে ।

পুরীর সমন্বন্ধপারে ঢেউ দেখে অবন ঠাকুর ভীত হয়ে যখন পালাবার পথ খুঁজছিলেন, তখন তার এক স্যানা বশ্য তাঁকে বলেন, ‘ভয় কিসের ? সায়েব-সুবোরা তো চতুর্দশকে রয়েছেন !’ অর্থাৎ তেমন কিছু বিপজ্জনক পরিচ্ছিত হলে পুরীস আগেই তাঁদের থবর দিতেন, তাঁরাও কাটেন ।

যাক । এছেশে আনকোরা আগত মুখ্যে যখন নিষিদ্ধ তবে আর আমার ভয় কি ?—তখন কি আর ছাই জানতুম, সে আমারই ভৱসায় নিষিদ্ধ হয়ে বসে আছে !

কিন্তু, সায়েব-সুবোরা তো রয়েছেনই । তেনারা তো ‘পানীয়’ বেগুন ভোজন করতে পারেন না ।

এবং সাত্ত্বণ্য উল্লাসের সঙ্গে লক্ষ্য করলুম, কোনো ভারতীয় লাউঞ্জে নেই । তারা নিষিদ্ধই মনুনিষিদ্ধ এই পানে লিষ্ট হয়ে পাপবিশ্ব হয় না । সোজা ডাই-নিরুমে ভোজন করতে গিয়েছে । তাঁদের চারত্ববল দেখে উল্লাস বোধ করলুম ।

ওবিকে দেখি শ্রীমতী অন্য খন্দেরকে স্বাগত জানাচ্ছেন । ভারী বিরাঙ্গিবোধ হল । এ যে দেখি হ্রবহু বাঙালী দোকানের মতো । আপনাকে জিনিস দেখাতে দেখাতে হঠাৎ অন্য খন্দের চুক্ষে দেখে বিল ছুট তার দিকে—আপনাকে ‘চিশকুর মত ঝুলিয়ে রেখে, কিংবা যে রকম নির্মল সিদ্ধাস্ত সিদ্ধাস্ত জানান ষে আপনার পরীক্ষার ফল পরে বেরুবে ।

নাঃ । আমারই ভুল ! দেখি হলেবুলে একটি মোটাসোটা ভারিক ধৱনের লোক আমাদের দিকে এগিয়ে আসছে । এর গলায় গলাবশ্ব কোটের উপর ঝোলানো মসৌকুষ উপবাসী ও তৎসংলগ্ন কুশিকা দেখে এর জাতগোষ্ঠ ব্যবহাতে আমার কণামাত সময় লাগলো না, দীর্ঘ সম্ভৃতে লেখা ‘প্রতিহালন্শণ’ সংজ্ঞান অত্যুৎসৃষ্ট গ্রন্থরাজি অধ্যয়ন করেছেন তাঁরাই জানেন, প্রতিমা দেখে কোনটা কোন, দেব না দেবীর জানতে হজো শ্মরণ রাখতে হয়, কোন, দেবীর বর্ণণ হতে কুবলয় বলয়, কার বাম হন্তে চক্র, কার মন্ত্রকে উকীল, কার পরে ন্দপুর ।

কুশিকাসম্বিত কৃষ্ণোপবীত ‘ওয়াইন মাস্টারে’র লক্ষণ ।

আপনি শব্দ চাষাঢ়ে হ্রাইস্ক বিয়ার রাম, জিন না থেয়ে উক্তম বিদ্যম ফরাসী কিংবা জ্বর্ন অথবা ইতালীয় ‘ওয়াইন’ খেতে চান, তবে এই ভদ্রসম্ভান আপনাকে পরম বাস্থবের ন্যায় তাবৎ সম্মিসুড়ক বাজলে দেবেন । চাষক্য বলেছেন, ‘ব্যসনে ( এবং মধ্যপান ব্যসন-বিশেষ ) যে সঙ্গে থাকে সে বাস্থব ।’ ইনি তাই করে থাকেন । তবে চাষক্যের বাস্থব আপনাকে কোনগভিতে ঠেকিয়ে

ବାଢ଼ି ନିରେ ସାବାର ଚେଷ୍ଟା କରେ ; ଇନ୍ ମୋକା ପେଲେ ଓହକାବାର ଚେଷ୍ଟା କରେନ—ଏଇ ସା ଭଫାତ ।

ମୁତ୍ତୁଜ୍ଞୟ ସେ ରକମ କୈଲାମେ ବିହାର କରେନ, ରାଶାନ ଡିକଟେଟର ସେ ରକମ କ୍ରେ-ଲିନେ ବାସ କରେନ, ଭେଜାଳ ସେ ରକମ ଥାବେୟ ବିରାଜ କରେନ, ଏଇ ‘ଓୟାଇନମାସ୍ଟାରଟି’ ଠିକ ତେମନି ବିଚରଣ କରେନ ଅଭିଶ୍ୟ ପଯଳାନସ୍ବରୀ ଥାନଧାନୀ ‘ଭ୍ୟାଙ୍କୁର’ ରେଣ୍ଟୋରୀତେ । ‘ଭ୍ୟାଙ୍କୁର’ ବଲଲ୍‌ମ୍ ଇଚ୍ଛେ କରେଇ । ଏଥାନେ ଅଂକୁର ପର୍ଯ୍ୟନ୍ତ ବିନନ୍ଦ ହୁଏ । ଇନ୍ ଆପନାର ସର୍ବସିଦ୍ଧ ଅପହରଣ କରେନ । ପାତଳନ ବନ୍ଧକ ଦିନେ ବିଲ ଶୋଧ କରାତେ ହୁଏ ।

ଭୀତକଟେ ଭାତିଜାକେ ଶୁଖାଲାମ, ‘ଓରେ, ରେଣ୍ଟ ଆହେ ତୋ ?’

ଭିତରେ ବ୍ରକ୍-ପକେଟେ ଉପର ସାବାର ମୁଦ୍ରା ଦେଖିଯେ ବଲଲେ, ‘କୁଛ ପରୋଯା ନେଇ ; ଆପନି ଚାଲାନ ।’

ମୋନାର ଚାର ହେଲେ । ଏକେଇ ବଲେ ବନ୍ଧକ । ବ୍ୟସନେ ସଙ୍ଗେ ଥାକେ ।

ଏକ୍ଷୀବନେ ଆର ସାବି କଥନେ ଚାକରି ନିଇ ତବେ ଉମ୍ଦେବ ହବ ଏଇ ‘ଓୟାଇନ ମାସ୍ଟାରଟି’ର ଚାକରିର ଜନ୍ୟ— ବେତାରେ କାଜ ହେଁ ଗିଯେଛେ, ମେଥାନେ ଶୁଦ୍ଧ ଧାପ-ମୂରି କଳାବତୀର ଝାମେଲା ; ତାରା ଆମାକେ ସଥେଷ୍ଟ ‘କଲ୍ଚରଡ’ ବଲେ ବିବେଚନା କରେନ ନା ।

ଥାନଧାନୀ ରେଣ୍ଟୋରୀର ଚାର ଇଞ୍ଚି ପରିଦ୍ର ମହାମଳ୍ଯବାନ ଇରାନୀ ଗାଲଚେର ଉପର ମୁଦ୍ର ପରିଷ୍କରଣ କରେ କାଟିବେ ଆପନାର ଜୀବନ—ଭର ସେ ରକମ ତତ୍ତ୍ଵଙ୍କୀର ବିବାଧକେ ପଦକ୍ଷେପ କରେ ଠିକ ମେଇ ରକମ (ବିଶ୍ୱାସ ନା ହେଲେ କାଲିଦାସ ପଣ୍ଡ) ଏକ ଜୋଡ଼ା ଚାର ଆଉସ ଓଜନେର ଟିର୍ଭନ୍ନିଂ ଶୁତେ କେତେ ସାବେ ଝାଡ଼ା ଦଶଟି ବର୍ଷ—ହାପସୋଲ ପର୍ଯ୍ୟନ୍ତ ବଦଳାତେ ହେବେ ନା । ଏ ଟେବିଲେ ଗିଯେ କାଉକେ ବଲବେନ, ‘ତିପାମେର “ନୀରେନସ୍ଟାଇନାର” —ମେ ଏକଟି ସ୍ବପ୍ନ, ସ୍ବପ୍ନ । ୧୯୫୩-ଏ ମେଥାନକାର ଆଙ୍ଗ୍ରେ ମୋଲାଯେମ ରୋନ୍ଦ୍ରେ ସା ରମେ ଟେଟ୍ସ୍ଟ୍ରେଲ୍ ହେଁଛିଲ, ମେରକମ ଧାରା ଆର କଥନେ ହୟାନି । ତାଇ ଦିଯେ ଏ ସ୍ଵଧା ନିର୍ମିତ ହେଁଛେ । କଥନେ ନା ଅନ୍ୟ ଟେବିଲେ ଗିଯେ ଫିସ୍- ଫିସ୍- କରବେନ ‘ମାଦାମ, ଦେଖ୍ବୁନ, ଦେଖ୍ବୁନ, ଏଇ ଶ୍ୟାମ୍ପେନେର ବ୍ୟବ୍ୟବ କି ରକମ ଲକ୍ଷ ଲକ୍ଷ ପରୀର ମତ ସଲୋ-ମନେର ବୋତଳ-ବନ୍ଧ ଜିନେର ନ୍ୟାୟ ନିର୍କୃତ ପେଯେ ଲକ୍ଷ ଲକ୍ଷ ହାଓୟାର ଡାନା ମେଲେ ଉତ୍ତରପାନେ ଉଡ଼େ ଯାଚେ । ଏ ବଜ୍ର ଗଲା ଦିଯେ ନାବାର ସଙ୍ଗେ ସଙ୍ଗେ ଆପନିଓ ଇହ-ମୋକେର ସର୍ବବନ୍ଧନ ଥେକେ ମୁଣ୍ଡି ପେଯେ ନୀଳାଶ୍ୱରେର ମର୍ମ‘ମାଝେ ଉଧାଓ ହେଁ ଯାବେନ ।’ ତାରପର ଏକଟି ମୁଦ୍ର ହାସି ହେସେ ବଲବେନ, ‘ତାଇ, ମାଦାମ, ଏ ଶ୍ୟାମ୍ପେନ ଯିନି ଅର୍ଦ୍ଦାର ଦେନ ତୀର କାହ ଥେକେ ଆମରା ଆଗେଭାଗେଇ ବିଲଟା ଆଦାୟ କରେ ନିଇ ଅବଶ୍ୟ, ଆପନାଦେର ବେଳା ସେ କଥାଇ ଉଠିଛେ ନା ।’

ଏ ତୋ ହଲ । ତାରପର ଆପନି ଘାଡ଼ି ଘାଡ଼ି ‘ବାରେ’ ମେଲାରେ ଗିଯେ ତଥାରକ କରବେନ, ସର୍ବବନ୍ଧ ରାଜସିକ ପଞ୍ଚତିତେ ପ୍ରକ୍ଷୁତ ରଯେଛେ କି ନା । ରାଧ୍ୟନୀକେ ମେ ରକମ ମେ-ସବ ଜିନିସ ମାଝେ ମାଝେ ଚେଷ୍ଟେ ଦେଖିତେ ହୁଏ ଆପନାକେଓ ‘ନିତାନ୍ତ ବାଧ୍ୟ ହୁଏ’, ‘ଅଭିଶ୍ୟ ଅନିଚ୍ଛାୟ’—ଆମାଦେର ବରକର୍ତ୍ତାରା ସେ ରକମ ପଣ ନେନ । ଅକ୍ଷ-ବନ୍ଧପ ମାଝେ-ମଧ୍ୟେ ଚେଷ୍ଟେ ଦେଖିତେ ହୁବେ ବିହିକି ?

ତା ଓ ହଲ । ଓହିକେ ଆପନାକେ ପ୍ରାତି ଶରୀରରେ ଛାସ ଘେତେ ହବେ, ମେଥାନ ଥେକେ

ନିଲାମେ ପାନୀୟ କିନେ ସେଲାର ପଣ୍ଡ କରାର ଜନ୍ୟ । ଆପନାର କମିଶନଟୋ-ଆସଟୋ ଠେକାର କେ ? ଆପନାର ଭାରୀ ଭାରୀ ଗାହକ ଖଦ୍ଦରେର ବାଡ଼ିର ଜନ୍ୟ ତାଦେର ପ୍ରାଇଭେଟ ଅର୍ଡାରୁଙ୍ଗ ଓ ସାପ୍ରାଇ କରବେନ । ତାତେଇ ବା କମ କି ? ଓନରା ହାତ ଉପାଁ କରିଲେଇ ଆମାଦେର ପର୍ବତ-ପ୍ରମାଣ !

ଆମାଦେର ‘ଓର୍ଇନ ମାର୍କଟାରଟି’ ଏସେ ନରତ୍ବେ ଜାନାଲେନ । ଚମ୍ବକାର ଚେହରା । ନେଯାପାତ ଭୁର୍ଭୁର୍ଡି, ଚୋଥ ଦୂଟି ଜ୍ଵାକୁସମ୍ମୁଖୀୟ ସା ହୁଏଇର କଥା ।

ଆମି ସବିନୟେ ବଲଲୁମ, ‘ଶ୍ରୀ ବହୁର ପରେ ଏସେଇ । ଇତିମଧ୍ୟେ ଏକଟା ଭାଡାଇ ହେଲେ ଗିଯେଛେ । ଜର୍ମନରା ଫ୍ରାନ୍ସ ଛାଡ଼ାର ସମୟ ପ୍ରୟାରିସେର ‘ନନ୍ଦ ଦାମ୍’ ଗିର୍ଜେ ସହେ ନିଯେ ଯାଇ ନି ବଟେ, କିମ୍ବୁ ଫାସ୍ଟେର ସେଲାରେ ଚୁକେ ତାର ଉତ୍ତମ-ଅଧିମ ସବ୍-ପାନୀୟ ଅତିମ କରେ ଯାଇ । ଏଥିନ ସା ଫ୍ରାନ୍ସ ଇଂଲାନ୍ଡେ ପାଞ୍ଚୀ ଥାଇଁ, ତାର ସହେ ଆମାର ପରିଚଯ ନେଇ । ଆପନି ପଥପ୍ରଦଶ୍ରନ୍ କରିବନ । ତବେ ଏଇଟୁକୁ ବଲତେ ପାରି, ବଦ୍ରୀ ଏବଂ ଶାଶ୍ତ ।’

‘ଶାଶ୍ତ’ ମାନେ ସେ ସତ୍ତ୍ଵ ସୋଡ଼ାର ମତ ବ୍ୟଜିବ୍ୟଜି କରେ ନା, ତେଲେର ମତୋ ଶୁଭେ ଥାକେ ।

ଚାକୁରେ ସେ ରକମ ପେନ୍-ମନ୍ଧାରୀକେ ଖାତିର କରେ, ‘ମାର୍କଟାର’ ଆମାକେ ସେଇ ରକମ ବଦର କରଲେ । ଆହା ଏକକାଳେ ଲୋକଟା ସବ କିଛି, ଜାନତୋ । ଏଥିନ ନା ହୁଏ ଆଉଟ ଏବଂ ଡେଟ୍ ।

ମ୍ୟାକ୍-ସମ୍ବଲାର ନାକି ଆମାଦେର ସଂସ୍କରତ ଶିଖେ ଭଶଚାଷଦେର ତାକ ଲାଗିଯେ ଦିଇଯେଛିଲେନ, ହରିନାଥ ଦେ ନାକି ପ୍ରୀକ ଶିଖେ ପ୍ରୀକଦେର ଚିତ୍ତହରଣ କରେନ—ଏସବ ଶୋନା ଯାଇ, ବିନ୍ଦୁ ଆମାଦେର ଏଇ ‘ପାନେର ପତ୍ର’ ଦେଖଲୁମ ସଂଭାଇ ପେଟେ ଏଲେମ ଧରେ । ଦେଖଲୁମ ହେଲ ପାନୀୟ ନେଇ, ସାର ଠିକୁଜି-କୁଲାଜି ତାଁର ବିଦ୍ୟାଚୌହନ୍ଦୀର ବାଇରେ ପଡ଼େ । କବେ କୋନ୍ ବଂସରେ କୋନ୍ ଗାଁରେ ଆଙ୍ଗୁରେ ଏ ଜିନିସ ତୈରୀ, ସେ ବଂସର ଆଙ୍ଗୁର ପାକାର ସମୟ ମେଥାନେ ବୃଣ୍ଟି ହେଇଛିଲ ନା ଯେଇ ଓ ରୌନ୍ ନା ମୋଲାଯେମ ମୋଲାଯେମ ମିଠେ ରୋଷ୍‌ଟର ଛିଲ, କାର ଚାପଯନ୍ତେ ତାର ରମ ବେର କରା ହୁଏ, ତାଇ ଦିଯେ ସବସ୍ତୁଥ କ’ ବୋଲି ତୈରୀ ହେଇଛିଲ, ତାର କଟା ଗେଲ ମାର୍କିନ୍ ମୁଲ୍କକେ କଟା ଏଲ ଏ ଦେଶେ, ଏଇ ‘ବାର୍ଡି’ କି ରକମ, ‘ବୁକ୍କେ’ ( bouquet )-ଟାଇ ବା ରମଣୀୟ କିନା—ସବ କିଛି, ଜିହରାପ-ବପ୍ରଣେ ଏବଂ ଉଭୟାଥେ ।

‘ନଗଣ୍ୟ’ ଭାରତୀୟ ସେ ଏଇ ବିରାଳିତ ବିଦ୍ୟେ ଏତଥାନି ହାସିଲ କରେଛେ ତାର କାହେ ମାକ୍-ସମ୍ବଲାରେର ସଂସ୍କରତଜ୍ଞାନ ଶିଶ୍ରୁତି ।

ଶ୍ରୁଧାଲୁମ, ‘ଭଦ୍ରେ, ଏ କରେ’ କର୍ତ୍ତବ୍ୟ ଧରେ ଆହେନ ?’

ସବିନୟେ ବଲଲେ, ‘ଆଜେ, ପଣ୍ଶ ବହୁର ପବ୍ରେ’ ସଥନ ଏ ରେଣ୍ଡୋର୍’ଟି ଖୋଲା ହୁଏ ତଥନ ଥେକେ । ସେ ଆମଲେର ଆର କେଉଁ ନେଇ ।’

ତବେ କି ଏସବ ଜିନିସ ଖେଲେ ମାନ୍ୟ ଦୀଘର୍ଜୀବୀ ହୁଏ ? ଅର୍ଥାତ୍ ଓର୍ଇନ—ସେ ସତ୍ତ୍ଵ ଆଙ୍ଗୁରର ରମ ଦିଯେ ତୈରୀ ହେଇଛେ, ହୁଇଥିକ ବୟାରେର କଥା ଉଠିଛେ ନା ।

ଜାନି ରମଭକ୍ଷ ହେବେ, ତବୁ ହୁଇଥିକ ଓର୍ଇନ କୋନୋ ଜିନିସଇ ଭାଲୋ ନାହିଁ । ଅନ୍ତଶ୍ୟ ଶୀତେର ଦେଶେ, କିବିଧି ଡାକ୍ତାରେର ହୁକ୍ମେ ଥାଙ୍ଗୀ ଉଚିତ କିନା, ସେକଥା ଆମି ବଲତେ ପାରିବୋ ନା । ଅତଥାନି ଶୀତେର ଦେଶେ ଆମି କଥନେ ସାଇ ନି—

বিলেতে গরম দুধ, চা, কফি খেলেই চলে—আর অত্থানি অস্ত্রও আমি জীবনে কখনো হই নি। ঘৃতপান করলে ভালো লেখা বেরোয় এ কথা আমি বিশ্বাস করিব নে। মেঘনাদ কাব্য রচনার সময় মাইকেল ক্লান্স দ্বার করার জন্য অস্প খেতেন, শেষের দিকে যথন মাত্রা বেড়ে গেল, তখন দুঁচার পাতা লেখার পরেই বেঞ্জেয়ার হয়ে উল্ল পড়তেন—তাঁর গ্রহাবলী সে সব অসমাপ্ত লেখায় ভর্তি। এবং তার চেঁড়েও বড় কথা, আপনি আমি মাইকেল নই। একখানা মেঘনাদ লিখন; তারপর না হয় মদ খেয়ে লিভার পচান—কেউ আপন্তি করবে না।

এবং সব চেঁড়ে মারাওক তব শুনেছি কোনো কোনো কলেজের ছোকরার কাছে। বিয়ার নার্কি মদ নয়, ওতে নার্কি নেশা হয় না, ও বন্ধু খেলে নার্কি পরীক্ষার পড়া করার স্বীক্ষণে !

বটে ! বিয়ারে নেশা হয় না ? ল্যন্ডন প্যারিসে রাস্তায় ধারা মাতলামো করে তারা কি খায় ? কোকা ফোলা ? অগা আর কারে কয় ! ওবের পনেরো আনা বিয়ার খেয়েই মাতাল হয়। আমাকে ওসব বলো না ; ঠাকুরাকে ডিম ঢোষা শেখাতে হবে না ।

মূল ফার্মার্টে আছে,

গর্‌ দন্ত দহম্‌জ্‌মগ্‌জ্‌-ই-গন্দম্‌

নানি,

ওয়াজ্‌ময় দো মনী জ্‌ গোমফন্দী  
রানি,

ওয়ানগাহ-মন্‌ ওয়া তো নিশস্তে  
বর ওয়েরানি

আয়েশী বোদ্‌ অন্‌ ন্‌ হদ্‌ হর্‌  
সুলতানি

এর ইংরিজী—

Here with a loaf of bread  
beneath the bough,  
A flask of wine, a book of  
verse—and Thou  
Beside me singing in the  
Wilderness—  
And Wilderness is Paradise  
now.

( ফিট্‌সুজেরাল্ড্‌ )

তার বাঙলা—

সেই নিরালা পাতায় ঘেরা বনের ধারে  
শীতল ছায়,

ଥାଦ୍ୟ କିଛି, ପେରାଳା ହାତେ, ଛଞ୍ଚ ଗେ'ଥେ  
ଦିଲଟା ସାର !

ମୋନ ଭାଙ୍ଗି ତାର ପାଶେତେ ଗୁଣେ  
ତବ ମଜ୍ଜା ସ୍ଵର—

ମେଇ ତୋ, ସାଧି, ସ୍ବପ୍ନ ଆମାର,  
ମେଇ ବନାନୀ ସ୍ବଗ୍ର୍ରପୂର !  
( କାନ୍ତି ଘୋଷ )

କିଂବା  
ବନଚୁଯାଯ କବିତାର ପର୍ଯ୍ୟଥ  
ପାଇ ସାହି ଏକଥାନି

ପାଇ ସଦି ଏକ ପାଇ ମାଦିରା ଆର  
ସଦି ତୁମି ରାନୀ  
ମେ ବିଜନେ ମୋର ପାଶେ ବସିଯା  
ଗାହୋ ଗୋ ମଧ୍ୟର ଗାନ  
ବିଜନ ହଇବେ ସ୍ବଗ୍ର୍ର ଆମାର

ତୃପ୍ତ ଲାଭିବେ ପ୍ରାଗ ।

( ସତ୍ୟେନ ଦକ୍ଷ )

ଯାର ପ୍ରାଣେ ସା 'ଚାଯ ତିନି ମେଇ ଭାବେ ଅନୁବାଦ କରେଛେ । ଦୈର୍ଘ୍ୟରେ ଖଡ଼ିବୀଣେର  
କଠାମୋର ଉପର ଯେ ଯାର ଆପନ ମାନସମ୍ମିତ ସ୍ବପ୍ନପ୍ରାତିମା ଗଡ଼େଛେ ; ଆସଲେ  
କିମ୍ବୁ ଆଛେ,

ଉତ୍ତମ ଘୟଦାର ତୈରି ରୁଦ୍ଧିଟି ସଦି  
ହାତେ ଥାକେ,  
ଆର ସାହି ଥାକେ ଦ୍ଵାରମ ମଧ୍ୟ ଏବଂ  
ବାଜା ଭେଡାର ଆନ୍ତ ଏକଥାନା ଠ୍ୟାଏ ( ରାନ ),  
ଘୁଷୁ-ଚରା ପୋଡୋ ବାଢ଼ିତେ କାହାକାହି ବସେ  
ତୁମି ଆମି ଦ୍ଵାରଜନା  
ମେ ଆନନ୍ଦ ସହ୍ୟ ସ୍ଵଲତାନେରେ ଭାଗ୍ୟ  
ଜୋଟି ନା ।

ଦୈର୍ଘ୍ୟ ଏ କବିତାର 'କବିତ' କରେନ ନି । ତିନି ସାହାମାଟା ଭାବାଯ ବଲହେନ,  
ତାର କି କି ଚାଇ । ମୋଲାଯେମ କବିତାଯ ବିଜକୁଳ ଅଚଳ ହୋଇ ସମ୍ବେଦିତ ତିନି  
ଭେଡାର ଏକଥାନା ଆନ୍ତ ଠ୍ୟାଏ ( ରାନ୍, କଥାଟା ଆସଲେ ଫାନ୍ଦୀ ଏବଂ ତିନି ଇଟି ଏହିଲେ  
ନିର୍ଭର୍ଯ୍ୟ ବ୍ୟବହାର କରେଛେ ) ଅର୍ଡାର ଦିଯେଛନ ଏବଂ ପାଇଁ ନେଶା ଜୟାବାର ଆଗେ  
ମଧ୍ୟ ଫୁରିଯେ ଥାଇ ପାଜା ଦ୍ଵାରମ ଖାଟି ଚରେଛେ । ଏବଂ ଲକ୍ଷ୍ୟ କରାର ବିଷୟ ତିନି  
କବିତାର ବହି ଆଦିପେଇ ଚାନ ନି । ମେ ଜିନିସ ଯେ ପାରେ ସେଠୀ ମେ ଚାର ନା । ମାଟି  
